একজন মাননীয় সদস্য প্রকৃতিস্থ আছেন কিনা বলেছি।

## Si, Hemanta Kumar Chosal:

উনি যেভাবের উত্তর দেন, আপনার এটাও দেখা উচিত, whether he is in order.

Mr. Speaker: This is regrettable. I won't allow it.

# Dr. Narayan Chandra Ray:

আমার কোয়েশ্চেন ছিল স্পণ্ট--ক(১) এবং (২)তে আছে,

Government of India by an order, dated 7th June

#### বলেছেন-এই

Amendment Act shall also be exercised in respect of the stock of rice including broken rice and paddy by the Government of West Bengal among other State Governments

আপনি তাতে ইয়েস বলেছেন। খ(২)তে বলেছে—

Promulgation of Foodgrains Control Order requiring the stock-holders to report their stocks

### সেটা

awaiting the concurrence of the Government of India.

তাদের অর্ডার দেবার পর, অর্ডার পাশ করার পর দিল্লীতে রেফার করার দরকার আছে কিনা?

# The Hon'ble Prafulla Chandra Sen:

তাঁরা যে অডার দিয়েছিলেন তাতে আমরা তিন মাসের য়াাভারেজ প্রাইসএ তাদের কাছ থেকে চাল নিতে পারব, আমরা মনে কর্বছি যদি সমস্ত গুক্তোল্ডারদের কাছ থেকে গুকু না জানতে পারি তাহলে এই আইন জারি করা যেতে পারে না।

### Dr. Hirendra Kumar Chatterjee:

মন্ত্রী মহাশয় কি মনে করেন না ইন্ডিয়া গভর্নমেন্টএর যে আইন ছিল, এবং নতুন আইন আবার আসবার মধ্যে, এর মধ্যে গুটকহোল্ডারদের চাল উবে যেতে পারে?

# The Hon'ble Prafulla Chandra Sen:

আমাদের উদ্দেশ্য চালের দাম যাতে বেড়ে না যায়, এবং ভারত গভর্নমেন্টেরও সেই ইচ্ছা, উভয় গভর্নমেন্টের সেই উদ্দেশ্য সফল হয়েছে।

### Dr. Hirendra Kumar Chatterjee:

আমার প্রশ্নটা ছিল, ভারত গভন'মেন্টের গোড়াক'র নির্দেশি সত্তেও দিবতীয় বারের নির্দেশির প্রতীক্ষা করতে গেলে বাংলাদেশের ম্নাফাথোর বাবসাদারদের কাছ থেকে চাল উবে যেতে পারে কি না

### The Hon'ble Prafulla Chandra Sen:

তামনে হয় না।

### Sj. Pabitra Mohan Roy:

উত্তরে দেখছি--চারটে ফেযার প্রাইসএর দোকান খোলা হয়েছে, মাননীয় মন্ত্রী মহাশয় কি অরো রেশান শুপু খোলার দুবকার বলে মনে করেন না?

## The Hon'ble Prafulla Chandra Son:

एकना भाकित्यो
धे याँ कि कि करतन, निम्हार थाना श्रा

### Si. Pabitra Mohan Roy:

মন্ত্রী মহাশয় বলবেন কি কত লোকের উপর ফেয়ার প্রাইস শপ খোলার নিরম করেছেন?

## The Hon'ble Prafulla Chandra Sen:

আগেই বলেছি, তিন হাজার লোকের উপর একটা করে রেশান শপ।

# Sj. Pabitra Mohan Roy:

ওখনে ৩০ হাজারের উপর লোক আছে, কাজেই একথা কি ভেবে দেখবেন যে, আরো ফেলার প্রাইস শপ খোলার দরকার কি না?

### The Hon'ble Prafulla Chandra Sen:

ষদি সেখানে অফ টেক বেশী হয়, খুলতে পারি।

# Sj. Hemanta Kumar Ghosal:

আবার যদি বলছেন কেন?

## Fair price shops in North Dum Dum Municipality

- \*29. (Admitted question No. \*312.) Sj. Pabitra Mohan Roy: (a) Will the Hon'ble Minister in charge of the Food Department be pleased to state whether the Government is aware that there is no fair price shop in North Dum Dum Municipal area?
- (b) If the answer to (a) be in the affirmative, will the Hon'ble Minister **be** pleased to state—
  - (1) what are the reasons for the same; and
  - (ii) what immediate steps the Government have taken to open fair price shops there?

The Minister for Food, Relief and Supplies (The Hon'ble Prafulla Chandra Sen): (a) Four fair price shops are now functioning in the locality.

(b) Does not arise.

Mr. Speaker: When the question is hypothetical, the answer must be hypothetical. The question was "if necessary" and the answer must necessarily be hypothetical.

### Food position in Darjeeling district

- \*30. (Admitted question No. \*195.) Sj. Deo Prakash Rai: Will the Hon'ble Minister in charge of the Food Department be pleased to state—
  - (a) what stock of rice the Government had at the beginning of the year 1957 for the district of Darjeeling;
  - (b) the quantity of rice allotted for the district at the beginning of the year 1957;
  - (c) whether the Government have special stock of rice to meet the emergency during the rains in the hilly region of the district;
  - (d) if so, what is the quantity so reserved;
  - (c) the number of fair price ration shops in various subdivisions of the district showing separately the number of such shops in urban and rural areas in each subdivision; and
  - (f) what steps the Government have taken to meet the requirement of food in bustee areas every year during the months of April, May and June?

The Minister for Food, Relief and Supplies (The Hon'ble Prafulla Chandra Sen): (a) 6,151 maunds on the 1st January, 1957.

- (b) 28,000 maunds allotted in January, 1957.
- (c) Yes.
- (d) 78.800 maunds kept as monsoon reserve in the current year.
- (e)—

Number of fair price shops opened.

	Urban area.	Rural area	<b>T</b> otal
Darjeeling Sadar	 32	63	95
Kurseong	 28	12	40
Kalimpong	 21	28	49
Silıguri	 21	23	44
Total	 102	126	228

- (f) Foodgrains are being made available to consumers through tair price shops.
- Mr. Speaker: The question time is over. I would request the honourable members to put their supplementary questions tomorrow.

[4 4-10 p.m]

### Adjournment motion

- Si. Subodh Banerjee: Sir, I gave notice of an adjournment motion and I find that consent has been refused.
- Mr. Speaker: Mr. Banerjee you came and saw me in my chamber and I have refused consent. I will only request you to read your motion, not beyond that.
- 8j. Subodh Banerjee: My motion is this: "This Assembly do now adjourn to discuss a matter of urgent public importance and of recent occurrence, namely, the action of the police in firing one round of bullets and several rounds of tear gass shells on the poor peasants of Muragacha within Sonarpur police-station in the district of 24-Parganas on the 2nd July, 1957, consequent on their refusal to be unjustly evicted from their lands as a result of which 37 persons received serious injuries, 2 persons were arrested and one person was missing."

### **COVERNMENT BILL**

# The West Bengal Land (Requisition and Acquisition) (Amendment) Bill, 1957.

- Mr. Speaker: The amendments are taken as moved.
- 8j. Depen Sen: Sir, I beg to move that the West Bengal Land (Requisition and Acquisition) (Amendment) Bill, 1957, be circulated for the purpose of eliciting opinion thereon by the 30th September, 1957.

- **Dr. Kanailal Bhattacharya:** Sir, I beg to move that the West Bengal Land (Requisition and Acquisition) (Amendment) Bill, 1957, be circulated for the purpose of eliciting opinion thereon by the 31st July, 1957.
- 8j. Subodh Banerjee: Sir, I think you will give your ruling regarding the point of order raised yesterday.
- Mr. Speaker: Mr. Banerjee, I asked you vesterday whether you would like to have a ruling in writing. You kept quiet and I took it for granted that nothing was needed and I tell you that I was against the principle and then the Hon'ble Minister proceeded to make a speech. Now, what is it that you want today?
- 8j. Subodh Banerjee: We want a ruling but whether you do it in writing I don't mind but the whole point regarding the actual procedure in the presentation of those bills which enlarge the scope of the original Act should be made clear.
- Mr. Speaker: I might make the position perfectly clear to the honourable members of this House. Although it is customary to have a preamble in England practically no importance is attached to it. I have drawn your attention to Maxwell's Interpretation of Statutes and the various cases which have been decided. Strictly speaking, I still believe that it you take an objection I am against it but to make a Bill complete and very well drawn one can say that the preamble might have been better with the addition of those other objects which have been brought in by the amending Act. It is not strictly necessary and I might turther draw your attention to Grey's Statutes Law, page 186, where the entire subject was dealt with most carefully but I can make a request to the Hon'ble Minister, though I do not think that at all necessary, but in order to improve he may add these words to the preamble by moving an amendment.

The Hon'ble Bimal Chandra Sinha: Mr. Speaker, Sir, while I accept the suggestion that has been kindly made from the Chair I submit, as you yourself has pointed out in May (15th Edition, pp. 527-40) and Maxwell and Grey, I do not think there is any necessity whatsoever of introducing any amendment to the preamble but as you say, Sir, that it would be better I bow to your decision.

Mr. Speaker: As I said strictly speaking it is unnecessary but you can, if you so like, add to it to make it complete which is not complete.

The Hon'ble Bimal Chandra Sinha: I shall do it at the proper time.

### Si. Subodh Banerjee:

মিঃ স্পীকার, স্যার, মন্ত্রীমহাশয়,

West Bengal Land Requisition and Acquisition (Amendment) Bill, 1957, আমাদের সামনে এনেছেন। তাঁর প্রারম্ভিক ভাষণে তিনি আমাদের এই কথাটাই বোঝাতে চেয়েছেন যে, এই বিল আনার উদ্দেশ্য বস্তী উচ্ছেদ নয়; আদর্শ গ্রাম সৃণ্টি করার যে স্কীম সরকারের আছে তাকে র্পায়িত কবতে হলে বিভিন্ন জারগার জমি অধিকার করা দরকার; সেই কারণেই নাকি এই বিল আনা হচ্ছে। এই বিল সম্বন্ধে আমার প্রথম জিজ্ঞাস্য এই যে, যদি সরকার আদর্শ গ্রাম নির্মাণের জনী জমি দখল করা প্রয়েজনবোধ \*করেন, তাহলে সেই প্রয়োজন কি স্থায়ী প্রয়োজন? আর যদি স্থায়ী প্রয়োজন হয়, তাহলে তার জন্য কি স্থায়ী আইন দিয়ে আদর্শ গ্রাম গড়ার স্থায়ী পরিকল্পনা কিরুপে রুপায়িত হবে?

West Bengal Land Requisition and Acquisition Act

একটা অস্থায়ী আইন। ১৯৪৮ সালে এই আইন করা হয়েছে এবং তারপর থেকেই একের পর এক বছর করে এর মেয়াদ বাড়িয়ে চলা হচ্ছে। এইভাবে একটা অস্থায়ী আইনকে কার্যাতঃ স্থারী করার কি যুদ্ধি থাকতে পারে, তা আমি বুঝি না। আপনারা যদি মনে করেন যে, গ্রামকে স্বসংস্কার করতে হবে এবং সেখানে তার জন্য নৃত্ন করে জমি ও বাড়ীঘর অধিকার করতে হবে, তাহলে তার জন্য একটা স্থায়ী আইন না করে এমনিধারা অস্থায়ী আইনকে বছরের পরি বছর মেয়াদ বৃদ্ধি করার কি যুদ্ধি আছে? আশা করি মন্দ্রী মহাশয় প্রথমেই এর উত্তর দেবেন। আমি মনে করি যে, এইভাবে অস্থায়ী রাখার মধ্যে একটা উদ্দেশ্য আছে এবং সে উদ্দেশ্য সাধ্ত নয়। আজ যদি একটা স্থায়ী আইন করা হয় তাহলে সংবিধানের আওতায় তা চলে আসবে। এই অস্থায়ী আইনটি যেহেতু সংবিধান চাল্ব হবার ১৮ মাস আগে বিধিবন্দ্র হয়েছে, সেইহেতু এই আইনের বলে কৃত কাজের জন্য সরকারকে সংবিধান মতে জবাবদিহি করতে হয় না। স্ত্রাং আমি মনে করি যে এই ধরনের অস্থায়ী আইনের প্রেড্যেক বার বিল

is a fraud on the Constitution, a fraud on the people.

ন্বিতীয়তঃ এখানে এমন কিছ্নু নেই, যা থেকে আমরা ব্রুতে পারি যে, এর ন্বারা কণ্ডী উচ্ছেদ হবে না। মিঃ স্পীকার, সাার, আপনি এর ভাষাটি লক্ষ্য কর্ন

for the creation of better living conditions in urban or rural areas by the construction or reconstruction of dwelling places for people residing in such

এই কাবণে সরকার জামি অধিকার কবতে পারবেন। বিকনসম্বাস্ত্র করতে গেলে যে বাড়ীগালি আছে, সেগালিকে ভাগোতে হয় এবং সেই বাড়ীগালিতে যারা যারা বাস করছে, তাদের উচ্ছেদ করতে হয়। আইনে এই কথা রয়েছে, কিন্তু কোন জায়গায় বিকল্প বাসস্থান দেবার কথা নেই। কোলকাতার বস্তীগালি উচ্ছেদ করার জনা যথন

Calcutta Improvement Trust (Amendment) Bill

আনা হয় তথন বিধানসভার বাহিরে যে আন্দোলন হয়েছিল তা সরকারকে বিকল্প বাসস্থান দেবার দাবী মেনে নিতে বাধ্য করেছিল। ফলে কলকাতার কোন বসতীকে উচ্চেদ করতে হলে সেখানকার লোকদের আগে বিকল্প বাসস্থান দিতে হবে, তবে বসতী ভাগ্যা চলনে। এই বিলেসে ব্যবস্থা নেই। তাই আমি মনে কহি যে, একটা স্থায়ী আইন কর্ম এবং সংগে সংগে তার মধ্যে এই প্রভিশান থাক যে যদি কোথাত বসতী ভাগ্যতে হয়, তাহলে বসতীবাসীদের বিকল্প বাসস্থানের ব্যবস্থা না করে বসতী ভাগ্যা যাবে না বা সেই জায়গা দখল করা যাবে না।

তৃতীয়ত এত ডুণ্লিকেশন অফ আক্টস কেন যে করা হচ্ছে, তা আমার বৃণিধতে আসে না। আপনি নিশ্চয়

West Bengal Land Requisition and Acquisition (Amendment) Bill দেখেছেন। তাৰ উদ্দেশ্য হচ্ছে ট্রান্সপোর্ট, কমিউনিকেশান, ইরিগেশান, ড্রেনেজ ইভ্যাদি ব্যবস্থার জন্য জমি অধিকার করা। সেই একই উদ্দেশ্য ওয়েও বৈজ্ঞাল ডেভেলাপমেন্ট অ্যাক্টও আছে। সেখানেও ইবিগেশানএর কথা আছে, ট্রান্সপোর্ট ফ্যাসিলিটি ইত্যাদির কথা আছে। সেই আইন দিয়েই তো এই বিলের কাজগুলি করতে পারেন। কোনটাতে লাভ হবে, আর কোনটাতে ক্ষতি হবে, একথা অম্মার জিজ্ঞাস্য নয়।

ডেভেলাপমেন্ট আইএ গেলে জনসাধারণ ক্ষতিপ্রেণ বেশী পাবে কি, এই আইএ বেশী পাচ্ছে, সে প্রশ্ন আমার নয়। আমার প্রশন হচ্ছে, একই উদ্দেশ্যে একাধিক আইন কেন আপনার। করছেন : একটা ছোট আইনের জায়গায় আইনের বই হয়ে গেল হিমালয় প্রমাণ। তার দিকে তাকালো ভয় লাগে ≱ এত ডুণ্লিকেশ্যন অফ লজ কেন হয় : ল সিমন্লিকগয়েড হলে কি ক্ষতি হয় :

Law is nothing but codified common sense.

কিন্তু তা হওয়া দ্রে থাকুক আইনবিদ্দের যত সব দ্বৃন্দিধ, প্যাচোয়া বৃন্দিধ আইনের রশ্থে রশ্থে ঢুকিয়ে রেখেছেন। সাধারণ মানুষের সাধা নেই আইনের মধ্যে প্রবেশ করে। একদিকে আইন করছেন; তারপর প্রতিদিন তার নিতা ন্তন সংশোধনী আইন করে চলেছেন। তার উপর আবার একই উদ্দেশ্যে একাধিক আইন করছেন। ফলে সাধারণ মান্য হকচিকয়ে যাচ্ছে কোন দিকে গেলে তার স্বিধা হবে, তা সে বোঝে না। এই জনাই লইয়ার্স প্যারাডাইস হয়। আমি বলি একটা কম্প্রিংনসিভ আইন কর্ন, তাতে লোকের স্বিধা হয়।

[4-10-4-20 p.m.]

## Sj. Hare Krishna Konar:

মাননীর স্পীকার, স্যার, মাননীয় মন্দ্রী মহাশয় যে সংশোধনী বিল এনেছেন, তার সংশো আমি একমত হতে পারছি না। কারণ যে ম্ল আইন ১৯৪৮ সাল হতে চাল্ব আছে. সেই আইনের প্রয়োগীকালে বাংলাদেশের লক্ষ্ণ লক্ষ্ণ মান্ষ চরম অস্বিধা অন্ভব করেছে ও চরম হয়রানী তাদের দেওয়া হয়েছে। বর্তমান সংশোধনীতে তার প্রতিকার তো দ্রের কথা বরং ৯ বছর আইন চলার ফলে লোকে যেসব অস্বিধে ভোগ করেছে সে সন্দর্শে বারেবারে সাধারণ মান্ম, বিভিন্ন গণপ্রতিষ্ঠান, বিভিন্ন পার্টি, কৃষক প্রতিষ্ঠান সরকারের কাছে আইন সংশোধনের জন্য ধাবী জানিয়েছে যে, তাদের যাতে এই রকম হয়রানীটা কম হয়়। আজ সংশোধনী করতে গৈয়ে তার একটা বিষয়ও সংশোধন করা হচ্ছে না। আবার অন্য দিকে দেখা যাছে, এই আইনের পার্রিকে বাড়িয়ে দেওয়া হচ্ছে। অর্থাৎ আগে রাস্তা, ক্যানেল বা ড্লেনেজের জন্য জায়গা দখল করা হত, কিন্তু এখন তার সংশা বেটার হাউসিংটাকেও যোগ করে দেওয়া হচ্ছে। এটার ফলে মান্মকে হয়রানী করবার, তাদের উপর বোঝা চাপাবার, কণ্ট দেবার আরও খানিকটা স্থোগ এবং পরিধি সরকার বাড়িয়ে নিচ্ছেন।

প্রথমে আমি বলতে চাই যে, এতে যোগ করা হয়েছে রুরাল অ্যান্ড আর্বান এলাকায় বেটার হাউসিংএর ব্যবস্থা করার জনা জমি দখল করা হবে। কিন্তু এটা প্রথমে কাগজে প্রকাশিত হওয়ার সংগ্য সংগ্য কোলকাতার লক্ষ লক্ষ বৃহতীবাসীর মধ্যে একটা সন্তাসের আবহাওয়া স্থিট হয়। তখন তাদের মধ্যে এই সন্তাসের আবহাওয়া সূচিট হর্মেছিল কেন? কারণ প্রথমে তারা ভেবেছিল যে, এইভাবে বস্তীগালির জাম যদি দখল করা হয়, তাহলে তাঁর গ্যারান্টি কোথায় যে তারা সাময়িকভাবে ২।৩ বছর কোথায় থাকবে : দ্বিতীয় এই গ্যারান্টি কোথায় যে সেখানে নতুন বাড়ী করা হবে, সেখানকার লোকদেরই সেখানে থাকতে দেওয়া হবে? এখন বহু লোক অতি কণ্টে পয়সা নেই বলে ১০।৫ টাকা ভাড়া দিয়ে বস্তীতে থাকে। কিন্তু তার কাছ থেকে যে ৫০।৬০ টাকা ভাড়া চাওয়া হবে না তারই বা গ্যারান্টি কোথায় : সেজনা দেখা যায় যে এই আইনটা সংবাদপতে প্রকাশিত হওয়ার সংগে সংগে কোলকাতার বস্তীবাসীর মধ্যে আলোড়ন স্থিত হয়। এছাড়া বৃহতীবাসীদের আনসোসিয়েশানএর তরফ থেকে প্রতিবাদ জানান হয় যে, এ ব্র্দিনিষ চলতে পারে না। এখন কংগ্রেস দলের চীফ হাইপ শ্রীজগন্ধাথ কোলের নামে যে সংশোধনী দেওয়া হয়েছে, তাতে দেখা যাচ্ছে যে, কোলকাতা কপোরেশন এলাকাকে এ থেকে বাদ দেওয়া হচ্ছে। এখন কোলকাতা বস্তীবাসীদের কাছে এইট,কুন আশ্বাসের কথা যে, এই আইন এখন চাল্ম হলে তাদের উপর যে দ্র্যীম রোলার চলত, যেভাবে অলটারনেট সেল্টারএর বাবস্থা না করে তাড়িয়ে দেওয়া হত এবং ভবিষ্যতে হয়ত ৫০।৬০।১০০ টাকা ভাড়া চাওয়া হত. তার থেকে সাময়িক নিষ্কৃতি পেল। ভবিষাতের কথা না হয় ভবিষাতে দেখা যাবে। কিন্তু আমার প্রশ্ন ষে শুধু কোলকাতা এবং ইন্ডাণ্ট্রিয়াল এলাকাকে বাদ দেওয়া হচ্ছে কেন? এবং বাকীগুলো সম্বন্ধে বলা হচ্ছে যে গভর্নমেণ্ট নোটিফাই করে জানাতে পারেন যে ইন্ডান্ট্রিয়াল এলাকা বা অন্য জায়গা সম্বন্ধে কি হবে। আমি জিজ্ঞাসা করি যে মফঃম্বল মিউনিসিপাালিটিগুলোর অবস্থা কি হবে? গত বনাার ফলে বিধক্ষত নবশ্বীপ, কালনা, কাটোয়া, কৃষ্ণনগর ইত্যাদি শহরের মধ্যে যদি কোনটাকে প্রনগঠিত করতে হয়, তাহলে সেখানে কি এই আইন আপেলায়েড হবে? সেখানকার বদতীবাসী সাধারণ মান<u>ুয়ের</u> কাছে কি এই গ্যারান্টি দেওয়া হয়েছে যে তাদের জমিগ্রালি যদি দখল করা হয়, তাহলে তাদের অল্টারনেট সেল্টারএর বাবস্থা করে দেওয়া হবে, জ্ঞায়পা দেওয়া হবে? এছাড়া এই জায়পা দেবার সময় অত্যধিক ভাড়া যে চার্জ করা হবে না, তারই বা গাারান্টি কোথায় আছে? অতএব দেখা যাচ্ছে যে, কোলকাতার মানুষের যে আতৎক মকঃম্বলের শহরগালোর মান্ধেরাও সেই আত্তেকর মধ্যে থেকে যাচছে। সেজনা বলছি যে এটাকে কোন মতেই মেনে নেওয়া যায় না।

আর একদিকে দেখা যাচ্ছে যে, গ্রামাণ্ডলে বেটার হাউসিংএর জন্য জমি দখল করা হবে। আমার মনে হচ্ছে যে ডাঃ বিধানচন্দ্র রায় যেভাবে আদর্শ গ্রামের ওকালতি শরে করেছেন, তাতে সেই আদর্শ গ্রামের জন্য গ্রামাণ্ডলে জমি দখল করা হবে। আমরা এই রিপোর্ট পেরেছি বে ২।১টা জায়গায় আদর্শ গ্রামের জন্য জমি দখল করতে গিয়ে তাঁরা ঠেকেছেন। আমি একথা বলি না যে, নীচের একটা জলা জায়গার গ্রামকে তুলে যদি উচ্চ জায়গা করার জনা জমি দখল করতে হয় তা করা হবে না। কিন্তু আমার প্রশ্ন হচ্ছে যে, সেখানে এই গ্যারান্টি কোথায় বে, গ্রামাঞ্চলে যাঁদের জারগা দথল করা হবে, তাদেরই জারগা দেওয়া হবে এবং তাদের কোন অস্কবিধার ফেলা হবে না? অর্থাৎ একটা গরীব মান্য যার ১০ কাঠা বাস্তু ভিটে আছে, তার সেই ১০ কাঠা मथल करत এको जाममा शाम करत, जारक मात ১।১३ काठा मिरा वाकी <u>काराशागिरक</u> स्मिथानकार রিচার পার্সনকে দেওয়া হবে না, তার গ্যাারান্টি কোথায়? আমি জানি যে কালনার পাশে একটা আদর্শ গ্রাম করা হচ্ছে এবং সেই আদর্শ গ্রামটি কোথায় করা হচ্ছে না রাস্তী থেকে অনেক নীচে নদীর গতে। সেখানে যে বিরাট জায়গা নেওয়া হয়েছে, তার মধ্যে কিছু জায়গা আছে যেটা বেশ উচ্চ জায়গা। অর্থাৎ ঐ অঞ্চলের যারা গরীব বাউড়ী, কলীগিরি করে ওখানে বাস করত তাদেরই সব উচ্চ জায়গা ঐখানে ছিল। এছাড়া সেখানে বাকী জায়গাগলে নীচ-নামলা জায়গা নদীর জলে চারপোয়া হয় এবং নদীর জল বাড়লে সেখানে জল এসে যায়। এখন এর ফলে সেখানকার গরীবদের মধ্যে ভয় এসে দাঁড়িয়েছে এবং তারা বলছে যে তোমরা যখন নতুন জায়গা নিচ্ছ, তথন সবটাই মাঠের জায়গা নাও। সেথানে মাঠের নীচু জায়গা হচ্ছে ১২ আনা। কিন্তু সেখানে সিকি ভাগ, যেখানে লোকের বৃহতী-বাড়ী আছে বা যেগুলো বানে ভাঙেগ নি, সেই জায়গাগলোই নেওয়া হচ্ছে। সেজনা তারা বলছে যে, আমাদের কাররে যে ৬।৮ কাঠা করে জায়গা আছে, সেখান থেকে তলে দিয়ে আমাদের ১।১ই কাঠা ঠেকিয়ে দিয়ে তা বে সেখানকার বড়লোকদের দেওয়া হবে না, তার গ্যারাণ্টি কোথায় আছে? এর ফলে সেখানে দেখা যাচ্ছে যে, ইতিমধ্যে সেখানকার গ্রামের অবস্থাপন্ন লোক জমিদার যারা আছেন, তাঁরা কোন প্লটটি কে নেবেন, তার চেষ্টা আরম্ভ করে দিয়েছেন। এই আদর্শ গ্রামের কোন জায়গাটি কাকে দেওয়া হবে না হবে সেটা নির্ভার করছে স্থানীয় অফিসারদের উপরে। সেজন্য জিজ্ঞাসা কর্রাছ যে, সেখানে কি গ্যারান্টি আছে যে, ঐখানে ভাল জায়গাগুলো যারা গরীব তাদেরই থাকবে বা গরীবদের বণ্ডিত করে বড়লোকদের দেওয়া হবে না? সেখানে যাদের বাড়ী আছে সেই বাডী থেকে সরিয়ে দিলে গরীবরা কোথা গিয়ে দাঁড়াবে এবং তার জন্য তাদের অন্য ব্যবস্থা করার গ্যারান্টিই বা কোথায় আছে? এছাড়া এই গ্যারান্টিই বা কোথায় আছে যে এজনা তাদের শীঘ্র দামও দেওয়া হবে। আমি জানি যে, কালনায় যেখানে টি, টি, কুম্বুমাচারীকে নিয়ে গিম্বে বাড়ী তৈরী দেখান হয়েছে, সেখানকার গরীবরা এস, ডি, ও-র কাছে, স্থানীয় অফিসারের কাছে বারবার তাদের দামের জন্য তাগাদা করেছে। অর্থাৎ তারা বলছে যে, বন্যায় তারা বিধন্ত হয়েছে, কিন্তু আদর্শ গ্রাম হবে বলে তাদের যে জায়গাগুলো দখল করে নেওয়া হয়েছে, তার দামটা কি তারা ৫ বছর পরে পাবে? বর্তমানে তাদের রি**লিফে**র উপ**র বাঁচতে হচ্ছে। অথচ** ত্রাদের এই দামটা যে কবে দেওয়া হবে তার সম্বন্ধে আইনে কোন গ্যারান্টি নেই? মাননীয় ম্পীকার মহাশয়, গত ৯ বছর এই আইন যে চাল, হয়েছে, তার কার্যকরী কি হয়েছে সেটা দেখুন। আমাদের অভিজ্ঞতায় আমরা জানি এবং কংগ্রেস বেঞের মাননীয় সদস্য ঘাঁরা আছেন বা মিনিন্টার যাঁরা আছেন তারাও অস্বীকার করতে পারবেন না যে, এই আইনের বলে বাংলা-দেশের লাথ লাথ একর জমি গত ৮ বছরে দখল করা হয়েছে। একমাত্র ডি, ভি, সি খালের জনা প্রায় ২ লক্ষ্ণ একর জমি দখল করা হয়েছে। এছাড়া ময়রোক্ষী খালের জন্য রাস্তার জন্য হাসপাতালের জনা, ডেনেজের জনাও অনেক জমি দখল করা হয়েছে।

[4-20-4-30 p.m.]

আমাদের বর্ধমান জেলাতে কম পক্ষে প্রায় ১ লাখ ১॥ লাখ বিঘা তো হবে তার চেয়ে বরং বেশী জমি দখল করা হয়েছে। তার মানে এক-একটি লোকের গড়ে যদি এক একর জমি দখল করা হয়ে থাকে, তাহলে বাংলাদেশের অন্ততঃপক্ষে ২।৩ লাখ গেরুদত এই আইনের বলে আ্যাফেক্টেড হয়েছে। আমি অন্তত এই নীতির বির্ম্ধ নই যে, একটা রাদতা করতে গেলে, বা খাল করতে গেলে বা হুদীপটাল করতে গেলে জমি দখল করা প্রয়েজন। কিন্তু দেখা দরকার দেশে

एएट्टिमाপ्रामरे अत्र इन्ता यीन जायूगा नथम कति जाराम राष्ट्र पथम कत्र किता गाय माथ মান যকে কি পথে বসাব। এটা দেখা উচিত যে গরীব মান,ষের দুঃখ যাতে অ্যাভয়েড করা ষায় এবং তাদের যাতে তাড়াতাড়ি ব্যবস্থা করা যায়, তার ব্যবস্থা করা উচিত। কিন্তু গত ৯ वছরে ঠিক তার উল্টাটা হয়েছে। অর্থাৎ এত চরম হয়রানি মানুষকে দেওয়া হচ্ছে, সেটা বলবার নয়। প্রথমে দেখা যায় জমি দখল করবার জন্য গেজেট নোটীশ দেওয়া হয়, সেখানে আমি জিল্জাসা করি, গ্রামে কয় জন মান্ত্র সেই গেজেট পড়ে বা কয় জন মান্ত্র গেজেটের মানে **জানে? এটা কি মন্ত্রী মহাশয়রা মনে করেন না যে যার জমি দখল করবেন তাকে একটা নোটিশ** দেওয়া যে, তোমার এই জমিটা আমরা খাল বা এই কারণের জন। নেবো। এবং এই রকম একটা কেসএ নয়, বহু কেস এইরকম গেজেটে দেওয়া হয়। যারা সেটা জানে তারা গিয়ে উকলি মোজারের কাছে পরামর্শ করে, আর যারা জানে না, তারা জানতেই পারল না। সেই জনা আমরা কৃষক কনফারেন্স থেকে বারেবারে দাবী করেছিলাম যে, অন্তত একটা আইন করা হওঁক যে, শুধু গেজেটেই নয়, যতক্ষণ না একটা লিখিত নোটিশ তাদের দেওয়া হবে, ততক্ষণ তাদেব **জমিতে হাত দেওয়া হবে না। কোন কোন জায়গা**য় নে চিশ দেওয়া কয়ৰ দেখা খাৱে অনেক জায়গায় লিখিত নোটিশ দেওয়া হয় না। অতএব চাষীর অজান্তেই জমি দখল হয়ে গেল এবং কনট্রাকটররা কাজ করতে আরম্ভ করে দিলেন। ফার্মিডং ক্রপএর বেলায় এই রকম হয়েছে। যদি চান তাহলে আমি নাম কোরে কোরে প্রমাণ দেব যে ন্টাণ্ডিং রূপস দাঁড়িয়ে আছে, তার উপর দিয়ে চালিয়ে দেওয়া হল মাটি কাটার বলেডজার। অতএব তার প্রতিকারটা এর মধ্যে কোনখানে আছে, সেটা দেখার প্রয়োজন আছে। আপনি লোকের জমি **দথল করছেন লোককে বিপদে ফেলা**র জন্য নয়। কিন্তু কার্যাত বিপদে ফেলা হচ্ছে। জুমি হয়ত দু বছর পরে কাজে লাগবে, সেই জমিকে এখন থেকেই দখল কোরে অভানত স্বার্থপরের মত সেই জমিকে এখন ফেলে রেখে দেওয়া হয়েছে। আপনারা মেন লাইনএ যারা দিল্লী গেছেন তারা দেখবেন যে. খোমেন রেল টেশনএর পাশে গত ৩।৪ বছর ধরে এখানে ২০০ গজ **কেটে রেখে দিয়েছে।** আর খানিকটা বাদ দিয়ে ওখানে ২০০ গঙ্গ মাটি কেটে জমা কোরে রেখে **দিয়েছে। এর কারণটা কি না ভবিষাতে ঐস**ব জায়গায় নাকি ডি, ভি, সির খাল হবে। যে থাল হবে ৩।৪ বছর পরে সেই জায়গায় ৩।৪ বছর ধরে দখল কোরে রাখার মানে কি? গভর্মেন্ট নোটিশে সেই সব জায়গা দথল করেছেন এবং দথল কোরে গেজেটে নোটিফিকেশান দেওয়া হয়েছে। তথন চার্যারা কেন সেই জাম বাবহার করবে। অতএব সেই জামগুলিকে কেটে रत्रत्थ फिर्ल जाता जारज हार कतरज भातरव ना। स्मर्ट जना मार्य मार्य थावला थावला रकारव কেটে দেওয়া হল। এখন যখন আমি নোটিফাই কোরে জমি দখল করেছি কিল্তু চাষীকে দাম **৩ বছর পরে দেব। কিন্তু নো**টিফাই কোরে যখন দখল করা হয়েছে, তখন ওরা চাষ কর*রে* কেন? এতে যদি জমিতে জল জমে জল নিকাশের অসুবিধা হয়, তা হলেও জমিকে ফেলে রেখে দেওয়া হবে। এইরকম যদি আরও উদাহরণ চান আমরা দিতে পারি। কিন্তু আমাদের কথা হচ্ছে, যতদিন পর্যন্ত না খাল কাটা হয়, ততদিন পর্যন্ত কেন সে আকোয়ার করা জুমি খালি পড়ে থাকবে? সেখানে তো চাষ হতে পারে। অথচ এদিকে বড় বড় কথা বলা হয় গ্রো মোর ফুড, ভাল চাষ করতে হবে কিন্তু জমি যে ফেলে রেখে দেওয়া হচ্ছে সেটাই আমরা দেখতে পাচ্ছ। এর কোন প্রতিকার মাননীয় মন্ত্রীমহাশয় এই আর্মোন্ডং বিলে নিয়ে এসেছেন কি? এমনও কিছু কিছু কেস দেখা যাচ্ছে যে, যে জমি অ্যাকোয়ার করা হয়েছে দেখা গেল, সেই জমি কোন কাজে আসছে না। সেখানে এরা এত হিতাহিত, যোক্তিকতা বিবেচনা করেন না। যে গরীব চাষীর জমি দখল করা হয়েছে, সেই জমিতে যখন চাষ হচ্ছিল, তখন তাকেই কি ফেরত দেওয়া উচিত ছিল না? আপনাকে উদাহরণ দিচ্ছি। দামোদর বাঁধের ১৯৪৬ সালে বনাার জনা জায়গা দখল করা হয়, অর্থাৎ কিনা আরও কিছ্,টা বাধ করা হবে। এই ব্যাপারে পাল্লা বলে একটি গ্রামের চাষীদের অনেক জায়গা চলে গেল। এখন ডি, ভি, সির কাজ হওয়ার পর থেকে বান কমে আসছে, বাঁধের যে জমি সেই জমিতে চায হচ্ছে, কিন্তু ইরিগেশন ডিপার্টমেন্ট করলেন কি না এ জমি যখন বন্দোবস্ক দেওয়া হবে, তখন প্রেরান চাষীদের দেওয়া হবে না। একখানি বড় গ্রামের প্রে দক্ষিণ দিকেও জমি বাঁধের জনা নিয়ে নেওয়া হল, আর উত্তর দিকের জমি ন্যাভিগেবল খালের জনা নেওয়া হল। আপনার। দেখেছেন যে ন্যাভিগেবল খাল কত চওড়া হয় এবং সেই কারণে জমিরও বেশ দরকার হয়। অর্থাৎ এই গ্রামের প্রায় আর্ধেক জমি

দখল কোরে নেওয়া হল। কিন্তু সেই জমির যখন বলেনকত দেওয়া হচ্ছে, তখন পুরোন নাষীদের দেওয়া হচ্ছে না। সেখানে কি করা হয় না নীলামে যে সেই জমি নিতে পারবে ুকেই দেওয়া হচ্ছে। এই নিয়ে গত তিন বছর যাবত সেই গ্রামের চাষীরা আন্দেল্লন করছে। এবং তারা বারেবারে ধর্না দিয়ে বলছে যে, আপনারা আমাদের না দিয়ে অনাদের কেন দেবেন? কিন্ত আজ পর্যন্ত কোন বাবস্থা করা হয় নি। এর প কোন প্রতিকারের ব্যবস্থা কি করা হচ্ছে যে যদি সেই জমি সরকারের না লাগে তাহলে পরেরান ওনার যারা তাদেরকে কি লীজ দেওয়া হবে? অন্যাদিকে আপনারা দেখবেন যে, এলোপাথারি সমস্ত জমি দখল করা হচ্ছে। এবং এই নখল করার কোনী ঠিক ঠিকানা নেই। রাস্তা বা খালের জনা যখন জমি দখল করা হয়, তখন গ্রামের প্রয়োজনটা দেখা উচিত। অনেক ক্ষেত্রে এমনও হতে পারে যে, লাইনটাকে যদি একট্ব এদিক ওদিক করা হয়, তাহলে হয়ত অনেক গরীবকে বাঁচান যায়। কিন্তু দেখা যায় তা ন। হয়ে গ্রামের বড় বড় লোক ও জমিদারদের প্রভাব এখানে কাজ করে। অধিকাংশ ক্লেসএ দেখবেন যখন ক্যানেলের লাইন ঠিক করা হয়, যখন রাস্তার দিক ঠিক করা হয় বা আদর্শ গ্রাম কোন ভাষগায় হবে ঠিক করা হয়, তথনই দেখা যাবে যে, যে অফিসার সেখানে যাচ্ছেন তার সংগ্র বন্দোবস্ত করে গ্রামের জমিদাররা এমনভাবে লাইনকে টানবার বন্দোবস্ত করান, যাতে তাদের জুমি বেশীর ভাগ বাদ পড়ে যায়। ও'রা হয়ত বলবেন এইসব ইঞ্জিনীয়ার্স ওপিনিয়ান। িক্তু আমি দেখাব ইঞ্জিনীয়াবদেব ওপিনিয়ান কেম্নভাবে বদলে যায়। গলসি থানাভে ক্ষেত্রা বলে একটি গ্রামে লাইন টানবার যখন ঠিক হল তখন গ্রামের কৃষকরা জোর আন্দোলন তলে বলল যে, জন্ম কটেতে দেব का। তথন দেখা গেল যে ইঞ্জিনীয়ার বলেছিলেন যে, এই খাল দিয়ে ছাড়া কাটা যাবে না, তখন সেই ইঞ্জিনীয়াবই ঠেলায় পড়ে বললেন যে, এমন কিছ্ অসুবিধা ের না ওটা ২০০ গজ পাশ দিয়ে বাটলেও চলবে। আমি বীরভূমের লাভপার থানায় একটি গ্রমে গিয়েছিলাম, সেখানে দেখা গেল যে কানেল ডিপার্টমেন্ট বললেন যে, লাইনটা গ্রামের িছত্ব দিয়ে সোজা কোৰে টানতে হয়ে। এতে গ্রামের আনক বাড়ীঘর ভেগে ফেলতে হত। ্রখন তাবা ডিন্ট্রিক্ট ম্যাজিন্ট্রেট থেকে আক্ষণ্ড কোবে মুখু বাক্ষ্মী প্রজেক্ট পর্যান্ত দুবুখাস্ত করল, িন্তু কিছুই হল না। তথন তাবা ঠিক করল যে। ফাটাফটিট যা হয় হবে, আমরা কিছুটেই জ্বলা ছাড়ব না। তারপর দেখা গেল সাড় সাড় কোরে ইঞ্জিনীয়ারদের মত বদলে গেল, এবং দেখা গেল যে তিনি বললেন যে ওটা গ্রামের বাহিবে দিয়ে কাটলেও এমন কিছু, অসুবিধা হবে ন। অংশং দেখা যায় যে, জমি দখল করার সময় গ্রামের যারা গরীব লোক তাদের সূখে দঃখ মোটেই দেখা হয় না। এবং ২।৪টা বড় লোকদেব প্রতি দুটি স্বসম্য রাখা হয়। কিন্তু এর তো কোন প্রতিকারের বাবস্থা হচ্ছে না। আমি জানি যে আইনে সব কিছ, প্রতিকারের বাবস্থা হয় না। কিল্তু যদি একটা গভর্নমেন্ট এবং তার অফিসারের সাধারণ লোকের প্রতি দরদ মমতা থাকে এবং তাদের সংজ্ঞা পরামর্শ করার বন্দোবসত থাকে, তাহলে আইনের কোন কিছু লেখার প্রয়োজন থাকে না। কিন্তু ৯ বছরের অভিজ্ঞতায় দেখা যাচ্ছে, ঠিক উল্টা হচ্ছে। সেইজনা ී ः প্রয়োজন হয়ে পড়েছে আইনে এমন কিছা বেপ্রে দেওয়া যাতে অফিসাবরা প্রাম্ম কোরে ভারণা জুমি দুখল করে। আদুশু গ্রাম করতে গোলেই পাশের বড় লোকের জায়গা না নিয়ে গ্রীব লোকের জায়গা না হলে কি হয় না । এর মধ্যে কি ইঞ্জিনীয়ারিং ব্যাপার আছে তা জানি না। আমাৰ সংগ্ৰেমাননীয় মন্ত্ৰী হদি কালনায় যান, ভাহলে আমি দেখাৰ যে, আদৰ্শ গ্ৰাম যেখানে হচ্ছে সেখনে গ্রীবের জায়গা না হলেও এটা হতে পারত। কিন্তু ও'দের জ্ঞিদ চেপে গেছে যে গ্রামের মাত্রব্রদের জায়গা না নিয়ে গরীবদের জায়গা নেওয়া। সেই জনা বলছি এগুলি দেখার প্রয়োজন আছে। এবার অন্য দিকে দাম দেবার ব্যাপারে দেখুন। এমন দেখা গেছে ৫ বিঘা জুমির তিন বিঘা দখল করা হল। ১০ বিঘা জুমির ৯ বিঘা দখল হয়ে গেল, কি**ন্**তৃ গরীবের যে জমি দখল হয়ে গেল সে বাঁচে কি কোরে, এটাই প্রশ্ন ? যার ৬০।৭০ বিঘা জমি আছে তার যদি ২।৪ বিঘা যায়, তাহলে সে মারা পড়ে না। কিল্ডু ৫ বিঘা জমিতে যার খোরাকী হয় না তার যদি ৩ বিঘা চলে যায়, তাহলে কি অবস্থা হয়? আপুনি আইনের কথা তুলে বলবেন যে কেন্তু কম্পেনসেশ্যানএর কথা য়্যাভারেজ মার্কেট প্রাইস আমরা দেব। কিন্তু তিন বছর পরে যদি আপনারা দেন তাহলে কি হয় : আপনি বলবেন যে, আমি তাড়াতাড়ি করছি কিল্কু সেই তাড়াতাড়ি করতেই আপনারা তিন বছর কাটিয়ে দিলেন। সেই তিন বছর পরে তাকে ফে কম্পেনসেশ্যানএর টাকা দেবেন, তাতে কি তাকে বাঁচাতে পারবেন?

4-30-4-40 p.m.]

র্যাদ আইনে থাকত যে জমি দখল বন্দোবস্ত করার জন্য অফিসার গ্রামে গিয়ে গ্রামের লাক্রকে সমুহত জিল্লাসা করবে, রেজাম্ম অফিসে গিয়ে কি দামে জাম কেনা বেচা হচ্ছে দেখে দথে জমির দাম ঠিক করে ছয় মাসের মধ্যে পেমেন্ট করে দেবার বন্দোবস্ত করবে. তাহলে না য় হত। কিন্তু যেহেতু আইনে বে'ধে দেওয়া হয় নি সেহেতু সেসব কিছুই হবে না। সেথানে মাইনে আছে যে সরকারের মজির উপর দাম ঠিক হবে। সেখানে আবার এমন কিছ. লেখা নই যে, ছয় মাস বা ১।২।৩ বছরের মধ্যে দাম দিতে হবে। অর্থাৎ ইচ্ছা করলে আপনারা তন বছরেও দিতে পারেন, আবার ইচ্ছা করলে সাত বছরেও দিতে পারেন। তাহলে দেখা াচ্চে যে, ৩।৬ মাসে না হয়ে ৩।৪।৫।৬ বছরে সমস্ত কিছ, হচ্ছে। দাম কি হিসাবে দেওয়া या ना आरेदा लाथा आरह रा भारक है जान, अनुभारत ए छशा रश। अधिकाश्म स्करत एनथा ात्र (य. माम कम (मध्या दत्र वर्रल उथन मामला कत्रत्उ द्रा। कालर्क এक्জन वर्रलस्ट र्य. বেরীরদের পক্ষে মামলা করা সম্ভবপর নয়। আমি জানি একটি জমি যখন দখল করা হল, তার সমেকদিন আগে সেই জ্বমি কেনা পডে। রেজিন্টি অফিসে দাম লেখা ৭০০ টাকা তা সত্তেও াম তাঁরা করলো ৪০০ টাকা। ফলে তাকে মামলা করতে হয়েছে। এইভাবে দামের ক্ষেত্র মনেক জায়গায় গোলমাল রয়ে গিয়েছে। আমি আর একটি কথা বলতে চাইছি। আগে তো <u>সানেল ইত্যাদির জন্য জমি দখল করা হয়েছে, এখন আদর্শ গ্রামের জন্য আবার জমি দখল করা</u> ্বে। ডি. ভি. সি প্রজেক্টএর জন্যে কত জায়গা দখল করা হয়েছে, এতে জনসাধারণের আনন্দ কছুমাত্র নেই। লোকের উৎসাহের এই অভাব কেন? দুর্গাপুর কারথানা হওয়াতে স্থানীয় মধিবাসীরা কেন উৎসাহিত হয় না? তাদের মধ্যে কেন আতৎক দেখা যাচ্ছে? তার মানে ্রক্তে যে, তাদের জমি, ঘর, বাড়ী ছেড়ে দেবার জন্য নোটিশ দেওয়া হচ্ছে।

[At this stage the red light was lit.]

গ্রামাকে আর দু মিনিট টাইম দেবেন।

Mr. Speaker: I will remind the honourable members that there is a very arge number of speakers who will speak on the Bill. I will allow you wo minutes but I must finish the debate.

### Si. Hare Krishna Konar:

অথচ দেখা যাচেছ যে, সেখানে কোন বাকস্থা করা হচ্ছে না। দ্র্গাপরে অণ্ডলে দেখা গেল য় দামোদর থেকে অজয় পর্যশত কত গ্রাম দখল করা হচ্ছে, সেখানে হঠাৎ একটি গ্রাম মাঝখান ্থকে বাদ পড়ে যায়। অর্থাৎ সেখানকার কোন প্রভাবশালী লোকে একট্, চাপ দিতে পেরেছেন গলে যেখানে এ গ্রাম সে গ্রাম দথল করা হচ্ছে, সেখানে দেখা গেল যে হঠাং সেই গ্রামটি নাটিফেকেশন থেকে বাদ পড়ে যায়। এমনও কেস বহ, হয়েছে। কিন্তু প্রশন হচ্ছে যে এত গ্রাম দখল করার পর সেখানকার লোককে কি দেওয়া হবে? সেই অণ্ডলের লোক যে জমি हाড়েবে না, একথা তারা বলছে না। বরং তারা এই কথা বলছে যে, গ্রামগুলোকে উঠিয়ে না দিয়ে মন্য কিছু, করা যায় কি না, সেটা যেন দেখা হয়। দ্বিতীয়তঃ তাদের অল্টারনেট বাসস্থানের ্ষন একটা কিছু ব্যবস্থা করা হয়। কিন্ত সেখানে এটা চলবে না যে, কোন একটা পাহাডে ज्ञाराभार कन्यों ज्ञारक मिरस माणे पत करत मिरस वलायन रय, स्मिथान यां ए. स्थार भाउ ना भाउ ক্লীকর চিবিয়ে খাও। অতএষ তাদের সঙ্গে পরামর্শ করে কোন জারগায় তাদের বসতি করান গায়, যাতে সেখানে তারা খেতে পরতে পায়, তার বাবস্থা যেন করা হয়। কিন্ত তা হয় না বলে সেই অণ্ডলের মানুষের মধ্যে বিক্ষোভ জেগে উঠেছে। আজকে যথন মন্ত্রী মহাশর সংশোধনী বৈল এনেছেন, তখন প্রয়োজন ছিলু এইগুলো অন্ততঃ করা। অর্থাৎ জমি নেবার সময় লোকের দপ্যে পরামর্শ করে নেওয়া হবে জমির দামগলোকে অন্তত তথনই পেঞ্চেন্ট করা হবে বা ছয় হবে। এইগুলো নেই বলেই আমাদের সংশোধনী দিতে হচ্ছে এবং বর্তমানে ষেমনটি আছে তার প্রতিবাদ করতে হচ্ছে।

# Dr. Kanailal Bhattacharya:

ক্লাননীয় সভাপাল মহাশয়, মল্মী মহাশয় যে বিলটি এনেছেন তার উপর প্রারশ্ভিক বস্তুতায় िन बलाएक य निर्मा निरम्य किए, राहे। भाषाना नाभात, ग्रांस, वत स्वापणे जापता वकरे, বৃদ্ধি করতে চাই, মূল আইনের যে দোষ আছে, সেই দোষকে কিছুটো বদল করতে চাই। আমার ব্রুবর এই যে মুল্টী মহাশয় তার যুক্তি দিয়ে আমাদের ব্রুঝাতে পারেন নি যে, সতিাই এই আইনের মেয়াল্ল বৃশ্বির প্রয়োজন আছে। জমি দখল করার জন্য আইন তো আছে এবং আমরা জ্ঞানি এর চেয়েও খারাপ আইন আরও আছে কিন্ত হঠাং এই আইনের মেয়াদ বৃদ্ধি করে তারা কতখানি এই আইনকে উপকারে লাগাতে পারবেন, সে বিষয়ে বিশেষ **কিছু বলেন নি।** স্বিতীয় কথা এই যে. এই আইনের দোষ বাতিল করছেন এবং তা করবার সময় আমাদের শ্নাচ্ছেন, আমবা যেন ভীত না হই। কলকাতার বস্তীবাসীদের উচ্ছেদের আদেশ এই বিলের মধ্যে নেই এবং সেইতেত সেই ভয়টা কাটাবার জন্য তিনি আমাদের স্মরণ করিয়ে দিয়েছেন কংগ্রেসের চীফ হুইপু দ্রী কোলে মহাশয়, এমন সংশোধনী প্রস্তাব এই হাউসএর সামনে আনলেন, যাতে এই ভয়টা বিদ্যারত হয়ে যেতে পারে। আমার একটি প্রশ্ন আছে, মন্দ্রী মহাশয়কে জিল্ঞাসা করি, বদতী উচ্ছেদের ব্যাপারে ক্যালকাটা ইমপ্রভমেন্ট আইন যেটা আছে. সেই আইন কি যথেন্ট নয়? কিংবা যদি তারা বলেন হাওড়া শহরের বস্তী উন্নয়ন করার জন্য এই আইনটি প্রযান্ত হতে পারে আমি সেখানে মন্দ্রী মহাশয়কে জিল্পাসা করব হাওড়া শহর ইনপ্রভমেন্ট আছে. সেই আইনের ভিতর দিয়ে বৃহতী উল্লয়ন কি সুম্ভব নয়? তিনি তার বৃক্ততার মধ্যে বলেন নি, এই বৃহতী উন্নয়নের জনা আর একটি বিল আসবে, সেই বিলের মাধ্যমে পশ্চিম বাংলার বিভিন্ন শহরের বস্তী উন্নয়ন করা হবে। মন্ত্রী মহাশয় আর একটি কথা আমাদের শ্রনিয়েছেন তা এই যে, এই আইনের ভিতর দিয়ে যে সমস্ত গ্রামে আদর্শ পল্লী স্থাপন করা হবে. বন্যায় যে-সমুহত গ্রাম ভেসে গিয়েছে, সেই সমুহত গ্রামের জুমি করার জন্য এই আইনের ধারাসমূহে বদল করার বিশেষ প্রয়োজন আছে। মাননীয় স্পীকার মহাশয়, তাই যদি প্রয়োজন হয়, তাহলে আমরা মনে করি যে এতবড একটা দোষ সংশোধন করার জন্য যদি এই বিল আনা হয়, তাহলে অত্যন্ত অন্যায় করা হয়েছে। প্রথমত এরকম ধরণের পিস মিল লেজিসলেশান করে কোন রকম কাজ থয় না, দ্বিতীয়ত বদতী উল্লয়নের জন। যে আইন এসেছে, সেই আইনের ভিতরে এই আদর্শ পল্লী দ্থাপনের জনা জমি দখল করার জন্য ধারা রাখা যেত। সবচেয়ে বড় কথা হচ্ছে. শুধ্ দ্-চারটা কথা, শুধু আইনের একটি ধারাকে সংশোধন করার জনা যুক্ত করে দেওয়ার জনা মানুষের মনে ভয় দেখা দিয়েছে। ক্যালকাটা ইমপ্রভুমেন্ট বিল যেটা আছে তার ডিতরে উন্নয়নের যে ধারাটি সেটি মন্ত্রী মহাশয়কে পড়ে দেখতে বলি, তার মধ্যে অনেকগ্রলি প্রভাইসো ঢুকান আছে, যার স্বারা মান,ষের যে সন্দেহ বস্তীবাসীদের যে সন্দেহ সেই সন্দেহটা সরকারের পক্ষ থেকে কিছু, নিরসনের প্রচেষ্টা সেই আইনে হয়েছে।

### [4-40-4-50 p.m.]

কিন্দু এই আইনে তাঁরা যা সংশোধন করতে চলেছেন, হঠাং একটা কথা বদল করে দিছেন যদি দরকার হয় বস্তী সংস্কার কিন্বা অন্য কোন ব্যাপারে যদি প্রয়োজন হয়, তাহলে জমি দথল করা যাবে. বস্তী নির্দূরণ আদর্শ প্রাম স্থাপনের জন্য যে সমস্ত জমি দথল করা হবে, সেই সমস্ত জমিতে এখন যারা বাস করছে তাদের সন্বন্ধে কি হবে, সে সন্বন্ধে এ আইনে কিছু বলা হর নি। সেজন্য আমাদের সন্দেহ থাকছে, গরীব মান্য যারা সেই সমস্ত জায়গায় বাস করে তাদের স্বার্থহানি হতে পারে। তাদের স্বার্থহানির হয়ত মন্দ্রী মহাশরের ইছ্যা না থাকজে পারে, এবং তাদের অনিন্দী না হয়, এটাও তাঁর মনের ভাব হতে পারে, কিন্দু সরকারী কর্মচারী যারা এটা প্ররোগ করছেন, তারা জনসাধারণের যথেন্ট কন্টা ও অনিন্দের কারণ হতে পারেন, সেইজন্য আমি মনে করি এই যে, বিজ মন্দ্রী মহাশর এনেছেন, এটা আনবার কোন প্রয়োজন ছিল না। যদি ভারা চান যে, শহরের উম্বাত করার জন্য থাকে বান করে, জানা দরকার, ক্রছলে সে বিল স্বতন্দ্রভাবে এখানে আনলে পর বিশেষভাবে আলোচনা করে, জানা দরকার, ক্রছলে সে বিল স্বতন্দ্রভাবে এখানে আনলে পর বিশেষভাবে আলোচনা করে, জানীত হতে পারেব।

# Sj. Monoranjan Hazra:

মাননীয় প্রশীকার মহাশয়, র্ষে বিলটা আমাদের সামনে এসেছে, সেটার সম্পর্কে আলোচনা করতে গিয়ে, আজকে সর্বপ্রথম আমি এই কথা বলতে চাই বে, বেটার লিভিং কন্ডিশান, এইটেই ঘদি এ বিলের উদ্দেশ্য হয়, যা এই বিলের অবজেষ্ট্রস আদেড রিজনসএ লেখা হয়েছে, তাহলে আমার প্রশন করতে ইচ্ছা করে, কলকাতার নােংরা বস্তী বেখানে আলোক ঢোকে না, বাতাস খেলে না. সেখানেই আগে বেটার লিভিং কন্ডিশান করবার প্রয়োজন ছিল, আমরা শিল্পাণ্ডলে দেখি. সেখানকার শ্রমিকদের বাড়ীগুরলি, সেখানকার বাড়ীগুরালারা—

The Hon'ble Bimal Chandra Sinha: Mr. Speaker, may I interrupt the honourable member just for a minute? I made it absolutely clear yesterday that I was going to accept the amendment that would be moved by the Chief Whip of the Congress party, and if honourable members examine that amendment they will find that we are going to exclude the industrial area and the Calcutta area. Therefore I submit there is no cause for misapprehension so far as these areas are concerned, and honourable members need not speak about these areas.

## Sj. Monoranjan Hazra:

আমি যে কথা বলতে চাইছি, সে কথা আমার শেষ হয় না বলে আপনি ভূল বুঝেছেন। কথাটা হচ্ছে সেই অঞ্চলে যদি বেটার লিভিং কন্ডিশানস করবার উদ্দেশ্যে কিছু করা হত, তাহলে এই বিলের উদ্দেশ্য, এই বিলের লক্ষ্য সেইভাবে পরিবর্তন করার প্রয়োজন ছিল, কিন্ত সে দিক থেকে আমরা কোন রকম লক্ষণ দেখতে পাচ্ছি না। তারপরে, যে জিনিষটা দেখছি যে বিলের ম্বারা বেটার লিভিং কন্ডিশানস সম্পর্কে যে আদর্শ গ্রাম তৈরী করার কথা দেখেছি, মাননীয় ম্পীকার মহাশার আপনার মাধ্যমে বলি একটা উদাহরণ আপনার মাধ্যমে মল্টী মহাশয়ের কাছে রাখছি। যেমন কোংরঙে ৩৮০ বিঘা জমি দখল করা হয়েছে, এবং সেটা উল্লয়নের নাম করে দখল করা হয়েছে, প্রথমে বিষয়টার গেজেট হয়ে যায়, সাধারণ মানুষ তা জানতে পারে না, তাদের কাছে নোটিশ যায় না, তারপরে একদিন দেখা যায়, সেখানকার জমি দখল করতে এসেছেন সরকারী কর্মচারীরা! ব্রলডোবার নিয়ে গিয়ে সেখানকার ঘরবাড়ী ভেপ্সে দিতে হবে, তাদের ক্ষেত থামার নন্ট করা হবে, কোৎরঙে এই রকম প্রতিদিন দেখতে পেরেছি। সেখানকার সাধারণ मानाय यथन होंगा करत होका त्याशाए करत हाहेरकार्हे याया हाहेरकार्हे आहिंरकम २२७७३ वर्ष्ट উইদিন দি ল যদি কোন মামলা দায়েরও করতে যায়, তখন তাদের সেসব মামলা রিঞ্জেকটেড হয়ে ষাবে। এইভাবে সাধারণ মান্য ১৯৩৮ সালের আদর্শ গ্রাম পরিকল্পনা তংকালীন মুখ্যমন্ত্রী कुलनान एक जाएरत तहना करतीहरानन: ১৮ वहत भरत थाना जभाकीर्ग रा कार्रेन, स्तरे कार्रेन বার করে আজ্ব যদি চাল, করবার চেষ্টা হয়, এখানে এই বিলের মাধ্যমে, তাহলে আমাকে বলতে হয়, এই কথা যে বাংলাদেশের যে সমস্ত এলাকায় বেটার লিভিং কন্ডিশানএর এই আইন প্রয়োগ করা হবে, সেই সমস্ত অঞ্চল সম্পর্কে সর্বপ্রথম অর্বাহত হতে হবে, বাস্তবিক সেই অবস্থা আছে কিনা, সেদিক থেকে আমার মনে হয়, এই বিলের কোন প্রয়োজনীয়তা নাই। কারণ হচ্চে এই যে আদর্শ প্রামের পরিকল্পনা বাংলাদেশের অর্থনৈতিক অবস্থার সংগ্র খাপ খাবে কিনা---প্রথমে বিবেচনা করতে হবে। অথচ আজ বদি এই আইন গ্রীত হয়, তাহলে এর স্বারা অপবার হতে বাধা। এই হচ্ছে প্রথম কথা। সেদিক থেকে একটা উদাহরণ আপনার মাধ্যমে মন্দ্রীমহাশরের কাছে রাখছি। বেমন কোংরঙে ৩৮০ বিখা জমি দখল করা হয়েছে, এবং সেটা **छेन्नत्रत्यत्र नाम करत पथन क**त्रा हरत्र**रह, शक्षर्य विवत्र**हो शास्त्रहे हरत वात्र, भाषात्रम मान्यत्र हा स्नानरह পারে না, তাদের কাছে নোটিশ যায় না, তারপরে একদিন দেখা যায় সেখানকার জমি দখল করতে এসেছের সরকারী কর্মচারীরা! বলেডোজার নিয়ে গিয়ে সেখানকার ঘরবাড়ী ভেশ্যে দিতে হবে তাদের খেতখামার নন্ট করা হবে কোংরঙে এইরকম প্রতিদিন দেখতে পেরেছি। সেখানকার जाधातम मान्य यथन होंगा करत्र मेका सामाए करत्र हाहेरकार्टे यात्र, हाहेरकार्टे आर्टिएकम २२७-এর বলে. উইদিন দি ল যদি কোন মামলা দারেরও করতে বার তখন তাদের সেসব মামলা 庸 জেকটেড হরে বাবে। এইভাবে সাধারণ মান্ত লড়াই করতে পারে না, আরু তাদের এখন যা **ছবস্থা সে অবস্থার তারা আর এগিয়ে বেতে পারে না—কেন না তাদের বাডীঘর নন্ট হরে গেছে.** জদের ক্ষেত খামার গেছে, তাদের সর্বনাশ হরে গেছে।

এখন আমি রিবড়ার কথা বলছি। সেখানে প্রায় ৬০০ বিষা ক্ষমি নিয়ন্থাপের নামে দখল করা হয়েছে, এবং সেখানেও ঐ একই ব্যাপার। সেখানেও হাইকোটে মামলা হল এবং সেখানে যে রুল দিয়েছিলেন, সে রুল ডিসচার্জ হল। এই রকম অবস্থা। সেই জন্য আঞ্চকে এই কথা বলতে চাই, আদর্শ গ্রাম ও উয়য়ন পরিকলপনার কথা বলে যদি এই আইন প্রয়োগ করার চেন্টা হয়, আমি আগেই বলেছি অ দৌ এখানে খাপ খায় না, এই আইনের ধারাগার্লি এবং সেই কথা বিবেচনা করে এই বিলে আমরা সন্মতি দিতে পারি না। আমার শেষ কথা হচ্ছে এই যে মান্ত্রীয় মন্ত্রী মহাশয়ের যখন এখানে এই আইন পাশ করার সম্ভাবনা রয়েছে, সেদিক থেকে চিন্টা করে আমি তাঁকে বলছি, যখন র্লস তৈরী করবেন, তা তৈরী করবার সময় যেন ভাবেন সাধারণ মান্ত্রকে দ্বার উন্বাহন্ত করবার জন্য যেন বিলটা না হয়।

Sj. Basanta Kumar Panda: Mr. Speaker, Sir, now we are talking on the last amendment of this Act. By this amending Bill Government is seeking power for five years. Such a long period was never asked for in the past. The original Act (Act II of 1948) was passed in this House on 11th March, 1948 for three years only, and it expired on the 31st March, 1951. Then came the first amendment (Act VII of 1951), and it was for only three years. On the 31st March, 1954, it expired. Then came the second amendment (Act VIII of 1954), and it was extended to 31st March, 1957. Now by the present amending Bill five years' extension has been sought. The original purpose of the Act as appears from the provisions was for facilities of transport, communication, irrigation and drainage in both urban and rural areas. The present purpose is for the construction and reconstruction of dwelling places for the people who reside there. Now, Sir, the Hon'ble Minister has accepted the amendment of the Chief Whip of the ruling party. By this amendment, Calcutta and some industrial area according to the sweet will of the Government are going to be excluded from the operation of this Act. But what about rural areas? Up to now during the continuance of this Act for the last nine years what is the improvement there in transport, communication, irrigation and drainage? The Hon'ble Minister has not given any idea as to this. I say, Sir, that nothing—practically nothing—has been done in the rural areas to fulfil these objectives.

# [4-50—5 p.m.]

Now this provision is being taken away from the rural areas. Instead of that you want to construct some more new houses for the people who reside there. That is the purpose which is being introduced. Now, with regard to this purpose though nothing appears in the Objects and Reasons of the Bill, the Hon'ble Minister yesterday told us that there have been certain places ravaged by the last cyclone and flood and houses have been razed to the ground and the purpose is the reconstruction of houses in those places. If that is one of the ideas as it appears from the statement of the Hon'ble Minister, I shall say that no acquisition or requisition of land is necessary for that purpose because the people residing in those areas which have been affected either by cyclone or by flood are the owners of some land. Those houses which were standing on those lands have been razed to the ground and no acquisition or requisition of fresh land is necessary for their reconstruction. If the Government are so generous they can construct houses on those lands where previously the old houses existed. Now we have heard after our Chief Minister came back from Japan at the time of the last cyclone that he will take up a certain scheme for reconstruction of the houses according to the Japanese model and thereafter we read in newspapers that certain actions have been taken. Only a few months ago we have been told that this scheme has been taken away. We have not been told by the Hon'ble Minister what is the present scheme for improvement or construction of houses in those rural areas. My Contai subdivision is much and often affected by floods and cyclones. What has been done for the construction of the houses in the coastal areas of Contai subdivision and some portion of Tamluk subdivision? I will only say: why not assess the general result of the last election? The Hon'ble Chief Minister gave a statement which appeared in papers. He has said that he has done enough for the rural areas and the result is that they have got spectacular success in the last election in the rural areas. They have done nothing for Calcutta and so they had reverses in Calcutta. Now, I ask the Hon'ble Chief Minister and the Minister-in-charge of the Bill why they are excluding Calcutta or certain industrial areas from the operation of this Act? The obvious purpose is that the owners of the bustees who are rich men are being given a premium to hold those lands for some time more and to extract maney at the exorbitant rate from the persons who occupy those bustees and who have been allowed to remain there for the gain of the landlords.

Another provision has been made for giving notice of awards to the owners of the land. I shall say for the last time that there was no necessity for a provision like that at all. The Hon'ble Minister has not yet told us why the necessity for giving notice of an award has arisen after the life of the Act has passed for nine years.

Now, with regard to the powers of the Collector I say that the lands cover both urban and rural areas. Now of these lands the agricultural land comes under list II, item No. 18 of the Seventh Schedule of the Constitution. That is within the complete power of this House to legislate upon. In item No. 6 of List III of the Seventh Schedule of the Constitution there are lands which are not agricultural lands. Now, the Collector has been given absolute power not only to fix compensation subject to the control of the Board but he has been given further power to apportion this money amongst the co-sharers inter se. The question is whether the Collectors are entitled to exercise this power. This money is in the nature of compensation money, that is sharing of the land. I shall say that this sharing, this partition of the property—the compensation money is nothing but an exchange value of the land—cannot be done finally by the Collector. May be that some owners or co-sharers of the land were absent at the time of apportionment but their right to partition will remain even apart from the provisions of this Act.

I have got other things to say but I shall deal with them when I shall speak on the amendments to the clause which I have given notice of.

### Dr. Narayan Chandra Ray:

মাননীয় সভাপাল মহাশয়, এই বিলটা সম্বন্ধে ষেমন অনেক দিক দিয়ে বলা হয়েছে, তেমনি আর একটা স্ব্র আমাদের মন্দ্রী মহাশয়ের কথায় বিলটা ইনট্রডিউস করার সময় বাজছিল। এটা ফ্যাক্টস বলেই আমি বলছি।

The Hon'ble Bimal Chandra Sinha: Are you speaking on your amendment?

# Dr. Narayan Chandra Ray: No, no. Generally.

তাঁর এই স্বারে একটা মাধ্রণ্য, একটা আন্তরিকতা, আর একটা বেদনা ছিল। তাঁর এই সং উদ্দেশ্যটা আমরা যারা ভেতরে থেকে বিরোধিতা করছি, তারা ব্রুতে পারছি না, তবে হরত দেশবাসীরা এটা ব্রুবে। আমি আপনার সামনে একটা কথা পরিবেশন করছি এবং এটাও দেখাব যে লোকের মনে এটা সন্বশ্যে একটা সন্দেহ উঠেছে। আপনার্যু হরত এটাকে স্লাইট মিসআন্ডারন্টান্ডিং মনে করছেন। কিন্তু আমাদের এটা যখন পরে গ্রহণ করবেন তখন তাতে সব ক্রিয়ার হয়ে যাবে। বাংলা সরকারের এতবড় লিগ্যাল ডিপার্টমেন্টএর কাছ থেকে এই স্লাইট মিসআন্ডারন্টান্ডিংটা লোকে কেমন করে আশা করতে পারে? আপন্যুরা যাঁরা, সকল ছান্বের অন্তুতির দিকৈ নক্রর রেথে রাম্ম চালাছেন, তাঁলের কাছে সেখানে লেখবার সময়

ক্যান্ত্রকাটাকে বাইরে রেখে একসেপ্ট ক্যান্ত্রকাটা যোগ করতে কেন ভূল হয়? এটা সামরিকভাবে মান্ত্রকে নিতে বললেও সবাই তা নিতে পারছে না। ক্যাবিনেট মন্দ্রী মহাশয়ের একার নয়। আক্ত প্রশ্নেন্তরের সময়

Government of India Essential Commodities Act

নিয়ে যে প্রশ্ন ছিল তাতে তার উত্তরে বলে ফেলেছেন যে, জিনিসপত্তের খোজ নেবার এবং ধুবুবার জন্য প্তিনি একটা প্রিলিমিনারী অর্ডার এখান থেকে পাঠিয়েছেন। কিন্ত এইসব লোককে চাল সারুরে সরিয়ে রাখবার জন্য আপনি ২০।২৫ দিন কেন ফাঁক দিচ্ছেন? এসবের বা যিনি মন্ত্রী তিনিই সরকার নন। কারণ কোন কিছ, বলে দেবার পরে তার প্রয়োগের বেলায় নজর রাখতে পারেন না কেন? যে আইন আপনার দ•তরের মারফং মানুষের∙উপর প্রয়োগ হবে এবং এ যাবং কাল যা প্রয়োগ হয়ে এসেছে, তাতে মায়া, মমতা, দরদ কোথাও ছিল না। সেসব আপনার দশ্তরকে জাজ করতে হবে। সেজন্য বলছি যে আপনি যদি আপনার দশ্তরকে বদলে দিতে না পারেন, তাহলে আপনাকে আপনার দশ্তর বদলে দিতে পারে। অতএব এরপর আপুনি আরু মিন্টি কথা বলবেন না। ধরনে, এই প্রন্নটা র্যাদ এমন করে সাজাই তাহলে কেমন হয়। আপনাদের এর আগে কণ্টিনিউয়্যান্স অভ পাওয়ার বলে যে একটা বিল ছিল, সেটা একরকম ভাল ছিল। আমার এই কথা বলার কারণ হচ্ছে যে চোখের সামনে দেখলেন একটা আইন যেটা চলছিল, সেটা কন্টিনিউয়্যাশান হল। সেখানে আবার একটা আইন আসছে এবং এটাও কন্টিনিউর্যাশান হচ্ছে। এই কন্টিনিউয়্যাশানএর বলে সরকারের বছ্রম্নিঠ নরম হয়ে গেছে মোলামী হাত মেয়েদের হাতের মতন হয়ে যাবে। এই কথা বলছি এই কারণে যে, সেই হাত কোলকাতার বস্তীর উপর গিয়ে পড়বে। কিন্তু লোক আজ কেন সেই কথা মনে করবে? এখন লোকে যদি মনে করে যে, এই আইনে যে ফাঁক রইল সেটা ক্যালকাটা ইমপ্রভ্রমেণ্ট বিলে थाकरत, जारल कि जनाास ररत? यीन लक्का कर्ता यास, जारल এটা वेला यार পারে যে বদতী ইমপ্রভেমেন্ট করে এই আইনের ফাঁকে বিকল্প বাসম্থান করে নাও দিতে পারে। কিন্তু যেখানে ফ্লাড হয় নি, সেখানে আপনি ত এমন কিছু, লেখেন নি মডেল ভিলেজ ইত্যাদি স্লাইট মিসআন্ডারস্টান্ডিং? কিন্তু আমরা বলবো নোইট ইজ নট। সেজনা এর **পেছনে** মান্বের নিশ্চয় একটা সন্দেহ থেকে যাবে।

[5-5-25 p.m.]

তারপর আমি মডেল ভিলেজ সম্বন্ধে বলছি। আমার আগে এক বন্ধ্ বলেছেন। আমি আমাদের সংশোধনীর মাধ্যমে কথাটা জানাবো। মডেল ভিলেজ সম্বন্ধে সতিটেই কলকাতার বিস্বাসীর জনা, এর আগে যেমন ইমপ্রভুমেন্ট বিল ছিল, তথন তাতে বিকল্প বাসস্থানের কোন বন্দোবস্বত ছিল না। মান্যকে সেখান থেকে উপড়ে দিয়েছেন সরকার। বাদের সেখান থেকে সরিয়ে দিয়ে, নতুন জায়গা করেছেন, নতুন বাড়ী করেছেন, সেই সমস্ব মান্য কতট্কু দরদ পেয়েছেন, তা সকলে জানে, মন্ত্রী মহাশায় আজকে অন্য কথা বললে, কিছু হবে না। আজকে মডেল ভিলেজ করবার সময় কই এই মমতাট্কুত আসে নি। কলকাতা বাদ দিয়ে বাইরের গ্রামের কথা বলে থাকেন, আজ বলছেন বিকল্প বাস্প্থান কলকাতা বিস্ববাসীদের দরকার নেই। শাধ্য ভাঙ হয়েছে, ফ্লাডএ তার ঘরবাড়ী ভেলেগ গিয়েছে, সে আর একটা জায়গায় এসে বসে আছে। সেখানে হয়ত বলতে পারেন, তার জন্য বাড়ী তৈরী হলে সে আসবে। কিন্তু যেখানে ফ্লাড হয় নি, সেখানে আইনি ত এমন কিছু লেখেন নি মডেল ভিলেজ ইত্যাদি গ্রালর ইমপ্রভ্যেন্ট হবে। ফ্লাড য়্যাফেকটেড এরিয়াতে হবে। আর কোথাও হবে না, সেকথাত বলেন নি?

[At this stage the red light was lit.]

আমি আর এক মিনিট বলে আমার বস্তব্য শেষ করে দেব।

স্তরং আজকে সমস্ত কাঠামোর মধ্যে এতবড় ভূল কেন হতে পারে? কেন আপনার ভূল হয়েছে কলকচ্চাকে এক্সক্রড করায়। কেন আপনার ভূল হয়েছে মডেল ভিলেজ করে, যাদের জন্য বাড়ী করছেন, তাদের জন্য বিকল্প বাসস্থান কোথায় করেছেন? কেন ভূল করেছেন কন্দেশনসেশান দেবার সমর ঠিক মত নির্দেশ দিতে? কন্দেশনসেশান দেবার সমর, সেখানে মার্কেট ভ্যাল্—এই সমস্ত কথাগ্রিল এখানে চ্বিকরে দেওয়া, স্পন্ট করে দেওয়ার কেন অভাব হরেছে। এইজনাই আজকে সাধারণ মান্বের মনে সন্দেহের প্রশন ওঠে। আমি এই বিলের মধ্যে সংশোধনী প্রস্তাব না করে, এই কথাগ্রিল স্থারে নিতে মাননীর মন্দ্রী মহাশারকে বলছি।

At this stage the House adjourned for 15 minutes

(After adjournment)

15-25-5-35 p.m.]

# 8j. Amai Kumar Canguli:

माननीय स्भीकात मरागय, आमारात ताकस्वमन्त्री एव सरागधनी विल এताहन, स्मर्ट विल আমরা অন্তরের সপ্সে গ্রহণ করতে পারছি না। তার কারণ হচ্ছে যে এই বিল আনার যে উন্দেশ্যের কথা বলেছেন, সেই উন্দেশ্য সাধিত হচ্ছে না। কিছুদিন ধরে আইনকে যেভাবে প্রয়োগ করা হয়েছে, সে সম্বন্ধে যাদৈর অভিজ্ঞতা আছে, সেই অভিজ্ঞতার ভিত্তিতে বলা যার, এই যে নতুন প্রস্তাব আনা হয়েছে, এই প্রস্তাবের স্বারা আসলে দেশের জনসাধারণের কোন মঞ্চল করা হবে না। পরিকল্পনার নাম করে এতদিন তাঁরা যে আইন চালু করে রেখেছেন এবং সেই আইনের বলে জনসাধারণের উপর নানাভাবে যে জলেম অত্যাচার চালিয়ে আসছেন তাকে আবার নতন করে চালান হবৈ, এই আশুকা আমাদের রয়েছে। এই আশুকার কার্ণ হচ্ছে, আমাদের দেশে যে মূল প্রোন আইন চাল, আছে, সেই আইনের প্রয়োগ সম্পর্কে আমরা এই কথা বারবার বলেছি যে, দেশের উন্নয়ন কাজে যদি কোন জায়গা জমি নিতে হয়, তাহলে সেই জায়গা জমিতে যদি কোন গরীব চাষী বাসিন্দা থাকে, তাহলে তাকে তার বৃদ্তি বাডী থেকে উচ্ছেদ করবার সময়, ভাবা দরকার যে তাকে রিহ্যাবিলেট করা যাছে কিনা। কোন वामीन्मारक क्षीप्रास्त्र वन्न ना मिरा छात्र क्षीप्रक्रमा एकए निराय थवर व्यक्तिम के कार्या क्रमा তাকে আশ্রয়হীন করে রাখা এই রকম কোন আইন চাল, করা উচিত নয়। সেই রকম একটি আইনকে জোর করে, জেদ করে চাল, রেখে, তারপর এই যে নতুন সংশোধনী প্রস্তাব আনা হয়েছে, তার আসল উদ্দেশ্য হল ঐরকম আরও কিছু লোককে আগ্রয়হীন করে দেওয়া ছাডা আর কিছু নয়। এই সংশোধনের পিছনে এই রকম ষড়যন্ত্র আছে বলেই আমি মনে করি। এই রকম আইনের প্রয়োগের নজীর আমি বহু জায়গার ঘটনা উল্লেখ করে দিতে পারি। হাওডা থেকে কোলাঘাট পর্যানত যে রাসতা, যেটা বোম্বে রাসতা বলে সকল লোকের কাছে প্রচলিত, সেই রাস্তার জন্য যখন জমি দখল করা হয়, তখন বহু, লোককে সেই সব জমি থেকে উচ্ছেদ করা হয়েছে। এই সব লোক এখনও অনেকে আশ্রয়হীন হয়ে রাস্তায় বাস্তায় ঘুরে বেড়াচ্ছে, তাদের উপযুদ্ধ বাসম্থানের কোন ব্যবস্থা করা হয় নি। আমরা জানি এই রক্ষ অনেক ঘটনার কথা সরকারী দশ্তরে বলা হয়েছে, কিন্তু এদের সম্পর্কে কোন সূত্রে পরিকল্পনা সরকার গ্রহণ করেন নি। তা ছাড়া আমার অভিজ্ঞতা হচ্ছে কোন কাজের নামে জমি যখন দখল করা হয়. তাতে मनीय न्वार्थ ও कार्यमी न्वार्थ तका कतवात जनाও এको অপচেণ্টা হয়। मान आहेन বহু, দিন আগেই চাল, করা হয়েছে এবং তার ভিতর যে সমস্ত বুটী, গলদ দেখা দিয়েছে, সেগু, লি অভিজ্ঞতার ভিত্তিতে গ্রহণ করে, তা দূর করে যদি সরকার আইন চাল, করতেন, তাহলে এই নতুন সংশোধনী প্রস্তাব আমরা গ্রহণ করতে পারতাম। জমি দখলের জন্য তাঁরা যথন নোটিস নোটিস দেবার আগেই কিছু, কায়েমী স্বার্থের লোক, যাদের সরকারের সঞ্চো দহরম-মহরম আছে, তারা জানতে পারে যে, অম.ক জায়গা দখল করা হবে, তখন সেটা বাদ দিয়ে যাতে অন্য জায়গা, জমি নেওয়া হয়, তার জন্য ঘুস ইত্যাদি মারফত তম্বির করেন, এবং তার ফলে, অনেক গরীব লোকের সর্বনাশ হয় ও সরকারের অর্থেরও অপচয় হয়। বাগনান থৈকে পাকসী পর্যন্ত "বাগনান-মানকুর রোড" নামে যে রাস্তা, সেটা হচ্ছে সাত মাইল। দেখা গেল হঠাৎ সেটাকে বাড়িরে আট মাইল করা হয়েছে, এই আট মাইল করবার কোন বৃত্তি নেই। ব্যাপক জনসাধারণের जम विधा मार्चि करबल धारे ब्रान्टाधिक जना धार्त्र मिरत चार्तिरह निरत घालहा हैन : धनर धारे অতিরিক্ত এক মাইল রাস্তা নির্মাণ করবার জন্য যে অর্থের প্ররোজন, সেটা সরকারী তহবিল

ষেসকল রোড চৌকিদার ৪৫ টাকার অধিক বেসিক পে পায়, তাদের কথা জিজ্ঞাসা করেছেন। কিন্তু, এই কাটিগরীর কোন রোড চৌকিদার আছে বলে আমার জানা নেই।

## Sj. Chitto Basu:

রোড মজদুরদের গেজেটেড হলিডেজ ও কম্পেনসেটরী লীভ দেওয়া হয় না কেন?

## The Hon'ble Khagendra Nath Das Gupta:

তার। গেজেটেড হলিডেজতে ছ্রিট পায় না বলে, তাদের দ্ব' টাকা ক'রে মাসে এক্সট্রা দেওরা হয়।

## 8j. Chitto Basu:

প্রশেনর উত্তরে আপান বলেছেন

"Their sakries are usually disbursed within the first week of each month".
ত্র জন্য কি কোন নিশিষ্ট তারিখ আছে?

## The Hon'ble Khagendra Nath Das Gupta:

না, কোন নির্দিণ্ট তারিখ নেই। তবে পয়লা থেকে সাত তারিখের মধ্যে তাঁদের জানিরে দেওয়া হয় কোন, ডেটএ তাদের পে দেওয়া হবে।

## Sj. Chitto Basu:

এতে তাদের বিশেষ অস্ত্রিধা হয়, সেকথা মাননীয় মল্টী মহাশয় জানেন কি?

## The Hon'ble Khagendra Nath Das Cupta:

এরা সাধারণত আমাদের রেগ্লার এদ্টারিসমেন্টএর মধ্যে নয়। কোন একটা নির্দিণ্ট কাজ বরবার জন্য টেন্পোরারিলি তাদের নিযুক্ত করা হয়েছিল। সেই কাজের জন্য যে টাকা আলেটেড থাকে, সেই টাকা থেকে তাদের দেওয়া হয়। মাসকাবারে হিসাব হয়, এবং হিসাব ক'রে তাদের প্রাপ্য টাকা সাত দিনের ভিতর দেওয়া হয়।

## Sj. Jagannath Majumder:

রোড মজদুরদের কি মাস্টার-রোল ওয়ার্কার্স ব'লে গণ্য করা হয়?

#### The Hon'ble Khagendra Nath Das Cupta:

হাা। কিন্তু তারা ওয়াচার স্টাফএর মধ্যে পড়ে না।

#### West Bengal Veterinary College

- \*39. (Admitted question No. \*131.) Sj. Canesh Chosh: Will the Hon'ble Minister in charge of the Animal Husbandry Department be pleased to state—
  - (a) how many persons from among the teaching staff of the West Bengal Veterinary College possess all or any of the following academic degrees, namely:
    - (i) ordinary diplomas of the West Bengal Veterinary College or similar diplomas,
    - (11) veterinary degrees from any Indian University, and
  - (in) veterinary degrees of Foreign Universities;
  - (b) what pay scale the Government consider to fix for the students who will pass out of the West Bengal Veterinary College from the current year (1957) after completing the degree course and diploma course; and
  - (c) of the Grade IV staff attached to the West Bengal Government Veterinary College—
    - (i) how many are permanent, and
    - (ii) how many are temporary?

The Minister for Agriculture and Animal Husbandry (The Hon'ble Dr. Raffuddin Ahmed): (a)(1) Seventeen.

- (ii) One.
- (111) Veterinary degrees-3; Veterinary diplomas-4.
- (b) For Diploma holders: S.V.S. Class II—Rs.100—4—180—5—200; S.V.S. Class I—Rs.150—10—250.

For Degree holders; S.V.S. Class II—Rs,150—4—230—5—250; S.V.S. Class I—Rs,250—10—350.

- (c) In this State we have no Grade IV employees.
- 8]. Canesh Chosh: With reference to answer (b) will the Hon'ble Minister kindly state whether a decision on this pay-scale has already been taken or it is still under contemplation?

The Hon'ble Dr. Rafluddin Ahmed: A decision has already been taken and it was gazetted in the Calcutta Gazette, dated 20th September, 1952 and the classes of scale I have mentioned before.

8]. Ganesh Chosh: With regard to answer (c), what category the menials in the Veterinary College and Hospital are placed in? Are they placed in Grade IV—in what grade they are placed?

The Hon'ble Dr. Rafiuddin Ahmed: In the State of West Bengal we do not call them Class IV. According to the definition given in rule 5(19) of the West Bengal Service Regulations, Part I, it states as follows: "Interior service means any kind of service which may be specially classified as such by order of the Government and any other kind of service on pay not exceeding Rs. 40"—that is the definition.

Sj. Ganesh Chosh: Can the Minister enlighten us as to the number of those whom we call menials in the Veterinary College and Hospitals?

[3-50-4 p.m.]

The Hon'ble Dr. Rafluddin Ahmed: Of these inferior service people there are 30 permanent and 21 temporary hands.

- Mr. Speaker: In the Library there are printed Government Regulations and all these details are given there. Next question.
- **8j. Canesh Chosh:** Sir, I have got a few more supplementaries because this question is hanging fire for a long time.
- Mr. Speaker: Apart from what you may ask, the definition of "Interior Service" is there in print.
- 8j. Canesh Chosh: No, I did not ask for the definition of "Inferior Service". I asked for the number of those who are placed as menials in the Veterinary College and Hospital and I further asked as to how many of them have been made permanent and how many of them are still temporary.

The Hon'ble Dr. Rafiuddin Ahmed: I have just mentioned—permanent 80 and temporary 21.

8]. Canesh Chosh: Can you further enlighten us—of those who are temporary, how long they are in service?

The Hon'ble Dr. Raffuddin Ahmed: The following are in temporary service for a maximum period of two years:—

In the scheme for investigation into the sterility of cattle in West Bengal—4, in the scheme for investigation of Physiological Norms of Indian Cattle—1, in the scheme for control and eradication of Humpsore in West Bengal—1, in the scheme for maintaining a small Dairy Unit at the Bengal Weterinary College—6, in the scheme for two-year Emergency Diploma Course in Veterinary Science—4, in the scheme for Mass Production of Rinderpest Vaccine in West Bengal—4 and in the scheme on Nutritional Significance of Milk Sugar—1. All these make 21. All these schemes are temporary. Therefore, these persons must be temporary.

8j. Canesh Chosh: Of these temporary men, perhaps the Hon'ble Minister remembers that about three years back some of these menials came to see him and some of them had worked for 28 years without being made permanent. Have they been made permanent?

The Hon'ble Dr. Rafiuddin Ahmed: They have been made permanent and they are amongst the list of 30 which I have mentioned before. The other 21 are recent recruits.

#### Test relief work in Birbhum district

- \*40. (Admitted question No. \*46.) Sj. Mihirial Chatterjoe: Will the Hon'ble Minister in charge of the Relief Department be pleased to state—
  - (a) what amount has been sanctioned for test relief work in the district of Birbhum for the year 1957-58; and
  - (b) what other relief has been sanctioned to meet the prevailing scarcity, high prices and unemployment?

The Minister for Food, Relief and Supplies (The Hon'ble Prafulla Chandra Sen): (a) Rupees one lakh and eighty thousand besides foodgrains.

(b) A statement is laid on the Table.

Statement referred to in reply to clause (b) of starred question No. 40

- (1) Gratuitous relief—Rs.30,400.
- (2) Agricultural loans-Rs.4,50,000.
- (3) Special house-building loans to flood-affected people—Rs.2,00,000.
- (4) House repairing grants to flood-affected people-Rs.50,000.
- (5) Free supply of building materials to flood-affected people under "Build Your Own House" Scheme—
  - (i) G.C. sheets—23 tons valued at Rs.17,480.
  - (u) Coal-528 tons valued at Rs.8,620.
- (111) Timber for door frames, window material, screws, washers, nails, etc.—Rs.8,000.
- (6) Ulotnings-400 pieces.
- (7) Child garments-400 pieces.
- (8) Gratuitous relief to people affected by fire accidents-Rs.4,655.
- (9) Rice-7,700 maunds.
- (10) Wheat-12,650 maunds.

## 8j. Mihirlal Chatterjee:

या वजाष्म थता शराहरू जात भाषा कल जोका थता श्वात मश्वाम পোরেছেন?

## The Hon'ble Prafulla Chandra Sen:

আমি সঠিক বলতে পারি না, gratutious relief, agricultural loan, special house-building loan বিলি হয়েছে।

#### 8]. Mihirlal Chatterjee:

স্থানীয় কর্তৃপক্ষের কাছ থেকে রিলিফের বরান্দ বাড়ানোর অনুরোধ পেয়েছেন কি না?

## The Hon'ble Prafulla Chandra Sen:

স্থানীয় কর্তৃপক্ষ যেমন যেমন টাকা চেয়েছেন সাধ্যান,যায়ী দেওয়া হয়েছে।

## 8j. Durgapada Das:

কতজন লোক স্পেসাল হাউস বিল্ডিং লোন পেয়েছেন?

## The Hon'ble Prafulla Chandra Sen:

সংখ্যা বলতে পারব না, নোটিশ চাই।

## Sj. Jagannath Majumder:

এখানে স্পেসাল কথাটা বলছেন কেন?

#### The Hon'ble Prafulla Chandra Sen:

এইজনা বলছি, এইজনা যে সিকিউরিটি যদি দিতে পারে তবে ১,০৫০ টাকা পর্যন্ত দেওয়া হয়।

## 8j. Apurba Lai Majumdar:

যে টাকা দেওয়া হয়েছে অর স্যাংশান হয়েছে, সেথানকার মান্বের ডিমান্ড এর চেয়ে বেশি ছিল কি?

#### The Hon'ble Prafulla Chandra Sen:

কর্তপক্ষ যেমন চেয়েছে দেওয়া হয়েছে।

#### 8j. Radhanath Chattoraj:

ুমুন্তী মহাশয় অবগত আছেন কি বন্যাবিধনুস্ত বহু লোক টাকা পায় নি, তারা টাকা পাবে কি ?

#### The Hon'ble Prafulla Chandra Sen:

ঠিক সময়মত পাবে।

#### 8]. Radhanath Chattoraj:

সময় কখন হবে?

#### The Hon'ble Prafulia Chandra Sen:

গভর্মেন্ট যখন ঠিক মনে করবেন।

## Sj. Radhanath Chattoraj:

টেস্ট রিলিফ ওয়ার্ক অসমাণ্ড অবস্থায় পড়ে আছে, রাস্তাগালির কি হবে?

## The Hon'ble Prafulia Chandra Sen:

টেস্ট রিলিফ রাস্তার জনা দেওয়া হয় না।

## Sj. Amarendra Nath Sarkar:

गाननीय मन्द्री भरागय जातन कि एय ১० राजात मन नम अथरना विकि रय नि?

#### The Hon'ble Prafulla Chandra Sen:

তা' বলতে পারি না।

## Sj. Radhanath Chattoraj:

লাভপ্র থানায়...

### The Hon'ble Fratulia Chandra Sen:

नाङ्ग्राह्म थवत वनरङ भावव ना। त्नाप्रिम मिला वनरङ भावव।

## Modified rationing in the rural areas of Hooghly district

- \*41. (Admitted question No. \*162.) **8j. Monoranjan Hazra:** Will the Hon'ble Minister in charge of the Food Department be pleased to state—
  - (ক) হ্বগলী জেলার কতগ্রিল ইউনিয়নে মডিফাইড রেশনিং চাল্ব হইয়াছে;
  - (খ) ইউনিয়নগর্লির নাম;
  - (গ) ইউনিয়নস্থ দোকানদারদের নাম: এবং
  - (ঘ) ঐ-সকল দোকানের কোন্টিতে কত লোক রেশন পাইবে তাহার সংখ্যা?

# The Minister for Food, Relief and Supplies (The Hon'ble Prafulla Chandra Sen):

- (क) গত ৮ই জন পর্য'লত ৭২টি ইউনিয়নে মডিফাইড রেশনিং চাল, হইয়াছে।
- (খ) হইতে (ঘ) সংশ্লিষ্ট খবরগর্নি একটি বিবরণাতে লাইরেরী টেবিলে উপস্থাপিত করা হইল।

## **UNSTARRED QUESTION**

## (answer to which was laid on the table)

#### Medical College at Burdwan

- 1. (Admitted question No. 231.) Sj. Pramatha Nath Dhibar: Will the Hon'ble Minister in charge of the Health Department be pleased to state—
  - (ক) সরকার জানাইবেন কি যে, বর্ধমানে Medical College করিবার কোন scheme সরকারের আছে কিনা: এবং
  - (थ) यीम थारक, कथन হইতে ইহা कार्यकर्जी कता হইবে?

## The Minister of State for Health (The Hon'ble Dr. Anath Bandhu Roy):

- (क) না কোন scheme নাই।
- (খ) প্রশ্ন উঠে না।

Mr. Speaker: On Saturday it is the practice not to allow questions So, there will be no questions tomorrow.

## Debate on the point of order

(Sj. Subodh Banerjee rose to speak.)

Mr. Speaker: To the honourable members of this House I promised a debate today on the point of order which was raised by the Judicial Minister the Hon'ble Siddartha Sankar Roy. Mr. Banerjee was particularly keen that that point of order should be debated today. But we have other important business today. Mr. Banerjee approached me and he has agreed that that point of order would be discussed next week—I will give a date.

## Personal Explanation

Dr. Prafulia Chandra Chose: The other day—on Tuesday last—Dr. Roy, the Chief Minister, said that P.S.P. received help from the Tatas. That is absolutely incorrect. I have ascertained it from the Bombay P.S.P. I did not reply then and there because although I knew it, but still I thought that before ascertaining definitely I should not contradict him. But he said something—he probably used the word 'perhaps'. I have received the following telegram from the Secretary of the Bombay P.S.P. 'I emphatically refute West Bengal Chief Minister's allegation on the Assembly floor that Bombay Praja Socialist Party takes financial help from Tatas. Such help is monopoly of those who get Company Act suitably amended'.

So, I hope, now Dr. Roy will probably correct his statement.

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: I said that I read in the papers an argument placed before the High Court by the opposite side that some members of the P.S.P. have been given this money. If they have not been given the money, I stand corrected.

#### NON-OFFICIAL RESOLUTIONS

Mr. Speaker: Now, we will take up Non-official Resolutions. Resolution No. 4, standing in the name of Shri Mohammad Yeakub Hossain will be taken up first. It is being taken out of turn.

- 8]. Bijoy Singh Nahar: Sir, I beg to move.....
- 8j. Subodh Banerjee: On a point of order, Sir.

Mr. Speaker: I take it that a resolution ought to be moved by the member who has brought in the resolution and it any other honourable member wishes to take his place and move the resolution, permission will have to be sought from the Chair asking for liberty to move the resolution and upon that permission being obtained, such resolution can be moved by him. The rule in question, if I may draw the attention of the honourable members, is rule 96.

8j. Bijoy Singh Nahar: Sir, a resolution has also been tabled by me on the same subject. However, I may be permitted to move this resolution.

Mr. Speaker: Yes, you move this resolution.

[4-4-10 p.m.]

- sj. Bijoy Singh Nahar: Sir, I beg to move that while khole-heartedly welcoming the proposed scheme of the Central Government to settle the East Bengal refugees in Dandakaranya which commands at extensive area of land measuring about 80,000 square miles and has potential resources which may be developed primarily for the resettlement of displaced persons from East Pakistan and which has potentialities not only for physical settlement but for economic rehabilitation in the midst of favourable social environment this Assembly is of opinion that—
  - (i) the Government of West Bengal should take up this matter with the Government of India for a speedy and Successful implementation of this scheme so that the refugees who have not yet been so far properly rehabilitated in this State may be settled in Dandakaranya; and
  - (ii) topmost priority should be given to the implementation of this scheme under a statutory body on which West Bengal should be adequately represented along with the other States concerned.

অধ্যক্ষ মহোদয়, আমি কিছুদিন পূর্বে কাগজে দেখেছি এবং মাননীয় মন্ত্রী প্রফল্লেচন্দ্র সেন মহাশয়ও এই সভায় জানিয়েছিলেন যে ভারত সরকার দ ডকারণ্য জায়গা যেটা উডিষ্যা মধাপ্রদেশ এবং অন্ধপ্রদেশের মাঝখানে যে বিরাট জায়গা রয়েছে সেখানে বাংলাদেশের রিফিউজিদের বসবাসের ব্যবস্থা করছেন। সেই জায়গা সম্বন্ধে যতটা আমি খবর পে**রেছি** তাতে জানতে পেরেছি যে সেই জায়গাটা বাংলাদেশের সঙ্গে মিলিয়ে অনেকটা এক**ই রকস্ক** হবে। জলের যথেষ্ট বাবস্থা আছে, বড় বড় নদী রয়েছে এবং শাখাপ্রশাখা নিয়ে গোদাবরী ইরাবতা, অয়েন গণ্গা আছে, তাই জলের যথেষ্ট সুযোগস্বিধা রয়েছে। সেখানে জ**ণ্গালের** মধ্যে যে জায়গা তাতে এগ্রিকালচার এবং আরও অনেক রকম কাজের সূখসূর্বিধা আছে এবং যথেন্ট পরিমাণ জায়গাও পাওয়া যাবে যেখানে এখানকার ভাইবোনদের পাঠিয়ে সুবাবস্থা করা যেতে পারে। বাংলাদেশের আজ যে বিরাট প্রশ্ন রয়েছে এই উদ্বাস্তৃভাইরা যারা প্র পাকিস্তান থেকে এসেছে, যাদের এখানে ভালভাবে বসবাসের বাবস্থা হয় নি, এখানে যারা নিজেরা রোজগার করে মানুষের মত বাঁচবার উপযুক্ত হ'তে পারে নি. তাদের সেখানে বসবাসের বাবস্থা ক'রে যাতে এই সমস্যার আশ্র সমাধান হ'তে পারে তাই হ'ল সবচেয়ে বড় সমস্যা। আমি আশা করি সেখানে দলমত নিবিশৈষে এই চেণ্টা করা বিশেষ দরকার যাতে এই সমস্যার তাড়াতাডি সমাধান হয় এবং প্রত্যেক ভাইবোন যারা এসেছে তারা বিপদের মধ্যে যেয়ে মানুষের মত বসবাস করে সুখী ও সম্পিধশালী হয়। আজকে বাংলাদেশে যেসমুহত ভাইবোনেরা এসেছে তাদের সকলকে এখানে হথান দিয়ে ভালভাবে ব্যবস্থা করা সম্ভবপর নয়। কা**রণ** এখানে স্যাচুরেশন পয়েন্ট এসে গিয়েছে, আমাদের এখানে যে সংখ্যা রয়েছে তাদের বিভিন্ন জায়গায় আরও ভাল ব্যবস্থা ক'রে পাঠান দ্রকার এবং ব্যবস্থা এমন হওয়া উচিত যাতে শুধু বাডি তৈরি নয় তারা যেন সংখেসম্পিতে ভালভাবে থাকতে পারে। অনেকে একথা বলেন যে, বাংলার বাইরে বাঙ্গালী ভাইদের পাঠান উচিত নয়। আমি মনে করি আমাদের এমন অবস্থা এসেছে বাংলার বাইরে বাংলা ভাষার প্রচার ক'রে বাংলার কৃষ্টি- কালচার সমুহত ভারতবর্ষে র্যাদ ছড়াতে পারি তা হ'লে তা বাংলার শক্তি বৃদ্ধি করবে, এতে কোন লচ্জার ব্যাপার কিছু: নাই। আমাদের জায়গা কম আছে যদি আমরা বাংলার বাইরে বাংলাভাষার প্রচার করতে পারি কৃষ্টির প্রচার করতে পারি, সুখী সমুন্ধ হ'তে পারি, রোজগার করতে পারি, নিজেদের বাবস্থা করতে পারি, তা হ'লে এর চেয়ে স্থের কি আছে? তার সমসত স্যোগ এই অঞ্চল রয়েছে, এর বিশেষ সুযোগ দণ্ডকারণ্যে রয়েছে। আমার বিশ্বাস আছে যে, ঐ জ্ঞালের মধ্যে যে কাঠ আছে তাতে সি,পি টিকএর বহু গাছ আছে যা থেকে নিজেরা রোজগারের বাবস্থা করতে পারে? সেখানে চাল খুব ভাল হয় সেই সব অঞ্চলে, তার সংশ্যে আথের চাষ, আরও বহু, রকম চাষের স্থাবিধা ররেছে, এটা আমি জানি এবং যাঁরা সেই জায়গা দেখেছেন তাঁরাই জানবেন যে, সেখানে

এই ব্যবন্ধা রয়েছে। সেখানে রাবার প্ল্যানটেশনএর অনেক সুযোগ সুবিধা পাওয়া যেতে পারে এবং তার সংখ্য সংখ্য রেশম ও কিছু কিছু ফলের উৎপাদনেরও সুযোগ পাওয়া যেতে পারে —এরকম জমি সেখানে রয়েছে। তবে একথা ঠিক যে, আমাদের বাংলাদেশের রিফিউজিদের সেখানে পাঠানোর পূর্বে এমন বাবস্থা করা উচিত যাতে সেখানে রোজগার করে সেখানে তারা থাকতে পারে। অনেক সময় দেখা ধায় এমন অবস্থায় তাদের পাঠান হয়েছে যে সেখানে বাডি রয়েছে, জমি রয়েছে কিন্তু সেখানে রোজগারের কোন বাক্স্থা না থাকার ফলে নানারকম পণ্ডগোলের স্মৃতি হয় এবং তারা ফিরে আসতে আরম্ভ করে। কাজেই কোন রোজগারের ব্যবস্থা করেই হোক, কটেজ ইন্ডাস্ট্রি, স্মল স্কেল ইন্ডাস্ট্রি ক'রেই হোক এবং কলকারখানার বাবস্থা যদি সেখানে থাকে এবং এরকম বাবস্থা ক'রে যদি তাদের পাঠাতে পারা যায তা হ'লে ভাষা হয়। আমি কাগজে দেখলাম ন্যাশনাল ডেভলপমেন্ট কার্টন্সিল যে স্কীম করেছে তাদের যে প্রধান স্কাম তাতে সেখানে যারা যাবে, উম্বাস্ত ভাইবোনেরা যাবে, তাতে প্রথমে সেখানে তাদের নিয়ে গিয়ে তাদের ম্বারা সেখানে কাজ করাতে হবে এবং সেখানে যে ঘরবাড়ি. রাশ্তাঘাট তৈরি হবে, সেখানে কলকারখানা তৈরি হবে, এই রিফিউজিদের শ্বারাই সেটা করান হবে যাতে তারা ব্রুতে পারে যে, আমাদের মণ্গলের জন্য আমাদের এই পরিশ্রমের ব্যবস্থা হয়েছে। আমাদের বাঁচবার বাবস্থা নিজেদের পায়ে দাঁড়িয়ে নিজেদের আগ্রহে করতে যাতে পারি তার সুযোগসুবিধা সূচার্রুপে করা হয়েছে। সেইজন্য আমি সরকারকে অনুরোধ জানাচ্ছি যাতে এই ব্যবস্থা সাচারার পে করতে পারা যায় অর্থাৎ তাদের সেখান থেকে নিয়ে গিয়ে তাদের ছেডে দিয়ে তাদের খাবারের এবং রোজগারের ব্যবস্থা না যদি করা হয় তা হ'লে এই স্কীম **ফেল ক**রবে। আমি একথা জানিয়ে একথা বলতে চাই, সেখানে যে কটিরশিল্পের বাবস্থা হবে এবং সেখানে যেসব কলকারখানার বাবস্থা হবে, সেখানে রিফিউজিরা প্রথমে সেইসব বিষয়ে শিক্ষা দিবার, ট্রেনিং দিবার বাবদ্থা ক'রে যেন তারপর সেখানে নিয়ে যাওয়া হয়। তা হ'লে তারা **र्गाममान** मृण्डि कतरव ना এवः कतरन् आत कितिरा आना हर ना। आत रमशान या किছा কাজ হবে, পরিশ্রমের কাজ যে ভাইবোনরা সে কাজ করতে চান তাঁদের যেন সেই সুযোগস্যবিধা দেওয়া হয়। সাধারণত দেখা যায়, সরক:রী কাজ কন্ট্রাক্টরদের "বারা করান হয় এবং পরে দেখা যায় তার ফলে অনেক সময় সে কাজ ভাল হয় না। কাজেই সে কাজ যাতে এদের দ্বারা করান হয় এবং নিজেদের জিনিস নিজেরাই করতে পারে এদিকে সরকারের দূণ্টি আকর্ষণ করছি এবং যে স্কীম হবে, যে বাবস্থা হবে, তার মধ্যে যদি এরকম পরিকল্পনা থাকে তা হ'লে এদের ম**ণ্যল স**ুনিশিত।

আর একটা ব্যবস্থা করা দরকার। যথন স্কীম কার্যকরী হবে তথন যারা স্বেচ্ছায় সেখানে থেতে চাইবে তাদেরই যেন পাঠান হয়। কারণ তারা যেন অনুভব না করে আমাদের জোর ক'রে বাংলাদেশের বাইরে পাঠিয়ে দেওয়া হচ্ছে। আমি জানি, অনেকের সঞ্চো কথা বলেছি, বহুলোক বহু বিফিউজি ভাইরা এসব জায়গায় যেতে চান নিজেদের বাঁচবার বাবস্থা নিজেরাই করতে চান যদি সুযোগ তাঁদের দেওয়া হয়। আমি মনে করি এবং বিশ্বাস করি এই ব্যাপারে সর্বদল মিলে মিশে চেন্টা করা যেতে পারে। যাঁরা আগে যেতে চান তাঁদের আগে পাঠিয়ে যাতে ভাল থাকবার বাবস্থা করতে পারা যায় সরকার যেন সেদিকে দুন্টি দেন।

#### 14-10-4-20 p.m.]

অনা জায়গার অফিসার যদি বাবস্থা করেন সেখানে কিরকম থাকবার খাবার ব্যবস্থা রয়েছে, কি রকম অভাসে তাদের রয়েছে আমাদের এখানে তা না জানবার দর্ন অনেক উল্টো জিনিস হ'তে পারে এং তার জন্য অনেক অস্বিধা ভোগ করতে হবে তাদেরই রিফিউজি যারা নাকি সেখানে যাবেন। আমি বলব বাংলাদেশের এমন অফিসার পাঠানো হোক, যাঁরা সেখানে থাকবেন, বসবাস করবেন—এই ডিক্লারেশন দিতে পারবেন সেই রকম অফিস রের ব্যবস্থা যদি হয়, তা হ'লে তাঁরা মিলে মিশে তাদের সপো থাকবেন এবং তার ফলে সেখানক'র ব্যবস্থা স্চার্র্পে সম্পন্ন হবে। কেবল কতকগ্লি অফিসার যাবেন, দ্বিদ্ধু বাদে চ'লে আস্বেন, তাদের দিয়ে প্নর্সতির কাজ করবেন তা এই রকম অফিসার যাবি। অই রকম অফিসার যদি যান যাঁরা সেখানে থাকবেন তাদের সপো মিলেমিশে কাজ করবেন তা হ'লে অনেক কিছু ভাল সেখানে করতে পারা যাবে। স্থেগ যখন একটা

পাওয়া গেছে আসনে আমরা সকলে মিলে যাতে একটা সন্বাবস্থা করতে পারি সেই জায়গায় তার ব্যবস্থা করি এবং আমাদের এখানে যে বিরাট প্রশ্ন, রিফিউজি প্রশন সেটা যাতে তাড়াতাড়িশেষ করতে পারি এবং ভালভাবে যাতে রিফিউজি ভাইবোনেরা নিজেরা থাকবার সন্যোগ পান সেই ব্যবস্থার কথা এই প্রস্তাবের ভিতর রয়েছে। সন্তরাং এই সন্যোগ যেন আমরা নিই এবং নিয়ে যেন কাজটা তাড়াতাড়ি করতে পারি এই ব'লে আমার বক্তবা শেষ করলাম।

8j. Suboth Banerjee: Sir, I beg to move that for the words beginning with "while whole-heartedly welcoming" and ending with "social environment" in line 7, the words, "In view of the paucity of information relating to the question of economic rehabilitation of refugees from East Pakistan in Dandakaranya" be substituted.

I also beg to move that for the words beginning with "the Government of West Bengal" in line 9, and ending with "other States concerned" in last line, the words, "the Government of West Bengal should ask the Government of India to furnish them with all details of the Dandakaranya Scheme so as to enable the people of West Bengal to consider the desirability or otherwise of sending refugees from East Pakistan to Dandakaranya", the substituted.

- 8j. Jyoti Basu: Sir, I beg to move that for the words beginning with "whole-heartedly" and ending with "social environment" the following be substituted, viz..—
  - "This Assembly takes note of the reported proposal of the Government of India to develop, for the purpose of resettling displaced persons from East Pakistan, Dandakaranya which is said to command an extensive area of about 80,000 square miles and to have potential resources not only for the physical re-settlement of such displaced persons but also for their economic rehabilitation in the midst of favourable social environment."

r also beg to move that for the paragraphs (i) and (ii) of the resolution, the following be substituted, viz., -

- "(a) the West Bengal Government should ascertain from the Government of India the details of the proposed scheme for the development of Dandakaranya; and
  - (b) thereafter call a conference of the representatives of the different parties and groups in this House and place the scheme before it for consideration."
- 8j. Jagannath Majumdar: Sir, before he proceeds, may I know what has happened to my short notice amendment?
- Mr. Speaker: You wanted to include Andaman and Nicobar Islands—but that amendment is rather out of touch and so out of order. Yes, Shri Jyoti Basu.

#### Sj. Jyoti Basu:

প্রকার মহাশয়, যে প্রগতাবটা আমাদের সামনে আনা হয়েছে, আজকে দণ্ডকারণো, বহুদ্রের বাসতুহারাদেব নিয়ে যাব্যব জন্য এবং তাদের সেখানে পুনর্বাসনের জন্য, আমি মনে করি, এই প্রশতাব এইভাবে আনা সম্মিটীন হয় নাই, না আনাই উচিত ছিল। কারণ এটা যদি গ্রেছপূর্ণ প্রগতাব এবং তাড়াতাড়ি এটা কারণ পরিণত কবার প্রস্থাজনীয়তা আছে মনে কবতেন তা হ'লে আমাদের কাছে যেরকম শুকুত দিয়ে প্রগতাব রাখা হয়েছে নিশ্চয়ই সেটা বাখা হ'ত না। শোনা যাছে

ঐবক্ষ কোন স্কীমই হয় নাই। আমরা ত' জানি না কি স্কীম আছে। কাগজে কতকগ্রিল সংবাদ দেখেছি—ছাড়া ছাড়া কতকগুলি সংবাদ তা থেকে বলতে পারি না আমরা কোন একটা সম্মিটিগত পরিকল্পনা দণ্ডকারণ্য সম্বন্ধে আছে। এর আয়তন সম্বন্ধে শ্রুনেছি কিন্তু সমৃতিযুত পরিকল্পনা কি এটা কেউ বলেন নি। শ্রীবিজয় সিং নাহার যে বন্ধতা দিলেন তা থেকেও ব্রুতে পারলাম না এবং কাগজে যা পড়েছি তা থেকেও বেশি কিছা ব্রুতে পারি নি। আমি মনে করি আজ এটা একটা সিরিয়াস ব্যাপার, একটা গ্রেছপূর্ণ বিষয় নুমামাদের কাছে অন্ততপক্ষে, তাই যদি হয়, তা হ'লে আমি বলব যে, এ প্রস্তাব প্রত্যাহার কারে নেওয়া উচিত। কারণ এটা এনে আপনারা কি করছেন? আমি মনে করি এই প্রস্তাব যদি কোন লোক আলোচনা করতে চান তা হ'লে তিনি কি বলতে পারবেন? কোন ফ্যাক্ট এখানে নেই, কোন স্বটনা নাই মাকে নাকি আমরা ওয়েলকাম কর্রাছ। এখানে লেখা আছে—আমর: এই প্রস্তাব**কে স্বাগত** জানাচ্ছি, অভিনন্দন জানাচ্ছি সেটা কোন্ কোন্ প্রস্তাব? আমার মনে হয়, একটা দায়িত্বজ্ঞানহীনতার পরিচয় আমাদের সামনে এই প্রস্তাবটা এনে দিয়েছে। আমি মনে করি যে, একটা কাঠামো থাকা উচিত যে, এইভাবে এত রিফিউজি যাবে, এত দিনের মধ্যে, এত জায়গায় এত পরিবার বসতে পারবে। সেই পরিবারের পুনর্বসতি কত হবে জমিতে, কত হবে कृष्टिर्दामालभ, के वा दार अनामा वर्ष मिल्भ जा किइ र आभारमत कार्ष्ट मारे। अथह व'ल দেওয়া হচ্ছে, একে অভিনন্দন জানাচ্ছি স্বাগত জানাচ্ছি! এইভ বে আমরা অভিনন্দন জানাতে পারি না. স্বাগত জানাতে পারি না।

ৰ্ণিশ্বতীয়ত, আমাদের সংশোধনী যে প্রস্তাব, সে প্রস্তাবে আমর: বলতে চেণ্টা করেছি, আমরা **একথা বলি নি যে, এরকম কোন প্রদতার আমরা চাই না।** এরকম কোন প্রদতার আমাদের সামনে আনবেন না, বা এরকম প্রস্তাব আমরা কর্নসিডার করতে রাজি নই, একথা বলি নাই। আমাদের মোট কথা হচ্ছে, আমরা বলেছি—এইরকম প্রস্তাব যদি কিছু, থাকে, পবিকল্পনা যদি কিছু থাকে, ভারতবর্ষের সরকারের কাছ থেকে বা স্ল্যানিং কমিশনের ক'ছ থেকে আপনারা **নিয়ে আসনে কিভাবে সারভে** তাঁরা **করেছেন**় কি তাঁদের পরিকল্পনা, কত টাকা তাঁরা থরচ করবেন। কিছুই বলছেন না বিজয় সিং নাহার। আমর। বলছি সেগালি আনান, এনে তরপর আস্বেন, আমরা আলোচনা করব। যদি এরকম হ'ত যে, একটা পোস্ট করতে হবে, একটা বড় ৰাম্ভা করতে হবে, দুর্গম পাহাড়ে রাম্ভা করতে হবে, এরকম একটা ব্যাপার যদি হ'ত তা হ'**লে** সে সম্পর্কে স্বীকৃতি এই ভেবে দিতাম যে, আচ্ছা, আরম্ভ ত' হোক, পরে দেখা যাবে। এ ত' ভানয়। এ জংগল পরিষ্কার ক'রে জমি হচ্ছে, তানয়। দশ বংসর ধরে আপনাদের অভিজ্ঞতা আছে যে, বাস্তহারা সমস্যার সমাধান কি, কতটা জটিল সমস্যা নিয়ে সেখানে কারবার। শুধু কতকগুলি মানুষকে কুলির কাজে পাঠালেন, তারপরে তাদের বসতি দিয়ে বললেন—মজুরি করবে, তোমাদের পরিবারবর্গ নিয়ে এখানে থাক, তারপরে জঙ্গল পরিব্দার হ'লে দেখা যাবে কত জ্ঞামি পাওয়া যায়—এইভাবে লোভ দেখিয়ে তাদের নিয়ে যাওয়া যায়—এত হ'তে পারে না। বলছেন হাজার হাজার লোককে লক্ষ লক্ষ লোককে সেখানে নিয়ে যাবেন এবং এখানে যারা ক্যান্সে আছে তাদেরও বলছেন ঐথানে যেতে হবে। আগামী ভবিষাতে পর্ববিষ্ঠা থেকে যারা আসছে তাদেরও কারও পশ্চিমবঙ্গে জায়গা হবে না। এতগুলি পরিবারকে, এতগুলি লোককে আমরা সেখানে পাঠাচ্ছি অথচ যে দুট্টিভঙ্গি নিয়ে মানুষের পুনর্বাসনের কথা বলা হচ্ছে সেরকম ব্যবস্থা ত' কিছুই করা হচ্ছে না। প্রথম এটা যথন কাগজে দেখি, তারপরে যথন অ্যাসেমবির এই প্রস্তাব দেখলাম অমি শ্রীখান্নাকে গিয়ে বললাম—এ প্রস্তাব এইভাবে না এনে আসেমবি বৃষ্ধ হ'লে একটা সম্মেলন ডেকে সমুহত তথা নিয়ে সে যদি রাখেন তা হ'লে আমাদের স্ক্রিধা হয়। পার্টিগতভাবে এবং ব্যক্তিগতভাবে জিনিস্টা আলোচনা করব এবং বিবেচনা করব যে স্বাই মিলে কিছু একটা করা যায় কিনা।

14-20-4-30 p.m.]

এইসবের পর সেটা একেবারে বর্জনীয়, নাকি থানিকটা গ্রহণযোগ্য, নাকি থানিকটা বর্জনীয় সেটা আমরা বিবেচনা করতে পারি। কিন্তু আমরা দেথলাম যে, সেসব কিছ্ই হ'ল না। অথচ আপনারা এইরকম একটা প্রস্তাব আনলেন। এথন এ থেকে আমি আবার বর্লাছ যে, আমার মনে হচ্ছে যে, সম্পূর্ণ দায়িত্বটা আপনারা এখনও বোঝেন নি। সেজনা বলাছ যে,

যথন আপনারা এই প্রস্তাব এনেছেন তখন এই প্রস্তাবকে যে গ্রেছ দিয়ে দেখা দরকার তা আপনারা দিচ্ছেন না। সেজন্য আমি বলব যে, যদি আমাকে জিল্ঞাসা করেন যে, নীতিগতভাবে আপনি কি এটা চান না যে. একজন রিফিউজিও বাংলাদেশের বাহিরে যাবে না? আমি ম্পন্ট বলছি এবং আগেও বলেছি যে. নীতিগতভাবে আমি এই কথা বলব না যে, কোর্নাদন কোন কারণে এবং কোথায় কোন বাংগালী বাহিরে যাবে না। এইরকম কোন নীতিতে আমি বিশ্বাস করি না। তাদের বাহিরে যেতে হ'তে পারে যদি তাদের জন্য খ'ভেজ আপনারা ভাল বসতি বার করতে পারেন। যাই হোক নীতিগতভাবে আমি সেসব বাধার মধ্যে যাচ্ছি না। যেমন তারা আন্দামানে গেছে বা অনা কোথায় গেছে বলে আমি নীতিগতভাবে কখনও বাধা দিই নি বা কথনও সেইভাবে বাধা দিচ্ছি না। কিন্তু মুর্শাকল হচ্ছে এই যে, আমাদের কতকগুলো অভিজ্ঞতা থেকে বলছি যে, তাদের বাহিরে যাওয়া না যাওয়া আলোচনা আমাদের করা দরকার এবং সেটা আমি আপনাদের সবাইকে ভেবে দেখতে বলব। কিন্তু সেইসব না ক'রৈ আপনারা ছোট ছোট দকীম ক'রে উড়িষ্যার চরবেতিয়ায়, বিহারে, সৌরার্ট্মে গিয়েছেন এবং হায়দ্রাবাদে কিছু কিছু লোক পাঠিয়ে দিলেন। কিন্তু আমরা তার বিরে:ধী ছিলাম এইজন্য যে, আমরা र्जान या रमशास कानतकम वावन्या ना क'रतरे आপनाता जाएनत निरा याराष्ट्रन। এत ফल অনেক জায়গা থেকে ডিজারশন হয়েছে এবং অনেক জায়গা থেকে তারা চলে আসতে বাধা হয়েছে। আজকে চড়বেতিয়ার কিছা বন্ধ আমার কাছে এসেছিলেন এবং তাঁরা দা বছর ধ'রে ওখানে পড়ে আছেন কিন্তু আজও অর্বাধ তাদের জনা কোন ব্যবস্থাই সেখানে হয় নি। আমরা स्मोतार्ष्येत घटेनात कथा जात উল्লেখ कतर हाई ना। এই हाউस्मिर्ड स्म कथा উঠেছিল यে, সেখানে যাদের আপনারা নিয়ে গেলেন তাদের এমনভাবে সেখানে রাখলেন যে, তাদের প্রতি দুর্ব্বহার হ'ল। সেই সময় আমরা এবং আপনারাও বর্লেছিলেন যে, আনআটোচ্ড্ মেয়েদের এভাবে নিয়ে যাওয়া উচিত হয় নি। সেজন্য আমরা আমাদের অভিজ্ঞতা থেকে বলছি যে. এইভাবে কোন কিছুই করা ঠিক নয়, আর একটা বলছি যে, এই হিউম্যান বিইংএর সমস্যা-গুলোও আপনারা ধরছেন না। অর্থাৎ তাদেব ভাষা কি হবে, ভবিষাতে তাদের ছেলেপিলেদের কিভাবে কোন্ভাষায় শিক্ষা দেওয়া হবে, কোন্ স্টেটের সিটিজেন হবে ইত্যাদি সম্বশ্ধে কোন কথাই আপনারা এই প্রগতাবের মধ্যে বলেন নি। আমি কেন এটা বলছি সেটা একবার ভেবে দেখবেন। তবে এটা ঠিক আমি অন প্রিকিসপল্ রিফিউজিদের বাহিরে পঠাবেন না এই কথা বুলি না। কিন্তু মূশুকিল হচ্ছে কি যে, আবার অভিজ্ঞতার কথা আসে। ধর্ন অনেক বাঙ্গালী আসামে গিয়ে বসতি করেছেন। কিন্তু সেখানে আমরা দেখেছি এবং আপনারাও জানেন যে. ভাষাব প্রশন আসে। অর্থাৎ কোন্ ভাষায় স্কুলে তাদের শিক্ষা দেওয়া হবে, কলেজ কি হবে ইত্যাদি নিয়ে বাঙ্গালী-আসামী নিয়ে নানারকম গোলমাল লেগেই আছে। এ ছাড়া আবার ট্রাইবিউনালও ওখানে অনেক আছে। তাদের নিয়ে নানারকম গোলমাল আছে। সেজনা বলছি যে, এগালি যদি পরিংকার না হয় তা হ'লে অনর্থক একটা গণ্ডগোলের স্থিট হয়। সেই কারণেই বলছি যে, ভবিষাতটা একটা ভাবতে হবে, কারণ এগালিকে আমরা এখনও ঠেকাতে পারি না। অবশ্য এজনা সব দোষ আমি আপনাদের দেব না। কিন্তু যে-কোন কারণেই হোক কংগ্রেস সমুহত জায়গায় রাজ্য করছে তবুও এ জিনিস্টা তারা এখনও দ্র করতে পারেন নি। কোথাও বংগাল খেদা আন্দোলন, কোথাও বলছেন ডোমিসাইল্ড সার্টিফিকেট ছাড়া বাঙ্গালীদের চার্করি দেব না ইত্যাদি সব হচ্ছে। এইসব কথা আমরা বলি না, কারণ বললে হয়ত প্রাদেশিকতার প্রশন এসে যাবে। কিন্তু এইসব ফ্যাক্ট। যেমন বিহারে কোন বাজ্যালী চাকরি করতে গেলে তাকে বলছে যে, ডোমিসাইল্ড সার্টিফিকেট দেখাও। সে কোথা থেকে তা দেখাবে। এখন আপনারা যখন রিফিউজিদের বাহিরে পাঠাচ্ছেন তথন কি এগুলোকে আপনারা ভাল করে ভেবে দেখে পাঠিয়েছেন? আমার মনে হয় না, আপনারা তা করেছেন। আমার মনে আছে ইলেকশনের সময় আমি যখন টাটানগরে গিয়েছিলাম তখন আমি এইসব কথা শ্নেছি। জামসেদপ্রে আমি দেখেছিলাম যে, রিফিউজিদের আপনারা অনেকদিন আগে সেখানে নিয়ে গেছেন, তাদের বাড়ির জন্য কিছু লোন দেওয়া হয়েছে তার মধ্যে কোন বাড়ি অধেক হয়েছে বা হয় নি। কিন্তু তারা আমাকে বললেন যে, দেখন আমরা এখানে এসেছি জমি তো আর নিয়ে আসি নি যে, বাড়ি করব : অথচ তারা লোন ইত্যাদি সব দিচ্ছে। কিন্তু তাদের সবথেকে মুশকিল হচ্ছে যেটা, সেটা আমাকে তাঁরা বললেন যে, দেখুন আমাদের ঘরের

पमाठी ছেলের একটা ছেলের টাটার একটি কারখানাতেও চার্করি পাচ্ছে না। সেখানে শুধু টাটাই নয়, অনেক ছোট ছোট সাবিসিডিয়ারি কারখানায় তারা চাকরি পাচ্ছে না। সেজন্য তারা সেখানে চিনেবাদাম বিক্রি করছে বা মর্নির দোকানে কাজ করে আছে। অথচ সেই টাটা কোম্পানিকে ভারত সরকার বিনা স্বদে এক কোটি টাকা ধার দিয়েছেন। সেখানে কি তাঁরা প্রভিসন করতে পারতেন না যে, এদের দশটা ছেলেকে, নিদ্ন মধ্যবিত্ত ঘরের ছেলে ট্রেন্ড করে তোমরা তাদের চার্করিবার্করি দাও? কিন্তু এগর্লি যে-কোন কারণেই হোক হয় নি। সেই কারণেই তাদের মনে একটা সন্দেহ হয়েছে যে, ওখানে তাদের কোন উপায় নেই। এসবের জন্য বাংলাদেশে আবার ফিরে আসবে কিনা যথন আমাকে জিগ্গেস করল তখন আমি ত'দের বললাম যে, খবরদার যাবেন না, সেথানে গিয়ে স্টেশনে পড়ে থাকতে হবে, কেউ দেখবে না এবং তখন আমরাও কিছু করতে পারব না, সরকারও কিছ, করতে পারবেন না। এই হচ্ছে প্রকৃত অবস্থা এবং এ সুন্তব্ধে বিভিন্ন জায়ুঁগার অনেক উদাহরণও অনেকে দিতে পারেন। আমাদের মুখামন্দ্রী পর্যন্ত বাজেট বক্তুতা দিতে গিয়ে এই কথা তিনি বলেন এবং আগেও বলেছেন যে, আমাদের এখানে সেখানে ডেভলপমেন্ট হচ্ছে, সেথানে যদি কারখানা ক'রে দশ হাজার লোকের চার্কারর সংস্থান করি তা হ'লে তার মানে এটা হবে না যে, সেথানে সমস্ত বাঙ্গালীই চার্করি পাবে, বাহিরের লেকও এসে সেখানে চার্কার পাবে। অর্থাৎ তার মানে হচ্ছে বাংলাদেশের টাকা বাহিরে চলে ঘাবে এবং যাতে সমস্ত দিক থেকে সামগ্রিকভাবে বংলাদেশ লাভবান হবে না। কিন্তু আপনারা ধ্রখন বাঙ্গালীদের বাহিরে পাঠাচ্ছেন তাদের এইসমুহত অসুবিধার কথা চিন্তা না করেই পাঠাচ্ছেন। অর্থাৎ তাদের চাকরিবাকরি, বাড়ি, সোস্যাল এনভায়রনমেন্ট কিছুই চিন্তা করলেন না এবং বললেনও না যে, সেখানে কি হবে। শ্রীবিজয় সিং নাহার মহাশয় বলেছেন যে, সেখানে আমাদের বাংলাভাষা, কুণ্টি ইত্যাদির প্রচার হবে। এইসব শ্বনতে বেশ সুক্রের লাগে, কিন্তু মুশকিল হচ্ছে যে, সেটা আপনি কি ক'রে জানলেন? কারণ সেখানে ৩টি স্টেট এবং সেই ৩টি স্টেটের মধ্যে এদের আলাদা আলাদা ক'রে আপনারা ঢোকাবেন। আমরা এমন কে'ন কথা শ্নেলাম না যে. সেথানে একটা জায়গায় ঘন বসতি করে আপনারা ১০-১২ লাখ লোককে রাথবেন বা তাদের ভবিষাং কি হবে তাও আমরা জানলাম না। কোন দিক থেকেই আমরা কিছুই ব্রুতে পার্রছি না। আমি কেবল অ.পনাদের চিন্তার জন্য সমস্যাগ্রুলোকে তুলে ধর্বছি। আপনারা বলছেন আপনারা এটাকে ওয়েলকাম করেন এবং বিফিউজিদের তাডাতাডি করে পাঠিয়ে দাও। কিন্তু এই বিশেষ স্কীমটার ব্যাপারে আমি যতদরে দেখেছি যে এটা কাগজ আসামাত্র বাস্তৃহারাদের মধ্যে একটা বেশি চাঞ্চলা সূণ্টি হয়েছে। শ্রীবিভয় সিং নাহার একটা ভাল কথা বলেছেন যে, এইরকম স্কীম করলে যারা সেখানে স্বেচ্ছায় যেতে চায় তাদের প্রসূত্র, জোর করে যেন কাউকে পাঠান না হয়। এটা তো ভাল কথা যে, কেউ যদি স্বেচ্ছায় কোণাও যেতে চান তাঁকে পাঠান। আমরা নিশ্চয় তাদের গিয়ে বলব না যে, আপনারা স্বেচ্ছায় যাবেন না, শহুধ, গভর্নমেশ্টের বিরুদেধ লাগ্ন। অথচ উনি সেইরকম একটা কিছা বলবার চেট্টা করেছেন যে, এইরকম লোক কিছু আছে যারা নাকি বাহিরে যায় তাদের ফিরে আসার জন্য প্ররোচনা দেয়। যাই হোক এইসব ছোট কথার মধ্যে আমি যাব না। কিন্তু কথা হচ্ছে যে, স্বেচ্ছায় যদি লোক যায় তা হ'লে সেটা তে আর স্কীম নয়। স্কীমের মধ্যে যা আছে তাতে আপনারা ঠিক ক'রে ফেলেছেন যে, বাংলাদেশে জায়গাজমি কিছ' নেই ব'লে যারা কান্দেপ আছে তাদের আপনারা সেটল করতে পারছেন না এবং সেই করণেই তাদের স্বাইকে বাহিরে যেতে হবে। অর্থাৎ অনেকদিন ধরে যারা আছে তাদেরও ষেতে হবে এবং ভবিষাতে যারা আসবে তাদেরও যেতে হবে।

এই প্রসংগ্য আমি একটা কথা এখানে দকমি সম্বন্ধে বলতে চাচ্ছি। এখানে একটা এবিয়াল সার্ভে হয়েছে। সেই এরিয়াল সার্ভেতে আমরা দেখলাম যে, সার্ভে অব ইন্ডিয়া ১৩,০০০ দেকায়ার মাইলএর সার্ভে করবার বাবদ্থা করছেন এবং একবার তাঁরা এরোপেলনএ ক'রে ঘ্রেছেন।

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: They have completed the survey and given the maps.

#### Sj. Jyoti Basu:

যাই হোক এ'দের সার্ভের রিপোর্টে দেখলাম যে এখানে অনেক খনিজ পদার্থ পাওয়া যাবে ় ব'লে এ'রা মনে করেন। এ সার্ভে ছাড়া আমরা দেখেছি যে, আরও নু'টি প্পট সার্ভেও হয়েছে।

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: That is in Bankura.

## 8j. Jyotj Basu:

প্ল্যানিং ক্মিশন থেকে বোধ হয় এটার ব্যবস্থা করেছিলেন। ৮০ হাজার স্ক্রেয়ের মাইলএর কথা বলা হয়েছিল, কিন্তু এ'রা মাত্র ২টি জায়গায় সার্ভে করেছেন।

The Hon'ble Or. Bidhan Chandra Roy: About  $33,000~{
m sq.}^{\circ}$  miles have been surveyed and the maps have been prepared.

#### 8j. Jyoti Basu:

সেসব আমাদের কিছু জানা নেই, আপনি যখন বন্ধুতা দেবেন সেইসব বলবেন। আমরা কাগজে যা দেখেছি তা থেকে বলছি যে, সেখানে একটি জায়গা তাঁরা সার্ভে ক'রে ঠিক ক'রে ফেলেছেন যে, এখানে পাঠানো যাবে। এখন ওর বিরোধী যে কতকগুলো কথা আছে সেগুলো বোঝা দরকার। সেখানে এক ভদলোক গদাধর দত্ত, এম-এল-এ, উড়িয়া আ্যাসেমরি পার্টির সেক্টোরি—বাস্তৃহারাদের বসাবার জন্য যে দু'টি জায়গা হচ্ছে তার সম্বন্ধে রেফারেস্স দিয়ে বলেছেন যে, ৫ কোটি টাকা থরচ করবার জন্য যে বাবস্থা এই জায়গায় হচ্ছে সেটা একেবারে নন্ট হবে। কারণ এমন খারাপ জায়গা যে, সেখানে ঐভাবে কেনরকম বসতি হ'তে পারে না। ও'র এই চিঠি সংবাদপতে বেরিয়েছে তঃ আপনারাও জানেন। স্ত্রাং এটা আমার কথা নয়, এটা ঐ আ্যাসেমরি পার্টির যিনি সেক্টোরি সেই ভদুলোকের কথা।

## [4-30-4-40 p.m.]

উনি সেকথা কেন বলেছেন, তাঁর নিজের কোন স্বার্থ আছে কি না জানি না। আমি কিছুই জানি না ঐ এলাকা সম্বন্ধে। এটা আমি ধর্তবার মধে। আনব এবং দেখাব যে এই বাাপারটা কি হ

দ্বিতীয়ত, আমাদের 'স্টেটসম্যান'এ ২৭এ তারিখে যে চিঠি বেরিয়েছে সেটা দেখছি, জে এন সেনগৃংত, উনি ২৫এ তারিখে লিখেছেন দণ্ডকারণা সম্বদেধ। ইনি বলেছেন

"The cultivable fertile valleys in between are much too few to be of great use. With an average rainfall of 30 to 50 inches a year, there is acute water scarcity during most of the year and because of lack of communications, reclamation of this tract for the purpose in view is bound to entail enormous expenditure of money for many years. The above adverse topographical factors account for the present density of population. A drive from Jagdalpur (Bastar State) to Vizianagiam via Koraput by the only motorable road is all that is necessary to bring the position home to any one. The physical and economic poverty of the countryside impressed the writer during a sojourn in the area early in 1954 when as a Consultant of F.A.O. he had opportunities for making a regional study of the problem of shifting cultivation in India" (vide article in the "Statesman").

উনি একটা আর্টিকেল লিখেছিলেন এ সম্বন্ধে স্টেসমান্ত ১৯৫৪ সালে, তাতে তিনি বলেছেন "If I may venture a suggestion it is that the restoration of forests on the hills and soil conservation by an intensive drive against felling, burning, grazing, lopping, etc., supplemented by reafforestation should precede any large-cale work of refugee rehabilitation on the erection of dams or hydroelectric plant, otherwise it would be like putting the cart before the horse and result in a huge waste of money."

এই ভদ্রলোক এই কথা বলেছেন, এখানে ইনি খানিকটা এক্সপার্ট ওপিনিয়ান দিয়েছেন, অবশ্য সমস্ত জায়গ্যটো সার্ভে করেন নি, সেটা দেখা আপনাদের প্রয়োজন আছে। আমি এই অবস্থা

সম্বন্ধে বলতে গিয়ে আমার যে বন্ধব্য সেটা বলছি, এই প্রস্তাব নিয়ে কি করা উচিত। এটা উঠিয়ে নেওয়া উচিত এবং উঠিয়ে নিয়ে যাওয়ার পর, আমাদের সকলকে ডাকা উচিত—ভারতের কি ম্যাপ-টেপ আছে, কত বছরে কত টাকা, কি খরচ হবে, এগুলি সব আমাদের কাছে আনুন : আমরা সবাই মিলে আলোচনা করি, তারপর একটা সমীক্ষার জন্য পরামর্শ করে, সিম্পান্তে আমরা আসতে পারি। কিল্তু আমি জিল্জাসা করছি, আগে করেছি, আবার করছি—এটা যে আপনি হঠাৎ ঠিক ক'রে ফেললেন যে, বাংলাদেশে একজনও রিফিউজির স্থান নেই, এটা আমরা মানতে পারছি না। কারণ, আপনারা যেসমদত ল্যান্ড রিক্লামেশন অর্থাৎ অনারাদী জমি পড়ে আছে, যে ওয়াটারলগ্ড জমি পড়ে আছে, সেগ্রলিও উম্পার করতে পারেন কিনা? এমন কি বে অব বেজ্গল সমাদ্র থেকে জাম উন্ধার করা যায় কিনা? যেমন করে শানেছি, নেদারল্যান্ডস্ঞ যা কিছু জমি, তার শতকরা ৬০ ভাগের উদ্ধার করা হয়েছে সমন্দ্রের বৃক্ত থেকে : যদিও তাতে অনেক টাকা লাগে সন্দেহ নাই, কিন্তু সেগালি করা যায়। এইভাবে, এইরকমভাবে এগালি আপনারা কিছুই চিন্তা করলেন না জমির ব্যাপারে। হঠাৎ সিম্পান্ত করলেন আর এ্খানে কোন জমি নেই, এখানে আর কিছু হয় না। ঠিক সেইরকমভাবে, কুটিরশিল্প ব্যাপারেও रयथारन राजात राजात, लक्क लक्क मान, घरक, তाদের জीবিका উপার্জনের জন্য ব্যবস্থা করা যায়, সেই বাবস্থাও আপনারা আজ দশ বছরের মধ্যে করেন নি; এবং এখনও কোন পরিকল্পনা দেখছি না। তাদের প্রনজনীবিত করবার জনা ছোট ছোট শিল্পের দ্বারাই হোক, তা আপনারা **কিছ,ই** করছেন না। আমাদের এখানে বারবার এই কথাই মনে পড়ছে, আপনারা ধরে নিলেন ইন দি ইয়ার নাইনটিন ফিফটি সেভেন, আর রিফিউজিদের এখানে থাকবার প্থান নেই, তা হ'লে আমি ভাবি, শ্রীপ্রফল্লেচন্দ্র সেন মহাশয়ের ফ্যামিলি প্ল্যানিং ফেল করে, থানিকটা আরও যদি প্রপ্রেশন এইভাবে বাডতে থাকে, তা হ'লে আপুনি দুশ বছর পরে কি করবেন দুশ বছর পরে, যে রেটএ লোকসংখ্যা বাডছে, সেইভাবে যদি ৫০ লক্ষ বেডে যায়, তা হ'লে তাদের কোথায় পাঠাবেন? বে অব বেজ্গলএ ফেলে দেবেন? আর যদি শ্রীপ্রফল্লচন্দ্র সেন মহাশয়ের ফ্যামিলি 'ল্যানিং সাকসেসফাল হয়, ত' হ'লে কমতে পারে, পপালেশন বাড়বে না এবং তা হ'লে আমাদের লিভিং দেপস থাকবে : নতুবা এর ওর জমি দখল করবার প্রশ্ন উঠবে। আমাদের বংলাদেশ প্রথমত এ সম্বদেধ এত পিছিয়ে আছে যে, বলবার নয়। হঠাং শুনলাম বলা হ'ল যে, এখানে আমর। সাচেরেশন পয়েন্টএ রিচ ক'রে গিয়েছি। সাচেরেশন পয়েন্টএর অর্থ জানেন य व'ल यम्मलन?

#### (Laughter.)

আমরা ইকর্নামক প্রক্লেমএ স্যাচুরেশন প্রেফ্টএ এত তাড়াতাড়ি কি ক'রে রিচ করব? আমাদের কুটিরশিলপ হ'ল না, জমি উন্ধার আপনারা কিছুই করলেন না : যদিও বললেন যে, এত পারসেন্ট হেমবাবরে ফরেন্ট করতে হবে। আমরা যেসমন্ত ক্ষেত্রে ব্যাকওয়ার্ড আছি ইন্ডান্ট্রি প্রভৃতি সমস্ত কিছু, সার্ভে ক'রে যদি একটা সার্যেন্টিফিক স্ল্যানিংএর উপর সিন্ধান্ত করতেন তা হ'লে মেনে নিতে পারতাম। কিন্তু আপনারা তা করেন নি। আপনাদের যদি সিনসিয়ারিটি **থাক**ত তা হ*'লে* আপনারা সেইভাবে কমিটি ক'রে সায়েন্টিস্টদের নিয়ে সাভেতির ব্যবস্থা করতেন। আপনারা এটা বিবেচনা করতে পারেন নি। ভারত স্বকারের সংগ্য এক হয়ে যদি কোন প্রদেশের লোককে, সেই প্রদেশেই বসতি করান যায়, তার চেয়ে বড আরু কিছু নেই। যতই বলি ভারত এক এবং অভিন্ন, তব্তুও যে যার প্রদেশের মান্যুষ, সে তার নিজের প্রদেশেই থাকতে চায়। এটা অবশা কঠিন, কিন্তু যতটা পারেন, তা যদি করতেন তা হ'লে রিফিউজিরা ব্বেত একটা আটেম্পট্ আপনারা করেছেন। কিন্তু আপনারা সে আটেম্পট্ও করেন নি। আপনারা দশ বছরে যে ডেভলপমেন্ট করবেন দটো ফাইভ-ইয়ার স্ল্যানএ সেখানে আপনি যদি মনে করতেন যে, বাংলাদেশে বিশেষ বিশেষ সমস্যা সমাধানের কাজ, যেটা ১০ বছরের স্লানএ, তা যদি ৫ বছরে করতে পারি, তা হ'লে অনেক বেশি লোকের প্রক্তিসন করতে পারছি: তা হ'লে সেটা আপনি করতেন। অর্থাৎ বেশি টাকা খরচ ক'রে দশ বংসরে যা করতেন, সেই টাকা খরচ ক'রে যদি পাঁচ বছরের একটা∼পরিকল্পনা নিতেন, জমির ব্যাপারে, কৃটির শিলেপর ব্যাপারে ও অন্যান্য শিল্পের ব্যাপারে, এইসব যদি করতেন তা হ'লে লক্ষ লক্ষ লোকের সংস্থান এই পশ্চিম বাংলায় আপনি করতে পারতেন। কিন্তু সেগ্রাল আপনি বিন্দুমান্তও করলেন না।

আপনার সমস্ত জিনিস শ্ল্যানলেস, হ্যাপাজার্ড। এই ধর্ন, যে জমি কিছু কিছু নেওরা হয়েছে বাংলাদেশের বিভিন্ন স্থানে, সেগ্লি দেখেশ্নে ঠিকমত শ্ল্যান অনুযায়ী নেওরা হয় নি। ফলে সেখানে গোলমাল লেগেই আছে। কার জমি নেবেন, কি ধরনের জমি নেবেন, কৃষকদের ধানী জমিও নিয়ে নিয়েছেন, সে সম্বন্ধে কেন দেখাশ্নার কথা নেই। পূর্ব বাঙ্গলার লোকের সঙ্গে পশ্চিম বাঙ্গলার লোকের গোলমাল লেগে যাচ্ছে—এগ্লি বাঞ্চনীয় নয়। সাধারণ লোক্র যারা প্রামে বাস করে তাদের কাছে গেলেন না, কোনদিন আমাদের পরামর্শ ও সহায়তা নিলেন না; কেবল রাইটার্স বিল্ডিংসএ বসে ম্যাপএ দাগ নম্বর ইত্যাদি দেখে সব জমি নিয়ে নিলেন। যে জমিতে জল ছিল সেই জমি উম্ধার হ'ল, সেই জমি নিলেন, কিম্কু কার জমি খেজ নিলেন না। পশ্চিম বাংলার কৃষকের জমি যদি এইভাবে কেড়ে নিয়ে, তাকে ফেরং না দেন, তা হ'লে দেশের অবস্থা এইরকমই হবে।

বাস্তুহারা থেকে আরম্ভ ক'রে প্রতিটি ব্যাপারে এইরকম জিনিস চলেছে। সেইজন্য আমার কথা হচ্ছে, এই জিনিসগৃলির জন্য অলটারনেটিভ স্প্যানএ বাংলাদেশে কতগৃলি লোককে বসাতে পারি এই লক্ষ্য এই ডিটারমিনেশন নিয়ে আপনার এগৃতে হবে। এই যদি করতেন তা হ'লে যে কথাগুলি আমি বললাম শিল্প সম্বন্ধে এবং জমি সম্বন্ধে ও কুটিরশিল্প সম্বন্ধে, পতিত জমিকে উম্ধার কর: সম্বন্ধে, এগুলি আপনি ব্যবস্থা করতে পারতেন। আমি ১৯৫০-৫১ সালের একটা বিপোর্টে দেখলাম করেন্ট ফ্যালো জমি বাদ দিয়ে ১৮ লক্ষ্ক ২৯ হাজার একর আনকাল্টিভিডেটেড লাম্ড বাংলাদেশে আছে।

উনি মাথা নাড্ছেন-না, না ব'লে। তা হ'লে আপনি লেখেন কেন? এটা কি আমরা তৈরি করেছি? এটা আপনার ১৯৫০-৫১ সালের রিপোর্ট এখানে বলা হচ্ছে আনকাল্টিভেটেড লান্ডে একুর্ভাঙ কাবেন ফালো ১৮ লক্ষ ২৯ হ জার একর। এই যদি থাকে, তা হ'লে আমি বলছি না, কেবল ঐ সবটা নিয়ে রিফিউজিদের বসিয়ে দিন। এই জমির যতথানি উন্ধাব করতে পারেন, তার মধ্যে তিন লক্ষ লোককে বসাতে পারেন স্বাভাবিকভাবে। আমি বলব না সমসত বিফিউজিদের সেখানে বসান। তবে এক লক্ষ, দ্'লক্ষ রিফিউজিদের সেখানে অনায়াসে বর্দেথ করতে পারেন। কিন্তু, এইবকম ফিগাব রয়ে গেল, অথচ মাথা নাড়ছেন ডাঃ বিধানচন্দ্র রয়ে। ব্টিশ অম্মল, মুশলিম লীগ আমলে যে হিসাব ছিল তা প্রান হয়ে গিয়েছে। তারপর সেন্সাস রিপোর্টে যা একট্ কিছু আছে তার উপরও ত' আপনি ব্যবশ্য করলেন না। আমরা মানতে রাজী নই যে, বাংলাদেশেশ আর একজনও রিফিউজিকে রাখবার মত জার্গা নেই। রিফিউজিদের মনোভাবও তাই, তারা বলে বংলাদেশের বাইরে আমরা কেউ যাব না।

## 14-40-4-50 p.m.]

বাংলাদেশে আর একজন রিফিউজিও রাখা যাবে না, এটা একটা এক্সন্তিম কথা। আমরা এটা মানতে পাবি না। বিফিউজিদের মনোভাব আপনারা আগে ব্রুতে চেন্টা করনে। বাইরে গিয়ে তাদেব অনেকেরই অভিজ্ঞতা খবে খবাপ হয়েছে। যদি প্রকৃতই বাইরে যেতে হয় তা হ'লে যেতেই হবে, কিন্তু তার আগে স্মাটিসফায়েড হওয়া দরকার যে, বাংলাদেশে আর সত্যিই সম্ভাবনা নাই। আমি যতদূর বুঝি, যতদূব দ্র্রাভি করেছি, আমি এটা মানতে পারি না। আমার বেশি কিছ, বলার নাই। আমি এটুকু শুধু বলবু, লন্ডএনএর একজন সুপারআনুয়েটেড অফিসারকে দুর্গাপারে আনলেন তিনি আসানসোলের অনেক খনিজ পদার্থ সন্ধান পেলেন, বললেন, সেখানে বহুলোকের কাজের সম্ভাবনা আছে এবং ডাঃ রায় বলেছিলেন এই এলেকাটা রুট অব ওয়েস্ট বেষ্গল হ'তে পারে কিন্তু এসব জায়গা আপনি ডেভেলপ করলেন না। নানারকম কর্মাণ্স-কেশনএর মধ্যে না গিয়ে আমি বলতে চাই এইসব জায়গায় কিছু না করে, এখানকার সোস্যাল এনভাষরনমেন্টও ভাল, তবে জ্পালের মধ্যে কেন গেলেন? সরকারের থেকেই জানতে পেরেছি ৮০ হাজার বর্গমাইলের মধ্যে ৪০ হাজার জ্ঞাল বাখতে হবে, আর ৪০ হাজারে আদিবাসীও রাখনে হবে। এতই যদি ভাল জায়গা হয়, তা হ'লে অন্থের লোক, বিহারের লোক কলকাতার দিকে ছাউত না , কলকাতা থেকেও গিয়ে সেখানে বসবাস করত। সেখানে খেতে পায় না ব'লেই দলে দলে লোক কলকাতা ও ইন্ড: স্থিয়াল বেল্টএর দিকে ছুটে আসে। দশ বংসরের মধ্যে এর উন্নতি করতে পারলেন না। সেজনা আপাতত এই প্রস্তাব মানতে পারি না।

## Sj. Pramatha Ranjan Thakur:

মাননীয় স্পীকার মহাশয়, দন্ডকারণ্য সম্বন্ধে যে প্রস্তাব উত্থাপিত হয়েছে আমি তা সর্বাস্তঃকরণে সমর্থন করি। আজ আমি প্রথমেই ব'লে রাখি যেসব লোকদের সেখানে পাঠান হবে তারা রিফিউজি। আমি একজন রিফিউজি, পূর্ব থেকে পশ্চিমবংশ্যে সর্বসম্পত্তি হারিয়ে এসেছি। আমি এখন চেণ্টা করছি কি প্রকারে এখানে বাস করা যায়। আজ এই দশ বংসরের অভিজ্ঞতায় একথা বেশ পরিষ্কার ব্রুতে পারা যাচ্ছে পশ্চিমবংশ্য স্থানসংকুলান হচ্ছে না। অনেক রিফিউজিকে আমি নিজে জায়গা দিয়েছি, অনেক চেন্টা করেছি, কিন্তু দৈখেছি বাস্তবিক তারা জায়গা পাচ্ছেন না। আজ যে জায়গার কথা আলোচনা হচ্ছে সেই দন্দকারণো ৮০ হাজার বর্গমাইল বিস্তৃত জায়গা আছে, অর্থাৎ পশ্চিমবণ্গের তিনগণে স্থান সেখানে হবে। একবার ट्टिंद प्रथान द्वाचि विभाग विकास कि वालामी करनानि गए छेटी छ। इ.स. कि वालाद इरव। आक পশ্চিম বাংলায় উদ্বাস্তু সমস্যার ব্যাপারে একটা ভীষণ অবস্থা উপস্থিত হয়েছে। আজ এখানেও লোক সংকূলান হচ্ছে না. বাইরে যাঁরা যাচ্ছেন তাঁরাও সেখানে থাকতে পারছেন না, মারা যাচ্ছেন, থেতে পারছেন না। আমি সরকারকে দোষ দিচ্ছি না, তাঁরা অনেক চেণ্টা করেছেন। একটা কথা এখানে ব্রুঝা দরকার আছে। সরকার চেণ্টা করলে কি হবে, এত লোকের ধ্রায়গ: হতে পারে না : যে কথাটার প্রতি আমি বিশেষভাবে জোর দিচ্ছি সেটা হচ্ছে, এই বিরাট জন-সংখ্যার স্বৃষ্ঠ্ব অর্থনৈতিক প্রবর্ণসন শৃধ্ব পশ্চিমবংশ সম্ভব হ'তে পারে না। এজনাই আজ বিশেষ ক'রে পরেবিশের বাস্তৃত্যাগীদের ভারতের বিভিন্ন প্রদেশে ছড়িয়ে দেবার প্রয়োজনীয়তা রয়েছে। আজ যারা এখানে আছেন তাঁরাও স.বিধাজনকভাবে বাস বন্ধতে পারছেন না। আজ র্যাদ ভারত গভর্নমেন্ট আন্তরিকভাবে চেণ্টা করেন তা হ'লে দণ্ডকারণা সম্পূর্ণভাবে বাংগালী অধ্যুষিত প্রদেশে পরিণত হ'তে পারে। তাই আজ এই প্রস্তাব আমাদের সর্বাদতঃকরণে অন্-মোদন করা প্রয়োজন। আজ বিরোধীদলের নেতা অনেক কথাই বলেছেন। তাঁর অভিন্নত হচ্ছে পশ্চিম বাংলায়ই যাতে জায়গা হয় সেই চেণ্টা করাই উচিত এবং বাস্ত্হারাদের বাইরে পাঠান উচিত নয় নানা কথাই তিনি বলেছেন। এই প্রস্ঞো আমি বলব উদ্বাস্ত্ প্রব্যিসন সমস্যাট। তারা কোনদিন ভাল ক'রে ব্রেবার চেণ্টা করেন নি। সম্প্রতি নির্বাচনের আগে তারা উদ্বাস্তুদের ভিত্র গিয়ে তাদের অনেক আশাভ্রসাব কথা ব'লে ক্ষেপিয়ে তুলেছেন। আমার কাছে অনেকেই এই কথা বলেছে। আমি ভাঁদের বলি ভাদের ক্ষেপিয়ে হয়ভো আপনাদের কার্যাসিদ্ধি হতে পারে, কিন্তু তাদের প্রকৃত মধ্পল ওতে হবে না। বুদ্ধিমানের মত অনেক মা্থবোচক আপাত্মধার কথাই ও'বা এলেছেন, কিন্তু আমি জিজ্ঞাসা করি, কি করেছেন ও'রা এদের প্রান্ত্র জনা। এখন দণ্ডকারণো পাঠাবার প্রস্তার হচ্চে। আমারা চেন্টা ক'ের দেখব সেখানে কিছ, হ'তে পারে কিনা। বাংলাদেশে যদি বাসোপযোগী উদ্বৃত্ত জমি থাকে তবে নিশ্চরই সেখানেই প্রথমে চেণ্টা করা উচিত, যদিও এর একট অন্তরায়ের কথা আমি প্রের্ উ**ল্লে**থ করেছি: অর্থাৎ অর্থনৈতিক প**্**নর্বাসন চাই। পূর্ব পাকিস্তান থেকে এখনও ৮০ লক্ষ লোক আসবার জনা উদ্মুখ হয়ে আছে। তারা কোথায় যাবে, আরও দেখুন, তাদের ছেলে-পিলেরা কোথায় যাবে? যে হারে নাকি আমাদের পত্রকনার সংখ্যা বাড়ছে! (সভায় হাস্য-ধর্নি)। এট কিন্ত প্রকৃতই হাস্বার কথা নয় গভারভাবে চিন্তার বিষয়। যাই হোক আজ আমরা দেখছি, পশ্চিম বাংলায় যে স্থান আছে তাতে বাস্তবিক স্থান সংক্লান করা যায় না। দণ্ডকারণোর কথা তাই উঠেছে। আমি এই প্রস্তাবকৈ স্বাগত জানিয়েছি, কিন্তু স্থানটা কিরকম সেটা পূর্বাকে দেখা দরকার। তিনটি প্রদেশের মধ্যে দণ্ডকারণা পড়েছে, উডিষ্যা, মধাপ্রদেশ, অন্ধ্রপ্রদেশ। এখানে আমার স্টিন্তিত বস্তুবা হচ্ছে, এই বিস্তৃত এলেকা কেন্দ্রীয় সরকার কর্তৃক পরিচালিত হওয়া কর্ত্বা, শৃংধু, কর্ত্বা নয়, করতে হবে। আজ বাঙ্গালী প্রথিবীর কোথায় নাই? বাজ্যালীর কৃষ্টি ও সভাতার ছোঁয়া প্রথিবীর দ্রতম প্রদেশকেও ম্পূর্ণ করেছে। তাই আমি বিশেষ ক'রে বলব দুণ্ডকারণো উদ্বাহত পুনুর্বসতির স্থেগ সংখ্য সেখানে যাতে বাংগালীর কৃষ্টি ও সভাতার পূর্ণ বিকাশসাধন হ'তে পাবে সেই পরিবেশ সূষ্টি করা প্রয়োজন। এই যে আজকে তারা এদিকে ওদিকে বিচ্ছিন্ন হয়ে পড়ে আছে এটার প্রতিরোধ করে তাদের এক জায়গায় বসিছে তাদের মধ্যে ঐকাবোধ জাগিয়ে তলতে হবে এবং পশ্চিমবংশার সংখ্যা সম্পর্ক রেখে তারা যাতে বেডে উঠতে পারে এবং পাহিবীর মধ্যে আবার স্থান ফিরে পেতে পাবে সেদিকে আমাদের দুণ্টি নিবন্ধ করতে হবে। তাই আজ্ঞ দণ্ডকাবণ্যের

নাম শ্নেন ভয় খেলে চলবে না। ১৯২৭ সালে আমি ইউরোপে দ্রমণে ছিলাম। তখন আমার সংগে একদল আমেরিকান টার্রিস্টএর দেখা হয়েছিল। তাঁরা আমাকে বলেছিলেন, আমাদের প্র্পূর্বস্বরা কত কণ্ট কারে জঞাল কেটে আমেরিকায় বসতি স্থাপন করেছিল। আমারা আজাদেখিছ সেই জঞালাকীর্ণ আমেরিকা ইংলন্ডের থেকেও স্কুলর হয়েছে। দুণ্ডকারণাও বাংলাদেশ থেকে ভাল হ'তে পারে। এখন আমারা স্বাধীন দেশের লোক, অনেক জিনিস আমারা করতে পারি। দুণ্ডকারণাও আমারা একটা নতুন বাংলাদেশ করতে পারি এবং সেটা বাংলাদেশের চাইতেও ভাল জায়গায় পরিণত হতে পারে।

4-50-5-15 p.m.]

আজ তাই দরকার হয়ে পড়েছে আমাদের এই দণ্ডকারণাে যাতে সেখানে বাংশালীর একটা পরিবেশ স্ঘিট ক'রে প্নর্বাসন করা যায়। কাজেই সেদিকে আমাদের সর্বতাভাবে চেণ্টা করা শরকার।

স্যার, আর একটি কথা অামি উদ্বাস্তু সমস্যা সম্পর্কে বলতে চাই। যদিও একথা বলতে গিয়ে আমি একটু ক্লিটিক্যাল হব, তব্ত একথা না ব'লে আমি পারছি না।

[Interruptions from question benches.]

Mr. Speaker: Order, order. Throughout the debate I expect that the same courtesy as was shown to your Leader will be shown to the members of the other side, and there will be no comment of any description. This is a very, very important matter which is being debated.

#### Sj. Pramatha Ranjan Thakur:

এযাবং আমাদের সরকার পুনর্বাসন সম্পর্কে মনে করতেন যে এটা একটা সোস্যাল ওয়ার্ক, সেজনা আমরা দেখতে পাচ্ছি যে, সেন্টার থেকে কৃষ্ণমাচারী নাকি বলেছেন যে, আমরা 86 crores of Rupees

বায়ু করেছি কিন্তু আমরা বাদ্তবিক একজন লোককেও এখানে পুনর্বাসন দিতে পারি নি। এটা অতি দুঃখের কথা। আজ সেন্সাস বা দ্টাটিস্টিক্স নিয়েও আমরা ব্রুতে পারি না যে. কত্রলো রিফিউজি পূর্ব বাংলা থেকে পশ্চিম বাংলায় এসেছে। আমাদের প্রধানমন্ত্রী বলেছেন যে, আমরা পার্সোন্যালি ১৯ লক্ষ লোককে বসাতে পেরেছি। এটা কতটা সতিয় কথা আমি তা জানি না। কিন্তু আমরা যারা এসেছি আমরাও এখানে বসেছি, তবে সম্প্রভাবে যে আমরা এখানে বসতে পারি নি একথা জানি। এই ১৯ লক্ষ লোককে উনি কিভাবে ব্সিয়েছেন তা আমরা জানি না। পাসিয়াল রিহ্যাবিলিটেশন মানে যে কি. তা বোঝা বড শুকু। কিন্তু আমি একথা জানি যে, অনেককে যাদের লোন দেওয়া হয়েছে সেই লোন অভাবে পড়ে তাবা খেয়েছে এবং ঘরবাড়ি বিক্রি ক'রে তারা আবার পাকিস্তানে চলে গেছে। সেখানে গিয়ে অভাবে পড়ে আবার তারা এখানে চলে এসেছে। এইরকমভাবে কতবার যে লোন নিয়ে পশ্চিমবংগ থেকে পূর্ববংশ গিয়েছে এবং পূর্ববংগ থেকে পশ্চিমবংশ এসেছে তার থবর বোধ হয় গভর্নমেন্ট রাখেন না। পূর্বে পাকিস্তান থেকে পশ্চিম বাংলায় আসার কারণটা কি? ১০ বছর যাবং এই পশ্চিম বাংলা স্বার উন্মন্ত করে রেখেছে যে, যারা পাকিস্তানে না থাকতে পার তারা এখানে চলে এস। কিন্তু এই দরজা উন্মন্তে রাখার আজে কি প্রয়োজন আছে তা আমি ব্রুতে পারি না। স্যার, আপনি জানেন যে, প্রথম মহাযুদ্ধের পরে টার্কি এবং গ্রীসের সংগ্যায়ে চুক্তি হয়েছিল তাতে ঠিক হয়েছিল যে, তারা দশ বছর যাবং দরজা উন্মান্ত রাখনে এবং এস্প্রচেঞ্জ অব পপ্রলেশন এই দশ বছরের ভেতরে যা হবে তার প্রে আর হতে পারবে না। আমাদেরও সেইরকম একটা টাইম লিমিট থাকা দরকার। যারা সেই রাজ্যে সাম্প্রদায়িকতার জনা থাকতে পারবে না তারা প্রবিণ্গ থেকে পশ্চিমবংশ চলে এসেছে। কিন্তু য'রা এখন সেখানে রয়েছে তারা বল্লছে যে তারা এখন সেখানে খেতে পারছে না। এই খেতে পাওয়া জিনিস্টা তো কোন পলিটিক্যাল রিজন নয়? মুসলমানরাও তো পাকিস্তানে খেতে পায় না? কিন্তু তার জন্য পশ্চিমবংগের দুয়ার যে সব সময় খোলা রাখতে হবে তার তো কোন মানে হয় না। একথা বলে আমি অনেক জায়পায় আনপপ্লার হয়েছি কিন্তু একথা আমি নিশ্চয় বলব যে এইরকম-ভাবে দরজা খোলা রাখা একটা বোকামী ছাড়া আর কিছুই নয়। কারণ ৮০ লক্ষ হিন্দু যদি এখনও সেখান থেকে এসে না থাকে তাহলে এরা যে কতকাল ধ'রে আসবে তা জানা যায় না। একজন প্রসিম্ধ এম-পি দরজা কতকাল খোলা রাখতে হবে সে সম্বন্ধে বলেছেন যে,

till eternity or doomsday whichever is longer.

এবং ওনার-এর উপর সিভিল কোর্ট-এ যে পন্থা নিয়ে উদ্বাদতদের বাড়ী থেকে উচ্ছেদ করা ये अर्थ स्था ना करत से जामा जिल्ला कि कार किला कि स्था के स्था পারবে। গতকাল শ্রীযুক্তবিমলচন্দ্র সিংহ মহাশয় কতগুলি কথা বলেছিলেন, আমি সেগুলি ধৈষ্কাসংকাবে শোনবার চেণ্টা করেছি। তিনি বলেছিলেন, কলকাতায় কন্দিপটেন্ট অথ্রিটির কোর্ট-এ যে ২৫০টা মামলা দায়ের হয়েছে, তার মধ্যে মত্র ৪২টির পনেরাসনের স্যোগ কম্পিটেন্ট অর্থারিটির মাধ্যমে করতে পেরেছেন। এটা অত্যন্ত অন্যায় কথা। ১৯৫৭ সাল প্র্যান্ত কম্পিটেন্ট অর্থারটি কোর্ট এ যে-সমস্ত মামলা ডিসপোজড অফ হয়ে গিয়েছে তার মধ্যে কলকাভায় ৪২ জনেব বন্দোবহত করেছেন, বাহ্থান, জমি ইত্যাদি দেবার ব্যবহ্থা করেন। মাননীয় স্পীকার মহাশয়, আমি এর সজে আপনার মাধ্যমে মাননীয় মল্বীমহাশয়ের দূল্টি হাওড়া জেলার প্রতি আকৃণ্ট করতে চাই। হাওড়া জেলায় ১৯৫১ সাল থেকে আরম্ভ করে এই মে পর্যান্ত ৭৬৭টি মামলা দায়ের হয়েছে এবং তার মধ্যে ৬৩৯ কেসেস ডিসপোজভ হয়েছে। ১৬২টি বাড়ী দথল কবা হয়েছে, কোট থেকে বায়ও দেওয়া হয়েছে কিন্তু আমাদের সরক র ৪।৫ বছর ধরে মাত্র ১১টি বাড়ী খালি করতে পেরেছেন অথচ এই ৪৬২টি বাড়ী সম্পূর্ণ থালি করে ল্যান্ডলর্ডকে পজেশন দেওয়ার জন্য কোর্ট-এর ফাইন্ডিংস ছিল এবং এটা ১৯৫২ থেকেই আরম্ভ হয়েছে। কিন্তু তা সত্ত্তে আমরা দেখছি বিকল্প ব্যবস্থা, অপ্রতিনিতিক প্রনর্বাসন ব্যবস্থা করে সে বাড়ী দেওয়া হয় নি। এবং শৃধ্যু তাই নয়, রেকমেণ্ডেশন ফর বিহ্যাবিলিটেশন, তার মধ্যে ৯৫টি রিফিউজী কেসের মধ্যে, যেখানে অন্ততঃ ১ হাজার উন্সাদত भीत्रवारतत अनाव वात्रम्थारनत वावन्था क'रत भूनवीत्ररनत वावन्था कतात क्रना रकार्टे **एयर्क** ভাইরেকসন দেওয়া হয়েছে, সেক্ষেত্রে আমাদের সরকরে পাঁচ বছরে ২৮টি পরিবারের প্নর্বাসনের ব্যবস্থা করতে পেরেছেন, এটা সরকারের চরম ব্যর্থাতারই পরিচায়ক। বিভিন্ন জায়গায় কোর্টের ডাইরকেসন-অনেক জায়গায় এমনও অর্ডার হয়েছে, উইদিন টু মান্থস ল্যান্ডলর্ডকে জায়গা দেবার জন্য, আমি অবাক হয়ে গেলাম, কোর্টের নির্দেশ সত্তেও কোর্টের অর্ডার ফ্লাউট করা হয়েছে। আমি, মাননীয় স্পীকার মহাশয়, এখানে স্মরণ করিয়ে দিতে চাই যে, শুধু হাওড়া সার্বার্ডাভশনেই ১৬টি কলোনী স্থাপন করা হয়েছে, যেখান থেকে এক হাজার পরিবারকে জমি থেকে উচ্ছেদ করা হয়েছে। যাদের বিরুদ্ধে মামলা নাই, যেখানে জমি না দিলেও চলতে পারত, তাদের কেস্ বিচার করে তাদের প্নর্বাসনের ব্যবস্থা করা হয়েছে। কিন্তু যাদের বিরুদ্ধে ডিক্রী হয়েছে, কম্পেনসেশন আদায় করাব জন্য তাদের বেলায় অড্যার এগার্জাকউট করে তাদের ঘটিবাটি পর্যন্ত আটক করা হয়েছে এবং প**্রালশে**র সাহত্য্য বাড়ী থেকে বের করে দেবার ব্যবস্থা করা হয়েছে। বছরের পর বছর তারা সে-সব বাডীতে থাকতে বাধা হয়েছে। অথচ সরকার তাদের পুনর্বাসনের ব্যবস্থা না কারে অন্য লোকের প্নেব'সনের ব্যবস্থা করেছেন। মাননীয় স্পীকার মহাশয় আমি এ-সম্পর্কে একটা চিঠির প্রতি রাজ্যসরকারের দৃণ্টি আকর্ষণ কর্রাছ: হাওড়ার

Competent authority 3rd September, 1950,

লিখছেন, রিহ্যাবিলিটেশন ডিপার্টমেণ্ট-এ—চিঠির নদ্বর হচ্ছে ৮৫°সএ. এতে মণ্ডব্য <mark>করা।</mark> হয়েছে, It has been reported to me by some pleaders representing the refugees that many persons against whom no case has been started are being given residential plots at Jogacha and Balarampota within P.S. Bouria but it is not understood why the refugees in unauthorised occupation of Muslim houses cannot be rehabilitated there. There should be preferential treatment in the matter of rehabilitation of such persons in unauthorised occupation. In order to avoid haphazard allotment of land to displaced persons some priorities on definite principles should be laid down. I bring the above representation of the refugees to your attention for suitable action.

# [4-4-10 p.m.]

As the matter is urgent I would request you to let me know what arrangements have been made for the rehabilitation of these displaced persons and it they may be allotted land as suggested, for which many refugees have expressed their preference to me.

The names and addresses of the owners and the persons in unauthorised occupation (displaced persons) with the copies of orders had already been sent to you.

এখন অবস্থা দেখুন, আজকে আমি খেজি নিয়ে জানতে পারলাম, ১৯৫০ সালের থার্ড সেপ্টেম্বর, কম্পিটেন্ট কোর্ট লিখছেন অথচ আজ পর্যাদত তার জবাব তাঁর কাছে পে'ছায় নি। এর ফলাফল কি হয়েছে, এ-সম্পর্কে দুয়েকটা কথা বলাও দরকার। এখন আমরা কোন নৃত্ন কেস দেখি না, ৩১শে থেকে কোন নৃত্ন কেস উত্থাপন করতে পারেন নি, কোন বাড়ীওয়ালা উদ্ভেদের সূযোগ নিতে পারে নি। ১৯৫১ সালে আইন-সভায় এটা প্রথম উত্থাপিত হয়েছিল, তথন এ-কথা বলা হয়েছিল -

The usual procedures for eviction of the trespasser through civil court are expensive, dilatory and harassing to the parties concerned, and they also cause great hardship to the refugees unless they can get lands for their resettlement.

কিন্তু আমরা দেখেছি এই আইন এক বছর বাড়িয়ে নেন। এখন আমরা দেখাছ ন্তন কোন কেস এই আইনের মাধ্যমে চাল্ব করা সদ্ভব হবে না এবং ৩১শে মার্চের পর থেকে লাদ্ডলার্ড উচ্ছেদের স্ব্যোগ থেকে বিশিত হচ্ছে। আর একটা বিশেষ ধারায় বিভিন্ন বক্তারা বলেছেন — যারা ম্সলমানের বাড়ীতে দীর্ঘদিন ধরে বাস করে আসছে, তারাও এইভাবে আইনের সংশোধনের বলে সেই বাড়ী ছাড়তে বাধ্য। আমি এই বিষয়ে মন্ত্রীমহাশয়ের দ্ভি আকর্ষণ ব'রে বলতে চাই যে, এই বিল চাল্ব থাকা সত্ত্বেও এই স্কীম করা হয়েছে, কিন্তু কথা ছিল হাউস-বিলিডং লোন পেয়ে বাড়ী কনদ্টাক্ত করা চাই। কিন্তু আমি জানি বাড়ীর প্ল্যান স্যাংশন এক বছরের অধিক সময়ের মধ্যে একটিও করা হয় নি। স্ত্রাং এইভাবে প্রকারান্তরে তাদের বাড়ী ছাড়তে বাধ্য করাই হবে; এখন এই অবন্ধায় তারা কোথায় গিয়ে দাঁড়াবে?

এবার কন্পেনসেসন ব্যাপার নিয়ে কিরকম অন্যায় করা হচ্ছে, সে সম্বন্ধে দ্রেকটা কথা বলেই আমি আমার বস্তুব্য শেষ করব। সিভিল কোট প্রোসিডিওর-এর মারফং কন্পেনসেসন আদার করার রীতির সংগ্রুই আমরা পরিচিত। সমস্ত লোকের ক্ষেত্রে এই সিভিল কোট প্রোসিডিওরই প্রয়োজা হয়; কিন্তু রিফিউজীদের বেলায় ডিসার্ক্রমিনেশন করে বলা হচ্ছে সাটিফিকেট জারী করে আদায় করতে হবে। আরো একটা জিনিষের প্রতি আমি কিছ্ বলতে চাই, এবং এটাই হচ্ছে সবচেয়ে মারাত্মক বুটি, এই বিলের মধ্যে—কন্পিটেট অথরিটিকে সমস্ত রকম নির্দেশ প্রপার্রলি একজিকিউটেড হচ্ছে কিনা সেটা দেথবার জন্য কোন প্রভিসন বা ক্ষমতা দেওয়া হয় নি এই বিলে, অথচ ক্রজ ৯-এতে স্পারিনটেন্ডেন্ট অফ প্রিলশ অর প্রকাশ কমিশনারকে পাঙ্রার দেওয়া হচ্ছে জোর ক'রে সরিয়ে দেবার জন্য। এটা কোন মতে উচিত ক্রম নি ।

[4-10-4-20 p.m.]

# Sj. Subodh Banerjee:

িমঃ স্পাকার, সারে, প্রথমে আমি মন্ত্রীমহাশারের ক'ছে জানতে চাই যে, বর্তমান বিলটা এসেছে Rehabilitation of Displaced Persons and Eviction of Persons in Unauthorised Occupation of Land

এর সংখ্য ভূমি এবং ভূমি রাজ্যব বিভাগের কি সম্পর্ক আছে? আমি ব্রেতে, প্রিলাম না এই বিল ভূমি রাজস্বমন্ত্রী পাইলট করছেন কেন। এটা প্রফল্লেবাব্রই পাইলট করা উচিত। কারণ, প্রফ প্লবাব্রেই উপযান্ত এই বিল। যাতে তিনি হাত দেবেন তা শেষ করে ছাড্বেন, ভাল র্যাদ কোনাদন একট্রখানিও কোথাও হয়ে থাকে এই মন্ত্রীমহাশয়ের হাতে পড়লে সেটাও তিনি বরবাদ করে ছাড়বেন, এ সম্পর্কে আগের আইনটায় যা ছিল, তাও খারাপই : প্রফাল্লবার র হাতে পড়ে সেটা তত্থিক খারাপ হয়েছে। দ্বিতীয় কথা হচ্ছে, জানি না এই বিল কারা ড্রাফট করেছেন। তবে ড্রাফটিং ইন্ধ এক্সিমিলি ব্যাভ। আমাদের লেজিসলেটিভ ডিপার্টমেন্ট দিন দিন যা হচ্ছেন, তাতে তাদের সম্পর্কে আর বলার কিছুই নেই। আমি আইনজ্ঞ নই কিন্ত আইনবিদ না হয়েও বর্তমান বিলের যা ভাফটিং দেখছি তাতে নিন্দা না করে পারা যায় না। মিঃ স্পীকার, স্যার, তাকিয়ে দেখন, ডিসপেলসড পার্স নের সং**জ্ঞা**র দিকে: ডেফিনিসনের মধ্যে এভার টু রিটার্ন টু ইন্ট বেণ্গল কথাটা রয়েছে। এর অর্থটা কি? "রিটার্ন" কথার মধ্যে এভাব কথাটার ফোর্স আছে। সূতরাং এক্ষেত্রে এভার কথাটা বাহুলা। আর এভার কথাটা যদি দিতেই হয় তাহলে সব শেষে ফব পার্মানেন্ট সেটেলমেন্ট কথাগুলি বসাতে হয়, তা নেই। আরও দেখনে, এই বিলের ৫ নন্দর ক্লুজ আইটেম "সি"তে যা বলা হয়েছে। তা माल आहेरनत मुख्य फिर्ट हेन करत ना। कारण कुछ व ववश कुछ वि वरल या वर्डमान विस्त वला इराह्य स्मर्जानरक आमरल क्रम वना यात्र ना, आरहिएम वनारल रहा। आरहिएम व ववः वि-व পরে দটোে আইটেমকে কভার করে কতকগুলি কথা আছে। এই শেষোক্ত কথাগুলিকে এই বিল শ্বারা পরিবর্তন করতে চাওয়া হচ্ছে। যেভাবে এগালি বর্তমান বিলে লেখা হারেছে ততে এই উদ্দেশ্য আদৌ সাধিত হচ্ছে না। উপযুক্ত ভাষা দেওয়ার এই সামান। কাজ যারা করতে পারেন না, তারা ভাল কাজ করবেন কি করে এমন কমিষ্ঠ এবং উপযুক্ত লোক নিষ্ণে শাসন চলছে! মন্ত্রীমহাশয় যথন এই বিল পাইলট করছেন, তখন এগ্রলি তাঁর আগে থেকেই ভাল করে দেখা দরকার। এসব গেল টেকনিক্যাল সাইভের কথা। এইবারে নীতিগত দিক থেকে কয়েকটা কথা বলবো। মূল আইনটা খারাপ ছিল, বর্তমান বিল তার চেয়েও বেশী খারাপ। কোনদিক থেকে অধিকতর খারাপ দেখন। প্রথমতঃ উদ্বাস্ত কাদের বলা হবে? আমরা দাবী করেছিলাম উন্বাস্তু তাদেরই বলা হবে, যাদের পূর্ববংগে সম্পত্তি আছে অথচ এখানে চলে আসতে বাধ্য হয়েছেন এবং দেশে ফিরে যেতে পারছেন না। এইভাবে না বলে আইনে একটা তারিশ বে'ধে দেওয়া হয়েছে। মূল আইনে যা ছিল এখানেও সেটা রইল। তা ছাড়া বর্তমান বিলে 'এভার' কথাটা যোগ করে দেওয়ায় চিরতরে দেশে যাওয়া বন্ধ হরে গোল। দেশের সম্পত্তি বিক্রী করতে হবে। প্রেপাকিস্তানে না গোলে সম্পত্তি বিক্রী করা সম্ভব নয়। তব্ৰে ষাওয়া সম্ভব হবে না, কারণ এ ব্যাপারে। একবার দেশে গেলেই সে আর উম্বাস্তর সংজ্ঞায় পড়বে না। এইদিক হ'তে বর্তমান বিল মূল আইনের চেয়ে খারাপ। শ্বিতীয়তঃ বিকল্প বাসস্থান নির্বাচনের ক্ষেত্রে জুডিসিয়ারীব হাত থেকে ক্ষমতা কেডে নিয়ে একজিকিউটিভের হাতে দেওয়া হচ্ছে। মূল আইনে ছিল যে কাম্পটেন্ট অথবিটি ষে জমি উপয়ক্ত মনে করবেন, সেই জমি না দিয়ে সরকার উদ্বাস্তদের উচ্চেদ করতে পারবেন না। এইভাবে কোর্টের উপর স্থান বিচারের ভার দেওয়া ছিল। বর্তমান বিলে সরকার কম্পিটেন্ট অর্থারিটির হাত থেকে সেই ক্ষমতা কেড়ে নিয়ে নিজের হাতে রাখছেন। উদ্বাস্ত্রা বর্তমানে যে জায়গায় বাস করছেন তাতে তারা নিজের জীবন-ধাবণের উপায় নিজেরাই করে নিয়েছেন কোন রকমে। এই বাসস্থান**ু**থেকে উচ্ছেদ করার সময় কম্পিটেণ্ট অর্থারিটি এই কথা স্মরণে রেখে স্থান নির্ব'চন করতেন। অথচ সরকার চান উম্বাস্তদের দরের পাঠাতে। এই নিয়ে কম্পিটেন্ট অর্থারিটির সপো সরকারের মতবিরোধ ঘটতে থাকে। তার জনাই কি পথান নির্বাচনের ক্ষমতা সরকার নিতে চাচ্ছেন? উই হ্যাভ এভরি রিজন টুরিলিভ যে, স্মকারের হাতে ক্ষমতা গেলে অবস্থা খারাপ হবে। উম্বাস্তুদের তাদের বর্তমান বা**সম্থান** 

থেকে সরিয়ে নিয়ে গিয়ে দ্রের জয়গায়, যেমন দণ্ডকারণ্যে বা ঐরকম কোন জয়য়গায় ফেলে দিতে পারলে সরকার নিশ্চিন্ত হন। এই কারণেই কি আইনের ধারাটি বদলান হচ্ছে? ম.ল আইনে ছিল যে, জমির বদলে জমি দিতে হবে। এই আইনে সেটা বদলিয়ে, জমির বদলে জমি কিবা জমি কেনা ঋণ দেবার বাবন্ধা হচ্ছে। এটা সর্বনাশের কথা। আমাদের মভিজ্ঞতায় আমরা দেখেছি যে, নগদ টাকা যা আপনারা দেন তা একসংগ্রা দেন না, কিন্তিতে দেন। ফলে এইভাবে কিন্তিতে ঋণ দেওয়ায় ঋণগ্রহীতা কোন কাজই করতে পারে না। এতদিন তব্ জমির বদলে জমি দেব'র বাবন্ধা ছিল, জমিত আর কামড়ে খাওয়া যায় না, ফলে তাতে খানিকটা রিহ্যাবিলিটেশনের পাসবিলিটি থাকতো। আজ করেছেন কি? জাম দেবেন না, জমির বদলে ঋণ দেবেন। যাদের ঋণ দেবেন তারা ঠিকমত ব্যবহার করতে পারবে না। অভাবের তাড়নায় ঋণগর টাকা থেয়ে ফেলবে; ফলে যেভাবে উদ্বাস্তু হয়ে তারা এসেছিলেন, সেইভাবেই উন্বাস্তু হয়ে তালৈর থাকতে হবে, বাড়ী আর হবে না।

অর্থাৎ উদ্বাদভূরা নিজেদের চেন্টায় যেট্কু প্নবর্ণসন ব্যবস্থা করেছে, তা থেকে বণ্ডিত হচ্ছে। ভাষলেও ত তিনদিক থেকে খারাপ হচ্ছে।

[4-20-4-55 p.m.]

চতুর্পতিঃ পার্বালক ডিমাণ্ডস রিকভারি এন্ট্র অনুযায়ী আপনারা মালিকদের টাকা আদ র করে দেবেন, এই বাবস্থা আগে ছিল না. এখন তা করা হচ্ছে। জিপ্তাস। করি মন্ত্রীমহাশয়কে, মালিকদের প্রতি কেন এত দরদ ? কই, সরকার ত উদ্বাস্ত্র্দের জন্য ঐসব কথা বলেন না, বলেন না, গরীব লোকদের এইসা অসুবিধা হচ্ছে, তাদের জন্য এই সুবিধাটা করে দিই। অথচ মালিকের বেলায় টনক নড়ে কেন ? জিপ্তাসা করি, পোম্দার কি এইসব স্কোয়াটার্স কলোনীর মালিক ? একবার যাদবপ্রে গিয়ে দেখবেন হাজার হাজার বিঘার মালিক এরা কি না ? এণ্টেটস এাকুইজিশন এগ্রেই-এ এণ্দের জমি নেওয়া হ'ল না। নন-এগ্রিকালাচারাল লান্ড-এর যে সিলিং বে'ধে দিয়েছেন তাতে ধরতে পারেন না ? ধরতে পারেন না ভাওয়ালকা আর আনন্দালাল পোম্দারকে ? তাঁদের জমিতে উম্বাস্ত্র বসেছে, কাজেই তাঁদের বাঁচাতে হবে। তাই উম্বাস্ত্র উচ্ছেদ কোরে দিয়ে, টাকা আদায় করে দেবার মহান, দায়িত্ব মন্ত্রীমহাশার নিয়েছেন। আর সেই সংগ্য বলছেন -

"it is a Welfare State, our interest is to look after the interest of the people. ভার চেয়ে তাঁরা গলা উচ্চ কোরে বলনে যে, "অমরা ভূওয়ালকার স্বার্থ রক্ষা করছি, পোশ্দারের স্বার্থ রক্ষা করছি। এই উদ্বাস্ভূদের কাছ থেকে টাকা আদায়ের যে দায়িছ তা আমরা নিজের মাথার উপর নিচ্ছি, যাতে মালিকদের হয়ে উদ্বাস্ভূদের কাছ থেকে টাকা আদায় করতে পারি।"

[At this stage the red light was lit]

Mr. Speaker: Mr. Banerjee, you will kindly resume your seat. I have been carefully listening to your speech and I have been carefully analysing the sections. I have certain reasons to adjourn the House for half an hour. I am to tell you straightaway that I have given certain suggestions to the Minister in charge. The suggestions deal with certain other aspects of the Bill but not the points touched by you.

[At this stage the House was adjourned for half an hour.]

| After adjournment |

4-55-5-5 p.m.]

## Si. Jyoti Basu:

স্পীকার মহাশয়, আপনার কাজ আরুন্ড করবার আগে আমি একটা বিষয়ের প্রতি আপনার শুষি আকর্ষণ করতে চাই: সেটা এই যে, আজ যে বিন্দ নিয়ে আলোচনা হচ্ছে তার বিরুদ্ধে প্রতিবাদ জানাবার জন্য বাহিরে হাজার হাজার বাস্ত্হারা এসেছে, বিদ্ধিয়ে জায়গা খেকে।

আপুনি অন্য একটা কারণে আধ-ঘণ্টা এখানকার কাজ স্থাগিত রেখেছেন এবং সেই ব্যাপারে সরকারের সংগে আলে চনায় আমরা বাসত ছিলাম এবং মাত্র আধ-ঘণ্টা সময় পেয়েছিলাম ব'লে যে ডেমনেন্টেশন এসেছে, তাদের ওখানে আমরা যেতে পারি নি। আমাদের এখন সেখানে যেতে হবে। আমি আপনাকে অনুরেধ করতে পারি, যদিও আমি জানি আপনি তা **শনেবেন না—যে আবার আধ-ঘন্টার জন্য অধিবেশন স্থাগত রাখনে। সরকারেব সং**শ্য যে আলোচনা হয়েছে, সেটা ঠিক কি দাঁড়াল, কেন না তার মধ্যে কতকগুলি এচামণ্ডমেন্ট তাঁরা গ্রহণ করতে রাজী হন নি, সেগর্নি লিখিতভাবে আমাদের হাতে না এলে ঠিক ব্রুতে পার্রাছ না. এবং এখানে অনর্থক কতকর্গাল বস্তুতা দিয়ে লাভ হবে না। তাই বলছি, আপনি আবার হাউস একট, বন্ধ ক'রে দিন, এবং সাইক্লোস্টাইল্ড হয়ে যে সংশোধন সরকার গ্রহণ -করেছেন সেগ্রিল আমাদের কাছে দিন, যাতে সেগ্রিল যে কি তা পরিম্কার হয়। কেন না সরকার কিছ্ কিছ্ মেনেছেন, কিছ্ কিছ্ মানেন নি। আর সেটা পেলে আমাদের বন্ধৃতা দেবার উৎসাহও কমে যেতে পারে, তা ছাড়া সেটা সম্পূর্ণভাবে সবাই জানেন না যে কি সংশোধন হয়েছে। সেইজনা অনুথাক সময় নুঘ্ট না ক'রে সেগুলো তৈরী ক'রে সকলকে দেওরা হউক। সেইজন্য কাজ্ট। যাতে স্প্রেভাবে এবং শীঘ্র হতে পরে, সেইজন্য আমি বলছি যে, আবার আপনি আধ-ঘন্টা কিংবা চল্লিশ মিনিটের জন্য হাউস বন্ধ ক'রে দিন। তাতে বস্তুতা কম হ'লে কাজ সহজ হবে এবং এই সময়ের মধ্যে সেগ্লো আমাদের কাছে দিয়ে দেবেন। ইতিমধ্যে আমরা বাহিবে গিয়ে কজ সেরে আসি এবং আমি অনুরোধ কবি মুকুটাদের মধ্যে যাঁরা যুবক-মুকুটা যেমন শুর্নিসন্ধার্থ রয়—যাঁরা পায়ে হে'টে আমাদের সংজ্য যেতে পারবেন, তাঁরা গিয়ে বেঝাতে পারবেন যে, বাস্তবিক এতে ভয়ের কিছু, নেই। কাজেই আপনার কাছে অনুরোধ করছি যে, আধ-ঘন্টার জন্য বন্ধ করে দিন।

[5-5—5-45 p.m.]

# Sj. Suresh Chandra Banerjee:

লিভার অফ দি অপোজিশন যে প্রস্তাব আপনার সম্মুখে উপস্থাপিত করেছেন, সেই প্রস্তাব সমর্থন ক'রে আমি বলছি যে, এই শোভাষাত্রা কাছেই আছে, এবং কমপক্ষে ৩০ হাজার লোক এই ম্যলধারা বৃণ্টিতে ভিজে রয়েছে। তাদের এখন বোঝান দরকার। আমি সেইজন্য অনুরোধ করছি যে, আধ-ঘণ্টা সময় দিন, য'তে আমর। ত'দের বৃ্কিয়ে ফিরে আসতে পারি; আর তার ভিতর আপনি যা-যা সংশোধন হয়েছে সেটার ড্রাফ্ট করান। সব মেন্বারের তাজানা নাই। সুত্রাং আমি অনুরোধ করছি, সভাটা আধ-ঘণ্টা দয়া কোরে প্রাণিত করনে।

Mr. Speaker: Mr. Bose, I have heard you. The only thing that I can tell you is this: It is not that—what you suggest—in any event I am going to refuse it. According to the well-known traditions of this House I cannot take any notice of what is going on outside. My principal concern and only concern in this House is the proceeding of this House. If you are embarrassed and if you have not time to consider the amendments, I am willing to take note of it, but what is happening outside the House is a thing which I regret to say that I cannot take note of.

8j. Jyoti Basu: What about my second point—the amendments which the Government intend to move are not with the other members of the House.

Mr. Speaker: I know that certain amendments are being introduced for the first time today and if the members want a little time I can give them fiften minutes—because I know-what the amendment is and fifteen minutes' time should be enough.

81. Subodh Banerjee: Make it half an hour.

Mr. Speaker: Even five minutes should be sufficient.

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: There is only one amendment consisting of four words.

Mr. Speaker: The consideration motion may go on and I will see that you get the suggested amendment within a few minutes.

# Sj. Subodh Banerjee:

আলোচনা চলার আপে প্রস্তাবিত সংশোধনী কথাটা আমাদের ব্রুঝা দরকার।

চিফ হুইপ ও চিফ মিনিন্টার এখানে আছেন। এটা ব্রুঝতে পারছি—গভর্নমেন্ট আমাদের
কতকগ্রিল সাজেসশন এটকসেণ্ট করেছেন। কিন্তু এটামেন্ডমেন্টটা যে কিভাবে আসছে, তা

ঠিক ব্রুঝতে পারছি না।

Mr. Speaker: I will make over the amendment to you in the course of a few minutes.

#### Sj. Subodh Banerjee:

এই বিল সম্পর্কে বহু হাজার ভাই-বোন এসেছে—আমি অনুরোধ জানাছি—সেই সম্পর্কে আপনি একটু নজর দিন। ব্যাপার হচ্ছে কতকগুলি জিনিষ তাদের বুঝাবার দরকার আছে শুধু ফরমালি মুভ করার প্রশন নয়—

It is a question of making them and understand also—অবস্থাটা কি দাঁডিয়েছে।

Mr. Speaker: That I take it that you can do even tomorrow morning.

#### Sj. Subodh Banerjee:

কিন্তু তার। এসেছে—একসংগ্য তারা এসেছে— সেইজন্য তাদের এই সময় বোঝাবার স্ক্রিধা রয়েছে— মাত্র আধ-ঘন্টা সময় দিলেও স্ক্রিধা হয়।

- 8j. Jyoti Basu: The path which I have suggested will save time. You are saying 'let the consideration go on'. Let it go on, I have no objection In that case it will take us till 8 o'clock today, till 8 o'clock tomorrow and the day after. If after having read the amendment I can discuss it with the members on my side I can cut off five speakers from my side.
- Mr. Speaker: I can give you time to discuss the amendment with your party, but about going outside the House and discussing with the people I cannot take notice of what is going on outside the House.
  - 81. Jyoti Basu: You don't take notice but for this give us time.
  - Sj. Jatindra Chandra Chakravorty: Make it half an hour.
- Mr. Speaker: I have thought that fifteen minutes would be enough. If the amendment cannot be made available within a reasonable time I shall see that some more time is given, but I am making it plain to the House that I am not taking notice of what is going on outside.

[At this stage the House was adjourned for half an hour.]

# [After adjournment]

15-45-55 p.m.]

Mr. Speaker: You have had an opportunity to look at the cyclostyled amendment. May I also assume that it is an agreed formula? If that is so, need there be long debates in the House? I am entirely in the hands of the honourable members but if the main point of difference has been solved in discussion with the Treasury bench—I do not know what actually has happened—I take it that the debate may be cut short.

8]. Jyoti Basu: I think the debate will be curtailed no doubt but let it go on and in the meantime we shall find out as to how many people have new points to make because the Act will be in operation for the next one year. Some of the members will be talking on the operation of the Act as that taken place during the last four or five years in order that the Fovernment might get an inkling as to how to operate the Act in the future even with the amendment. As such some of the speeches will go on but I shout that the other thing that was agreed upon is not there—I do not know about that word "ever".....

The Hon'ble Bimal Chandra Sinha: We shall accept your amendment.

8j. Jyoti Basu: All right.

Mr. Speaker: If I am not wrong, clause 7 of the Bill is not going to be pressed by the Government. Am I right?

#### The Hon'ble Bimal Chandra Sinha: Yes.

Mr. Speaker: Will honourable members kindly take note of the fact that clause 7 of the Bill is not going to be pressed by the Government. It is, therefore, going to be virtually struck off. That is the position. So far as the agreed formula is concerned, you have got the cyclostyled copy. The other amendment about "ever" is casual. Therefore, there should not be much discussion about clause 7 and so on which will not be pressed, and a great deal of time will be saved. Let Dr. Ranen Sen speak.

#### Dr. Ranendra Nath Sen:

মাননীয় সভাপাল মহাশয়, খুব দেরীতে হলেও যেটা ইংবেজীতে বলে বেটার লেট দ্যান নেভার। বাইরে যে আন্দোলন হচ্ছে এবং এসেমর্রীর ভেতরে যে প্রতিবাদ উঠেছিল. সেই সম্পর্কে সরকার পক্ষ অবহিত হয়ে নিজেরা একটা এ্যামেণ্ডমেন্ট এনেছেন। এটা অতান্ত সাথের কথা। কিন্তু তাহলেও প্রথমে এই বিলের কয়েকটি বিষয়ে বলা অতানত প্রয়োজন হয়ে পড়েছে শ্রীজগন্নাথ কোলের এ্যামেন্ডমেন্ট-এর পরেও। আমরা সকলে দিন পনের আগে খবরের কাগজে ওয়েন্ট বেঙ্গল গভর্নমেন্টের প্রেস নোট দেখি, তাতে তাঁরা বলেছিলেন--বস্তুতঃ বাস্তুহারাদের এভিকশন-এর জন্য এই বিল আনা হয় নাই এবং কিছ, দুল্ট-বুন্ধিসম্পন্ন লোক, তারাই এই গোলমাল করবার চেণ্টা করছে। এ-কথা সরকারী প্রেস নোট মারফং বলবার দরকার হয়েছিল এই জনা—এটা তখনই তাঁরা অনুভব করেছিলেন যে, এই বিল আসার সঙ্গে সঙ্গে প্রচুর গোলমাল, আন্দোলন বাইরে হতে আরম্ভ করেছে, তথনই সরকারের ভাল করে সংশোধন করে দেখা উচিত ছিল এবং সতািই কোথাও কোন অহেতৃক এভিকশন হবার সম্ভাবনা আছে কিনা সেটা প্রথান্প্রথর্পে বিচার করা উচিত ছিল। মাননীয় মন্ত্রীমহাশয় যে বস্তুতা দিলেন, তার মধ্যে কোন আঁচ দিলেন না সত্যিকারের এভিকশন হবে. কি, হবে না। তিনি তো অতান্ত সহজ, সরলভাবে বলে গেলেন, কিছ,ই পরিবর্তন হচ্ছে না। ন তন করে বিশেষ কিছ, আনা হচ্ছে না যে ল্যান্ড পারচেজ লোন-এর কথা ঢোকান হয়েছে, সেটাও শেষে "অশ্বথমা হতঃ ইতি গজঃ" মত শেষে ছোটু করে বললেন। এটা যে কি মারাত্মক ছিল। শেষকালে যে গভর্নমেন্ট ব্রেছেন। ভাল কথা। কিন্ত এই বিলের সম্বন্ধে শেষ পর্যন্ত গভর্নমেন্ট এ্যামেন্ডমেন্ট আনলেন। এতে করে যদি তাঁরা এটা বোঝাতে চান যে, সত্যিকারের বাস্তৃহারার গায়ে তাঁর। হাত দিতে চাইবেন না, তাহলে আমি বলবো অরিজিন্যাল বিল-এর ছোট্ট একট্ট জায়গায় ছোট্ট একটা এ্যামেন্ডমেন্ট আনলেন কেন? যে ডিসংক্ষেস্ড পার্সন-এর সংজ্ঞা দিচ্ছেন, সেটা একট্র বদলে দিলেই পারতেন! আমাদের অধিকার নাই, অরিজিন্যাল এ্যাক্ট-এর এ্যামেক্রুডমেন্ট দেওয়ার। আমি গভর্নমেন্টের দৃষ্টি আকর্ষণ করছি, এই ছোটু জিনিষের উপর—ডিসপ্লেসড পার্সনস-এর সংজ্ঞা যা করেছেন, পূর্ববঞ থেকে বারা এসেছেন, বারা—

arrived in West Bengal on or before the 31st day of December, 1950.

যাঁদের সেই বাস্ত্হারাদের কথা সমরণ আছে, তাঁরা বলবেন ১৯৫০ সালে যখন সবচেরে বেশী বাস্ত্হারা আসতে থাকলো, তা আসা শেষ হয়ে গেল না। প্রবিশেগ যে গোলমাল হয়, পশ্চিমবংগ যে গোলমাল হয়, তার ফলে ১৯৫১ সালেও লোক এসেছে এবং তার পরবর্তী যুগেও এসেছে। এই আইন অনুসারে আমরা ব্রুবো, তাঁরা ডিসংশ্লেসড পার্সন্স-এর সংস্কার্থা করেছেন তাতে ১৯৫১-৫২ ও ১৯৫৩ সালে যাঁরা এসেছেন, তাঁদের ডিসংশ্লেসড পার্সন্স বলে গণ্য করা হবে না। এবং তাঁরা যদি কলোনী করে থাকেন, সেখানে বাড়ী করে বাস করতে থাকেন, তাহলে তাঁরাও উংখাত হয়ে যাবে। এই কি এর মানে পরিষ্কার হয়ে বেরোয় না? তাহলে আমি বলবো শতকরা ৫০ ভাগ ডিসংশ্লেসড পার্সনসদের তাঁরা টেক্রনিক্যালি ডিসংশ্লেসড পার্সনস বলছেন না। তাঁরা বাদ পড়ে যাছেন, ফলে শ্বিত্তীয়বার তাঁরা ডিসংশ্লেসড হয়ে যাবে। স্ত্রাং সরকার যখন এতই আগ্রহী হয়েছেন, তখন মাননীয় মচনীমহাশয়কে অনুরোধ করবো এই ডিসংশ্লেসড পার্সনস-এর সংস্কাটা আর একট, বাড়িয়ে দিন। আমি বলছি না—১৯৫৬-৫৭ সাল পর্যান্ত করে দিন। তবে আরো যাদ কয়েক বছরের মত বাড়িয়ে করে দেন, তাহলে কয়েক লক্ষ্ক বাস্ত্হারার প্রবাসনের বাবস্থা করতে পারবেন। এটা আমি জোরের সংশ্য সরকারের দ্ভিতৈে আনছি। নতুবা যেটা এয়ামেন্ডমেন্ট করলেন, তার উদ্দেশ্য সম্পূর্ণ বার্থ হয়ে যাবে।

দিবতীয় কথা বলতে চাই, সেটা খ্ব ভাল করে সরকারের মন্টাদের বোঝা দরকার। ১৯৫১ সালের আইনকে বাড়াতে বাড়াতে এডদ্রে পর্যন্ত এনেছেন। আজ ১৯৫৭ সাল যখন এলো, তখনো কিন্তু এদের আইন অনুসারে পুনর্বাসন হ'ল না। আমি শুধু একটা ঘটনা এখানে উপস্থিত করছি। 'সতীন সেন পল্লী' বলে একটা পল্লী আছে, ৯৮, মানিকতলা শ্বেল রোডে বাস্তুহারা একটা কলোনী প্রতিষ্ঠা করে। সেটা গভর্নমেন্টের রিকুইজিসন্ড বাড়ীছিল। গভর্নমেন্টেরে (?) ভাড়া দিল তারা। গভর্নমেন্ট তাদের কিছ্, দিন কাশে-ডোল দিলেন। তারপর আর কিছ্, পেল না। তাদের আর পুনর্বাসনের কোন কথাও হ'ল না। ১৯৫২-৫০ সালে তারা গভর্নমেন্টের কাছে গেল। তখন গভর্নমেন্ট থেকে বল, হ'ল, আগে কাম্প বিফিউজীদের বাবস্থা হোক, তারপর কলোনী রিফিউজীদের বাবস্থার কথা দেখা যাবে। ১৯৫৩-৫৪ সালে গ্রীমতী রেণ্কো রায়, গ্রীমতী প্রবী মুখার্জনী, গ্রীম্তুর বীজেশ সেন প্রভৃতিব কাছে তারা আবেদন নিবেদন করলো। অবশেষে ১৯৫৭ সালে তাদের বিষয় একটা এনকোয়াবী হলো, এ, আর ও, গেলেন। এই এনকোয়ারীব পরে তারা একটা নোটীশ পাছে পনের দিন পরে ছেড়ে যেতে হবে। এই অম্ভূত নোটীশেব কিছুটা আমি এখানে পড়ে দিছিছ

Government of West Bengal, Office of the Controller, Refugee Relief and Rehabilitation Department Memo. No. 12246C.R.R., dated 22nd June 1957, addressed to Sailendra Nath Bose, 98 Manicktolla Main Road.

You are occupying a portion of the premises number such and such as a displaced person from East Fakistan as trespasser. You are, therefore, requested to vacate the premises now occupied by you and to remove yourself with your family to the portion of the premises under the Ganguly Bagan Housing Scheme within fifteen days from receipt of this letter. এইরকম দেড়শো পরিবার, তারা নিজেদের চেণ্টায় সেখানে বসবাস করছে। তাদের উপর নোটীশ হলো! তারা কার জমিতে আছে? শীল ভেটের উমেশ শীলের জমিদারীতে তারা আছে। আমরা বারবার বলেছি, গভনমেন্টের সমস্ত প্রচেণ্টা চলে কায়েমী স্বার্থদের স্ক্রার জনা। এই যে আইন তারা এনেছেন, এই আইনে যে স্ক্রার্থা বাস্ত্হারারা পেতে পারতো, তা পেল না। কারণ তাদের একমাত চিন্তা হচ্ছে কি করে কায়েমী-স্বার্থদের রক্ষা করা যায়। বাস্ত্হারারা যে ভূয়ালকা ও ভাপা্রের জায়গা-জমি দথল কবে বসে আছে, তাদের সেই জমি রক্ষা করবার জন্য এই বিলে ব্যবস্থা করা হয়েছে। অথচ বলা হয়েছে, ছোট ছোট জমির মালিক মধ্যবিত্ত, তাদের স্বার্থ রক্ষার জন্য এই কাজ করা হছে। কিন্তু ছোট ছোট জমির মালিক, তারা বহ্ জায়গায় ক্ষতিপ্রণ চেয়েছিল, গভনমানেটের মারফং দরখাস্ত করেছিল। তারা বলেছিল আমাদের এমন একটা ব্যবস্থা করে দাও বাতে আমরা অন্তড্ঞ

জ্ঞামর দাম পাই। সে বিষয়ে গভর্নমেন্টের ছোট মালিকদের ব্যাপারে কোন আগ্রহ হয় নাই। গভর্নমেন্ট বারবার কথা তুর্লোছলেন, মুসলমানদের কথা। সেই মুসলমানদের সঙ্গো ধ্রুন্তি করে, সমঝোতা করে বাস্তৃহারা সমস্যার একটা ব্যবস্থা করে দেবেন। তাও গভর্নমেন্ট ১ বছরের মধ্যে পারেন নাই। শুধু যে তারা পারেন নাই, তা নয়, সেই অজ্বহাতে লায়ালকা ভূয়ালকা, বাশ্যুর, তাদের স্টেট রক্ষার জন্য সরকার উঠে পড়ে লেগেছেন।

তারপর সরকারের দূর্ণিট আকর্ষণ করতে চাই, তাঁদের কন্দেপনসেশন ক্লজ সম্বন্ধে। কদ্পেনসেশন ব্যাপারে এ্যামেশ্ডমেন্ট কিছ্ উঠছে কি না, ব্রুতে পারছি না। আমরা কোন এ্যামেন্ডমেন্ট প'ই নাই। পরোনো কথার প্রনরাবর্ত্তি করে বলতে চাই—১৯৫০ সালের পরে यादा करलान के करत्राह, अथवा शाउँम रुकायागेर्म आर्घ, जाएन कि कस्प्रनासमन पिरंज शर्द ? তারা কি উৎখাত হয়ে যাবে? তাদের যদি কিছ্ কম্পেনসেশন দিতে হয়, তাহলে ১৯৫০ সালের আগ পর্যন্ত বাদ দিলেও বাস্তহারাদের যে কম্পেনসেশন দিতে হবে, তার পরিমাণ প্রম ৩।৪ কোটী টাকা দাঁডায়। দরিদ্র বাস্তহারা, যারা ক্যান্সের মধ্যে রয়েছে, তাদেরও যদি এই কম্পেনসেশন দিতে হয়, তাহলে সেই টাকার পরিমাণ আরো বেড়ে যাবে। তবে সেটা এখনো তাঁরা চিন্তা করছেন না। গভন মেন্ট যথন একটা এামেন্ডমেন্ট উপস্থিত করেছেন. তম্বন এই কম্পেনসেশন সম্পর্কেও পরিজ্ঞার বলা দরকার। কেন না. এটা একটা গ্রেরতর ন্যাপার। এ বিষয়টা গভর্নমেন্টের দ্রিটতে আনতে চাচ্ছি। এই বিলের আওতায় হাউস ম্কোয়াটারসও পড়বে। কয়েক হাজার এই হাউস স্কোয়াটারস এই কলিকাতা শহরে, বাংলাদেশে হয়ত কয়েক লক্ষ হবে। মানিকতলার পূর্বাণ্ডলে কয়েকটী হাউস স্কোয়াটারস আছে। বিরাট পরিত্যক্ত বাড়ীতে, যেখানে পনের আনা বাড়ীর মালিকানা মুসলমানদের হাত থেকে হিন্দু: ভাইদরে হাতে এসেছে। মুসলমান ভাইরা যথন ব্রুতে পারলো যে, গভর্মেণ্ট তাদের প্নর্বাসনের বাবস্থা করলেন না, তথন তারা ধীরে ধীরে হিন্দু জমিদার, হিন্দু বাড়ীওয়ালার হাতে সেগলো তুলে দিলো। আমার ব্যক্তিগত অভিজ্ঞতা আছে। প্রায় বার-আনা বাড়ী এই রকমভাবে হিন্দুদের হাতে গেছে, সেখানে বাস্তুহারাদের প্নর্বাসনের ব্যবস্থা গভর্নমেন্ট করেন নাই। এই আইন অনুসারে গভর্নমেন্ট বলেছিলেন যে এই হুকুম দেওয়া হচ্ছে যে. ল্যান্ড পার্চেজ লোন দেওয়া হবে।

#### [5-55—6-5 p.m.]

**ল্যান্ড পার্চেজ লোন তাঁ**রা পান নি, এ-কথা শ্রীমতী প্রবী মুখারজী অস্বীকার করতে পারবেন না। বাগমারী ও ম্রারীপ্রকুর অণ্ডলে ৯০টি পরিবার দরখাস্ত করেছিল. ৪১টি পরিবার পেয়েছেন আর ৪৯টি পরিবার পেলেন না, টাকাটা মারা গেল। এইরকম কত লোক দরখাসত করেছিল, কিন্তু বেনামী হওয়ার দর্ন টাকা মারা গেল। তারপর, প্রানে ভাগ্যা-বাড়ী বর্ষার সময় ভেসে যায়, উদ্বাস্ত্রা এইসব বাড়ীতে থাকতে পারেন না। অথচ গভর্নমেন্ট থেকে বলা হবে আম্বরা তাদের প্রবস্থানর ব্যবস্থা করেছি। ডিসপ্লেসড পার্সনসদের সম্বন্ধে তাঁদের যে কর্তব্য তা পালন না করে তাদের অধিকার এভাবে খণ্ডন করা হয়েছে। প্রবল বর্ষা গেল, বর্ষার সময় মুরারীপুকুরের ৫০০ পরিবার ও বাগমারীর ৪০টি পরিবার দরখাস্ত করেছিল, কিন্তু দুঃখের বিষয়, আমাদের সরকার তাদের জন্য কোন বন্দ্যেবস্ত করেন নি। এখন গভর্নমেন্ট এভিকশন-এর ব্যবস্থা করছেন। ১৯৫০ সালের উম্বাস্ত্রদের কথা ওঁরা খুব বল্লেন, কিন্তু পাঁচ হাজার পরিবার এইরকম অবস্থায় রয়েছে। এই বিলের যে সংশোধন আগে হয়েছে, এবং বর্তমানে যে এয়ামেন্ডমেন্ট করছেন, তাতে তাঁরা বাঁত্রার পথ পাচ্ছেন না। মন্দ্রীমহাশয় বলবেন, এই ব্যাপারটা এর মধ্যে আসে না। মশ্বীমহাশয় বলে দেবেন, এই আইনের সীমাবন্ধতা সহজতর করা হচ্ছে, কিন্তু আমরা জানি ঠিক উল্টোই হচ্ছে। এই আইন হ'লে আন-অধোরাইজড উম্বাস্ত্রাও কিছ, পাবেন দরখাস্ত कर्ताल: किन्छु आहेरनद कान जायुगाय नाहे त्र कथा। आहेरन आएड अधिमाद किन्निएटेन्टे কোর্ট-এ দরখাস্ত করতে পারবেন। অনেক এ-কথা সে-কথা ব'লে একটা অস্কৃতিধার সৃষ্টি করা হচ্ছে। উম্বাস্তুরা ভাষ্গা-বাড়ীতে থাকতে চায় না, মুসলমানের বাড়ী দখল করে ররেছে ইত্যাদি নানারকম অজ্বহাত দেখিয়ে আজকে একটা ঝামেলার স্টিট করা **হচ্ছে।**  আমি এদিকে গভর্নমেন্ট-এর সতর্ক দৃষ্টি আকর্ষণ করছি। তারপর যে এ্যামেন্ডমেন্ট হয়েছে, সেই এ্যামেন্ডমেন্ট থাকা সত্ত্বেও আরো কয়েকটা কথা আনতে যাচ্ছেন, এ-কথা আগে কোন কোন বস্তা বলেছেন। আজকে গভর্নমেন্ট কম্পিটেন্ট অথরিটি দেখিয়ে বলছেন, কম্পিটেন্ট অথরিটি আছে, আইন আছে। কিন্তু তাঁদের হাত থেকে ক্ষমতা কেড়ে নিয়ে নেওয়া হয়েছে। গভর্নমেন্ট-এর হাতে ক্ষমতা নিয়ে আসা হছে। আজকে ৬ বছরের উপর হ'ল এ-সম্বর্দেধ আমরা বহু অভিযোগ নানারকমের শ্নে আসছি। এটা কোন গভর্নমেন্ট করতে পারে না আমাদের সরকার ছাড়া। অরিজিন্যাল এয়াস্ট ৪-এ সমস্ত ধারায় পরে আজকে দেখাছেন—

Or a land purchase loan on prescribed terms and conditions and of amount suitable for him in the opinion of the State Government.

আশ্চর্য্যের ব্যাপার, কি হবে সেটা ন্টেট গভর্নমেন্ট ঠিক করে দেবেন। ছোট ছোট ব্যাপর ল্যান্ড পার্চেজ লোন ইত্যাদির আইনটা এক্সটেড করার দরকার এটাই সমস্ত গভন মেন্ট বাড়িয়ে দেবেন কেন? এটা কেন আপনারা কম্পিটেন্ট কোর্ট-এর হাতে দেবেন না? এটা আনবার কোনই দরকার ছিল না। সত্তরাং আমি বলছি, গভর্নমেন্ট-এর দিকে দুন্টি দেবার দরকার। এইরকম করে সম্পূর্ণ অধিকার গভর্নমেন্ট, একটা বুরোক্রেটিক আওতার মধ্যে নিয়ে এলেন। এতে অনেকরকম দ্বনীতি প্রকাশ পাবে, আমাদের আশৎকা, কিন্তু আমাদের ডাঃ রায় বলছেন তাতে দুর্নীতি রোধ করা হবে। আশ্চর্যা। সূত্রাং এদিকেও গভর্নমেন্ট-এর দেখা দরকার। আমি আরেকটা পয়েন্ট এখানে বলতে চাই। গভর্নমেন্ট এখানে একটা সত্র প্রচার করছেন, ডিসপেলসড পার্সনিস, রিফিউজী সম্বন্ধে। যারা ১৯৫০ সা**লে**র পর এসেছে, তারা রিফিউজী হিসাবে এগ্রিল পাবে না। ডিসপেলসড হ'লেও পাবে না। অর্থাৎ ন্তন ডিসপেলসড, ন্তন রিফিউজীরা, তারা ন্তন হবার দর্ন এই স্বিধা পাবে না। এই এামেন্ডমেন্ট ন্বারা হাতে ক্ষমতা নেবার পূর্বে আমি তাঁদের এটা ভাল করে চিন্তা করে দেখতে বলি। আমার শেষ কথা যেটা এখানে উপস্থিত করতে চাই সেটা হচ্ছে আমবা বিরোধী দল থেকে সমালোচনা করি ব'লেই যেন তাঁরা এই জিনিসটা এভাবে দিবধা ও সংশ্যের মধ্যে না রেখে 'ডিসং'লসড পার্সনিস'-এর সংজ্ঞা কি হবে তা গভীরভাবে চিন্তা ক'বে ঠিক করেন। স্কোয়াটার্স দের বিষয়টাও যেন একবার চিন্তা ক'রে দেখবেন। ল্যান্ড পার্চেজ লোন তারা এখন পাচ্ছে না, ভবিষ্যতে তাদের পাইয়ে। দেবার ব্যবস্থা করা যায় কি না চিন্তা কর্ম। ব্রোক্তেসীর সমতা ক্ষমতায় প্রলাব্ধ হবেন না : ব্রোক্তেসীর হাতে ক্ষমতা ছেড়ে দিয়ে নিশ্চনত হবেন না। যদি প্রকৃতই লোন দেন, আগামী অক্টোবরেই এটা কার্য্যকরী কর্ম, ব্রা সময় নন্ট করবেন না। সেদিন শ্রীমতী পরেবী মুখাজী গেয়ে গেলেন জমি নাই। রণেনবারের মুহতক থেকে জুমি না থাকলে জুমির বাবস্থা হতে পারে না। সুত্তি কথা! তবে ইংলণ্ড থেকেও জমি আনবার দরকার হবে না। এখানে যে জমিতে স্কোয়াটর্সরা রয়েছে, তাতে ইংলন্ড থেকে মদতক আনবার দরকার হয় না। এই এসেমরীতে তিনি যেন দায়িছের সংগ্র কথা বলেন। এবং সত্যিকারের রিফিউজীরা এভিক্টেড না হয়ে যায় সে-কথা চিন্তা করে দেখানা।

8j. Sudhir Chandra Ray Choudhuri: Mr. Speaker, Sir, I would like to say a few words over the amendment that has just been circulated in the name of the Chief Whip of the Government. Sir, I do not find any difference whatsoever between what was originally in the Bill and what it comes to after the proposed amendment. Sir, there was the alternative there—"or a land purchase loan on prescribed terms and conditions and of amount sustable for him in the opinion of the State Government". He could have a land or in the alternative he could have a loan for getting a land and Sir, in between these alternatives I cannot yet follow what is the necessity of this option—"at the option of the displaced person"—that option is there.

The Hon'ble Siddartha Sankar Roy: Dr. Ghosh says that it was not there.

8]. Suchir Chandra Ray Chaudhuri: Dr. Ghosh probably thought that the language does not fit in. What Dr. Ghosh wanted was that there should be some amount of option in the matter of eviction—not in the matter of either getting land or getting a loan for the land. Government is bound to give him either of the two. What benefit do they derive by this amendment—that is the question. Dr. Ghosh wanted that so long as the loan is not available there should be some protection to the displaced person against eviction, if I have understood him correctly.

Now, Sir, another thing that we find lacking in the Bill is that a squatter has built a house at his own cost on others' land. Sir, what provision has been made in this Bill for his protection? There are hundreds and thousands of cases like that. He has first occupied the land in an unauthorised way. After that, he with his own money or money taken on loan has built a small house on that particular land. Sir, is there any provision in the Bill to compensate him? No; I do not find any. You may give him loan for land, or loan for house, but what about the money that he has already spent for building a small house on his unauthorisedly occupied land? Some sort of a provision has to be made if you are really serious to evict the displaced persons. We are not for a compromise to be bluffed or to be hoodwinked by the Government, because we know that by the weight of their majority they will carry whatever they bring before the House. We cannot stop it. We are only trying to minimise the hardships, if possible, by way of some agreed amendment, so that some relief can be given to the poor refugees. But in my view, Sir, that is not going to be. There will be no protection to these people in any shape whatsoever. This Bill, as it has already been remarked by many speakers before me, has been only brought to evict the poor refugees for the benefit of big land-owners.

[6-5-6-15 p.m.]

# Sj. Jyoti Basu:

স্পীকার মহাশয়, এই বিল সম্বন্ধে বলতে গিয়ে প্রথম আমি বলতে চাই যে, আমি জানি না কেন এরকম একটা গরেছপূর্ণ আইন যখন আলোচনা করবার জন্য আমাদের কাছে রাখা হয়েছে, তখন একবার আগে থেকে বসে একটা আলোচনার বাবস্থা সরকার পক্ষ থেকে করা হয় নি। অথচ সরকার জানেন যে, এই বিল সম্বন্ধে কিরকম তীব্র প্রতিবাদ বাস্ত্হারাদের মধ্য থেকে উঠেছিল এবং আমরাও এই বিল ১৯৫১ সালে যথন এথানে আসে, তাদের সঙ্গে একমত হয়ে ঐ প্রতিবাদে যোগ দিয়েছিলাম। সরকারের হয় ত মনে থাকতে পারে সে সময়কার বহু পুরান প্রসিডিংস পড়লে মনে পড়বে যে, সে সময় দিনের পর দিন এই বিলের আলে চনা হয়েছে এবং এখানে এবং হাউস-এর বাইরে সেই প্রতিবাদ সংঘটিত হয়েছে, সাধারণ মান,ষ ও বাস্তৃহারাদের শ্বারা। এটা জানা সত্তেও হঠাৎ একটি বিল আনা হ'ল। আমি <u>ज्यवंशा काम एथरक रुष्णो कर्ताह्रमाम यार्ज करत मन्त्रीपनत সংभा जात्माह्रमा करत किছ्य करा</u> স্বায়। কাল কাউকে কাউকে পাওয়া যায় নি, ধরা যায় নি। যাইহোক, আজকে আমরা আলোচনা করবার পর দেখলাম যে, অন্ততঃ দ্ব'-একটা ব্যাপার সরকার জানতে পারেন। প্রথম সেইগ\_লি সন্বন্ধে আমি বলি, তারপর এই বিল সন্বন্ধে আমার মূল কথা বলব ষে সংশোধনী আমার আছে এই বিলে সে সম্বন্ধে বলব। আমরা আলোচনা ক'রে দেখলাম ষে, একটি ধারা সেখানে পর্লিশের ক্ষমতা নেওয়া হয়েছে. সরকার পক্ষ থেকে বাস্তহারাদের উঠাব'র জনা জবরদখলী কলোনী বা এলাকা থেকে এটা আসলে দেখা গেল রিভান**ভেন্ট**। এমন নয় যে একটা খুব বড ভিং আমাদের হ'ল। কেন যে এটা সংযোজিত করা হয়েছিল সেটি আমি ব্যুতে পারছি না এবং আমার এতে মনে হয়েছিল এই ক্ষমতাটা তো এখনও আছে। এখনও যে এ।। ইইন অপারেশন, এই এ।। ই-এর মধ্যে এমন ক্ষমতা আছে যাতে ক'রে প**ুলিশ বাবহার করতে পারেন—করবেন কি করবেন না সে সরকার পক্ষ থেকে ঠিক করবেন।** আমি স্বভাবতঃই বলব খুব প্রয়োজন পড়লেও করবেন না, কারণ, লাঠি মেরে এ সমস্যার

সমাধান হয় না। এইসব ব্রে-শরুনে আমাদের সাহায্য নিয়ে যদি আপনারা কাজ করেন বা বাস্তহারাদের যে সংগঠন আছে, তাদের সাহায্য নেন, তাহলে হয় ত আপনারা কিছু জায়গা र्थानि कतरु भातरुन, किছ, लाकरक वजारु भातरुन, किছ, लाकरक উঠारु भातरुन, जारुमत বিকল্প ব্যবস্থা হয় ত আপনারা করতে পারবেন। কিন্তু করবেন কি না করবেন সেটা র্ভাবষাতের ব্যাপার, আপনাদের উপর তা নির্ভার করছে। সেটা আপনারা ভেবে দেখবেন। কিন্ত আমি স্লাবারও বলছি, এটা রিডানডেন্ট—কোন প্রয়োজন এর ছিল না। এতে একটা रान—मतकात या •मरनरहर এवং वरलरहर এটা তাঁরা রাখবেন না; এটা উঠে গেল, ভাল হ'ল কিন্ত সকলে এতে দেখেছি সেখানে একটা ব্যাপক বিক্ষোভ দানা বে'ধে উঠেছিল, এটা বিভিন্ন জায়গায় আমরা দেখেছি, কাজেই এটা উঠিয়ে নিয়ে ভাল করেছেন। দ্বিতীয় কথা হচ্ছে যেটা সুধীরবাব, বলেছেন—উনি আইন ব্যবসা করেন, ওঁর কথা মনোযোগ দিয়ে শুনতে হয়: আমরা যারা ডাঃ রায়ের কাছে গিয়েছিলাম এবং মন্ত্রীদের সঙ্গে অংলোচনায় গিয়েছি আমরা কেউ আইন ব্যবসা করি না সূত্রাং সুধীরবাব যা বলেছেন, সেদিকে সরকার পক্ষ থেকে এবং জ্রতিসিয়াল মিনিন্টার-এর নজর দেওয়া উচিত। আমাদের সঞ্<mark>গে আলোচনার সময়</mark> একট জিনিষ ওঁরা মেনেছেন, কিন্তু সেটার ভাষায় যদি কারও মনে হয় অর্থ ঠিক হচ্ছে না, ঐ জায়গা िर्वक करालन ना त्य कार्यगार करालन स्त्रथान এल कान भारन शुष्क ना, अर्था९ भूति या ছিল তাই থেকে যাচ্ছে। নিশ্চয়ই এখনও সময় আছে, আজকেই আমাদের বিল শেষ হচ্ছে না। নিশ্চয়ই স্বকার পক্ষ আমাদের ঠকাবার জন্য আমাদের স্থেগ এক্ষত হন নি। মন্ত্রীমহাশয়কে তাই জিজ্ঞাসা করব আলোচনার সময় তিনি ছিলেন আমিও ছিলাম আমি ঠিক ব্যুবতে পারি নি উনি সেটা যেন পরিষ্কার ক'রে বলেন। আপনারা সংশোধনী এনেছেন-প্রোন যে অটেন আছে তাতে আগে ছিল চার নন্বর ধারায় আছে যে, একজনের জমি জবর-দথল করে বুসেছেন, কোন বাস্তৃহারা তাকে যদি হঠাং উঠাতে চান, তাকে কোথাও সংটেব'ল ল্যান্ড দিতে হবে। যে জমি থেকে তিনি যে ব্যবসা-বাণিজ্য আগে করতেন, সেগালি ঠিকমত করতে পারেন।

# [6-15-6-25 p.m.]

যে জমি থেকে তারা ব্যবসা-বাণিজ্য করত, সেগরিল তারা সেইভাবে করতে পারবে। এ সোজা কথা এবং কম্পিটেন্ট অথরিটির উপর এই ভার ছিল, এই জমি দেওয়ার ভার। কম্পিটেন্ট অর্থবিটি সরকারেব কাছে লিখতেন যে, এইরকম ক'জনকে দিতে হবে। সরকার জায়গা যা দেবেন সেটার সম্বন্ধে বিচার হ'ত যে, এটা ঠিক জায়গা, কি বেঠিক জায়গা। তথন বিরোধীর মত প্রীকার ক'রে আইন করেছিলেন, যথন মনে হয়েছিল যে, অন্ততঃপক্ষে আকস্মিকভাবে যারা দলে দলে বাস্তৃহারা হয়েছে. তাদের কোন জবর-দথল জায়গা থেকে উঠিয়ে দেওয়া সরকারের পক্ষে কঠিন কারণ, ঐরকম জায়গা যদি সুটেবল হয়, তাতে পুনর্বসতি কর্ন আপুত্তি নাই, আরু সুটেব্ল ল্যান্ড না হ'লে আমরা বলেছিলাম যে, ওঠাতে পারবেন না। এবার যে ন্তন সংশোধন করা হ'ল, তাতে বলা হ'ল যে, ল্যান্ড তোমাদের দিতে পারছি না, সেইজন্য ওঁরা বললেন "অর ল্যান্ড পারচেজ লোন", অর্থাৎ আমরা যদি জমি না দিতে পারি লোন দেব, এবং সেই লোন নিয়ে তোমরা ঠিক করবে, সেটা সরকার ঠিক করবেন না যে, কোথায় সে জুমি সেটা আরু কম্পিটেন্ট অর্থারিটির হাতে নাই। সরকার লোন দেবেন আর বাস্তৃহারাদের দায়িত্ব হ'ল সেটা দেখা। তার মানে হ'ল আমরা লোন দিচ্ছি তোমাকে ৫০০ টাকা, তুমি যেখানে খুসী যাও. তোমাকে জমি দিতে পারব না, তুমি যেখানে খুসী গিয়ে ভূমি কেন। এটার আমরা তার বিরোধীতা করেছিলাম। এটা যদি থাকত তবে স্বেচ্ছায় টাকা নিয়ে জমি ছেডে তাঁরা চলে যেতে চাইবেন, নিজেরা ব্যবস্থা করে নেবেন। শ্রীবিমল সিংহ মল্টীমহাশ্য যখন এই বিল আনেন তখন তিনি যে হিসাব দিয়েছিলেন, তাতে বলেছিলেন যে, বাস্তৃহারাদের ওঁর কাছে এগ্যন্তিকশন আছে যে, টাকা দিলে অন্য কোথাও বাবস্থা ক'রে নিতে পারবেন। এইরকম থাকলে তাঁরা সরকারকে জমি ছেড়ে দিন, অন্য কোথাও গিয়ে টাকা নিয়ে জিফ কিন্ন, তাতে আমরা আপত্তি ক'রব না। কিন্তু অন্য বাস্তৃহারারা বলছে আমরা আসলে জমি কোথায় পাব? সরকার ত বলেছেন 'জমি নাই'; সেখানে আমাদের অসূরিধা হবে। সেইজন্য "অর" যদি দেওয়া থাকে জমিটা পাব না, আমাদের কতকগর্মিল টাকা দিয়ে বলর্বেন 'তোমরা সরে পড়'। সেইজন্য আমাদের ভীতির সঞ্চার হরেছে।

সেট। সংশোধন করবার জন্য আমরা সরকারকে বলেছিলাম এবং সুবোধবাব রও সে সম্বন্ধে একটা এ্যামেণ্ডমেণ্ট আছে; সেটাও নেওয়া হয় নি। রিফিউজীরা যদি স্বেচ্ছায় জমির বদলে ধার শরকার খেকে নেন, জমি কেনার জন্য, তাহলে তাঁরা নিতে পারেন। স্বেচ্ছায় যদি কেউ না দেন, জোর কোরে তাদের উপর চাপিয়ে দিতে পারবেন না যে, এই টাকা তোমায় দেব, তুমি নিয়ের সরে পড়। এই ছিল উদ্দেশ্য। জোর ক'রে কারও উপর টাকা চাপিয়ে দেওয়া হবে না। र्याम धोका ना एमन, তাকে ঐরকম উপযুক্ত জমি দেবার চেণ্টা করবেন। কম্পিটেণ্ট অর্থারিটি আগে যেরম ছিল তা করা প্রয়োজন। সরকার বলছেন যেরকমভাবে আইন হয়েছে, তাতে এটা रत ना। कम्लिएंग्रे अर्थातीर्धे किছ रे कतरू भातर्य ना अत्रकात्रे ठिक कतर्यन कान जायुगा কোন বাস্তৃহারাকে দেবেন। এইট্রকু ব্রেছে সরকারের সঞ্গে কথাবার্স্তায়। এটায় আমরা মত দৈতে প্লারি না। কিন্তু এই ব্যাপারে আমরা একমত হয়েছি যে, যদি কেউ লোন না নেন তবে তাকে জোর কোরে লোন দেওয়া হবে না। এই নিয়ে আমরা আলোচনা করেছিলাম এবং ংসই আলোচনায় সুধীরবাব, ছিলেন না। কিন্তু সেটা যে কার্যাকরী হচ্ছে না, আসলে ফাঁক একট, আছে এটা নিশ্চয় বলব, আর স্পেনার কারণ সরকার পক্ষই বলবেন। আমাদের মোটামটি এই এগ্রিমেন্ট হয়েছে। তা ছাড়া একটা 'এভার' কথা ছিল, সেটা বড় কথা নয়: সরকার সেটা মেনে নিয়েছেন। আমি আজ তার ভিতর যাচ্ছি না। এখন আমার মূল কয়েকটা কথা কাব। যেরকমভাবে আইন এল এবং যেরকমভাবে আলোচনা হ'ল তাতে হঠাৎ অম্মরা দেখলা য, দুই-একটা এ্যামেন্ডমেন্ট সরকার পক্ষ গ্রহণ করেছেন, আর দুই-একটা মানলেন আংশিকভাবে, পুরা মানলেন না। তাতে মনে হবে যে, আমরা বিরোধী দল এবং সরকার পক্ষ একমত হয়ে একটা আইন এনেছি। ব্যাপারটা কিন্তু তা নয়। যদি এরকম মিসআন্ডারন্ট্যান্ডিং কারও মনে থাকে, তবে তা দূরে করে দেওয়া ভাল। কারণ, ব্রুতে হবে যে এ আইন আসবা চাই নি। এ-কথা ঠিক নয় যে, এ আইন আমাদের সঙ্গে আলোচনা ক'রে আনা হয়েছে। ১৯৫১ সালেও চাই নি, আজও চাই না। আমরা চেয়েছিলাম অন্যভাবে বাস্তৃহারা সমস্যার সমাধান। আমরা চেয়েছিলাম যে, জবর-দখল কলে।নী, যারা জীম দখল ক'রে রয়েছে, তারা জবর-দখল ব'লে নয়, সেটা অনাভাবে মালিকের সংগে পরামর্শ ক'রে ঐ সমস্যার সমাধান ক'রে সেটা দথল করতে। ওদের সঙ্গে যদি অন্যভাবে মিটমাট হ'ত সেটা ভাল হ'ত। কিল্ড সরকার জোর ক'রে একটা আইন এনেছেন, এবং সে আইন কার্যাকবী করতে গিয়ে অনেক বসম অস্বিধা হচ্ছে। সেইজন্য আমরা যথন জানি যে, সরকার যে এটা পাশ ক'বে দেবেন, এ-বিষয়ে সন্দেহ নেই, কেন না, ওঁদের মের্জারটি আছে—সেইজন্য আমরা দেখছি যে, কতটা এর হাত থেকে বাস্তৃহারাদের বাঁচান যায়, এবং মন্দের ভাল কতটা করা যায়—বিশেষতঃ যেসব ধারা নিয়ে তাদের সংগে আমাদের একমত হওয়া সম্ভব হয় নি সেগালি সম্বন্ধে। আর দুই-একটা ধারায়ও আমরা একমত নই। এই কম্পেনসেশন আদায়ের ব্যাপারটা পার্বালক ডিম্যান্ডস রিকভারীর" মধ্যে আনায় আমরা একমত হ'তে পারি না। কারণ টাকাটা তারা কি কোরে দেবে? 'পাবলিক ডিম্যা'ডস রিকভারী' আইনে তাদের কাছ থেকে জোর ক'রে নিতে পারেন কিল্পু টাকা তাদের নেই, তারা দিতে পারবে না। তারা সেই কম্পেসেশন-এর টাকা যদি না দিতে পারে এবং তাদের যদি অপ'ণ-পত্র দিয়ে থাকেন, আর তাদের মেনে নিয়ে থাকেন, তাহলে আবার তারা বিতাড়িত হ'তে পারবে না। সে বিপদও আছে। এই বিপদের কথা সরকার চিন্তা করছেন না। এই দুটো বিপদের কথা ব'লে তারপরে বলব যে, ১৯৫১ সালে ষে লেখালেখি হয়, সেগ্নলো খনলে দেখলে দেখনে যে, আমরা বারে বারে বলেছি যে, এদের মধ্যে ডিফারেনসিয়েশন করতে হবে, যারা জবর-দথল করে অর্থাৎ অন্য লোকের জমিতে বাস্তৃহারারা আছে, সেখানে সেই লোককে জমি ফেরত দিতে হবে। আমরা সেখানে বলেছি যে, এথানে কিছ্, ডিফারেনসিয়েট করতে হবে। যাদের নিজের প্রয়োজনে খুব বেশী জুমির দরক্রের নেই, আর যারা অলপ-বিত্তশালী, সাধারণ মান্ত্র, যাদের জমিতে বাস্তৃহারারা বসেছে, তারা মুসলমান হতে পারে, অমুসলমানও হতে পারে, হিন্দু হতে পারে, খ্টান হতে পরে, তাদেরই জমি ফিরিয়ে দেবার কথা > হচ্ছে প্রথম কথা। তাদের কম্পেনসেশন দেবার কথা সর্ব-প্রথম কথা: কিন্তু দ্বংখের বিষয় সরকার সেভাবে সমস্যাটা দেখছেন না। ওঁদের কাছে লক্ষপতি জমিদার, বড় বড় মাড়োয়ারী, যারা জ্ঞালের মধ্যে জমি কিনে রেখেছিল, আর যারা কুষক, যার দশ বিঘা, পাঁচ বিঘা জমি ছিল এবং তার উপর বাস্তৃহারা এসে বসেছে, এক

কথার ওরাও যে তাই, অর্থাৎ বাস্তৃহারার মত। আমরা তাই বলেছিলাম এরকম করবেন না; আসন্ন আমরা এক সপ্লে বিস এবং আপনারা একটা লিণ্ট তৈরী করবেন। আমাদের লিণ্ট তৈরী করবের মত সরকার তথন কোন ফিগার দিতে পারেন নি। কতজন ম্সলমানের জমিতে বসেছে, কতজন গরীব পশ্চিম-বাংলার অধিবাসীর জমিতে বসেছে, কতজন বড় লোকের জমিতে বসেছে, এরকম কোন সংখ্যা আমাদের দিতে পারেন নি। তাঁরা বললেন এইসব সংখ্যা আমাদের নাই, এসব পরে বিবেচনা করে দেখব। ১৯৫১ সালের আলোচনায় এইসব হয়েছিল। আমুরা তথনও বলিছিলাম, এখনও বলিছি যে, জোর করে কোন বাবস্থা করতে পারবেন না, সেইজন্য যদি একসপ্লে পরামর্শ করতেন, যদি সেরকম লিণ্ট তৈরী করতেন যে ছাড়তে হবে, এমন আটশো জায়গা আছে বা তার কম্পেনসেশন দিতে হবে, সেগ্রেল নিয়ে দ্ব'পক্ষ বা তিন পক্ষকে ডাকিয়ে আমরা যদি আলোচনা করতাম, তাহলে ভাল হ'ত। এমন হ'তে পারে কতকগ্লি জায়গায় জমি ফিরিয়ে দিতে হবে, কতকগ্লিতে কম্পেনসেশন দিক্তে হবে, আবার এমনও হ'তে পারে, বাস্তুহারার আশেপাশে জমি আছে, সেখানে কিছ্বফেরত দিতে হবে না, যাদের জমি তারা খুসী হয়ে অন্য জায়গায় চলে যাবে, বিশেষ ক'রে মুসলমান অনেক আছে, টালিগজে তাদের সপ্লে কথা হয়েছে, তারা দেশে ফিরে যাবে, আজকে হিদি বাস্ত্হারা কলোনী ক'রে দেওয়া হয়।

[6-25-6-35 p.m.]

বিশেষ করে টালিগঞ্জের মুসলমানদের সঙ্গে আমার এই নিয়ে কথা হয়েছে। কিন্তু তারা কোথায় ফিরে যাবে ২ যদি আপনি এই আইনের মারফং বাস্তৃহারা কলোনীগুলোকে ডিস্ব্যাণ্ড করে দেন এবং বলে দেন যে. এই জবর-দখল কলোনীগ্লো ফেরং দিতে হবে তাহলে সেই মুসলমান ভাইরা কি সেথানে ফেবং যাবেন? আমি তাদের সংগ্যে কথা বলে দেখেছি যে তারা ফেরং যেতে পারবে না। সেখানে বিরাট বিরাট কলোনী গ'ড়ে উঠেছে। আমার কাছে এইরকম একজন কৃষক সম্প্রদায়ের লোক এর্সোছলেন। তাঁর নাম মুম্পী জামসেদ আলি। তাঁর পরিবারে ১০ জন লোক আছে। এর ২২ বিঘা জমি আছে এবং এটা যেখানে বাঘা যতীন কলোনী, বাপ্,জী কলোনী ইত্যাদি আছে, সেখানে তাঁর জমি ছিল। আমি তাঁকে জিজ্ঞাসা করলাম যে, আপনি কি চান যে সেই কলোনীগ্রলো ভেঙেগ আপনার ধানী জমি আপনাকে ফেবং দেওয়া হোক? তিনি উত্তরে বললেন যে, তিনি এটা মোটেই চান না। কারণ, উনি জানেন যে, তাঁর আত্মীয়-স্বজন, বন্ধ্-বান্ধব সব অনা জায়গায় স্ক্যাটার হয়ে গেছে বলে সেখানে আর থাকা সম্ভব নয়। কিন্তু ওঁকে যদি কিছু দাম ধরে দেওয়া হ'ত, কিছ্ কম্পেনসেশন দেওয়া হ'ত, তাহলে ওঁর কোনও পথের একটা বাবস্থা করে যেতে পারলেই উনি খুসী হতেন। এইরকমভাবে বিভিন্ন জায়গায় এই অবস্থা আছে। আবার কতকগ্লো জায়গায় এই নিয়ে আমরা, যেমন বরাহনগরে জয়েন্ট কমিটিও করেছি। বাস্তৃহারারা, যারা মৃসলমানদের ঘর দথল করেছে. সেই ব্যাপার নিয়ে আমরা কবে থেকে সরকারকে বলচ্ছি যে, এই পাশের জমিগুলো যদি আপনারা এ্যাকোয়ার করে বাস্তৃহারাদের সেখানে বসাতে পারেন তাহলে দ্ব' মাসের মধ্যে ঐ বাড়ীগ্রলো আপনারা ছেডে দিতে পারেন। কিল্তু ৫ বছব হয়ে গেল আমাদের কথায় কেউ কর্ণপাত করেন নি। এই সমস্ত ঘটনা আমি শুধু উদাহরণ হিসাবেই আপনাকে দিচ্ছি। কাজেই এখানে মাসলমান ও বিধবা এই কথা বলে কোন আইন করা যায় না। বিধানবাব, হয় ত তিনটি বিষয়ে দেখেন যে কেন তিনি এই আইন আনছেন—বিধবা, রিটায়াডি এবং মুসলমান। আমি বলছি এই লিণ্ট অনুযায়ী আইন করলে কোন কিছ্ই হবে না. অর্থাৎ আপনারা এইরকম করলে কার্যাকরী কোন স্বাবস্থাই করতে পারবেন না। দশ-কুড়িজন খারাপ লোক যারা কথা শ্নেবে না তাদের জন্য আইন আপনারা প্রয়োগ করতে পারেন। কিল্তু আমার মনে হয় সবাই মিলে চেণ্টা করলে এইসবের প্রয়োজন হবে না, কারণ এইরকম অনেক উদাহরণ আমাদের জানা আছে। অপেনাদের আইন যে বার্থ হয়েছে সেটা আপনারা নিজেরাই দেখছেন। ডাঃ বিধান-চন্দু রায় বলেছিলেন যে তিন বছরের জনা সময় নিচিছ। তারপর আর একজন মন্তী তিন বছরের পর বললেন ২ই বছর সময় দিলে সেই ২ই বছরের মধ্যে সব ব্যবস্থা করে দেওয়া যাবে। কিন্তু কোথায় কিছুই তো করতে পারলেন না? আবার আজকে শ্রীবিমল সিংহ বলছেন বে, এক বছর সময় দিলে দেখি কি করতে পারা যায়। আপনারা কিছুই করতে পারছেন না, কারণ আপনাদের সেই পর্ম্মতিই নেই। আপনারা এমনভাবে অর্ডার দেন যাতে করে পূর্ব-বাংলা পশ্চিম-বাংলার মান্বের মধ্যে একটা বিবাদ লেগে যায়। আপনারা এইসব বিষয়ে কার্র কো-অপারেশন নেবেন না। আপনারা সব সময় মনে করেন যে রাইটার্স বিলিডং আর অর্ডার দিয়ে সব করবেন। এবং যদি ও'দের সাহায্য নিতে যাওয়া হয় তাহলে গ্রুদের নাম হয়ে গেলে বিপদ হয়ে যাবে। আমি বলচি যে, ৪ই বছর পর এটা আপন্মারা ভাবতে আরুদ্ভ করবেন। ইলেকশনের ৬ মাস যথন বাঁকী থাকবে, তথন আর আমাদের সঙ্গে কথাই বলবেন না এবং থালি রিলিফই দিয়ে যাবেন। এ ছাড়া ফ্লাড বলে আপনাদের বেশ স্ববিধাও হয়ে যাবে। কিন্তু আমি বলছি যে, এই ১ই বছর তো একসংগে হয়ে যে কতকগুলো কাজ করা যায় সেগুলো আমরা করবার চেন্টা করি। এখানে যদি আপনারা দেখেন যে, আমরা সেখানে রাজনীতি কর্রাছ বা আমরা যদি দেখি এইসব নিয়ে আপনারা রাজনীতি করছেন এবং কার্র সমস্যা সমাধানের কোন মতিগতি নেই সেখানে আপনারা নিজেদের মধ্যে আলোচনা করতে পারেন। কিম্তু আপনারা এইরকম কোন উপদেষ্টা কর্মিটিই কর**লেন না।** সেজন্য আজ এইরকম দুর্দশার মধ্যে বাস্তৃহারাদের এনে ফেলেছেন এবং আপনারাও পড়েছেন। যাহোক এই ব্যাপারে আমি আর খুব বেশী সময় নেব না। কিন্তু অনেকেই আমাদের মধ্যে বলছেন যে, আপনারা যখন একটা সংশোধন আনলেন তখন রিফিউজীর ডেফিনেশনটা বদল্রালেন না কেন? এটা অবশ্য আপনাদের নীতি নয় বলে আপনারা বলবেন যে, আমবং বদলাব না এবং দণ্ডকারণ্যে যথন পাঠাব তথন আর এখানে এইসব বদলে কি লাভ আছে। কিন্তু আসলে তো সেটাও হবে না। সেজন্য আমি বলি যে, আমাকে বাস্তুহারা বন্ধ,রা বলেছিলেন যে, বোধ হয় ১০০টা বাস্তৃহারা কলোনী আছে, যেগলোকে আপনারা রিকগনাইজ করতে পারেন। কথাটা সত্য কি না সে বিষয়ে আপনাদের তো খৌজ-খবর নেওয়া দরকার। অর্থাৎ সেগ্রলো অনাবাদী জমি কি না, পড়েছিল কি না সেটা তো থাঁজ নেওয়া দরকার : <mark>আইন করেছি বলে সংশোধন কখনও</mark> করব না. এমন তো আপনাদের কথা নয়। কারণ বারে-বারে সংশোধন করবার জন্য মেয়াদ ব্রাণ্ধর জন্য যথন আইন আনছেন, তখন এই ১০০টা **কলোনী, যাদের আপনি রিকগনাইজ করবেন বলেছেন সেগ**লো তো আপনি করতে পারতেন। এজন্য আপনাদের রিফিউজীদের জন্য ডেফিনেশন বদলাতে হবে। কিন্তু আপনারা সে সব কিছুই করলেন না। অর্থাৎ ১৯৫০ সালের পর যারা এসেছে এবং তারা যদি কলোনী জবর-দখল করে গ'ড়ে থাকে, তাহলে সে সব কিছুই আপনারা যে মানবেন না সেটা আপনারা ঠিক করছেন। এই ব্যাপারে আমি বলব যে, বিশেষ করে ছোট ছোট জমির যারা মালিক, যাদের নিজের ক'জের জন্য জমির প্রয়োজন বা যারা সারা জীবনের সণ্ডিত অর্থ দিয়ে জমি কিনেছিল. যদের জমিতে বাস্তৃহারারা বসেছে, সেই সমস্ত কেসে আমরা অত্যন্ত ইন্টারেণ্টেড। এগুলো আপনাদের দেখা দরকার। অর্থাৎ যাতে করে তারা সেগ্লো ফেরৎ পায় বা এমন কন্দেশনসেশন পায় যাতে করে তারা অন্য কোথাও কোন ব্যবস্থা করে নিতে পারে। কিন্তু ঐ লয়েলকা বা শ্রীআনন্দীলাল পোন্দার জমি ফেরৎ পাবে কি না সে বিষয়ে খুব বেশী ইন্টারেন্টেড নয়। কারণ আমরা জানি যে, তাঁরা শ্বধ্ব বাবসার খাতিরে জমি ফেরং চাচ্ছেন। আপনারা দেখন যে, এজন্য কত বড় অন্যায় হচ্ছে। এবিষয়ে আমি শ্রীমতী রেণকো রায়কে বহু,বার বলেছি, কিন্তু কোন সহযোগিতা পাই নি। শ্রীআনন্দীলাল পোন্দারের জমি আপনারা ছেড়ে দেবেন এবং বোধ হয় ৫০।৬০ বিঘা জমি আপনারা ছেড়েও দিয়েছেন। কিন্তু সেথান থেকে ি.িংএউ: ঐাঞ্জর এখনও পর্যান্ত ওঠাতে পারেন নি বলে তাদের জনা টেনিমেন্ট করছেন। এবং বলছেন যে, তাদের লাঠি মেরে উঠিয়ে দিয়ে টেনিমেন্ট-এ পাঠিয়ে দেবেন এবং জমিগুলোকে খালি করে কাকে দেবেন। কিল্ড কিসের জন্য? উনি কি বাড়ী করে সেখানে থাকবেন? না উনি ওখানে চাষবাস করবেন? বরং অনেক দামে সেই জমি তিনি বিক্রী করবেন। অর্থাৎ ওখানে "জয়" কারখানা ইত্যাদি যা আছে তাদের কাছে বিক্রী করবেন। আমি নিজের কথাই একট্র বলি। আন্দর দিদি, তার মেয়ের জনা একটা জমি রেখেছিল যেখানে, সেখানে বাস্তৃহারা বসেছে। সেখানে ৫।৬টা ফার্মিলি বসেছে। আমার দিদি আমাকে জিল্লাসা করলেন যে, তোমাদের তো অনেক আইন-কান্ন হয়, তাতে ঐখানে যেখানে শোম্পারের জমি ছেড়ে দেওরা হ'ল, সেখানে আমার জমিটা কেন ছাড়া হ'ল'না? শ্রীমতী

রেণ্কা রায় আমাকে বলেছিলেন যে, এর একমাত্র উত্তর হচ্ছে যে, ভারতবর্ষের সরকারকে দিয়ে এটা উনি ছাড়িয়ে এনেছেন বলে আমাদের সপে তার কোন সম্পর্ক নেই। এর উত্তরে আমি বললাম যে, এটা কি উনি ব্রুবেন? কংগ্রেস গভর্নমেন্ট তো সব জায়গায় আছে কিন্তু এটা কি হ'ল? আমরা জানি যে ডাঃ বিধানচন্দ্র রায়ের কাছে এইরকম বড় বড় লোকেরা অনেকেই তারা এই নিয়ে এসেছে যে, ওদের জমিগুলো খালি করে দেওয়া হোক যাত্রত ওরা ঐক্রালো বিক্রী করতে পারে। আমি বলছি যে, আমার দিদির মতন জমিতে যদি বাস্তৃহারা পরিবার বসে থাকে এবং আসেপাশে যদি কোন জায়গা না থাকে তাহলে তা আপনারা দেবেন না। কারণ, আমি জানি যে, সেই জমি না পেলে সে না খেয়ে মরবে না বা তার মেয়েও না খেয়ে মরবে না। সেজনা সেই জমি আপনি বাস্তৃহারাকে দিয়ে দিন এবং তারা সেখানে যখন একবার দখল করে বসেছে, তখন তারা সেখানে বস্ক। ব্লক্ত তাকে টাকা দিন যাতে সে অনা ব্যবস্থা করতে পারে। এইরকমভাবে গরীব লোকের জমির উপরে যথন তারা বসেছে তথন ঐ গরীব লোকের একটা বাবস্থা আপনারা করে দিন, না হয় টাকা দিন যাতে করে ভারা অনা জায়গায় ব্যবস্থা করে নিতে পারে। আপনারা কার্যাক্ষেত্রে নানারকম কথা বলেন, কিন্তু আসলে আপনারা ঐ বড় লোকের দিকেই খালি তাকান। অর্থাৎ ঐ জামগুলোকে কি করে থালি করা যায় এবং বাস্তৃহারাদের সেখান থেকে লাখি মেরে তোলা যায়, সেদিকেই নজর আছে। কাজেই আপনাদের কাছে মানুষের চেয়ে বড় লোকের সম্পত্তির কদরটাই হচ্ছে সব চেয়ে বেশী। আপনাদের এই যে বিল, যেটা আজকে এনেছেন এবং যে আইন আপনাদের আছে তার মধ্যে এটাই আমি অন্ততঃ দেখতে পাই। মানুষের জীবনের চেয়ে, বাস্ত্হারাদের চেয়ে কিছু, বড় লোককে কি করে টাকা দেওয়া যাবে, তাদের জমি কি করে ছেত্রে দেওয়া যাবে এটাই আপনাদের কাছে বড় কথা। কারণ তা না হলে যে জণ্গল জীম পড়েছিল সেগ্যলোকে বাস্তৃহারারা উন্ধার করে যখন বর্সোছল তখন আপনারা বাস্তৃহারাদেব দিকে ফিরেও একবার তাকান নি। যখন শেয়ালদা ডৌশনে কুকুর-বেড়ালের মতন তাদের ছেলেপেলের। মরেছে তথন তাদের দিকে আপনারা তাকান নি বলে তারা আইন ভংগ করতে বাধ্য হয়েছে এবং সেই কারণেই তারা কোলকাতার আসেপাশে জমি দখল করে বসেছে। এজন্য আপনারা কি বলবেন যে তারা অনাায় করেছে? আপনারা তা বলতে পারবেন না। আইনের চোখে তারা অন্যায় করতে পারে, কিন্তু মানবতার কাছে তারা তে। অন্যায় করে নি। মানুষ মরে যাবে তবু তারা জঞ্গল জমিতে গিয়ে, অনা লোকের জমিতে বসবে না কেউ একথা বলুবে না। সেজনা আমি আপনাদের বলব যে, আজও আপনাদের চিন্তা করবার সময় আছে। আপনারা এক বছর সময় নেবেন বলে এই আইনও আপনারা পাশ করাবেন। কিন্তু আমি জানি যে, ১।২।৩ বছরেও আপনারা কিছ,ই করতে পারবেন না, যদি না আপনারা আপনাদের দ্বিউভগ্গী বদলান। আপনারা যদি দ্বিউভগ্গী বদলে প্রত্যেকের সহযোগিতা নেন এবং আমাদের প্রভাব বেড়ে গেল বলে ৪ বছর যদি ভয়টা না করেন তাহলে সব সমস্যা সহজ হয়ে যাবে। মানুষের যদি ভাল হয়, মানুষই আপনাদের আশীর্বাদ করবে। এই সমস্ত করে দেখন যে, সমস্যা সমাধান করা যায় কি না। ২।৪টা কেস হয় ত করা যাবে না সেগুলো কিভাবে করা যায় সে-সব আমরা দেখব।

[6-35-6-45 p.m.]

কাজেই মুসলমানদের কথা বলবো। আমি আপনার কাছে বলতে পারি—আপান লাঠি মেরে লোক উঠিয়ে দিয়ে. মুসলমানদের বলবেন, তোমাদের জমি থালি করে দিলাম, তোমরা ওথানে গিয়ে বসবাস কর। কিন্তু যারা গরীব মুসলমান, তারা কথনও ঐ জায়গায় বসবাস করতে চাইবে না। বারে-বারে তারা সমস্ত কিছু হারিয়েছে, তা সত্ত্বেও তারা বলছে মিলমিস করে, একটা আলোচনা করে, একটা জিনিষ করি। তারা এ-কথা বলেছে এবং অলটারনেটিভ, বিকল্প বাবস্থা দেখিয়ে দিছে, কিন্তু সেদিকে তারা যাছেন না। থালি অর্ডার আসে, ফাইল চাপা পড়ে থাকে, লালফিতে দিয়ে বাঁধা থাকে, এইসব জিনিষ হছে। সেইজনা আইন কর্ন, আর যা কিছু কর্ন না কেন, কিছুই হবে না। আমি তাই মন্দ্রীমহাশয়কে বলছি, একটা ভেটমেন্ট কর্ন, কন্পেসেশনের ব্যাপারে। এই কন্পেনসেশনের ব্যাপারে বাস্তুহ।রারা এত ভয় পাছে কেন? পাঁচ, সাত বছরের কন্পেনসেশন দেবার বারশ্যা

সরকার করে দেবেন। বাস্তৃহারাদের লোন দেবেন, যাতে করে তারা, তাদের জমির মালিককে কম্পেনসেশন দিতে পারে; অথচ এটা আইনে থাকবে না। তাহলে একটা স্টেটমেন্টই থাক: সেই ভাল। মুখামন্ত্রী মহাশয় বা আইনমন্ত্রী, যিনি বিল এনেছেন, তিনি যদি এই ফ্রোর অফ দি হাউস-এ দাঁডিয়ে একটা ষ্টেটমেন্ট করেন তাহলে কিছুটা আন্বস্ত হতে পারি: করেণ ভারত-সরকারের সঙ্গে কথা চলছে। কাজেই আমি এই কথাটা বলে রাথলাম কারণ এখনও সেই রকম কোন ভেটমেন্ট আসে নি। এই কয়েকটি কথা বলার পরে, আমার শেষ কথা, শেষ আবেদন আপনার কাছে—এই আইন অত্যন্ত খারাপ, সামগ্রিকভাবে অর্চ্চম এই আইনের বিরোধী. এই আইন কার্য্যকরী হয় নি, এই আইন কখনও কার্য্যকরী হবে না। কিন্তু আইন যথন পাশ করবেন, তখন বসে থাকবেন না, এ্যাসেমার বন্ধ হবার সঙ্গে সঙ্গে, আমাদের সবাইকে ডাকুন, লিষ্ট সব তৈরী কর্ন, দেখন কিভাবে, কোথায় কি ব্যবস্থা করা যায়। এই হচ্ছে আপনার কাছে আমার শেষ আবেদন। তা যদি না করেন, তাহলে, আপনাকে বারে-বারে আসতে হবে, মার্চ মাসে আবার এসে বলতে হবে, আর আমাদের দ্ব-বছর সময় বাড়িয়ে দিন, এবার আমরা লাঠি মেরে লোককে তাড়াবো। আমি বলি, লাঠি মেরে ত অনেক কিছু, করলেন: আর করবেন না, অনেক মেরেছেন, এবার আসনুন শান্তিপূর্ণভাবে কোন ব্যবস্থা সাধারণ মান্যের জন্য করা যায় কিনা দেখুন। এক বছর, দ্-বছরের জন্য অন্ততঃ একটা টেণ্ট করে দেখনে যে সেটা কার্যাকরী হয় কি না? আমার অনুরোধ এই আইন আপুনি বাস্তহারাদেব উপর চাপিয়ে দিয়ে সর্বনাশ করবেন না। এই আইন বাস্তৃহারারা মানবে না, আমরাও মানব না। আমাদের আবার হয় ত আন্দোলনে ঝাপিয়ে পড়তে হবৈ, তাতে আবার আপনাকে একটা রোড মিছিলের সম্মুখীন হতে হবে। এতে আপনার লাভ নেই, বাস্তুহারাদের লাভ নেই, আমাদের কারও লাভ নেই। সেইজনা আমি আমার এই আবেদনের পরে, আমার বস্তুবা শেষ কর্রছি।

# Dr. Suresh Chandra Banerjee:

মাননীয় স্পীকার মহোদয়, আমাব যে এ। মেন্ডমেন্টটা দেওয়া আছে, সেটা কন্প্রোমাইজ এনমেন্ডমেন্ট, আমি লইয়ার নই। কিন্তু আমি যে কথা বুর্ঝেছিলাম, ডাঃ রায়ের সংগে যে কথা হয়েছিল, সে কথা এনমেন্ডমেন্ট-এব মধ্যে ফুটে ওঠে নি, লেজিসলেশনেও নেই। গভর্নমেন্ট সাইডে অনেক অভিজ্ঞ লোক আছেন, তাঁরা লিখেছেন

in clause 5, sub-clause b(ii), after the word "or" in line 2, the words "at the option of the displaced person" be inserted. It is all right,

কিল্ড সাফিসিয়েল্ট হ'ল না।

"at the opinion of the displaced person"

আরও দ্ব-জায়গায় এয়াড করতে হবে। কোথায় কোথায় হবে, আমি সেটা পড়ে শোনাচ্ছি

in clause (c) in clause (h)(ii) for the words "such other land, and house or house-building loan" the words "such other land, or at the option of the displaced person land purchase loan and house or at the option of the displaced person house-building loan" shall be substituted.

এইট্কু যদি এয়াড করা হয়, তাহলে আংশিক হয়ে গেল। উদ্দেশ্যাটা কি? অরিজিন্যাল বিল-এর আইনে ছিল বিকল্প বাড়ী কিংবা স্বিধামত জায়গা দিয়ে তাদের সেখান থেকে ওঠান যাবে। আর এখন বলা হচ্ছে, ল্যান্ড পারচেজ লোন, হাউস পারচেজ লোন দেওয়া হবে। এই ল্যান্ড পারচেজ লোন দেবার বেলায় এয়াট দি অপশান ইউজ করা হয়েছে। কিন্তু শেষে যা বলা হয়েছে

such other land or land purchase loan and house or house-building loan.—
দেওরা হয় নাই। তার ফলে আইনের প্রধান দোষ হচ্ছে যে, উন্বাস্তুকে যথন, তথন উঠিয়ে
দেওয়া যাবে, তার ব্যবস্থা করেছেন। আইনের ভাষা কি হবে জানি না। কিন্তু এটি দি
অপশান অফ দি ডিসম্পেসড পারসন, এটা আরও দ্ব-জায়গায় এটাড করতে হবে।

in clause (c)(b)(ii) such other land or at the option of the displaced person land purchase loan and house or at the option of the displaced person house-building loan

এইট্কু করে দিলে ভাল হয়। আমার সংগে ডাঃ রায়ের যে কথা হয়েছিল, যার ফলে জগ্যনাথ কোলে মহাশয় গভর্নমেন্টের তরফ থেকে এই সংশোধনী প্রস্তাব এনেছেন, এটা হ'লে পূর্ণ হয়ে যায়, আল্লা তা না হ'লে আংশিক হয়ে যায়।

Mr. Speaker: I take it that what you mean is that by not mentioning the words "at the option" in the other sub-paragraph there is a possibility of it being construed that in the second part the option is not there. This is a very important amendment which is being brought forward; it touches the interests of the displaced persons; and I think it would be worth everybody's while to examine it a little more closely. That is my personal view of the matter. These amendments will not come up before the House eurlier than tomorrow. I had decided to sit up till 7-30 p.m. but we cannot spend this time usefully; so far, however, as the speeches on the consideration motion are concerned, they can go on till 7 o'clock today. I shall ask the Hon'ble Minister to consider the amendment and we shall start the House tomorrow at 2-30 p.m.; if you all agree, tomorrow we will not have any questions so that all the attention may be focused on this very important matter and we may not be running short of time

8j. Canesh Chosh: Tomorrow we have other business; shall we change the programme?

Mr. Speaker: The other business will follow the present Bill which is being discussed. The only thing we are suggesting is that we may not have questions tomorrow. Meanwhile today you may deliver such speeches on the Bill as you like up to 7 o'clock. Shri Haridas Mitra will kindly speak.

Sj. Haridas Mitra: I would like to speak tomorrow.

Mr. Speaker: So far as the consideration motion is concerned I would like to finish it today. Shri Haridas Mitra will kindly speak. Mr. Mitra, may I request you not to cover the same ground which has been already covered?

[6-45--6-55 p.m.]

# SJ. Haridas Mitra:

মিঃ স্পীকার, স্যার, মাননীয় মন্ত্রী শ্রীবিমলচন্দ্র সিংহ ১৯৫১ সালের আইনের উপর যে সংশোধনী প্রস্তাব এনেছেন, সে সম্বন্ধে আমি দুয়েকটি কথা বলব। আমি বাংলাদেশের সবচেয়ে বড যে জবর-দখল কলোনী আছে সেই অঞ্চল্য লি থেকে এসেছি এই বিধান সভায়। আজকে এই জবর-দখল কলোনীগুলির সমস্যা কি সেটা আমরা প্রতিদিন ব্রুতে পার্নছ। সেদিন থেকে আমি তাদের সম্বন্ধে দুয়েকটা কথা এখানে মাননীয় মন্ত্রীর সামনে রাখা দরকার বলে মনে করি। আমরা প্রথমেই দেখলাম, এই যে রাজ্যপালিকার ভাষণ, এই ভাষণে ম্কোয়াটার্স কলোনী সম্বন্ধে কোন উল্লেখ নাই. অথচ আমরা প্রত্যেকে জানি এইসব ম্কোরাটার্স কলোনীগুলিতে বাংলাদেশের অন্ততপক্ষে ২ লক্ষ লোক বাস করে: আন্চর্য্য এই যে, এদের সম্বন্ধে রাজ্যপালিকা তার ভাষণে কিছুই বলেন নি। আজকে যে এ্যামেণ্ডমেন্ট আনা হয়েছে, এতে যে ৪টি বিশেষ ধারা আছে, সে সম্বন্ধে আমি কালকে আলোচনা করব কিন্ত আজকে এখানে একটা কথা খবে পরিন্কারভাবে বলা দরকার সেটা হচ্ছে ২ লক্ষ ৩৫ হাজার পরিবার সরকারের উপর এতটাকু চাপ না দিয়ে সম্পূর্ণ নিজেদের চেণ্টায় কলোনী গড়ে তলছে, আজ পর্যন্ত সরকার তাদের সাহাষ্য করেন নি। মাননীয় মন্ত্রী শ্রীপ্রফল্লচন্দ্র সেন, সেদিন বলেছিলেন, গত কয়েক বছর ধরে তিনি গভর্নমেন্টের তরফ থেকে যে ডোল

দিয়েছেন, তার পরিমাণ ৪০ কোটি টাকা। ৪০ কোটি টাকার ডোল দেওয়া সত্ত্বেও একটি মান সকেও রিহ্যাবিলিটেট করতে পারেন নি. অথচ ৪০ কোটি টাকার ডোলএ ও যদি আজকে সরকারের পক্ষ থেকে তাদের প্নর্বাসনের বন্দোবস্ত না করা হয় তবে আজকে যে ২ লক্ষ थ्या ३॥ लक्क लाक याता अत्रकारतत छेश्रत हाश ना मिर्द्य निस्करमत्र हिन्हों करलानी शर्फ তলেছে তার জন্য আমার মনে হয় সরকারের কৃতজ্ঞ থাকা উচিত। সেই কৃতজ্ঞতা প্রকাশ করা তো দরের কথা, যে আইন আনতে যাচ্ছেন, সেই আইনের বলে তাদের প্রারায় উদ্বাস্ত করার চেণ্টা করা হচ্ছে। টালিগঞ্জ এলেকায় বিবেকনগর কলোনীর কয়েকশুন কলোনীবাসী ১৯৫০ সালে ডাঃ রায়ের সঞ্জে দেখা করতে এসেছিল। ডাঃ রায় তখন তাাঁদের বলেছিলেন. তোমরা যদি ৫০ হাজার টাকা দিতে পার, তাহলে আমি তোমাদের সম্বন্ধে বিবেচনা করব। তারা এক ম্লাসের মধ্যে ৫০ হাজার টাকা তাঁর হাতে দিলেন। তখন তিনি বল্লেন, তোমরা টাকাটা ভেটট ব্যাভেক জমা ক'রে দাও, আমি বিবেচনা করব। এ-সম্বন্ধে চিঠিপত্রগর্নল অ'মার কাছে আছে। ১৯৫১ সালে ঘটিবাটি, মেয়েদের গহনাগাঁটি বিক্রী করে, বন্ধক দিয়ে এইসব ছিল্লমূল মানুষ ডাঃ রায়ের এক কথায় ৫০ হাজার টাকা দিলেন। ডাঃ রায় ডি. ও. দিলেন ল্টেট ব্যাভেক। জমা দেবার জনা, ডি, ও, নং হচ্ছে ২১৬০পিএস, তারিখ ২১-৭-৫১। তারপর বহুদিন এ-সম্বশ্ধে কোন উচ্চবাচা নাই। শেষে ১৯৫৪ সালে বিবেকনগর কলোনীর লোকদের জানান হ'ল, তোমরা টাকা নিয়ে যেতে পার। সেই কলোনীতে ড্রেইনেজ. রেগ্রেলারাইজেশন ইত্যাদি কিছ,ই গভর্মেন্ট করে না। আজকে ডাঃ রায়, মন্ত্রী বিমলচন্দ্র সিংহ মশাইকে দিয়ে বিল আনিয়ে মুহত বড় কথা বলছেন কি না কম্পেনসেশন খেসারং দিতে হবে। এইসব দরিদ্র লোকের টাকা ৪ বছর ডাঃ রায়ের হ'তে ছিল, অথচ একটা প্যুসাও সদে হিসাবে তাদের দেওয়া হয় নি। এখন আমি মাননীয় মন্ত্রীমহাশয়কে পরিষ্কারভাবে জিজ্ঞাসা করতে চাই এইসব দরিদ্র দেশবাসীদের কাছ থেকে কম্পেনসেশন-এর কথা কেমন ক'বে উঠতে পারে যদি সরকার তাদের ৫০ হাজার টাকা নিয়ে ৪ বছর ধ'বে কোন কদেপনসেশন-এব বাবস্থা না করেন? এই যে সার্টিফিকেট জারী করে কদেপনসেশন আদায় করার ধারা আইনের মধ্যে রাখা হচ্ছে, আমি এ-সম্পর্কে জিজ্ঞাসা করতে চাই কেন এবং কাদের কাছ থেকে আদায় করা হবে। যেখানে জঙ্গল ছিল, অসমতল জমি ছিল, সেখ নে আজ রাস্তাঘাট, স্কুলকলেজ তৈরী হয়েছে, মান,ষের বর্সাত গড়ে উঠেছে সেখানে হয়েছে আজ নতুন সমাজের গোড়া পত্তন। দরিদ্র মুসলমানদের কথা আজ ডাঃ রায় কেমন করে বলেন<sup>ু</sup> এই সেদিন একটা মিটিং-এ ২৫০ জন মুসলমান এসেছিলেন, তার মধ্যে ৫০ জন বোরখা-পরা ম্সেল্মান মহিলাও ছিলেন। তাঁরা প্রিন্স আনওয়ার শা রোডের মিটিং এ পরিকারভাবে এই সিম্পান্ত গ্রহণ করে বলেন যে, তাঁরা উদ্বাস্ত্রদের জমি থেকে উঠিয়ে দিতে চান না। তাঁরা জমি ফেরত চান না, তাঁরা জমির উপযুক্ত মূল। সরকারের সঙ্গে বন্দোবসত করে টাকা চান। ১৯৫০ সাল থেকে শুরু করে জনসাধারণের মধ্যে কম্পেনসেশন-এর বন্দোবস্ত করলেন না, জমিও এাকোয়ার করাও হয় নি। তাদের প্রথম কথা হচ্ছে, উম্বাস্তদের সরিয়ে দিয়ে তারা সেইসব জায়গায় যেতে চায় না। আজকে কেন এই কম্পেনসেশন দেবার কথা উঠেছে? সেখানে আমাদের আনন্দীলাল পোন্দার মহাশয়ের পোন্দারনগর কলোনীতে ১০০ বিঘা জমি আছে কাটজনেগর কলোনীতেও ১০০ বিঘা জমি আছে। এখন এই আইনের বলে সেখান থেকে ৫০০ পরিবার এভিকটেড হয়ে যাবে। সেখানে লক্ষ লক্ষ টাকা খরচ করে নতন নতন বাড়ী তৈরী করেছেন। পোম্দার মহাশয়ের পোম্দারনগর কলোনীতে ইতিমধ্যেই উচ্ছেদ করবার অর্ডার হয়েছে। যাই হোক, সেথানে কোন বাণ্গালী পরিবার বাস করতে পারে না। ৭ হাত বাই ৯ হাতের ঘরে—বাধরুম ও প্রিভি ইত্যাদি সম্বলিত যে ঘর হয়েছে, তাতে বাণ্গালী পরিবারের কোন মেয়ের পক্ষে থাকা সম্ভব নয়। একজন লোককে খুসী করবার জন্য আপনারা কেন এই ১৬ লক্ষ টাকা থরচ করলেন? আজ পর্যানত সে-সব কলোনীতে এন,মারেশন হয় নি, সার্ভে হয় নি, রেগ,লারাইজেশন-এর কোনটাই করা হয় নি। আজ্ঞ ডাঃ রায় দরিদু মুসলমানদের কথী ব'লে এভিকশনের কথা বলছেন, কিন্তু আমি বলব তিনি তাদের শিখ-ভীস্বর্প সামনে রেখে ভাওয়ালকা, পোন্দার ইত্যাদি মালিকদের স্বার্থেই এটা করছেন, এতে কোনরূপ সন্দেহ থাকতে পারে না। আমি এবার কলোনীর রেগ্লারাইজেশন সম্বন্ধে কয়েকটা কথা বলব।

[6-55-7-5 p.m.]

মাননীয়া মন্দ্রী পরেবী মুখোপাধ্যায় বলেছিলেন, এখানে এ্যাসেমব্রির ফ্রোর-এ দুর্দিয়ে বলোছলেন এবং প্রেস ভেটমেন্ট গভর্নমেন্টের তরফ থেকে দেওয়া হয়েছে যে, রেগলোরাইজেশন যেমন চলছে তেমান চলছে, ইন ম্প ইট অফ দিস বিল। সেখানে অন্ততঃপক্ষে এই হাউসকে জানান দরকার এবং মন্ত্রী মহাশয়ের দূল্টি আকর্ষণ করি, যে, রেগুলারাইজেশন যা হয়েছে তা খবরের কার্গজে খাব বড বড অক্ষরে লিখেছেন—৬৯টি কলোনী রেগ্রলারাইজ করা হয়েছে ইত্যাদি। হয়ে থাকে হোক কিন্তু সতিাকারের রেগলোরাইজেশন কাকে বলে? বিদ্যাসাগর करलानीरा आर्ष्ट आर्ट भार भार भार जात भारत ৯० हि भारत हि । তারপর গান্ধী কলোনীতে ২০৩টি প্লট, ৮৬টি প্লট-এ দেওয়া হয়েছে। বাঘা যতীন--১৪১৩টি প্লট, ১৪৭টিকে দেওয়া হয়েছে। শ্রী কলোনীতে ৭০০টি প্লট আঁছে. তার মধ্যে ৬২টিকে দেওয়া হয়েছে। বিধান পল্লীতে ২১১টি স্লট-এর মধ্যে ৭৫টিকে **এলিজিবিলিট**ী एम उद्या इत्याह इंग्रामि। এই कि त्वभू लावाहरू अस्त न विकास क्षेत्र के स्वास्त विकास का स्वास्त क्षेत्र के स्वास्त के स्वास्त क्षेत्र के स्वास्त के स्वास क রেগলোরাইজেশন করার দিক থেকে যেসমস্ত ফ্যাঁকড়া তুলেছেন এবং যেসমস্ত প্রমাণপত্ত চাইছেন, কোন মানুষের পক্ষে তা দেওয়া সম্ভব নয়। কম্পিটেন্ট কোর্ট সেথানে জাজমেন্ট দিয়েছেন যে তারা রিফিউজী রেগলোরাইজেশন-এর সময় গেলে তাকে রিফিউজী হিসাবে গ্রহণ করা হচ্ছে না। কম্পিটেন্ট কোর্ট-এর জাজমন্টে গ্রহণ করা হয় নি, এরকম বহু কেস আমার হাতে আছে। আমি জানি লক্ষ্মীনারায়ণ নগর বলে একটি কলোনী আছে, খবরের কাগজে ছাপালেন সেটা রেগলোরাইজড হয়েছে, কিল্তু ২০০ প্লট-এর মধ্যে মাত্র একটি প্লট রেগ্যলারাইজ করা হয়েছে। অপ্রণপত্র নিয়ে এসেছে, এলিজিবিলিটীর চিঠি, অথচ খবরের কাগ্যক্ত লিখেছেন রেগ্রলারাইজেশন করা হয়েছে। এর আমরা তীব্র প্রতিবাদ করি।

তারপর কম্পেনসেশন-এর ব্যাপারে যা চলছে সেটা বলবার কথা নয়। এরকম জমি আছে যার এক এক কাঠা জমিতে ৪ই টাকা। মানে কত টাকা হতে পারে? কম্পেনসেশন এসেছে িতন টাকা এক আনা প্রতি কাঠায়, প্রতি মাসে, তাহলে বার মাসে কত হয়, গত সাত বছরে কত र्य कल्पिनरम्भन? आभार्मत रमर्ग यर्गारत रक्तनाय এको कथा আছে 'ठारकत भारा भनमा বিকিয়ে গেল', এমন একটা ব্যাপার হচ্ছে যে, যে জামর সিলিং পড়ছে ১,২৫০ টাকা, তারা কন্পেনসেশন ৭৭১ টাকা। এমন জুমি আছে সেখানে কন্পেনসেশন ধার্য হয়েছে ৭৬২ টাকা। এই যে কন্পেনসেশন বিল আনা ২য়েছে, তাতে প্রথম তো তাদের ঘটিবাটী যাবে এই কম্পেনসেশন দিতে। তারপর ছাগল-গর্ যাবে, তারপর তাদের জমার্জাম আটক পড়বে, ভারপর সার্টিফিকেট জার্রা করে ভাদের জেলে ধরে নিয়ে যাওয়। হবে। শুধু কি ভাই? এই কন্দেপনসেশন পাবে কে? পাবে যারা জমিদাব তারা, ওই ধনিকেরা পাবে। জমিদার এবং ধনী যারা, তারাই কংগ্রেসের স্তম্ভ। কারণ, যে সরকারকে জনসাধারণ এখানে পাঠিয়েছেন তারা কেন যাবেন ওই জামদার ও তাদের এজেন্টদের জন্য কম্পেনসেশন-এর টাকা আদায় করুতে, তা বুঝতে পারি না। ওই টাকা জমিদার যারা আছেন, তাঁরা যদি আদায় করতে পারেন আইনের মাধ্যমে, তাই কর্নুন, সেজন্যে সিভিল কোর্ট, তাদের জন্য থোলা আছে, সেখানকার মারফং আদায় করতে পারেন তারা কর্ন, কিন্তু কেন আমাদের সরকার তাদের এজেন্ট হিসাবে আদায় করতে যাবেন? আজ পর্যন্ত আমরা এরকম কথা শুনি নি যে সরকারী টাকা মনে করে এই টাকা আদায় করে সরকারের দিতে হবে। ১৯৫১ সালে এই বিল পাশ হয়েছিল, ১৯৫২ সালে যদি এই আইনের ধারাগর্বাল প্রয়োগ করতেন, আমাদের সরকার তাহলে সাত বছর ধরে কম্পেনসেশন-এর ভার আমাদের ঘাড়ে পড়ত না। টালিগঞ্জ এরিয়া জমি দখল আইনের ভিতর থেকে বাদ দিলেন তার একমাত্র কারণ যদি এই আইনের মধে টালিগঞ্জ এরিয়া নেওয়া যায়, ওখানে ৬২।৬৩টি কলোনী আছে, তার বেশীর ভাগ জারগায় বড় বড় ধনী লোকের জমি আছে, তাদের তাহলে সেই জমি থেকে ভবিষাতে বেশী পয়সা পাওয়ার স্ক্রিধা হয় না। আমরা মনে করি, সেজন্যে যখন টালিগঞ্জ মিউনিসিপ্যাল এরিয়া ছিল, তথন এই আইনটা বিধান সভায় এসেছিল এবং বিধান সভায় তাকে এয়ামেণ্ড করা হয়েছিল। টালিগঞ্জ এরিয়াকে জ্ঞামি দখল আইনের আওতা থেকে বের করে দেওয়া হয়েছিল। স্কুরাং এ্যাকোয়ারমেন্ট যদি প্রপার্রাল করা হত, তাহলে ওই দরিদ্র মুসলমানরা তাদের টাকা ঠিক ঠিক পেয়ে যেত এবং আজকের দিনে রিফিউজীদের উপরে এরকম দৃদৃশি চেপে বসত না। সেদিক থেকে আমরা মনে করি এই আইনটি সম্পূর্ণভাবে প্রত্যাহত হওয়া উচিত, এর প্রতিটি ধারা প্রত্যাহত হওয়া উচিত। আমি যে কম্প্রেমাইজ করার কথা বলেছি তার মানে এই নয় যে, এই আইন সংশোধন করে নিতে রাজী আমরা। আমরা এটাকে প্রত্যাহার করতে বলি এবং জনমতও তাই চায়।

Mr. Speaker: The House stands adjourned till 2 p.m. tomorrow.

# Adjournment

The House was then adjourned at 7-5 p.m. till 2 p.m. on Thursday, the 11th July, 1957, at the Assembly House, Calcutta.

# Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

THE ASSEMBLY met in the Assembly House, Calcutta, on Thursday, the 11th July 1957, at 2 p.m.

#### Present:

Mr. Speaker (The Hon'ble SANKARDAS BANERAL) in the Chair, 15 Hon'ble Ministers, 12 Deputy Ministers and 218 Members.

#### **COVERNMENT BILLS**

# The Rehabilitation of Displaced Persons and Eviction of Persons in Unauthorised Occupation of Land (Amendment) Bill, 1957.

[2-2-10 p.m.]

8j. Ganesh Chosh: Mr. Speaker, Sir, before you take up this Bill for discussion today, I shall be glad if the Hon'ble Minister piloting the Bill will kindly give us clarification on two points—the first which deals with Competent Authority and on which we have differed and also on the point on which he speaks about recovery of compensation through the Public Demands Recovery Act. We shall be very glad if he can give us a little clarification on those two points and the implications and the possibilities of those two points.

The Hon'ble Bimal Chandra Sinha: Mr. Speaker, should I speak at this stage or after the conclusion of the debate?

Mr. Speaker: I think it will be better if you speak at this stage because then the speeches will be cut short. If you explain the matter, the doubts that the honourable members of the Opposition have will be removed.

The Hon'ble Bimal Chandra Sinha: Thank you, Sir.

কালকে এই বিলের যখন আলোচনা হচ্ছিল, সেই আলোচনা হ'তে হ'তে বিরোধীপক্ষের এবং আমাদের মধে। আলোচনার পর যা হয় তা সংসদের সামনে ঘোষণা করি। আনেক বিষয়ে আমাদের মতেব মিল হয়, সরকারপক্ষ তাঁদের অনেকগালি সাজেশন গ্রহণ বরতে পেরেছেন। আমি ২০৪কু ক'গজপত দেখেছি তাতে মনে হয়, এই বিল আসলে রিফিউজি ডিপার্টমেন্টএব বিল। তাঁরা আসলে যে কাগজপত আমাকে দিয়েছিলেন তাতে সরাসরি বাস্তুহারাদের উচ্ছেদ করার উদ্দেশ। ছিল না। যা হোক, আমি সেসব বিতকের মধ্যে যেতে চাই না।

আলোচনাৰ পৰ তিনটে তিনিস গ্ৰহণ কৰা আমাদেৰ সম্ভবপৰ হয়েছে। প্ৰথম হচ্ছে, তৃতীয় ক্লজ যেটা তাতে কথা ছিল যে যেসৰ বিফিউজিব। বিফিউজি সংজ্ঞা নিৰ্দেশ যা কৰা হয়েছে সেই অন্সাবে তাঁৱা বলবেন ষে, তাৰা আৰু প্ৰে পাকিস্তানে ফিৰে যাবেন না। সেখানে একটা প্ৰস্তাব ছিল যে ইন্টেণ্ড ট্ বিটাৰ্ন, তাৰ জায়গায়-ইন্টেণ্ড ট্ বিটাৰ্ন ফৰ এভাৰ। এই ফেৰ এভাৰ কথাটা আমাৰা তুলে দিতে চাই। সেইজনা আমাৰা যখন এই ধাৰা সম্বাদে মত গ্ৰহণ কৰি সংসদে, তখন খেমন বিৰোধীপক্ষ বলবেন যে এই ক্লজ এই বিলেৱ অন্তর্ভুক্ত না হয়, তাঁৱাও সেইসংগো বলবেন এই ধাৰা এই বিলেৱ অন্তর্ভুক্ত না হয়, তাঁৱাও

শ্বিতীয় কথা হছে যে, ৭নং আমদের যে ক্লফ ছিল তাতে বলা হয়েছিল যে, আইনে ৯(ক) ধারা যুক্ত করা হোক, যার ফলে প্রলিসের সাহায়। ক্লম্পটেন্ট অর্থারণি যে গ্রহণ করেন নি তা নর, তারা গ্রহণ করেছেন, যেনন কোড অব সিভিল প্রসিডিওরএ থাকে সোটা রয়ে গেছে। কোড অব সিভিল প্রসিডিওরতে বিরোধীপক্ষের আপত্তি নাই, কারণ ডাঃ স্ব্রেশ বাানাজির নিজের আমেন্ডমেন্ট্টেই তা আছে। তাই এই ধারা তুলে দিতেই মনস্থ করেছি। তৃতায়ত, যথন ৭নং ক্লফ আসবে তথন আমরা উভয়পক্ষ

সমস্বরে 'না' বলব, তা হ'লে সেই ধার। উঠে যাবে, আপত্তি হবে না। কারণ নের্গেটিভ অ্যামেন্ড-মেল্ট দেওয়া যায় না। আর তাতে আমরা বিরোধীপক্ষের সঞ্গে কতটা মিলে চলতে প্রস্তুত তারও প্রমাণ হবে। উভয়পক্ষ মিলিত হয়ে বলবে—'না'। তারপরে আর একটা কথা হচ্ছে, ৫নং ক্লজে আগে যে ধারা ছিল তা বদল ক'রে আমরা একটা নৃতন ধারা করেছি। তার মধ্যে একটা কথা ছিল যে, আগের আইনে প্রদ্তাব ছিল যে একটা অলটারনেটিভ জমি দিতে হবে। তারপরে যে বিল আপনাদের সামনে উপ স্থিত করা হয়েছে সেই বিলে প্রস্তাব করা হয় যৈ জমি অথবা জমি কেনবার টাকা ধার। তাতে কিন্ত সন্দেহের কারণ উপস্থিত হয়েছিল এই যে, যদি জমি না দিয়ে শুধু কিছু টাকা দিয়ে ছেড়ে দেওয়া হয় তা হ'লে আমাদের অধিকার জন্মাযে এশং সেখানে যারা রিফিউজি তাদের সরাসরি তলে দেওয়া যাবে। কিন্তু সে উদ্দেশ্য আমাদের ছিল না। কারণ আমি আমার প্রারণিভক বক্ততায় যে কথা বলেছিলাম যে অনেক জায়গায় এমন দেখা গেছে—আমি হিসাবও দিয়েছিলাম যে ২৭৮টা কেসএর মধ্যে সম্ভবত ২২২টা কেসএ সেখানে রিফিউজিরা নিজেরা জমির বন্দোবন্ত ক'রে বলেছে যে—তোমরা যদি লোন দাও তা হ'লে আমরা সেইসব জমিতে বাড়ি করবার নিজেরা বাবস্থা করতে পারব। তাতে হয়তো আরও দ্রতে আমাদের রিহ্যাবিলিটেশনএর ব্যবস্থা হ'তে পারে। সেই ব্যবস্থা যাতে সম্ভব হয় তার ব্যবস্থা করা এই ধারার উদ্দেশ্য ছিল। সেইজনা এখানে যাতে কোন সন্দেহের অবকাশ না থাকে সেইজন্য ব'লে দেওয়া হচ্ছে যে, এই ধারার মধ্যে আছে যে ল্যান্ড পারচেজ লোন দেওয়া হবে। সেইজন্য এই একটা কথা যুক্ত কর্নাছ যে.

That in clause 5, sub-clause (b)(ii), after the word "oi" in line 2, the words "at the option of the displaced persons" be inserted.

অর্থাৎ এই ধার যদি সেই রিফিউজির। ইচ্ছা করেন তা হ'লে পাবেন, অনাথা নয়; অর্থাৎ তাঁদেরই উপর ভার দেওয়া হচ্ছে তাঁরা কোন্টা নেবেন জমি অথবা টাকা। তাঁদেরই উপর এই বিচার ছেড়ে দেওয়া হবে। এই ন্তন যে আ্যমেন্ডমেন্ট দিয়েছি সেই আ্যমেন্ডমেন্টএর উদ্দেশ্য এই তিনটা; আর বাকি তিনটা সেখানে যা আছে সেগলেতে আমাদের একমত হওয়া সম্ভব নয়। আমি আশা করি যে এই তিনটা ধারায় আজকে আমরা একমত হ'তে পারব, যার ফলে আমাদের অনেকে এখন এই বিল গ্রহণযোগ্য হয়েছে ব'লে মনে করবেন। তা ছাড়া আর একটা কথা আমি এখানে ঘোষণা করতে চাই। সেটা হচ্ছে এই যে, অনেকে সন্দেহ করেছেন যে এই কন্পেনসেশন আদায়ের ব্যাপারে পাবলিক ডিমান্ডস রিকভারী আাইএর মধ্য দিয়ে আদায় করলে তা অতান্ত পাঁড়ালায়ক ও কন্টকর হবে যে বাস্তুহারারা সেখানে বাস করে তাদের পক্ষে। এক্ষেতে মাননীয় ম্খামন্টী মহাশায় আমাকে জানিয়েছেন যে, তিনি ভারত সরকারের সঙ্গে কথা বলেছেন এবং সেই সরকার যতক্ষণ মত না দেন ততক্ষণ তা এই আইনের মধ্যে সিয়বেশিত করা সম্ভব হয় না। কিন্তু কথাবার্তা প্রায় শেষ হয়ে গেছে, তবে তার উপর এখনও ঠিক নির্ভর করা যায় না। তাই তিনি একথা বলেছেন যে, যদি বাস্তুহারারা এই কন্পেনসেশনএর পেমেন্ট করতে অস্ক্রিষায় পড়েন তা হ'লে গভর্নমেন্ট তাঁদের আর্থিক সাহায্য করবেন। কাজেই এই হ'লে আপ্রনাদের ঐ ধারা সম্বন্ধে বিশেষ চিন্তার কারণ আর থাকবে না।

# 8j. Canesh Chosh:

গভর্নমেন্ট যে সাহাষ্য দেবেন বলছেন সেটা লোন না অ্যাসিস্ট্যান্স?

# The Hon'ble Dr. Bidhan Chandra Roy:

আ[সম্ট্যান্স।

#### The Hon'ble Birmal Chandra Sinha:

তা হ'লে যদি বিল পড়েন, এই বিলের প্রথম ধারা হ'ল যে বিলের জ্বীবন কিছুদিনের জন্য বৃদ্ধি করা।

িবতীয় হচ্ছে, কেবল কম্পিটেণ্ট অর্থারিটির জায়গায় একটিমাত্র ব্যাপারে বদলে সেখানে স্টেট গভর্নমেণ্ট করা হচ্ছে। কালকে মাননীয় ডাঃ স্বেশচন্ত্র বন্দ্যোপাধ্যায় অকারণ ভীত, চিন্তিত এবং জুন্ধ হচ্ছিলেন। তার মধ্যে একটা জায়গায় আমি বলেছিলাম যে ট্রাইবানলা রয়ে গেছে। উনি বললোন—উনি আইন কিছু বোঝেন। তিনি বয়সে আমার চেয়ে অনেক বড়,

কাজেই আমি তথন তর্ক করি নি। পরে আমি আইনস্কের কাছে জিজ্ঞাসা করে দেখেছি যে, আমার তথন যা মনে হয়েছিল যে আইনটা তিনি যদি ভাল করে পড়তেন তা হ'লে অনেক অকারণ উদ্বেগের হাত থেকে নিজ্ফতি পেতেন।

[2-10-2-20 p.m.]

কারণ ৩নং ধারায় কম্পিটেন্ট অর্থারিট কি করে-না, সে প্রথমে খোঁজ নেয় এবং পরে উচ্ছেদের অর্ডার দেয়। এই ৩নং ধারার পরে ৪নং হচ্ছে প্রটেকটিং ক্লক্র। এই ৩নং ধারায় যে এভিকশন অর্ডার হয় সেটা কোন কোন্সময় হবে এবং কোন্ কোন্সময় হবে না তার সম্বন্ধেও কতকগুলি বাঁধাধরা বিধিনিদেশি দেওয়া হচ্ছে। কিন্তু এই ৪নং ধারায় বলা হচ্ছে যে, সে উচ্ছেদের অভার দেওয়াব আংগে কতকগুলি কাজ করবে। এখন সে কি কি কাজ করবে--না, প্রথমে যদি অন্য কোথায়ও জমি পাওয়া যায় তার জন্য রিফিউজি ডিপার্টমেন্টকে বলবে। সে জমির যদি সন্ধান হয় এবং সেই জমি যদি কম্পিটেন্ট অথারটি স্টেবল মনে করেন তা হ'লে সেই জমি রিফিউজিদের অফার করা হবে। এখন সেই অফার যদি তারা গ্রহণ না করে তা হ'লে তাদের উচ্ছেদ করা হবে। আবার সে যখন অর্ডার করবে তখন সেই অর্ডারএর উপর ৬নং ধারা অনুসারে ট্রাইবানোলএর কাছে আপীল হবে। সতেরাং আজকে যেটকে পরিবর্তন করা হচ্ছে সেটা করা হচ্ছে কেবল ওপিনিয়ন সম্বন্ধে যাব এগেনস্টএ আগে কোন আপীল চলত না। র্তুপিনিয়নএর এগেনস্টএ কোন আপীল চলে না। ত্রিপিনিয়নএর এগেনস্টএ আপীল যে চলে এটাই হচ্ছে আইনের স্বতঃসিন্ধ সিন্ধান্ত। কাজেই তনং ধারায় যে সিন্ধান্ত হবে তা ক্যাপিটেন্ট অর্থারিটির হাতে রইল এবং ৪নং ধারায় যে সিম্ধাত হবে সেটাও ক্যাপিটেন্ট অর্থারিটির হাতে রইল। কেবলমাত্র কোনু জাম স্টুটেবল, সেই স্টেবিলিটির ওপিনিয়নটা কম্পিটেন্ট অর্থারটির বদলে স্টেট গভর্নমেন্ট করবেন। এটা কেন স্টেট গভর্নমেন্ট করবেন সেটা আমি আমার প্রার্নিভক বক্ততায় বলেছিলাম। সেটা হচ্ছে এই যে, একটা বড প্লট অব ল্যান্ডএর মধ্যে হয়তো একটিমার প্লটএর মালিক উচ্ছেদের জনা দর্থাসত করেছেন এবং আবার হয়তো সাতটি প্লট অস্মবিধায় দারেতে আর একটা ফ্লটএব জন। দর্থাম্ত করাতে। কারণ এক্ষেত্রে একজনকৈ সেখান থেকে নিয়ে গিয়ে বেহালায় আর একজনকে র্যাদ বারাকপুরে বসাতে হয় তা হ'লে নিশ্চয় তার প্রপার ইকনমিক রিহ্যাবি-লিটেশন হবে না। পক্ষণ্ডরে এখানে প্রায় ৩০ লক্ষ রিফিউজিদের রিহ্যাবি**ল**-টেশন ॰লানএর ভার ডিপার্টমেন্টকে নিতে হচ্ছে। তখন তাঁরা যদি এক জায়গায় জুমি আকোয়ার ক'বে আর্থিক প্রেব্লিস্নেব বাবস্থা চিন্তা ক'রে একটা বড় কোন স্কুমি করতে পারেন তা হ'লে সেইক্ষেত্রে এই কাজ সাতা সাতা সফল হওয়া সম্ভবপর হ'তে পারে। সেজনা এই ধারার পরিবর্তনের মূল কারণ হ'ল যে, পীসমীলভাবে রিহ্যাবিলিটেশন না হয়ে যাতে কমপ্যাস্ট্র হোল স্কীম ইন্ডিপেন্ডেন্ট স্কীম একটা হ'তে পারে তারই উন্দেশ্যে এটা করা। আবার দেটট গভর্মান্ট না হ'লে কমাপিটেন্ট অর্থারিটির পক্ষে খাচরো খাচরো ব্যাপারগালো দেটট গভর্মেন্টএর নজরে না এনে একটা হোল প্লানিং ইণ্টিগ্রেটেড প্লানিং বা পুরোপুরি একটা দকীয় করা সম্ভব হবে না। এই একমাত পরিবর্তন এখানে হচ্ছে। আমি পুনেরায় বলছি যে. ৩ ধারা এবং ৪ ধারায় যেখানে যেখানে অর্ডার আছে তার এগেনস্টএ ট্রাইবানোলএর ব্যবস্থা যেমন ৬ ধারায় ছিল, তেমনি ৬ ধারা এখনও বর্তমান রইল। অর্থাৎ তার এগেনস্ট্র আপীল করবার বিষয়ে কোন পরিবর্তন হয় নি। এই হচ্ছে মোটামটি কথা। এই কথা বিবেচনা করার পর আমার মনে হয় যে, খুব বেশি এর উপর বিতর্কের প্রয়োজন হবে না। এই বিলটা সদ্দশ্ধে ধারার পরিবর্তনে আমাদের অনেক্থানি এক্মত হওয়া সম্ভবপর হবে ব'লে আমি মনে করি। স্তুতরাং এই যে বিল আপনাদের সামনে উপস্থাপিত হয়েছে, আশা করি, আপনারা তা গ্রহণ করবেন।

#### Dr. Suresh Chandra Banerjee:

অন এ পয়েন্ট অব ইনফর্মেশন, স্যার। কাল আমি বর্লেছিলাম যে আর্টোদ অপশন অব দি ডিসপেলস্ড্র পার্সান—এই অ্যামেন্ডমেন্ট আনা আছে গভর্মেন্ট পক্ষ থেকে, সেটা আংশিকভাবে আনা হয়েছে। এর পরে ৫বি(ট্র-আই)র জায়গার

such other land or at the option of the displaced persons.

land-purchase loan and house or house-building loan— সেটা আড়ে হওয়া দূরকার। তা না হ'লে অর আটে দি অপশন অব দি ডিস**েলস্ড**্ পাসনি -এটা রয়েই গেল।

#### The Hon'ble Birmal Chandra Sinha:

ডাঃ ব্যানার্জি যা বলেছেন সেটা সম্পূর্ণ অপ্রয়েজনীয়, কারণ এটা হচ্ছে ল-এর ড্রাফটিংএর ব্যাপার। সেজন্য আমার মনে হয় এখানে তর্ক ক'রে কোন লাভ নেই এবং এ বিষয়ে আমি আইনজ্ঞদের পরামর্শত নিয়েছি। কথা হচ্ছে যে, দ্বিতীয় ধারায় যেটা আপনারা অপশন বলছেন সেটা অত্যানত অপ্রয়েজনীয়। কারণ অপশন এক্সারসাইজ করছে যথন অফার দেওয়া হচ্ছে। সেখানেও আমরা অপশনএর প্রভিশন ক'রে দিয়েছি। তার পরের ধারায় আছে যে, সে যথন অপশন এক্সারসাইজ ক'রে হোক, জাম হোক, বাড়ি হোক, টাকা হোক, ইত্যাদি যা হোক একটা কিছু পেল তথন সেটা কিভাবে ব্যবহৃত হবে সে সম্বন্ধে সে ধারায় আছে। কিন্তু তার আগেই অপশন এক্সারসাইজ করা প্রয়োজন সেখানে অপশন দেওয়া হয়েছে। তারপরে অপশন এক্সারসাইজ করে সে যে জিনিস্টা পেল তথন তার অপশন দেওয়া হয়েছে। তারপরে অপশন এক্সারসাইজ ক'রে সে যে জিনিস্টা পেল তথন তার অপশনএর কোন প্রশন উঠতে পারে না।

### Dr. Suresh Chandra Banerjee:

মিঃ দপীকার, সাার, আমি মাননীয় মন্তিমহাশয়ের কথা কিছ্ই ব্রুক্তে পারলাম না। আইনজ্ঞরা কি করবে না করবে সেটা আমরা কিছ্ জানি। আমরা এখানে যখন আইন পাস করেছিলাম তখন আইনজ্ঞবা বলোছিলেন ঠিক আছে; কিন্তু হাটকোট বলে জিনিসটা কলকাতা শহরে নেই। আইনে কি হয় না হয় সেটা আমরা জানি না। আমরা সাধারণ মান্য, সাধারণ-ভাবে জিনিসটা দপত ভাষায় ব্রুতে চাই। এখানে আমরা দেখছি যে,

other land which in the opinion of the competent authority, etc., etc.

and also house or such other land or house-building loan এর পরেতেও এটা আসা দরকার। তা না হ'লে এটা হাউসএর বেলায়

কিছ্ টাকা দিলে সে থেকে গেল। কাজেকাজেই শ্ব্ধ ল্যান্ড নিয়ে টাকা দিলেই হাউস হবে না। সেদিন আমি কুন্ধ হয়ে বলেছিলাম— আজও আমি সিমণিল গেট আউট। এটা হচ্ছে মূল কথা। স্ত্রাং এই অপশনটা আড করা দরকার।

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: As a procedural matter I think speeches on the consideration motion should be finished first.

Mr. Speaker: Dr. Banerjee, the motion for consideration of the Bill is now before the House and let the speeches be finished first.

#### Dr. Colam Yazdani:

মাননীয় দপীকার, সার —িবমল সিংহ মহাশয় বললেন যে, সংশোধিত আকারে যে বিলটা এখানে পেশ করা হচ্ছে সেটা নাকি অনেক লোকের পক্ষেই গ্রহণযোগ্য হবে। কিন্তু এ বিষরে আমার যথেন্ট সন্দেহ আছে। কেন না, এই উন্বাস্তু প্নর্বাসন ও জবরদখল জারগা উন্ধার বিল ট ১৯৫১ সাল থেকে চাল, আছে। এই বিলের দ্বারা কাজ কতটা হয়েছে তা বিভিন্ন । গ্রাদেব কাছ থেকে আপনি শ্নুলেন। আজকে যেসমসত সংশোধিত প্রস্তাবসহ এই বিল ওপস্থাপিত হয়েছে তা পাস হ'লে সাতাকার কিরকমভাবে এ দ্বারা গৃহহারা লোকেরা উপকৃত হবে তা অনুমান করতে পারা যায়! আমি কয়েকটা উদাহরণ দিয়ে বলতে পারি যে, গৃহহারা হয়ে কতকগৃলি লোকের দ্বেশ্বদ্শা যা ঘটেছিল, ১৯৫১ সালে এই বিল পাস হবার পর, তা দ্রে হয় নি। এই সাত বছরে তার কিছুই প্রতিকার হয় নি।

প্রথমেই আমি কলকাতার মস<sup>্ক্রিদ</sup>গ্রলির কথা বলছি। কলকাতার মুসলমানদের সংখ্যা কম নয় এবং এখানে যেসব মসজিদ আছে তার সংখ্যাও কম নয়। তার মধ্যে যেসমুহত মসজিদে উম্বাস্ত্রা বাস কর্রাছল তার সংখ্যা হচ্ছে প্রায় ৫০। এখনও ৪০টা মস্বান্ধদে উম্বাস্ত্রা বসবাস করছে। উন্বাস্ত্রা মসজিদে বাস করছে, এইভাবে মসেলমানদের ধমীয় সেন্টিমেন্টএর উপর আঘাত দেওয়া হচ্ছে। তার জন্য অনেকবার মুসলমানদের তরফ থেকে সরকারের দুঘ্টি আকর্ষণ করা হয়েছে। কম্পিটেন্ট অর্থারিটির কাছে বহুবার আবেদন করা হয়েছে কিন্ত দেখতে পাচ্ছি যে, ১৯৫১ সাল্লে এই বিল পাস হবার পর বিলের মধ্যে যে সম্ভাবনা ছিল সেইমত কাজ হয় নি। যেসমুহত কাজ কম্পিটেন্ট অথ রিটি করবেন ব'লে আশা করা গিয়েছিল, দেখা গেল তাব কিছ\_ই করা হয় নি এখনও পর্য-ত। উদ্বাস্ত্রা যেসমস্ত জায়গা জবরদখল ক'রে আ**ছে** উপযুক্ত স্থানে পুনর্বাসন করে তাদেরকে সেখান থেকে সরাতে হবে। এই বিষয়ে গতকাল জ্যোতিবাব্ কতকগ্রাল সাজেশনস দিয়েছিলেন। যতক্ষণ সেইরকমভাবে উদ্বাস্ত্রদৈবকে জবর-দখল জায়গা ইত্যাদি থেকে সরিয়ে দেবাব বন্দোবহত না করা যাবে ততক্ষণ পর্যব্ত বিল পাস হয়ে গেলেও তার দ্বারা গৃহহারাদের কোন লাভ হবে ব'লে আমবা মনে করি না। এইমাত আমি বলেছি যে, কলকাতায় এখনও প্রায় ৪০টি মর্সাজদে উন্বাস্ত্রা বসবাস করছে। আমি এইরকম অনেক জায়গায় গিয়েছি এবং স্থানীয় উদ্বাস্ত্রদের সঙ্গে কথা বলেছি। তারা যে খর্মিশ হয়ে এইসমূহত ধর্মস্থানে বাস করছে তা নয় অতান্ত বাধা হয়েই তারা সেইসমূহত মুস্জিদে বাস করছে। সরকারের তরফ থেকে যদি তাদের অন্য জায়গায় বসবাসের বাবস্থা করে দেওয়া হয় তা হ'লে তারা খাশির সংখ্য সংখ্যসংখ্য চ'লে যাবে এবং ধর্মের দ্থান মসজিদগালি তারা সংখ্যাসখ্যে ছেডে দেবে। তারা যে এইসমুষ্ট ধর্মস্থানে বাস করছে তার জনা তারা দুর্গেখত ও মুম্বিত।

# [2-20-2-30 p.m.]

১৯৫১ সালের পরে জবরদথল করা যে সমসত বাডি, ঘর, জমি ছিল, তা ফিরে পারার জনা বিলে যে প্রতিশন ছিল, তার নির্দেশমত সরকার ঠিকভাবে কাজ করতে পারেন নি। মসজিদের ব্যাপারে আর একটা ঘটনার কথা বলব। খডগপুরে একটা মসজিদ সরকার নীলামে বিক্রি ক'বে দিয়েছিলেন এক ভদুলোকো কাছে। পথানীয় মুসলমানদের অন্যুরোধে সেই ভদুলোক সহান্ভূতিক সংখ্য বিবেচনা ক্রে মসজিদটি ক্ষ কারে বৈথেছেন। আমি কলকাতার কথা বলেছি, এখানে ৪০টি মসজিদে, প্রায় ৫০<sup>°</sup>ট রিফিউজি পরিবার বাস করছে। এ ছাড়া হাওড়াতে কও আছে তা আমি আজ বলতে প্রেলাম না। সমুহত বাংলা দেশে কত আছে জানি না। সরকার এ সুহুবন্ধে যদি অবহিত হন তা হ'লে ভাল হয়। কেন না, আমাদের দেশের একটা সেকশন্তর লোকের মনে এজনো আঘাত নিশ্চয়ই রয়ে গিয়েছে। তারপর, মুসলমানদের যে সমসত ঘরবাড়ি প্রবিশেগৰ উদ্যাস্ত্রা দথল ক'রে বেখেছে, তার মধ্যে উত্তর কলিকাতা ও দক্ষিণ কলিকাতার নানা অঞ্চলেই অনেক বেশি। সেই সমহত বাড়ি, মালিকদের ফিরিয়ে দেবার যে বন্দোবহত আছে সরকাবের তরফ থেকে, তা কার্যকর্বা মোটেই হচ্চে না। স্থানীয় ভদুলোকদের নিয়ে এবং স্থানীয় িরফিউ:জ এবং স্থানীয় যেসব বাডির মর্ণলকর। রিফিউজি হ'য়ে গিয়েছে তাদেরকে নিয়ে, যতক্ষণ প্যতিত লব্কার মিলেমিশে একটা ব্যবস্থা না করতে পার্বেন সে প্রতিত এ সমস্যার সমাধান হবে না। সমূহত জায়গারই মাসলমানর। তাদের নিজেদের ছেডে দেওয়া ঘরবাডি ফিরে পেতে চায় তা নয়। অনেকে পবিবৃতিত পবিস্থিতিৰ মাঝে কিন্তে যেতে চায় না। এইবাপ জায়গায় তারা যদি ক্ষতিপরেণ পেয়ে যায় তা হ'লে তারা নিজেনের বাডিঘর ফিরে চাইবে না। সেই টাকা দিয়ে অন্যত্র ঘর বাঁধরে। ক্ষাতপুরেণ ভারা কি কারে পেতে পারে, তার আভাস জ্যোভি বাবু গওকাল দিয়েছেন। তারপর, এই যে জবরদখল এটা শুধু মুসলমানদের ঘর, বাড়ি, জাম, ও মুসজিদের মধোই সামাবণ্ধ তা নয়। কলকাতায় মাসলমানদের যে সব কবরম্থান আছে, তারও অনেকগ**্রাল** জবরদখল হ'য়ে আছে। একটা কবরস্থান দেখে এলাম খাটাল করা হয়েছে। কোনটায় বা ফুটবলের মাঠ করা হয়েছে, এবং নানা ভাবে অন্য কবরস্থানকে দূষিত কলা হচ্ছে। এতে আজকে মুসলমানদের মনে কত যে আঘাত দেওয়া হচ্ছে, তা সরকার জানেন।

Mr. Speaker: Please be a little more relevent. I do not see much relevancy in what you are saying now.

#### Janab Colam Yazdani:

আমি শ্ব্ৰ এইট্ৰু বলতে চাই যে ১৯৫১ সালে যে বিল পাস হয়েছে, সেই বিলে যথেণ্ট প্রভিসন ছিল যার দ্বারা, সমস্ত জবরদথল করা ঘরবাড়ি ইত্যাদিগর্নল ফিরিয়ে পাওয়া সম্ভব ছিল। কিন্তু সরকার সহান্তুতির স**ে**গ কোন কাজ করতে পারেন নি: সেইজন্য এই সমুহত কাজ কার্যকিরী হতে পারে নি। এখন এ্যামেন্ডমেন্ট সহ যে বিল পাস হ'তে চলেছে, তাতে যে কতট্টুকু উপকার হবে, সে বিষয়ে আমাদের ষথেণ্ট সন্দেহ আছে। আমি জানি এইসব কথা বললে অনেকেই সাম্প্রদায়িকতা ব'লে উষ্মা প্রকাশ করেন। কিন্তু যে জিনিস বাস্তব, তাকে যদি প্রচার করা যায়, তাতে উন্মা প্রকাশ ক'রে লাভ কি আছে, আমি ব্রুমতে পারি না। এদেশের বাস্তুচাতরা যে আমাদেরই দেশের লোক সেইজন্য এদের সমস্যা নিয়ে আমার কথা পেশ কর্রাছ। আমার শ্বে, বলবার এই যে, যেখানে আমাদের সরকারের দায়িত্ব এবং সরকারের তর্কু থেকে আমাদের দেশের জন্য যে সমুহত করা উচিত ছিল সেই সমুহত যুখন সুরুকার করতে পারেন নি বা সেই সমগত করতে পারছেন না ব'লে আমরা দেখিয়ে দিই, তখন সেটা সরকার যদি পছন্দ না করেন তবে তা ঠিক হবে না। কেন না, একটা দেশ শাসন করতে হ'লে, সেখানকার সমুস্ত স্তরের লোকদের জন্য চিম্তা করতে হবে। তাতে যদি কোন দিকে গাফিলতি হয়, যদি ঠিকমত কর্তবা পালন না করা যায়, তা হ'লে সেটা খুব ভাল বলা যায়, তা নয়। সেইজন্য আমি মন্ত্রীমহাশয়কে বলছি যে ১৯৫১ সালে যে বিল পাস হয়েছিল, এামেন্ডমেন্টসহ আজও সেই বিল গুহণযোগ্য হবে ব'লে অনেকে মনে কববেন कि না. জানিনা। আমি এইটাকু বলতে চাইছিলাম যে ১৯৫১ সালে এই বিল পাস হওয়ার প্র, সেটা কার্যকিবী হয় নি, এবং আজও এই সংশোধিত বিল পাস হলে পর কতটা কার্যকরী হবে সে বিষয়ে অমাদের যথেণ্ট সন্দেহ আছে। গতকাল জ্যোতি বাব যে সম্পত্র সাজেস্থান দিয়েছেন সরকার সেইভাবে যদি কাজ করেন, সাজেস্থানগুলিকে সরকার ষ্দি কার্মিকী করেন, তা হ'লে জবরদ্খল সমস্থার সমাধান হয়ত হতে পারে।

The Hon'ble Bimal Chandra Sinha: Sir, I am very sorry to interrupt but I have an important announcement to make. As you directed there has been a change in the term that has been used. The word "clause" in clause 5 should be renamed as "paragraph". This is a formal change.

#### Si. Sunil Das:

মাননীয় স্পীকার মহাশয়, এই বিলে কতকগঢ়িল অবাঞ্নীয়, অবাসত্তর ও অনাবশাক যে ধারা ইনসার্ট করা হয়েছিল তার কয়েকটি মন্ত্রীমহাশয় আমাদের আশ্বাস দিয়েছেন যে তুলে নেওয়া হবে। কিল্কু কথা হ'ল বিল সদ্বশ্ধে আরও যেসমুহত আপত্তি গতকাল এবং আজ এই সভায় আলোচিত হয়েছে সে সম্পর্কে কোন পরিবর্তনি কিম্বা সম্প্রসারণ সম্পর্কে মন্ত্রীমহাশয় আমাদের কিছ্ই জানালেন না। যেমন ডিসংশ্লেস্ড পার্সনিস সম্পর্কে আলোচনা হয়েছে ডিসংশ্লেস্ড পার্স নসএর ডেফিনিশনকে এক্সটেন্ড করা যায় কিনা। আমরা ভেরেছিলাম কালকে যথন এই হাউস আডজোর্নড হয়ে গেল এবং এই বিল সম্পর্কে প্রুর্বিবেচনা করবার জনা সময় নেওয়া হ'ল তখন এখানে যেসমুহত গুরুত্বপূর্ণ প্রশ্ন উত্থাপন করা হয়েছে সেই সম্পর্কে প্রনিবিবেচনা করে কিছু কিছু সংশোধন করে অ্যামেন্ডিং বিল এখানে আনা হবে। সেদিক থেকে আমরা নিরাশ হয়েছি। আরও কথা হ'ল, মন্ত্রীমহাশয়ের নিদেশি মন্ত্রীমহাশয় যেকথা বললেন কম্পেনসেশন সম্পর্কে তা আমরা ব্রুতে পারলাম না। সেই ধারা, সেই যে নির্দেশ, তাঁর যে মত সেটা আইনে স্থান পাবে কিনা? সরকারের পক্ষ থেকে একটা বিব্যুতি দেওয়া উচিত ছিল যে, তাঁরা এ সম্বন্ধে তীনের দায়িত্ব সমাধান করবেন কি না, কারণ এ সম্পর্কে মন্ত্রীমহাশয়ের কথা থেকে আমরা ম্পন্ট কিছ্ন ব্রুতে পারলাম না। যদি আইনের ভিতর এমন কোন বাবস্থা না থাকে ক্মপেনসেশন্ সম্পর্কে, যাতে বলা হবে যে যে মত মন্ত্রীমহাশয় প্রকাশ করলেন, সেটা সরকার গ্রহণ করেছেন— তা না হ'লে আমরা বলব শাধা প্রেস-নোটএর দ্বারা সরকার তাঁর কর্তব্য সমাধান করতে চান, এবং সেখানে তারা মনে করতে পারেঁন তাদের দায়িত্ব শেষ করলেন। এই হাউসে আমরা যারা এদিকে রয়েছি, আমরা সেটা গ্রহণ করতে পারব না: এবং বাইরে যারা জনসাধারণ রয়েছেন ও উদ্বিশ্ন হ'য়ে লক্ষ লক্ষ উদ্বাস্তুরা রয়েছেন তাঁরাও সরকারের সেই কথা গ্রহণ করতে পারবেন না। সোদক থেকে আমি মনে করি এই বিলে যে ম্লগত চুটি ছিল সেগালি রয়ে গিয়েছে এবং র্যাদ

এ সম্পর্কে প্রনির্বাবেচনা না হয়, তা হ'লে এই ম্লগত গ্রুটিগ্রলি সম্পর্কে আমাদের প্রে যে মত ছিল, এখনও সেই মত রয়েছে এবং থাকবে। এই বিলের (৭) নং ধারা সরকারপক্ষ বলেছেন তুলে দেওয়া হবে। যে এগমেন্ডমেন্ট রয়েছে (৭) নং ধারা তুলে দেওয়া সম্পর্কে এবং তার উপর বিরোধীপক্ষ থেকে যে এগমেন্ডমেন্ট দেওয়া হয়েছে, আশা করি তা, তাঁরা সমর্থন করবেন। আমি বলতে চাই, বিলে সরকারপক্ষের এই ধারা থাকলে, তা সরকারকে যে ভাবে কলিঙ্কত করত, সেই কলঙ্কের হাত থেকে অব্যাহতি পাবার জন্য তাঁরা এই ধরণের একটা প্রস্তাবে রাজী হয়েছেন। কিন্তু তাতে বিলের কোন ম্লগত উর্নাতি কিছ্ হয়েছে ব'লে আমি মনে করি না। পাবলিক ডিমান্ডস রিকভারী এগান্টএর আশ্রয় নিয়ে জমিদারদের এজেন্সী করবার জন্য সরকার যে উদ্যত হয়েছিলেন, এবং তার দ্বারা নিজেদের কলঙ্ক-কালিমা নিজেদের ম্থেই মাথতেন, এর চেয়ে বেশি কিছ্ব তাঁরা করবেন না। স্ত্রাং বিলের ম্লগত গ্রুটিগ্র্লির সংশোধন হয় নি, পুবং তা না হ'লে সমগ্র বিলটা আমাদের কাছে গ্রহণযোগ্য হতে পারে না।

[2-30-2-40 p.m.]

## Sj. Monoranjan Hazra:

মাননীয় স্পীকার মহাশয়, গতকাল মল্ট্রীমহাশয়, এই বিলকে অভিনন্দন জানাতে ও সরকারের সংগে সহযোগিতা করার জনা আমাদের আহত্তান জানিয়েছেন। আমাদেরও **এই বিলকে** অভনন্দন জালাতে আপত্তি ছিল না যদি প্রকৃতই একে সর্বাঞ্গস্কুর ও জনকল্যাণমূলক করা হ'ত। এই বিল সম্পর্কে সর্বপ্রথম যোটা আমার মনে হচ্ছে সেটা হচ্ছে ডিসপ্লেসড পার্সন সংজ্ঞাটা যদি সর্বজনগ্রহ। করা যেত তা হ'লে ভাল হ'ত, কিন্তু সেদিক থেকে কোন চেন্টা আমরা দেখি ন ৷ ১৯৫০ সালের ৩১এ ডিসেম্বরের মধ্যে সীমাবন্ধ ক'রে দেওয়া হচ্ছে এতে পূর্ববিষ্ণা হতে অ.গত উদ্বাসহদের অধিকার অনেক অংশে গ্রাহ্য করা হতে না। অন্যাদিকে দেখি যে সমুষ্ঠ ভায়গায় তাবা নিজেদের চেণ্টায় কলোনী ইতাদি গ'ড়ে তুলেছে, সেখানে যদিও আইন অনুযায়ী অপ্ৰথহে দেওয়া হচ্ছে সেখানেও কতকগুলি জিনিস হচ্ছে। আমি যে **অণ্ডল থেকে এসেছি** সেখানকার কথা আমি মাননীয় মন্ত্রীমহাশয়ের কাছে রাখতে চাই। শ্রীরামপুর কলোনীতে ২৮৫টি ফার্মিলি অংছে অথচ সেখানে দেখান হয়েছে ১৮৫, কোম্বগর কলোনীতে আছে প্রায় ২০০ ফার্মিলি, অথচ সেখানে লেখা হয়েছে ৪০টি। এতে আমরা দেখতে পাই বহালোক বাদ প**ডে** গিয়েছে, এথেকের বেশি লোক অপশিপত্র পান নি। তারপর, রিফিউজির পরিচয়ন্বরূপ যে জিনসগর্ল আপনারা ঠিক করেছেন, যেমন, সেনসাস রিপোর্ট, ভোটারস লিণ্ট, এগ্রালি ভালই হযেছে, এতে আমার অপতি নাই। কিন্তু এমন বহু বাস্তুহারা মানুষ আ**ছে যাদের না কি এগ**ুলি নাই, তাদের বেলায় দোকানের ভাউচার, ডক্টরস প্রেসক্রিপশন, মাসিক যে দোকানের মাল খায় সেই দোব।নেব হিসাবপত্র ইত্যাদি দেখালে কেন সেগুলি গ্রাহ্য হবে না, আমি ব্যক্তে পারি না। সেদিকে আমি মন্ত্রীমহাশয়ের দূর্ণিট আকর্ষণ করি। আমি আর বেশি কিছু বলতে চাই না। আজকে উদ্বাসত্দের কাপোরে যে অবস্থার স্কৃতি হয়েছে এবং অদূর ভবিষাতেও যে পরিপিথতির উদ্ভব হওয়ার সম্ভাবনা আছে তাতে আমি মনে করি সরকার যদি এদিকে দুণ্টি রাখেন তা হ'লে আশা কবি বাংলাদেশের রিফিউজি সমস্যার অনতত এক দিকটা আমরা দূরে করতে পারব।

## Sj. Pabitra Mohan Roy:

মাননীয় দপীকার মহাশয়, এখানে যে বিলের আলোচনা হচ্ছে, এব ওরিজিন্যাল, পূর্ব পূর্ব আনেন্ডমেন্ট, এবং সরকার কর্তৃক প্রচারিত যে ইস্তাহার আমরা দেখেছি, সব মিলিয়ে সাধারণ লোক বিশেষ করে যাঁরা আইনজ্ঞ নন তাঁদের কাছে একটা প্রহেলিকা স্থি করেছে। আজকে এ সন্বন্ধে আমি দ্য়েকটি কথা আপনার মাধামে মন্দ্রীমহাশয়ের কাছে তুলে ধরছি। ওয়েস্ট বেংগল উইকলাতে স্কোয়াটার্স কলোনীর রেগ্লোরাইজেশন সন্বন্ধে যা লেখা হয়েছে তাতে দেখছি গভর্মমেন্ট বলছেন, ইন্টারেস্টেড পারসন এই বিল সম্পর্কে প্রপাগান্ডা করে বেড়াছে, কিন্তু

Government desires to make it clearly known that the Bill does not in any way affect the programme of regularisation

খ্ব ভাল কথা, তাই যদি হয়, মন্ত্রীমহাশয়ের কাছে জানবার দরকার ছিল এই বিল একেবারে

সোজাস্থাজি আনতে পারতেন তা হ'লে একটা দিক পরিন্দার হ'ত। তারপর আছে the process of regularisation of such colonies under the scheme of regularisation will continue as well.

এই যে অবন্ধা এটাই যদি হয়ে থাকে তা হ'লে সেটা পরিব্দার করে বল্লে আমাদের পক্ষে বৃন্ধতে স্বিধা হ'ত। আজকে যে ব্যবস্থা করা হচ্ছে তাতে অলটারনেটিভ এ্যাকোমোডেশনএর পরিবর্তে জায়গা বা টাকা দেওয়ার জন্য এই এ্যামেন্ডমেন্টএ চেন্টা করা হচ্ছে। এটা মাননীয় সদস্যরা কি লাইটে নেবেন জানি না। এই আইন দ্বারা সরকার প্রাপ্রি এভিকশনএর ব্যবস্থাই করছেন এই সন্দেহ আমাদের মনে জাগছে। দমদম মিউনিসিপ্যালিটির কোন কোন জায়গা আমি দেখেছি তথন এই বিলের আলোচনা হয় নি বিফিউজি রিহ্যাবিলটেশন কমিশনারএর সই করা চিঠি গেয়েছে যে, যদি মিউনিসিপ্যাল এলেকায় পাকা রাস্তার উপর ভাল জমি পাওয়া যায় এবং সে জমি রিফিউজিরা নিজেরা জোগাড় করে দিতে পারে তা হ'লে ১০০০ টাকা এবং কাঁচা রাস্তায় হ'লে ৬০০ টাকা দেওয়া হবে। অলটারনেটিভ এটাকোমোডেশন সন্বন্ধে পরিব্দার বলে দেওয়া হয়েছে আমরা পারছি না জমি জোগাড় করতে। তোমরা মিউনিসিপ্যালিটির মধ্যে এগ্রিল জোগাড় করে নাও। দমদম মিউনিসিপ্যালিটির সন্ধেণ অনি জাড়ত আছি। সেখানে পাকা রাস্তার উপর ১০০০ টাকায় পাওয়া সম্ভব নয়। এই যদি হয়, এই প্রিন্সিপলএ যদি আপনারা চলেন তা হ'লে সেটা কোন কমপ্রোমাইজএর কথা হবে ন'।

এই বাস্তৃহারার বিল ১৯৫১ সালে যখন এসেছিল এবং যখন এ্যামেন্ডমেন্ট এবং যা-কিছু হয়ে বিলটা নতুন রূপ নিয়েছিল, তার থেকে আজকে ছ' বছর পার হয়ে গিয়েছে। এই ছয় বছরে বাস্তহারারা সেইসমস্ত জায়গায় জমি দখল কারে যে অবস্থায় আছে সেই অবস্থা করতে তাদের যে থরচ করতে হয়েছে সেইসমুহত কাজের জন্য তাদের কম্পেনসেশন দেওয়ার কোন প্রশন এখানে উত্থাপিত হয় নি। মুসলিম হোল্ডার্সদেব সম্পর্কে আমি জানি, আমার এলাকায় অনেক মুর্সালম আছেন যাঁরা বাড়ি ছেড়ে চ'লে যেতে বাধা হয়েছেন। বিভিন্ন জ রগায় এ'রা বলছেন বাডি ফেরত দেবার এবং এমনকি অলটারনেটিভ এ্যাকোমোডেশন দেবার ব্যবস্থা হয়েছে: কিন্তু সেইসমূহত মূর্সালমদের অলটারনেটিভ এ্যাকোমেটেশনএর বাবস্থা যে কি হয়েছে তা আমরা জানি। দমদম এলাকায় বহু মুসলিম ভোটার ইলেকশনএব আগে আমার কাছে এসে-ছিলেন এবং পরেও এসেছেন এবং তাঁরা বলেছেন কেনে কোন এলাকায়, যেমন দমনম এলাকায়, খড়দা থানা এলাকার যে বিল আছে তা যদি সংস্কার ক'রে উন্নত করা যায় তা হ'লে সেথানে বাস্তহারা মুসলিমদের পুনর্বাসনের বাবস্থা সম্ভব হয়। কিন্তু কয়েক হাজার টাকার অর্থবায়েও সরকার সেই কাজ করতে চান না। আমরা জানি যেখানে কোটি কোটি টাকা খরচের ব্যাপাব নেই সেখানে সরকার এগতেে চান না। আমি বলি, হয় মত্র্সালমদের সেথানে বসান, নতুবা বাস্ত্হারাদের সেখানে বসান–অন্তত এইভাবে একটা সমস্যার সমাধান কর্ন। সেই স্পিরিট নিয়ে, সেইসমুহত দিকে নজুৱ রেখে যদি এই বিল আনা হ'ত তা হ'লে এই বিল মেনে নিয়ে আমরা আলোচনা করতাম। আজকে এমন একটা অবস্থা এসেছে যখন এই বিল আমরা ভালভাবে মানতে পারি না বা গ্রহণ করতে পারি রা।

[2-40--2-50 p.m.]

8j. Ananditall Poddar: Mr. Speaker, Sir, I rise on a matter of personal explanation. I was surprised to hear that the Leader of the Opposition, Shri Jyoti Basu and Shri Haridas Mitra and Shri Subodh Banerjee made charges against me, while speaking in this House, that the Bill is being amended and passed in the interest of myself and others.

Sj. Jyoti Basu: What were the charges?

Mr. Speaker: I do not know.

Sj. Jyoti Basu: There was no charge against him.

# Sj. Anandilali Poddar:

জ্যোতিবাব, কালকে বলেছেন আমার ছয় কাঠা জমি ছাড়া হল না, কিন্তু আনন্দিলাল পোম্পারের ৯০ বিঘা জমি ছাড়া হল।

Are these not charges at all? He should have enquired either from the public or from the Government or from myself who was here and he could have asked me. Not an inch of my land has been released, but what has happened. Sir, is that 90 bighas of land, belonging to a limited hability company of which I am a Director and a shoreholder, was being squatted upon on and from 6th February, 1950 and in 1954 the then Rehabilitation Minister, Shri Ajit Prosad Jam, made out a scheme that if anybody gives his land, he is prepared to give money for the building, he is prepared to transfer the squatters over there. I wrote to my Company to offer them and we offered them ten bighas of land which was officially handed over in January, 1955 and the India Government has spent over 80 lakhs of rupees in building 384 tenements. The tenements are now ready, but these squatters have not been removed up till now. I also understand, Sir, that of those who have squatted on that property—although most of them hail from East Bengal-more than fifty per cent, were actually working in Calcutta before August, 1946, when the first wave of the riot came and in August, 1947, when Bengal was partitioned—they were all working—most of them in Government offices, (Question), question from Opposition benches.)

## Sj. Suhrid Kumar Mullick Choudhury:

মিঃ স্পীকার, স্যার, এই বিল যখন এখানে এসেছে তার আগে তার একট, ইতিহাস দেওয়া। দরকার। মান্নীয় মুক্তী যিনি এই বিল্টা এনেছেন, এ'র স্থেগ ল্যান্ড-ছেন্ডাস এয়সোমিয়েশনএব যোগায়েগ থাকার কথা আমরা শ্রিন। তাঁদেব কোন কোন সদস। চেয়েছিলেন যে, তাঁদেব জমি থেকে স্কোয়াটাসাদের সবিয়ে দিতে এবং তার জন্য বিগত মন্তিমাজলীর কাছে তারা নানাভাবে প্রতিনিধি পাঠিয়ে আবেদন-নিবেদনও করেছিলেন। কিন্ত ইতিপারে যিনি এ বিভাগের কর্তা ছিলেন তার কাছ থেকে আমরা এ ধরনের বিল পাই নি। আমাদের নাতন মন্তিমহাশয় এসে যে বিল এখানে উপস্থিত করেছেন তাতে আমার দেখতে পাচ্ছি যে, জমিদারদের স্বার্থকে আক্ষার রাখবার জন্য তাঁর পক্ষ থেকে প্রচেণ্টা হচ্ছে। কিন্তু আনন্দের কথা যে বিরোধীপক্ষেব সমালোচনাৰ সম্মুখীন হয়ে তিনি কতকগুলো সংশোধন মেনে নিয়েছেন ব'লে বিলের খানিকটা রাপান্তর ঘটেছে। অথচ তা সত্ত্বেও কতকগুলো ঘটনা বা ব্যাপাব আপনার সামনে আমি তুলে ধরতে চাই মন্তিমহাশয়ের অবগতির জন। ডিসপেলস্ভ পাসনি এই সরকার তাঁদের ব'লে থাকেন যাঁদের সম্পর্কে রিফিউজি রিস্তাবিলিটেশন ডিপার্টমেণ্ট থেকে মাঝে মাঝে সংজ্ঞা নিত্রপণ কারে দেন। এ'দের সংজ্ঞা নিরাপণের ক্ষেতে আমরা দেখতে পাই যে, প্রথম দিকে রিফিউজি বা ডিসংক্রেসড পারসনএর সংজ্ঞা নির্পেণের ক্ষেত্রে সংকার একটা সহজ উপায় করেছিলেন। সেই উপায়ের মধ্যে ছিল যে, যদি কোন ডিসপেলসড পারসন পূর্ববাংলা থেকে এদেশে আসেন এবং এ'রা সেকায়াটাস' হিসেবে থাকেন তা হ'লে তাঁদের এফিডেভিট করলেই কাজ দ্বীকার ক'রে দিতেন, এবং সার্টিফিকেট দিতেন তা হ'লে তাঁরা ডিস্পেলস্ড পার্সন অথবা রিফিউজি হ'তে পারতেন! কিন্ত তারপরে আমবা দেখেছি প্রতি দ্র' বছব অন্তর অথবা বছর বছর তাঁদেব নাঁতিব পরিবর্তন হচ্ছে। বর্তমানে আমরা দেখতে পাচ্ছি উদ্বাস্ত পনের্বাসন বিভাগ যে "রিফিউজি ক্যাটিগরী" অথবা ডিসপেলসড পরেসন ক্যাটিগরী স্থিত করেছেন সেই সংজ্ঞাকে এমনভাবে সংকৃচিত করা হয়েছে যে তার আওতার মধ্যে রিফিউজি বা ডিসপ্লেসড পারসন খুব কম সংখ্যক লোক পড়ে। এই সংজ্ঞা নির্পণের ক্ষমতা বিভাগীয় উচ্চপদম্প কর্মচার্নাদের হাতে দেওয়ার ফলে কংগ্রেমের কিছা লোক এবং কর্মচার্নাদের পেটোয়া কিছা ব্যক্তিদের ভাগাই প্রসায় হয়েছে। আনন্দীলাল পোন্দার মহাশয় এইমাত্র বললেন যে, কলোনীতে রিফিউজি অর ডিসংক্ষেসড পারসন না হয়েও বহু সবকারী কর্মচারী ডিসপেলসড পারসন বা রিফিউজি ব'লে প্রেছেন,

সেক্ষেতে আমার কথার প্রমাণই তিনি দিচ্ছেন। অর্থাৎ কংগ্রেস ও সরকারী কর্তৃপক্ষের পক্ষ থেকে এমন কিছু কিছু লোক স্কোয়াটার হিসেবে এইসমস্ত স্কোয়াটার্স কলোনীতে রয়েছেন যাঁদের সরকারী সাহায্যে সেথানে বসবাস করানোর ব্যবস্থা করা হয়েছে।

12-50-3 p.m.]

মথচ যারা যথার্থ রিফিউজি, যারা যথার্থ ডিসপ্লেসড পারসন তাদের সেখানে প্রান পাওয়া দ্বলভি হয়েছে। এদের সম্পর্কে বাবস্থা বিলের মধ্যে থাকলে ভাল হ'ত। রিফিউজি ও ডিসপ্লেসত পারসন না হয়েও সরকারের বিভাগীয় কর্তৃপক্ষের থেয়ালথ্যশিমত তাদের পৃষ্ঠ-পোষকতায় ও কংগ্রেসের দলপোষণের নামে কেউ কেউ দেকায়াটার্স কলোনিতে স্থান পেয়ে থাকেন, তাদের, দরে করবার বাবস্থা থাকা উচিত ছিল। কিন্তু তা থাকবে না, কারণ তারা সরকারের সমর্থক পক্ষ থেকে এসেছেন ব'লে সেটা সম্ভবপর হয় না। যা হোক, আমার মনে হয় এই বিলে স্কোয়াটাস দের তুলে দেবার ব্যাপারে যে সংশোধন করেছেন তারপরে একটা প্রশ্ন থেকে যাবে। কাদের হাতে এই ব্যবস্থার ভার দিচ্ছেন? আগে কর্মপিটেন্ট অর্থারিটির ওপর এই ভার দেওয়া ছিল, কিন্তু এখন বাুরোক্রেটিক গভর্নমেন্টএর নিদর্শন হিসেবে অফিসারসদের হাতে সমসত ক্ষমতা নিয়ে যাওয়া হচ্ছে এই বিলেব মারফতে। আমরা দেখেছি, রিফিউজিদের মধ্যে কেউ যদি কোন আবেদন পাঠিয়েছে অফিসাবদের কাছে, অফিসারবা সেসব আবেদনের কখনও দ্ব' বছর, কখনও তিন বছর, কখনও বা চার বছর ধ'রেও তার কোন স্বুবাহা করতে পারেন নি, এমনকি উত্তব পর্যণত দেন নি। স্কুতরাং কর্মাপটেন্ট অর্থাবিটির হাতে যে ব্যাপার ছিল তাদের হাত থেকে সেটা সেটট গভর্নমেন্টএর নিজের হাতে নিয়ে আসবার ফলে দেখা যাবে কেনায়াটাস'দেব ভাগোব কোন প্রিবর্তনি হয় নাই। শ্ধ্ আমরা দেখতে পাব ভাদের সরিয়ে দেওয়া এবে জমি থেকে এবং তারপরে তারা বাধ্য হবে সেইসমুহত অফিসারের কাছে ধর্ণা দিতে দিনের পর দিন। এইভাবে তাবা প্রচুর অর্থাবায় করতে বাধ্য হচ্ছে এবং ভবিষাতে আরও বেশি অর্থব্যয় করতে বাধ্য হবে। সূত্রাং যে সংশোধনী এসেছে, আমরা মনে করি এর দ্বারা ডিসপ্লেস্ড্ পার্সনস অথবা রিফিউজি স্কোয়াটার্স যারা আছে তাদের কেসের সুরোহা করা যাবে না।

The Hon'ble Bimal Chandra Sinha: Mr. Speaker, Sir, I have tried to explain the provisions of this Bill to this House on more than one occasion. In my introductory speech I tried to explain the main changes that are sought to be made. Then we had discussed with various members of the Opposition and even some time back I explained the new changes that have been introduced. Therefore, Sir, it would not be perhaps necessary to waste the time of the House in covering the same ground again and I shall not try to do so.

I find. Sir, that on the occasion of this debate not only the specific clauses of this very limited Act have been brought under discussion but practically there has been a discussion about the policy of the Government regarding refugee rehabilitation. Sir, I quite appreciate the anxiety of the Opposition members about the proper rehabilitation of these displaced persons but at the same time, Sir, I submit that the department of which I am in charge has merely taken charge of this Bill because it happens to be in relation to land. When the whole policy of refugee rehabilitation has to be discussed, it has to be discussed on a different occasion and I am sure my friend the Hon'ble Refugee Minister will deal with all the specific cases mentioned in the course of this debate. Therefore, I would not also go into that. Lastly, Sir, I want to add a few words about the comments that have been offered by Mr. Suhrid Mullick Chowdhury. He has said that the previous Minister who held charge of this portfolio had never thought of bringing out such a Bill. May I remind him that I am only enacting the Ordinance that was passed some time back by my predecessor? He has said that I happen to be a member of the landholders organisation and he has heard that some landlorders' organisation had applied to the Government

for quick eviction to get back their lands. Sir, this Act is on the Statute Book from 1951 and I am not aware when the landholders applied. At least I do not find any letters in Government files. About the other point, Sir, that I happen to be a member of the landholders' association, I can only say that had he not been speaking in this House under the protection of this House and as a member of this House, I would have filled that a filthy lie

#### Point of Order

Sj. Deben Sen: On a point of order, Sir. Is this phrase 'filthy lie' parliamentary?

The Hon'ble Bimal Chandra Sinha: It is certainly par mamentary. Therefore, I said that he not been a member of this House .......

Sj. Deben Sen: You have used that phrase....

মাননীয় স্পীকার, সাার, আমার একটা আমেন্ডমেন্ট আছে। আমেন্ডমেন্ট নম্বর ২৮ -একই আমেন্ডমেন্ট। ব্যাপারটা কি দাঁড়িয়েছে আমি আপনার মাধামে মন্ত্রিমহোদয়কে একটা ভেবে দেখতে বলি। অবশ্য তিনি আমার উপর ক্রান্ধ হয়ে আছেন ব্রুতে পারছি, তব্ও আমি অতি বিনীতভাবে এই জিনিসটা ভাৰতে বলছি—আগে কি ছিল। আগে ছিল গভন মেণ্ট জমি সংগ্রহ ক'বে দেবেন সেই জুমি উদ্বাস্তদের পক্ষে উপযুক্ত হ'ল কি হ'ল না তা বিচার করবেন ক্মপিটেন্ট অথ্রিটি। এখন কি হচ্ছে ৷ মাননীয় মন্ত্রিমহাশয় দ্য়া ক'রে শ্নেবেন। গভর্নমেন্ট জাম দখল কারে দেবেন এবং গভরামেন্টই বিচার করবেন সেই জাম স্কোয়াটাসাদের পক্ষে উপযুক্ত কিনা। অর্থাৎ যে এক্সিকিউটিভ সেই জ্যুডিশিয়ারি। আমরা আগাগোড়া চেণ্টা করছি এক্সিকউটিভ আন্ড জ্রভিসিয়ারিকে প্রথক করতে। একবার প্রথক ক'রে দেওয়া হয়েছিল ১৯৫১ সালের আইনে। কালকে কমপ্রোমাইজএর কথা যেটা হচ্চিল তথন কমপিটেণ্ট অর্থারিটি শ্রী কে কে হাজরার মূথে শূনলাম, এই অবস্থায় অসূর্বিধা হচ্ছে। অর্থাৎ যদি জ্রাডিশিয়ারিকে এক্সিকিউটিভ থেকে আলাদা ক'রে রাখা হয় তা হ'লে অনেক অস্ববিধা হয়। কিছুদিন আগে খাদামন্ত্রী শ্রী পি সি সেন মহাশয়ের কাছ থেকে শ্রেছিলাম "আমি যদি ডিক্টেটর হতাম, আমার যদি অসীম ক্ষমতা থাকত, তা হ'লে সমস্ত কাজ অনায়াসে ক'রে ফেলতাম।" এক্সিকিউটিভ ও জ্বিসিয়াল ক্ষমতা যদি একই ব্যক্তির হাতে থাকে তা হ'লে অনেক সহজে কাজ হ'তে পারে সে বিষয়ে সন্দেহ নেই। কিন্তু দূর্ভাগ্যবশত আমরা মেনে নির্মেছ ডেমোর্কেসির ফান্ডা-মেন্টাল রাইট হিসেবে সেপারেশন অব দি এক্সিকিউটিভ অ্যান্ড দি জর্ন্ডিশিয়াল। এতে অস্ক্রবিধা হ'তে পারে, কিন্তু যাঁরা মানুষের ফান্ডামেন্টাল রাইটস নির্ণয় করেছেন, তাঁরাই বলছেন ---

There must be separation of the Judiciary from the Executive.

সত্তবাং এতে অস্বিধা আছে মানি, তব্ও এটা আমরা মেনে নিয়েছি। এখন করা হচ্ছে কি? গভর্নমেন্ট একটা রিআকেশনারি মৃভ নিয়েছেন। আমরা সামান্য কিছু অস্বিধা ভোগ করছি, হয়তো ২০-২৫টা ব্যাপারে অস্বিধা হয়েছে। কিন্তু আড়াআড়ি কাজ করবার অজ্বাতে আমরা গণতন্ত্রকে যেন জলাঞ্জালি না দিই। আগেকার আইনে জ্বিডিসিয়ারিকে, একজন জজকে কর্মাপটেন্ট অথরিটি রাখার কথা ছিল। জজ সরকারী কর্মাচারী হ'লেও বস্তুত জজ ইজ আন ইন্ডিপেন্ডেন্ট পার্সান। কিন্তু সংশোধিত আইনে জাজ বাদ দেওয়া হয়েছে, গভর্নমেন্ট নিজের হাতে কর্মাপটেন্ট অথরিটির ক্ষমতা নিয়েছেন। ডেমোক্রেসির দিকে লক্ষ্য রেথে ডাঃ রায় বক্তৃতাপ্রসংগে যে ম্লাবান কথা বলেছিলেন আজ সামান্য একট্ব অস্ববিধার সম্মুখীন হ'তেই গভর্নমেন্ট তা থেকে পিছা হটে যাচ্ছেন, ভূলে যাচ্ছেন

that we are working under a democratic system.
ডেমোর্ফোসতে উস্মবিধা অনেক আছে, তব্তুও ভূললে চলবে না যে,

we are working under a democratic system because we believe in the fundamental rights of the people.

স্তরাং আমি মন্দ্রিমহোদয়কে বলছি এই দৃণ্টিভণিগ না বদলাতে, বদলালে অভান্ত খারাপ হবে, উন্বাদ্তুদের উপর অবিচার করা হবে; স্কোয়াটাস'দের আবার এভিক্ট হ'তে হবে। ১৯৫১ সালের বিলে ছিল, ধাকে-ভাকে গভর্নমেন্ট ষেখানে-সেখানে পাঠিয়ে দিতে পারবেন। তার বিরুদ্ধে ফাইট করার ফলে ঠিক হ'ল, আর কাউকে ষেখানে-সেখানো পাঠানো চলবে ভ্লা। আমরা ঠিক করলাম যেখানে-সেখানে নয়.

in a suitable place to be settled by the competent authority.

এখন গভর্নমেণ্ট সে মত বদলিয়ে আবার ঠিক করছেন যে তাঁরাই সব ঠিকঠাক করে তাদের বাইরে পাঠিরে দেবেন। এই আইন পাস হ'লে গভর্নমেণ্ট যদি মনে করেন যে একজন বাদবপ্রের লোককে কৃষ্ণনগরে পাঠাব, তা হ'লে তার বিরুদ্ধে কিছু বলবার থাকবে না। একজন বাদবপ্রের লোককে গভর্নমেণ্ট যদি বলেন বাকুড়ায় যেতে হবে তা হ'লে সেই জায়গায় তাকে যেতেই হবে।

It the Hon'ble Bimal Sinha's Government

মনে করেন যে, সেই জায়গা উপযুক্ত, তা হ'লে যাকে সে কথা বলা হবে তার আর কিছনু বলবার থাকবে না।

He is utterly helpless.

যে আইন ১৯৫১ সালে প্রথম আনা হয়েছিল তাই আবার ঘ্রিয়ে-ফিরিয়ে প্রকারাত্তরে আনা হক্ষে—

that is what the Government is doing.

এই কয়েক,ট কথা ব'লে আমি বিনীত নিবেদন করছি, গভন'মেন্ট এ সম্পর্কে একট্র বিবেচনা ক'রে দেখুন।

# Sj. Panchanan Bhattacharjee:

মিঃ স্পীকার, স্যার, এই উদ্বাস্তু সংক্রান্ত আইনের বিধানে যেসব বাবস্থা আছে, তার মধ্যে চারটা বিধয়ে বিশেষ অস্ক্রিষা আছে। সেটার প্রতি মাননীয় মন্তিমহাশয়ের দ্ঘি আকর্ষণ কর্রছ। আমার মনে হয়, আইনের বিধানে এইসব অস্ক্রিষালুলি দ্র করবার কোনরকম স্থোগ নেই। জি টি রোডএর উপরে মাননীয় মন্তিমহাশয়ের বাড়ির থানিকটা আগে, সির্ণিথ রোডএর মোড়ে একটা বাগানে কতকর্গলি মধাবিত্ত উদ্বাস্তু বাস করতেন। এবং গভর্নমেন্ট রিফিউজি রিহাাবিলিটেশন ডিপার্টমেন্টএর স্যাংশন নিয়ে যারা শাক-পাতা বাগানের মালিক, যারা ৫ টাকা, ১০ টাকা ঘরভাড়া দিয়ে সেখানে বাস করত, সম্প্রতি তাদের উপর নোটিস দেওয়া হয়েছে। আমি জানি, সেথানে তাদের মধ্যে কেউ কেউ দোকান করেছেন, কেউ কেউ স্কুল-মান্টারি করছেন। তাদের বলা হ'ল ১৫ টাকা ভাড়ায় গাংগ্লেশীবাগানে যেতে হবে। এটা ঠিক এভিকশন নয়, অলটারনেটিভ আক্রোমেডেশন হ'ল, অর্থাৎ যাদবপ্রের তাদের পাঠানো হ'ল, যেথানে থেকে তাদের পক্ষে দোকান চালানো যাবে না, স্কুল-মান্টারিও করা যাবে না এবং ৫ টাকার জায়গায় ১৫ টাকা ঘবভাড়া দিতে হবে। দ্বিতীয়, আর একটা উদাহরণ দিচ্ছি.......

Mr. Speaker: Will the honourable member tell me on which amendment he is speaking—the number?

8j. Panchanan Bhattacharjee: On the amendment of Dr. Suresh Chandra Banerjee, No. 28.

Mr. Speaker: All right.

## Sj. Panchanan Bhattacharjee:

বনহু গলির মোড়ে একজন উদ্বাস্ত্ ভদ্রলোক—িতান খাঁটি উদ্বাস্ত্, কিন্তু নাম লেখান নি— ঐখানে দুই কাঠা জাম কেনেন। সে জাম কেনার পরে তাঁর কাছ থেকে সেই জাম গভন মেন্ট রিকুইজিশন করে নিয়েছেন, কেন না সেখানে আর একটা কলোনির স্কীম আছে। এই ভদ্রলোক তাঁর নাম লেখান নাই উন্বাস্তু হিসাবে। সত্তরাং ইনি এসেছেন পরে, ঘটি-বাটি বিক্রম্ন করেছেন, প্নরায় তিনি উন্বাস্তু হলেন। এই শ্রেণীর লোকের কোন ব্যবস্থা করবার স্বযোগ এই বিলে নেই। আমি আর একটা উদাহরণ বলব। ইছাপ্রে একটা বাজার আছে, তার নাম লাইন বাজার। সেখানে ভেন্ডর্স এবং এমপ্লায়িজ মিলিয়ে এক হাজারের মধ্যে কম করে ১০০র উপর উন্বাস্তু আছেন। তাঁরাও সরকারের কাছে খণটিন না নিয়ে, নিজেরা বাবস্থা ক'রে, সরকারকে কেউ ১৫ টাকা, কেউ ২০ টাকা ভাজা দিয়ে ল্যান্ড নিয়ে সেখানকার বাজারে জিনিসপ্র বিক্রম ক'রে নিজেদের জীবিকা অর্জন করছেন আজ প্রায় ৫-৭ বছর ধ'রে। তাদের উপর eviction notice by the Central Government

এসেছে। কিন্তু এই এভিকশনকে রোকবার কোন উপায় নেই। এটা সিভিল স্টেএর ব্যাপার, তা বলতে চাই না। কিন্তু এভিকশন হবার পর তারা যে কিভাবে প্নেবসিতি পাবে সেইটাই সমস্যা।

Mr. Speaker: Are you generally peaking on refugee rehabilitation?

Sj. Panchanan Bhattacharjes: No. Sir.

Mr. Speaker: Then please confine your speech to the amendment.

Si. Panchanan Bhattacharjee: I am already doing that.

Mr. Speaker: In my opinion you are departing from it.

Sj. Panchanan Bhattacharjee: I have almost finished.

[Red light was lit and the honourable member resumed his seat.]

[4-10-4-20 p.m.]

# Sj. Copal Basu:

মাননীয় স্পীকার মহাশয়, আমি ২৭নং আমেন্ডমেন্টএর উপর বলছি। এর শ্বারা স্টেট গভর্নমেন্ট হাতে ক্ষমতা নিচ্ছেন। জ্ডিশিয়ারির হাত থেকে এইভাবে ক্ষমতা নিম্নে নেওয়ার এই প্রস্তাব উন্বাস্ত্রদের মধ্যে আত্তেকর স্থিট করেছে। এইজনাই আমরা এটার পরিবর্তন দাবি করি। ছ' বংসর ধ'রে সরকার ঘোষণা করেছিলেন স্টেটমেন্ট অব অবজেক্টস আন্ডে রিজন্সএ যে, whereas the Government has enough land in its hand.

সকল উদ্বাস্তু — কেরারাটার্স অর আনঅথরাইজ্ড্ অকুপেশন ক'রে যারা আছে, তাদের প্নব্সতির বাবস্থা হবে এইরকম একটা আন্তে ছিল। কিন্তু তাদের কোনই বাবস্থা করতে পারে নি গত কয়েক বছরে। তারা নিজেদের চেন্টায় ইকনমিক রিহ্যাবিলটেশনএর ব্যবস্থা ক'রে নিয়েছে কোন কোন জারগায়। আজকে সেসব জারগা থেকে তাদের সরিয়ে দেবার ষড়যন্ত হচ্ছে, তাই উদ্বাস্তুরা আজকে আতংকগ্রসত হয়েছে। অনেক সময় কমপিটেন্ট অথরিটির কাছে আপাল ক'রেও কোনরকম রিড্রেস পাওয়া যায় না। সময় কম ব'লে আমি বিস্তৃতভাবে বলতে পারলাম না। এরকম ঘটনা আমাদের জানা আছে যে, কমপিটেন্ট অথরিটির রায় উপেক্ষা ক'রে গভনামনট উদ্বাস্তুদের উপর জল্ল্মবাজি করেছেন। তাই আজকে কমপিটেন্ট অর্থারিটকে উপেক্ষা ক'রে ক্রেট গভর্নমেন্টএর হাতে সমসত ক্ষমতা কনসেনটেট করার যে বাবস্থা করা হচ্ছে, এতে উদ্বাস্তুদের মনে গভীব আতংক স্থিট হয়েছে। তাই আজকে উদ্বাস্তুদের অর্থনৈতিক প্নব্যাসন ব্যবস্থা থেকে বন্ধিত করার জন্য যে ষড়যন্ত হচ্ছে তার বির্দেধ আমি তীর প্রতিবাদ জানাচ্ছি এবং ক্রমপিটেন্ট অর্থরিটির হাতে ক্ষমতা বহাল রাখবার জন্য দাবি জানাচ্ছি।

#### 8j. Niranjan Sengupta:

মাননীয় দপীকার মহাশয়, আমি বেশি কিছু বলব না, শৃংধ্ ৪১নং আমেণ্ডমেণ্ট সম্বথ্যে সামান্য করেকটা কথা বলব। দেটট গভন মেণ্ট কর্মাপটেণ্ট অথরিটিকে দায়ির দিতে রাজী নন, এতে সবকিছ্ ভণ্ডুল হয়ে যাছে। কাঁচড়াপাড়ায় শহীদনগর কলোনিতে উণ্বাস্তুরা নিজেদের চেন্টায় বসতি স্থাপন করে দিনবাপন করছিল। ১৯৫০ সালে দেটট গভন মেণ্ট থেকে প্রথমে বলা হয় –তোমাদের ফোটোগ্রাফ দিতে হবে। ১৯৫১-৫২ সালে ফোটোগ্রাফ নিয়ে যে কি করা হ'ল, কোন খবর তাঁরা দেন নি। তাঁরা প্রবায় বলেন—তোমরা যে রিফিউজি তা প্রমাণ কর।

নতুন প্রমাণ তারা কি দেবে? নতুন প্রমাণ কিছ্ নাই। স্তরাং সরকার চুপ ক'রে থাকেন। তাই আমাদের আশুওকা হয়, এই সরকারের হাতে ক্ষমতা গেলে সর্বাকছ্ ভণ্ডুল হবে। আমরা জানি, বিচারের ক্ষমতা চিরকাল জাতিসিয়াল দণ্ডরেরই। তা ছাড়া, সরকারের হাতে ক্ষমতা গেলে শেষ পর্যাদেত সেই ক্ষমতা অকল্যান্ড হাউসএর অফিসারদের হাতেই যাবে। আমি আবেদন জানাচ্ছি কমপিটেন্ট অর্থারির হাতেই ক্ষমতা থাকুক, তাতে উল্বান্ড্রা থানকটা সন্যোগসন্বিধা পাবে। সরকারী অফিসারের হাতে গেলে তারা ক্ষতিগ্রন্থত হবে। আমি এটা অপোজ করছি ও অমিট করার জন্য আবেদন জানাচ্ছি।

## Sj. Monoranjan Hazra:

মাননীয় ্বপীকার মহাশয়, এই বিলের দ্বারা এ'রা গভর্নমেন্টএর হাতে ক্ষমতা রাখতে চাচ্ছেন। এর কারণও আছে। ডাঃ রায় একবার এই হাউসএ বলেছিলেন, আমি সেটাই বিপিট কর্রাছ—

"রথ ভাবে আমি দেব, পথ ভাবে আমি, ম্তি ভাবে আমি দেব,

হাসে অন্তর্যামী।"

আমাদের মন্ত্রী শ্রীযুক্ত বিমল সিংহ মহাশয় বিলটি এনেছেন। পিছন থেকে অন্তর্যামী নিশ্চয়ই এর রহস্য উপভোগ করছেন। যিনি প্নের্বাসন বিভাগের মন্ত্রী রয়েছেন তাঁরই বিভাগের ব্যাপার এটা, অথচ বিল আনছেন শ্রীযুক্ত বিমলচন্দ্র সিংহ। এভাবে অন্তর্যামীকে এড়িয়ে যাবার চেন্টা হচ্ছে। আমার প্রশন হচ্ছে, স্টেট গভর্নমেন্টকে এটা করতে যাচ্ছেন কেন? এটা সহজভাবেই ব্রুঝা যায়, কতকগালি জমিদারকে কিছ্র টাকা পাইয়ে দেবাব বাবস্থা করা হচ্ছে সরকারী টাকা থেকে। তাঁরা এখন এ জায়গাগালি বেশি দামে বেচতে পারবেন। এসব চক্রানত হচ্ছে। তাই আমি মাননীয় সদস্যদের কাছে আপনার মাধ্যমে নিবেদন করব – কংগ্রেসপক্ষের বন্ধ্দেরও বলব—যদি প্রকৃতই সহযোগিতা চান, তা হ'লে এই সংশোধনী গ্রহণ করবেন, নতুবা কতকগালি লোককে টাকা পাইয়ে দেবার এই চক্রানত আমরা রোধ করতে পারব না। এটা গ্রহণ করার জনা আমি প্রেরায় আবেদন জানাচ্ছ।

# 14-20-4-30 p.m.]

Dr. Suresh Chandra Banerjee: I spoke only on the competent authority but as I have two other amendments on this clause I want to say one or two words

আমার কিছু সংশোধনী আছে, কিংতু সে সংবংধে আমার কিছু বলবার নেই। আমাব মনে একটা সংশেহ আছে – অবশা আপনি সেই সংশেহ দূরে করেছেন। তবতে পরিংকার ক'রে বলতে চ'ই যে, আমার যে সংশোধনী দুই জায়গায়

#### at the option of

আছে করা উচিত ছিল। স্পীকার মহাশয়কে আমি জিজ্ঞাসা করেছি। শুধু এটা ব'লে ব্লাখলাম যাতে আক্রেম্বলি প্রসিডিংসএ এটা রেকর্ডেড হয়ে থাকে, যাতে ভবিষাতে কোন কথা উঠলে এটা দেখা যাবে।

## Sj. Ajit Kumar Ganguli:

মাননীয় স্পীকার মহাশয়, আমার ৪৪নং আামেন্ডমেন্ট দেখুন। এ সম্বন্ধে ও'রা অনেক বলেছেন। আমি কেবল শুর্নছিলাম আর ভাবছিলাম যে এটা প্রনর্বাসনের বাপার, না প্রনির্বাসনের বাপার। একটা জিনিস সক্ষা করবার আছে যে এই কর্মপিটেন্ট অর্থারিটিকে ঠেলে স্টেট গ্রন্থনিন্ট নিজের হাতে সমস্ত নিচ্ছেন। যদি লক্ষ্য করেন তা হ'লে দেখবেন যে ইতিপ্রেব যেসমস্ত জমির মূল্য এ'রা নির্ধারণ করেছিলেন আজও সেইসমস্ত জমির মূল্য এ'দের কাছে আবার হঠাৎ বেড়ে গেছে। এ'রা ১৯৪৫-৪৬ সালের রেট অনুযায়ী দিলিং করেছেন।

এটা যদি আমার ভূল হয় তা হ'লে আমি আমার আামেন্ডমেন্ট তুলে নেব। ১৯৪৫-৪৬ স লে দেখা যাবে যে, যাদবপ্র, টালিগঞ্জ এলাকায় যেসমস্ত জমিজায়গা সেই আমলে বিক্রি হয়েছে তার প্রতি কাঠার মূল্য ৪০০ টাকার বেশি নয়। এইসব অনেক রেজিস্ট্রি অফিস খা্জলে দেখা যাবে। কিন্তু আজকে তাঁরা সেই সিলিং রেট সেই রেটকে বদলে ন্তন ক'রে যাতে সেই সমস্ত জায়গায়, বাঙগর মহাশয়, পোদদার মহাশয় ইত্যাদি অনেকের জমি ঐ অঞ্চলে আছে, জমির মূল্য বেশি করিয়ে দেবার জনা ঐ শব্দটি বদলে গভনমেন্টএর হাতে ক্ষমতা নিয়ে আসছেন। এটা বেশ মুধ্ আমরা দেখেছি তা নয়, ওপাশে যাঁরা আছেন তাঁরাও দেখে সিম্ধান্ত করতে চলেছেন যে, এক্মিকিউটিভ এবং জা্ডিসিয়ারি আলাদাভাবে হবে। অর্থাৎ এক্মিকিউটিভ জা্ডিশিয়ারির ক্ষমতা নেবেন না। মাননীয় মান্তমহাশয় সিম্ধার্থ রায় সেদিকে চলেছেন। কিন্তু আজকে নিজেরা যে কি ক'রে উলটো পথে যাচ্ছেন আমি সেটা একবার ভাবতে বিলা।

আরও একটা কথা বলি। ওপাশে অনেক বাস্তুহারা বন্ধ্ব আছেন। আমরা বলছি যে এই ঘটনা যদি কার্যে পরিণত হয় তা হ'লে বাস্তুহারাদের সম্ভ ক্ষতির সম্ভাবনা রয়েছে। এসমুদ্রত নিগোশিয়েশন মারফত হ'তে পারে। কিন্তু যদি নিগোশিয়েশন মারফত নাও হয় তা হ'লে যাও একটা জ্বিজিসয়াল মাইন্ড যে একটা অ্যাপীলিং অর্থারিটি আছে তাঁর কাছে গেলে হুসাওো একট্ব স্বিধা হ'রে পারে। সেজনা আমি মন্ত্রিমহাশয়কে বলব যে, এটা তুলো দিলে তাঁর কাজের ক্ষতি হবে না এবং অনুরোধ করব যে, এ জায়গায় ক্মপিটেন্ট অর্থারিটিকেই রাখা হোক।

Mr. Speaker: I shall put the amendments to vote.

8j. Canesh Chosh: Let the Hon'ble Minister reply.

Mr. Speaker: The Hon'ble Minister did not want to speak but as you provoked him he would give a reply.

The Hon'ble Bimal Chandra Sinha: Mr. Speaker, Sir, I have not much to say on the points raised because I have nothing more to add after the introductory and explanatory speech I made. I would like to mention only four points. The first point raised by Shri Subodh Banerjee was about the sacrosanct dead line-1950. If you read the proceedings when the Act was first introduced in the Legislature it was clearly mentioned that this was to meet a specific purpose, that is, to meet an extraordinary situation that has arisen after the 1950 communal disturbances. As Mr Bancriee surely knows that even those who have come after 1950 and have squatted upon certain lands they are being recognised as squatters and appropriate action is being taken under the Land Development and Planning Act. Therefore, Sir, it is not the purpose of this Act to cover the entire refugee population in this limited Act dealing with a very limited purpose. That is the object of putting the date at that point of time. The second point has been raised by Dr. Suresh Banerjee as to the utility of taking away the power from the competent authority. If the difficulty was small this amendment would not have been necessary. I checked up the figures and have the most upto date figures with me from all competent authorities of Howrah, 24-Parganas and Calcutta. In 266 cases Government offered to the competent authority alternate land in Calcutta and 24-Parganas. Of this number the total number in which the competent authority has found the offer suitable is 226. That is, only in 40 cases the competent authority have not found the land suitable. I do not have the knowledge of every detail because that is a matter of another department. The figures tell that the Government always do not make unreasonable offer. Almost in the majority of cases the offers made by the Government are found suitable by the competent authority. The figures in Howrah approved by the competent authority are 28 but what was the result. The total number in which the refugees accepted the offer in Calcutta out of 226 was 34 where the competent authority found the land suitable. Sir, in 28 cases in Howrah approved by the competent authority only 8 were found suitable by the refugees. Therefore, the magnitude of the difficulty is really big. It might be a debatable point. Everybody may have not the same opinion on the question. It might be debatable whether in spite of the difficulties there should be any change but, Sir, it is not correct to say that only in a very tew number of cases there is difficulty. Now, Sir, the competent authority has been stated as a judicial authority. Technically speaking he is not a judicial authority. He might have a judicial frame of mind as he comes from the judicial line. This Act lays down that the judicial authority does not function as the judicial authority if he is the competent authority. He functions at most in a semi-judicial capacity. I do not deny that by substituting for competent authority the State Government more powers are coming to the State but even from that provision you cannot say that the State functions arbitrarily because there is a provision for appeal to a tribunal. Therefore, I am very sorry that I am not in a position to accept the amendments moved by my friends opposite and I only accept the amendments that have been moved by Shri Jagannath Koley.

Mr. Speaker: I wish to tell the honourable members of this House that the amendments Nos. 29A, 33A, 34, 39 and 50 are out of order for two reasons. Some of them do not fit in and Her Excellency the Governor's recommendation has not been received in respect of the others.

I shall now put Shri Jagannath Koley's amendments to vote.

The motion of Shri Jagannath Koley that in clause 5, sub-clause (b)(ii), after the word "or" in line 2, the words "at the option of the displaced person" be inserted, was then put and agreed to.

The motion of Shri Jagannath Kolev that-

- (1) in sub-clause (b) of clause 5 for the words "clause (a)", the words "paragraph (a)" shall be substituted;
- (2) in sub-clause (c) of clause 5 for the words "clause (b)", the words "paragraph (b)" shall be substituted,

was then put and agreed to.

[4-30-4-55 p.m.]

Mr. Speaker: I put all the amendments to vote except the amendment No. 43 of Sj. Apurba Lal Majumdar.

(All the amendments except the amendment No. 43 were then put and lost.)

The motion of Sj. Subodh Bancrjee that in clause 5, before item (a) the following new item be inserted, namely,—

"(ai) for the words, '31st day of December, 1950' the words '31st day March, 1957' shall be substituted", was then put and lost.

The motion of Sj. Rabindra Nath Mukhopadhyay that clause 5(a) be omitted, was then put and lost.

The motion of Sj. Haridas Mitra that clause 5(b) be omitted, was then put and lost.

The motion of Sj. Apurba Lal Majumdar that clause 5(b)(i) be omitted, was then put and lost.

The motion of Sj. Monoranjan Hazra that in clause 5(b)(i), lines 2 and 3, for the words "which in the opinion of the State Government" the words "which in the opinion of an officer not below the rank of a District Judge appointed in this belief by the State Government" be substituted, was then put and lost.

The motion of Sj. Apurba Lal Majumdar that in clause 5(b)(ii), in line 5, for the words "State Government" the words "Competent Authority" be substituted, was then put and lost.

The motion of Sj. Subodh Banerjee that in clause 5(b)(ii), in line 5, after the words "State Government" the words "it he agrees to vacate the land occupied by him on receipt of the land-purchase loan" be inserted, was then put and lost.

The motion of Sj. Pabitra Mohan Rov that clause 5(c) be omitted, was then put and lost.

The motion of Sj. Subodh Bancriec that in clause  $\delta(c)$ , before the item (i) the following new item be inserted, namely,—

"(ai) after the words, 'and of amount,' the words 'if he agrees to take the house-building loan in lieu of the house,' shall be inserted,", was then put and lost.

The motion of Sj. Ajit Kumar Ganguli that in clause 5(c)(i), in lines 2 to 4, for the words "suitable for him in the opinion of the State Government" the words "suitable for him in the opinion of an officer not below the rank of a Distret Judge appointed in this behalf by the State Government" be substituted was then put and lost

The motion of Dr. Suresh Chandra Banerice that clause 5(c)(ii) be omitted, was then put and lost.

The motion of Sj. Apurba Lal Majumdar that in clause 5(c)(ii), lines 2 to 4, for the words "such other land, or land-purchase loan and house or house-building loan" the words "such other land with house, or land-purchase loan including house, or a house with house-building loan" be substituted, was then put and lost.

The motion of Sj. Jagat Bose that in clause 5(c)(ii), lines 2 to 4, for the words "such other land, or land-purchase loan and house or house-building loan" the words "such other land and the same land under unauthorised occupation of a person in a squatters' colony and house or house-building loan" be substituted, was then put and lost.

The motion of Sj. Samar Mukhopadhyay that in clause 5, after subclause (c), the tollowing new sub-clause be added, namely,—

- "(d) for the words beginning with 'and pending the providing of such other land,' and ending with 'as the Competent Authority may by order deem fit to assess' the following words shall be substituted, namely,—
  - 'and pending the providing of such other land, and house (if any) and the same land under the unauthorised occupation of persons in squatters' colony, the displaced person shall be permitted to use and occupy the land and house (if any), of which he was in unauthorised occupation'.", was then put and lost.

The motion of Si. Rabindra Nath Mukhopadhyay that in clause 5, before sub-clause (a) the following new sub-clause be added, namely:—

"(al) the words 'on the 31st day of December, 1950' shall be omitted.", was then put and lost.

The motion of Sj. Samar Mukherjee that in Clause 5, before sub-clause (a), the following new sub-clause be added, namely:—

"(a1) for the figures '1950' the figures '1956' shall be substituted", was then put and lost.

The motion of Sjkta. Manikuntala Sen that in clause 5(c)(ii), in line 3, after the words "land-purchase loan" the words "if prayed for by a squatter in a house and the same land under occupation of a person in squatters' colony" be inserted, was then put and lost.

The motion of Sj. Samar Mukherjee that in clause 5, after sub-clause (c) the following new sub-clause be added, namely:—

"(d) the words 'on payment of such consideration periodically or otherwise to the owner as the Competent Authority may by order deem fit to assess' shall be omitted", was then put and lost.

The motion of Sj. Apurba Lal Majumdar that clause 5(c)(i) be omitted, was then put and a division taken with the following result:

#### AYE8-90.

Abdulla Farooquie, Janab Shalkh Banerjee, Sj. Dhirendra Nath Banerjee, Sj. Subodh Banerjee, Dr. Surosh Chandra Basu, Sj. Amarendra Nath Basu, Sj. Amarendra Nath Basu, Sj. Chitto Basu, Sj. Chitto Basu, Sj. Gopal Basu, Sj. Hemanta Kumar Basu, Sj. Hemanta Kumar Basu, Sj. Jyoti Bhaduri, Sj. Panchugopal Bhagat, S,. Mangru Bhandari, Sj. Sudhir Chandra Bhattacharya, Dr. Kanailai Bhattacharjee, Sj. Panchanan Bhattacharjee, Sj. Panchanan Bhattacharjee, Sj. Shyama Prasanna Bhattacharjee, Sj. Shyama Prasanna Bhattacharjee, Sj. Shyama Prasanna Chatterjee, Sj. Basanta Lal Chatterjee, Sj. Basanta Lal Chatterjee, Sj. Radhanath Chobey, Sj. Narayan Chowdhury, Sj. Benoy Krishna Das, Sj. Gobardhan Dar, Sj. Natendra Nath Diar, Sj. Natendra Nath Diar, Sj. Sis:r Kumar Das, Sj. Suni Diar, Sj. Sis:r Kumar Das, Sj. Suni Diar, Sj. Hemanta Nath Elias Razi, Janab Ganguli, Sj. Ajta Kumar Ghosa, Sj. Hemanta Kumar Ghosa, Sj. Hemanta Kumar Ghosa, Sj. Karam Hader, Sj. Renupada Hamat, Sj. Bhadra Bahadur Harsda, Sj. Jamadar Harra, Sj. Monoranjan Jha, Sj. Benarashi Prosad

Kar Mahapatra, Sj. Bhuban Chandra Kenar, Sj. Hare Krishna Lahiri, Sj. Somnath Mahato, Sj. Bhim Chandra Manato, Sj. Sagar Chandra Mahato, Sj. Satya Kinkar Majhi, Sj. Chaitan Majhi, Sj. Jamadar Majhi, Sj. Ledu Maji, Sj. Gobinda Charan Maji, Sj. Gobinda Charan Majumdar, Sj. Apurba Lai Majumdar, Dr. Jianendra Nath Mandal, SJ. Bijoy Bhusan Mazumdar, Sj. Satyendra Narayan Mitra, Sj. Haridas Mitra, Sj. Satkari Modak, Sj. Bijoy Krishna Mondal, Sj. Haran Chandra Mukherji, Sj. Bankım Mukhopadhyay, Sj. Rabindra Nath Mukhopadhyay, Sj. Samar Mullick Chowdhury, SJ. Suhrid Naskar, S.J. Gangadhar Obaidul Ghani, Dr. Abu Asad Md. Pakray, SJ. Gobardhan Panda, SJ. Basanta Kumar Panda, SJ. Bhupal Chandra Pandey, Sj. Sudhir Kumar Prasad, Sj. Rama Shankar Rai, Sj. Deo Prakash Ray, Dr. Narayan Chandra Ray, SJ. Phakir Chandra Roy, SJ. Bhakta Chandra Roy, Sj. Jagadananda Roy, Sj. Pabitra Mohan Rey, Sj. Provash Chandra Roy, Sj. Rabindra Nath Roy, Sj. Saroj Roy, Choudhury, Sj. Khagendra Kumar Sah's, Sj. Naku! Chandra Sen, S.J. Deben Sen, S.J. Deben Sen, S.J. La. Manikuntala Sen, Dr. Ranendra Nath Sengupta, S.J. Niranjan Tah, S.J. Dasarathi

#### NOE8-129.

Abdui Hameed, Hazi Abdus Shokur, Janab Abul Hashem, Janab Bandyopadhyay, Sj. Khagendra Nath Bandyopadhyay, Sj. Smarajit Banerjee, Sjkta. Maya Banerjee, Si, Profulla Nath Barman. The Hon'ble Syama Prasad Basu, Sj. Aban Kumar Basu, Sj. Satindra Nath Bhagat, Sj. Budhu Bhattacharjee, Sj. Shyamapada Bhattacharyya, Sj. Syamadas Biswas, Sj. Manindra Bhusan Blancho, Sj. C. L. Bouri, Sj. Nepal Chakravarty, Sj. Bhabataran Chatterjee, Sj. Binoy Kumar Barman, The Hon'ble Syama Prasad Chattopadhyay, Sj. Bijoylal Das, Sj. Ananga Mohan Das, Sj. Gokul Behari Das, Sj. Khagendra Nath Das, Sj. Mahalab Chand Das, St. Radha Nath Das, St. Sankar Das Adhikary, Sj. Gepa! Chandra Das Gupta, The Hon'b'e Khagendra Nath Dey, Sj. Haridas Dey, Sj. Kana: Lai Deyr, SJ. Kanai Lai
Dhara, SJ. Hansadhwaj
Digar, SJ. Kiran Chandra
Digpati, SJ. Panchanan
Dutta, Dr. Beni Chandra
Dutta, SJkta. Sudharanj
Fazlur Rahman, Janab S. M.
Gayen, SJ. Brindaban
Shatak Si Shib Das Ghatak, Sj. Shib Das Circh, Sj. Bejov Kumar Ghosh, Sj. Parimai Ghosh, The Hon'ble Tarun Kanti Golam Soleman, Janab Gupta, Sj. Nikunja Behari Gurung, Sl. Narbahadur Gurung. Si, Narbahadur
Hafigir Rahaman, Kazi
Haldar, Sj, Kuber Chand
Haldar, Sj, Mahananda
Hasda, Sj, Lavshan Chandra
Hazra, Sj, Parbati
Hembram, Sj, Kamalakanta
Hoare, Sjkta, Anima
Jalan, The Hon'ble Iswar Das
Jana, Sj, Mrityunjoy
Jehangir Kabir, Janab
Kar, Sj, Bankim Chandra
Kazem Ali Meerza, Janab Syed Kazem Ali Meerza, Janab Syed Khan, Sjkta. Anjali Khan, Sj. Gurupada Knan, 5). Gurupana Kolay, 5). Jagannath Kundu. Sjkta. Abha ata Mahanty, 5j. Charu Chandra Mahata, 8j. Surendra Nath Mahato, 8j. Debendra Nath Mohibur Rahaman Choudhury, Janab Majhi, Sj. Budhan

Majhi, Sj. Nishapati Maju ndar, The Honble Bhupati Majumder, Sj. Jagannath Mallick, Sj. Jagannam Mallick, Sj. Ashutosh Mandai, Sj. Krishna Praced Mandai, Sj. Sudhir Mandai, Sj. Umesh Chandra Mardi, Sj. Hakai Maziruddin Ahmed, Janab Maziruddin Ahmed, Janab Misra, Sj. Sowrindra Mohan Modak, Sj. Niranjan Mohammad Glasuddin, Janab Mohammed Israil, Janab Mondal, Sj. Baidyenath
Mondal, Sj. Baidyenath
Mondal, Sj. Bhikarı
Mondal, Sj. Shikarı
Mondal, Sj. Sishuram
Muhammad Ishaque, Janab
Mukherjee, Sj. Pijus Kanti
Mukharlı The Hon'bie Ajoy Kumar
Mukhopadhyay, The Hon'bie Purabı
Murmu; Si. Jadu Nath Murmu, Sj. Jadu Nath Murmu, Sj. Matla Nahar, Sj. Bijoy Singh Naskar, Sj. Ardhendu Shekhar Naskar, The Hon'ble Hem Chandra Naskar, Sj. Khagendra Nath Noronha, Sj. Clifford Pal, Sj. Provakar Pal, Dr. Radhakrishna Pal, Sj. Ras Behari Panja, Sj. Bhabaniranjan Pati, Sj. Mohini Mohan Pemantle, Sikta. Olive Pramanik, SJ. Rajani Kanta Pramanik, Sj. Sarada Prasad Prodhan, Sj. Trailokyanath Rafiuddin Ahmed, The Hon'ble Dr. Raikut, Sj. Sarojendra Deb Raikut, Sj. Sarojendra Deb Ray, Sj. Arabinda Roy, The Hon'ble Dr. Anath Bandhu Roy, Sj. Atul Krishna Roy, The Hon'ble Dr. Bidhan Chandra Roy, The Hon'ble Siddartha Sankar Roy Singha, Sj. Satish Chandra Saha, Sj. Biswanath Soha, Dr. Sisir Kumar Sankar, SJ. Amarendra Nath Sarkar, SJ. Lakshman Chandra Sen, SJ. Narendra Nath Sen, The Hon'ble Prafulla Chandra Sen, SJ. Santi Gopal Singha Deo, Sj. Shankar Narayan Sinha, The Hon'ble Bimal Chandra Sinha, Sj. Durgapada Sinha, Sj. Phanis Chandra Sinha Sarkar, Sj. Jatindra Nath Talukdar, Sj. Bhawani Prasanna Tarkatirtha, Sj. Bimalananda Thakur, Sj. Pramatha Ranjan Trivedi, SJ. Goalbadan Tudu, Sikta, Tusar Wangdi, Sj. Tenzing Yeakub Hossain, Janab Mohammad

The Aves being 90 and the Noes 129, the motion was lost.

The question that clause 5, as amended, do stand part of the Bill was then put and agreed to.

Mr. Speaker: The House stands adjourned for fifteen minutes.

(Accordingly the House was adjourned for 45 minutes.)

[After adjournment.]

[4-55 5-5 p.m.]

#### Clause 6

Mr. Speaker: I wish to inform the House that amendments Nos. 51, 52 and 53 are out of order. 57 is also out of order as Her Excellency the Governor has not sent her recommendation. So the only amendments left are 54, 55 and 56.

Dr. Suresh Chandra Banerjee: Sir, I beg to move that in clause 6, in the proposed clause (b), in lines 3 to 11, the words beginning with "provided that" and ending with "so recoverable" be control. My incomment is 55 একটা গ্রহতের বিষয় নিয়ে এ অন্যোভ্যানত। আলে ছিলা যে প্রিমান্তর কিন্তু হাল আনু নিন্তু হাল তার বিক্তার করতে হবে

under a decree of Civil Court or as a public demand.

কিন্ত দেটট গভন'মেন্ট ছাড়া যদি আৰু কাউকে দেয় হয় তবে

it should be recovered as a decree of Civil Court.

এই ব্যবস্থা উদ্যাস্ত্রদের পক্ষে খ্রেই স্ক্রিধাজনক ছিল এবং ন্যাস্সংগ্রেও ছিল। কিন্তু এখন গভনামেন্ট এ ব্যবস্থা বদলাছেন, অন্যায়ে ব্যবস্থা করছেন তাতে উদ্যাস্ত্রদের পক্ষে বেশ কঠিন হয়ে পড়বে। কারণ তারা দিতে পারবে না, দেবার ক্ষমতা তাদের নেই এবং তারা দিতে বাধ্যও নয়। কারণ আমরা

promise-bound to provide them with land and other facilities.

এইসব কথা বিবেচনা করে ১৯৫১ সালের আক্রএ বলা হয়েছিল

other than the State Government will be recoverable under a decree of the Civil Court—

এসব করা খ্বই ন্যায়সপত হয়েছিল। তাই আমাদ্ধ সংশোধনী প্রস্তাবে আমি বলেছি— প্রোভাইডেড এইটা বাদ দেন এবং আগে যে ব্যবস্থা ছিল তাই বজায় রাখতে। অন্যারকম ব্যবস্থা করে কোন লাভ হবে না। তাদের কাছ থেকে কি আদায় করবেন? তাদের আছে কি? তারা পরের জমিতে বাস করে, পরের বাড়িতে বাস করে, তাদের নিজের বলতে কিছুই নেই। তাদের উপর এইরকম একটা থপা রেখে কি লাভ হবে? এ কাজ ক'রে গভনমিনট নিজের ওপরই আনজাস্ট গভন'মেন্ট' 'টিরানিক্যল গভন'মেন্ট' প্রভৃতি আডেজিক্টিভ টেনে আনছেন। বেশি বক্কৃতার প্রয়োজন নেই। এর মধ্যে আগে যা ছিল সেই কথাই বলছি— প্রোভাইডেড' এই কথাটা বাদ দিন এবং

only as a sum recoverable under a decree of the Civil Court---

এটা বজায় রাখ্ন, তা হ'লে তারা দিতে পারলে দেবে, না দিতে পারলে স্টেট গভর্নমেন্ট দেবে। পাবলিক ডিমান্ড--এসব বললে

you will get nothing

তাই মন্দ্রিমহোদয়কে আমি অনুরোধ করছি, তিনি আমার এই সংশোধনী প্রস্তাব গ্রহণ কর্ন। আগে যে অবস্থা চাল্ ছিল তার পরিবতন করবার কোন নাায়সগ্গত কারণ নেই। তাই আগের অবস্থাটাই অব্যাহত রাখনে।

# Sj. Apurba Lal Majumdar: Mr. Speaker, Sir,

মিঃ স্পর্নিকার, স্যার, আমার অ্যামেন্ডমেন্ট নম্বর ৫৫ সম্পর্কে কয়েকটি কথা বিশেষভাবে বলা দরকার। এই যে আইনটা আমাদের সামনে আনা হয়েছে, এর দুইটি ধারার উপর প্রধানত আমার বন্তব্য পেশ করছি। যে সেকশনটা পাস হয়ে গেল—সেকশন নন্বর ৫—সেখানে আমরা বলেছি যে জর্মিসায়রির পাওয়ার কার্টেল করা হচ্ছে। ঠিক তেমনি এই আইনের মধ্যে সবচেরে খারাপ এবং যেটা ক্ষতি করবে বাস্তৃহারাদের সেই ধারা হচ্ছে যে, সমস্ত জুমিদার এবং বড বড় মালিকদের টাকা আদায় করবার সমস্ত দায়িত্ব সরকার নিজের কাঁধের উপর নিয়েছেন। পূর্ববিত্রী যে আঁইন ছিল সেই আইনে বলা ছিল যে সরকারের বেলায় তাদের প্রাপ্য টাকা সার্টিফিকেট জার করে আদায় করা হবে। কিন্তু অন্যান্য জমিদারদের বেলায়, যাদের জমি উদ্বাস্ত্রা দথল ক'রে আছে, তাদের বেলায় সেইসমুস্ত টাকা সিভিল কোর্টএর প্রসিচিওর যা আছে -সাধারণত একজন লোক যদি অন্য লোকের কাছে টাকা পায় সিভিল প্রাসিডিঙীর কোডএর ব্যবহর্য অনুষ্যায়ী আদায় করা হয় এখানেও তাই হবে। সেই হিসাবে আমরা এখানে সেই বিষয়ে রাজী হব, একমত হব, এবং মিঃ দুপাকার, **আপনি নিশ্চয়ই জানেন যে বিভিন্ন জায়গায়** অভিযুক্তদের কাছ থেকে যাদের কিছু কিছু ক্ষতিপূরণ দেবার সামর্থ্য আছে তাদের কাছ থেকে আদায় হচ্ছে। কিণ্ড এই যে এত বড় গ্রের্ছপূর্ণ পরিবর্তন, অ্যামেন্ডমেন্ট বিলে আনা হচ্ছে, এর ফলে যেসমুহত উদ্বাহতদের অর্থ নেই, টাকা দেবার সামর্থ্য নেই, তাদের কাছ থেকে যদি আদায় করার চেণ্টা করা হয় তা হ'লে অনেক উদ্বাস্তৃই তাদের জমিজমা ছেড়ে, পুনর্বাসন না পেয়ে স'রে পড়বে। পার্বালক ডিমান্ড রিকভার আর্ম্ভএর দ্বারা এই টাকাটা যেন আদায় করা না হয়। তার কারণ উদ্বাস্তু ছাড়া অন। ক্ষেত্রে দেখি যে, যদি কোন বাকি টাকা থাকে রেন্ট হিসাবে, সেখানে সেই টাকা সিভিল কোড প্রাসিভিতবএ এনাফ স্টেংথ আছে, সেই স্টেংথএর স্বারা আদায় করতে পারে। কিন্তু বাস্তুহারাদের বেলায় এই ডিফারেন**িশয়েট কেন করা হচ্ছে? সমস্ত** সিভিল কোড প্রসিডিওরএ এনাফ স্টেংথ আন্ডে স্কে'প আ**ছে যে কোন একজনের প্রাপ্য টাকা** আদায় করার। সেইজনা শ্বেমাত উদ্বাহতুদের বেলায় অন্যভাবে আদায় করার বাবস্থা দ্বারা হাদয়হাীনতার পরিচয় সরকাব দিচ্ছেন। সাতরাং এই বিলে এইরকম একটা রিগাবাস বাবস্থা করা যাজিয়াক হ'তে পাবে না। তাই আপনার মাবফত মন্ত্রিমহাশয়ের কাছে নিবেদন করছি যে, বাস্ত্হারাদের কাছ থেকে আদায় কর'ব ব্যাপারে আর একট**ু সহান্ভৃতির দ**্যিট নিয়ে দেখা উচিত ছিল। এথানে সহান্ভতি কোথায় আছে? বরং রিগারা**সলি কি ক'বে সরকার**ি**নজের** माशिद्ध होकः जामाश कत्रदर्भ भारतम रात कारम्था कत्रहरून। वर्ष वर्ष भिन्मभानिक, नाम्फनफ्न, জমিদারদের স্মৃতিধা দেবাব জনা সরকার এই খাবাপ কাজ, নিন্দনীয় কাজ করছেন। **এইভাবে** নিজের কাধে আদায় করবার দায়িত্ব সরকার না নিলেই ভাল করবেন।

# [5-5-5-15 p.m.]

The motion of Dr. Suresh Chandra Banerjee that in clause 6, in the proposed clause (b), in lines 3 to 11, the words beginning with "provided that" and ending with "so recoverable" be omitted was then put and a division taken with the following result:—

## AYE8--79.

Abdulla Farooquie, Janab Shaikh Banerjee, Sj. Dhirendra Nath Banerjee, Sj. Subodh Banerjee, Dr. Suresh Chandra Basu, Sj. Amarendra Nath Basu, Sj. Bindabon Behari Basu, Sj. Gopal Basu, Sj. Gopal Basu, Sj. Hemanta Kumar Basu, Sj. Jyoti Bhaduri, Sj. Panchugopal Bhagat, Sj. Mangru Bhattacharya, Dr. Kanaita! Bhattacharjee, Sj. Panchanan Bhattacharjee, Sj. Shyama Prasanna Chakravorty, Sj, Jatindra Chandra

Chatterjee, Sj. Basanta Lal Chattoraj, Sj. Radhanath Chobey, Sj. Narayan Das, Sj. Gobardhan Das, Sj. Sisir Kumar Das, Sj. Sunii Dey, Sj. Tarapada Dhar, Sj. Dhirendra Nath Dhibar, Sj. Pramatha Nath Elias Razi, Janab Ganguli, Sj. Ajit Kumar Ghosal, Sj. Hemanta Kumar Ghosal, Sj. Hemanta Kumar Ghosh, Sj. Ganesh Ghosh, Sj. Ganesh Ghosh, Sj. Canesh Golam Yazdani, Dr. Gupta, SJ. Sitaram
Haider, SJ. Ramanuj
Haider, SJ. Ramanuj
Haider, SJ. Benupada
Hamai, SJ. Bhadra Bahadur
Hasda, SJ. Jamadar
Hazra, SJ. Benarashi Prosad
Kar. Mahapatra, SJ. Bhuban Chandra
Konar, SJ. Hare Krishna
Lahiri, SJ. Somnath
Mahato, SJ. Bhim Chandra
Mahato, SJ. Sagar Chandra
Mahato, SJ. Sagar Chandra
Mahato, SJ. Sagar Chandra
Mahato, SJ. Satya Kinkar
Majii, SJ. Chaitan
Majii, SJ. Chaitan
Majhi, SJ. Ledu
Majumdar, SJ. Apurba Lai
Majumdar, SJ. Apurba Lai
Majumdar, Dr. Jinanendra Nath
Mazumdar, SJ. Satyendra Narayan
Mitra, SJ. Haridas
Mitra, SJ. Satkari
Modak, SJ. Bijoy Krishna
Mondal, SJ. Haran Chandra
Mukheril, SJ. Bankim

Mukhopadhyay, Sj. Rabindra Nath Mukhopadhyay, Sj. Samar Naskar, Sj. Gangadhar Obaidul Ghani, Dr. Abu Asad Md. Pakray, Sj. Gobardhan Panda, Sj. Basanta Kumar Panda, Sj. Basanta Kumar Panda, Sj. Bubal Chandra Pandey, Sj. Sudhir Kumar Prasad, Sj. Rama Shankar 'Ray, Dr. Narayan Charylra Roy, Sj. Phakta Chandra Roy, Sj. Provash Chandra Roy, Sj. Provash Chandra Roy, Sj. Provash Chandra Roy, Sj. Rab'ndra Nath Roy, Sj. Saroj Roy Choudhury Sj. Khagendra Kumar Schis, Sj. Naku' Chandra Sen, Sj Deben Sen, Sj Deben Sen, Sjkta. Manikuntala Sen, Dr. Ranendra Nath Sengupta, Sj. Niranjan Tah, Si. Dasarathi

#### NOE8-123.

Abdul Hameed, Hazi
Abdus Shokur, Janab
Abul Hashem, Janab
Abul Hashem, Janab
Bandyopadhyay, Sj. Khagendra Nath
Banerjee, Sjkta. Maya
Banerjee, Sjkta. Maya
Banerjee, Sj. Profullia Nath
Barman, The Hon'ble Syama Prasad
Basu, Sj. Abani Kumar
Basu, Sj. Monilal
Basu, Sj. Budhu
Bhattaoharjee, Sj. Shyamapada
Bhattaoharya, Sj. Syamadas
Biswas, Sj. Manindra Bhusan
Bismcho, Sj. C. L.
Bouri, Sj. Nepal
Chakravarty, Sj. Bhabataran
Chattopadhya, Sj. Satyendra Prasanna
Chattopadhya, Sj. Satyendra
Das, Sj. Radha Nath
Das, Sj. Sankar
Das Gupta, The Hon'ble Khagendra Nath
Day, Sj. Haridas
Dey, Sj. Haridas
Dey, Sj. Haridas
Dey, Sj. Haridas
Dey, Sj. Kanai Lal
Dhara, Sj. Harsadhwaj
Digar, Sj. Kiran Chandra
Dutta, Sjkta. Sudharanj
Fazlur Rahman, Jamab S. M.
Gayen, Sj. Brindaban
Chatak, Sj. Shib Das
Chosh, Sj. Bejoy Kumar
Chosh, Sj. Parimal
Chosh, The Hon'ble Tarun Kanti
Golam Soleman, Janab
Gupta, Sj. Nikunja Behari
Hafjur Rahaman, Kazi
Haliar, Sj. Kuber Chand
Haldar, Sj. Mahananda
Hansda, Sj. Jagatpati
Hasda, Sj. Jagatpati
Hasda, Sj. Lakshan Chandra
Hazra, Sj. Parbati

Hembram. SJ. Kamalakanta
Hoarc. Sjkta. Anima
Jalan, The Hon'ble Iswar Das
Jana, Sj. Mrityunjoy
Jehangir Kabir, Janab
Kar, Sj. Bankim Chandra
Kazem Ali Meerza, Janab Syed
Khan, Sjkta. Anjali
Khan, Sj. Gurupada
Kolay, Sj. Jagannath
Kundu, Sjkta. Abhalata
Mahanty, Sj. Charu Chandra
Mahata, Sj. Mahendra Nath
Mahato, Sj. Debendra Nath
Mahato, Sj. Debendra Nath
Mahit, Sj. Budhan
Majht, Sj. Budhan
Majht, Sj. Budhan
Majht, Sj. Sudhir
Majumdar, The Hon'ble Bhupati
Majumdar, The Hon'ble Bhupati
Majumdar, Sj. Jagannath
Mallick, SJ. Ashutosh
Mandal, SJ. Sudhir
Mandal, SJ. Sudhir
Mandal, Sj. Bukai
Misra, Sj. Sowrindra Mohan
Modak, Sj. Niranjan
Mohammad Giasuddin, Janab
Monammed Israil, Janab
Monammed Israil, Janab
Monammed Israil, Janab
Mondal, SJ. Bhikari
Mondal, SJ. Bhikari
Mondal, SJ. Bhikari
Mondal, SJ. Sishuram
Mukharji. The Hon'ble Ajoy Kumar
Mukharji. The Hon'ble Ajoy Kumar
Mukharji. The Hon'ble Purabi
Murmu, Sj. Matla
Nahar, Sj. Bijoy Singh
Naskar, SJ. Ardhendu Shekhar
Naskar, The Hon'ble Hem Chandra
Naskar, Sj. Khagendra Nath
Noronha, Sj. Clifford
Pal, SJ. Provakar
Pal, Dr. Radhakrishna
Pal, SJ. Ras Behari
Panja, SJ. Bhabaniranjan

Pati, Sj. Mohini Mohan
Pemantle, Sj.kta. Olive
Pramanik, Sj. Rajani Kanta
Prodhan, Sj. Trallokyanath
Rafiuddin Ahmed, The Hon'ble Dr.
Raikut, Sj. Sarojendra Deb
Ray, Sj. Arabinda
Roy, The Hon'ble Dr. Anath Bandhu
Roy, Sj. Aful Krishna
Rcy, The Hon'ble Dr. Bidhan Chandra
Roy, The Hon'ble Siddartha Sankar
Roy Singha, Sj. Satish Chandra
Saha, Sj. Biswanath
Saha, Sj. Dhaneswar
Saha, Dr. Sisir Kumar
Sarkar, Sj. Amarendra Nath

Sarkar, Sj. Lakshman Chandra
Sen, Sj. Narendra Nath
Sen, The Hon'ble Pratulla Chandra
Sen, Sj. Santi Gopal
Singha Deo, Sj. Shankar Narayan
Sinha, The Hon'ble Bimal Chandra
Sinha, Sj. Durgapada
Sinha, Sj. Phanis Chandra
Talukdar, Sj. Bhawani Prasanna
Tarkatirtha, Sj. Bimalananda
Thakur, Sj. Pramatha Ranjan
Trivodi, Sj. Goalbadan
Tudu, Sjkta. Tusar
Wangdi, Sj. Tenzing
Zia-UI-Huque, Janab Md.

The Ayes being 79 and the Noes 123, the motion was lost.

The question that clause 6 do stand part of the Bill was then put and agreed to.

#### Clause 7

Mr. Speaker: With regard to clause 7, I wish to inform the honourable members of the House that clause 7 is not being pressed by the Government.

The question that clause 7 do stand part of the Bill was then put and lost.

#### Clause 8

The question that clause 8 do stand part of the Bill was then put and agreed to.

## Preamble

The question that the preamble do stand part of the Bill was then put and agreed to.

The Hon'ble Bimal Chandra Sinha: Sir, I beg to move that the Rehabilitation of Displaced Persons and Eviction of Persons in Unauthorised Occupation of Land (Amendment) Bill, 1957, as settled in the Assembly, be passed.

## Sj. Niranjan Sengupta:

মিঃ স্পীকার, স্যার, যে বিল এখানে ন্তনভাবে আনা হয়েছে, সেই বিলেব আমি বিরোধিতা করছি। এ বিল রিফিউজি রিহ্যাবিলিটেশন বিল নয়, এটা রিফিউজি উচ্ছেদ বিল। সেদিন মাননীয় মন্ত্রী শ্রীবিমলচন্দ্র সিংহ মহাশয় এমনভাবে বিলটা পেশ করেছিলেন শতে মনে হয়েছিল যে বিলটা খ্র নিরীহ এবং এতে রিফিউজিদের খ্র ভাল হবে। এটা প্রমাণও করতে চেয়েছিলেন। কিন্তু আমি বলব সেটা মোটেই ঠিক নয়। তার কারণ, এই বিলের ভিতর দিয়ে একটা জিনিস ফ্টে বেরিয়েছে, সেটা হচ্ছে সরকারপক্ষের দট্টভাপার কোন বিশেষ পরিবর্তন দেখা যাচ্ছে না। প্রথমত, যে কথা অনেক বন্ধ্ ব'লে গিয়েছেন সে কথা হচ্ছে রিফিউজিদের সংস্কা নিয়ে—আয়রা যেটা অনুরোধ করেছিলাম সরকারপক্ষ থেকে বিভিন্ন উপায়ে সেটা মেনে নিতে পারতেন। অরশ্য এটা বিলের আওতায় না পড়লেও মেনে নিতে পারতেন। করেণ ১৯৫০ সালের ৩১এ ডিসেন্বর পর্যাত্র যারা এসেছেন তাদের বাদ দিয়ে অন্য যারা এসেছেন, তাদের সম্পর্কে কোন কিছু সংস্কা দেওয়া হয় নি। সেদিক দিয়ে আমি বলব, আজকে বাংলাদেশে হাজার হাজার, লফ লক্ষ যেসব বাসতুহারা এসে পেণছেচেন তাদের সমসত দায়িত্ব সরকারের। সেদিক দিয়ে সুবকার কোন কমপ্রিহেনসিভ স্কীম আমাদের কাছে রাখেন নি। অথচ আমরা ছানি, এইসম্মত বাসতুহারা-ভাই সেদিন এখানে এসে যেভাবে পড়েছিলেন এবং অক্লান্ত পরিশ্রম

ক'রে স্কোয়াটার্স' কলোনি গ'ড়ে তুর্লোছলেন, সেখানে বনজ্ঞগল কেটে নিজেদের বর্সতি স্থাপন ক'রে বিভিন্ন দিক দিয়ে নিজেদের চেণ্টায় তাঁরা নিজেদের উন্নয়ন করেছিলেন, সেখানে সরকারের তক্ষ থেকে কোন সাহায্য পান নি। একথা সবাই জানেন এবং সরকারের সাহায্য না পেলেও তাঁরা যে অমান্ষিক পরিশ্রম করেছিলেন সেকথা ভোলবার নয়। অথচ আজকে সরকারের তরফ থেকে তাদের স্কোয়াটার্স কলোনি থেকে বিভিন্ন উপায়ে উচ্ছেদ করতে যাচ্ছেন। অবশ্য भद्रकात वलाइन, औरमत्र উচ্ছেদের জন্য ठिक नग्न, औरमत आभन्ना निर्माविलिएँ कन्नव। **किन्छ** আমার নিজের ধারণা, এই বিলের উদ্দেশ্য হচ্ছে—এখানে অনেকে বলেছেনক, তার প্রুনর্ভি ক'রে বলব -কোন কোন ল্যান্ড ওনার, জামর মালিক, বড় লোক তাদের ল্যান্ড তাদের হাতে ফিরিয়ে দেবার জন্য চেণ্টা হচ্ছে এবং সেই চেণ্টার পিছনে যে উদ্দেশ্য আছে সেটা আমর। কথনও সম**ুর্থ**ন করতে পারি না, নি\*চয়ই তা অপে*জ* করব। দ্বিতীয় কথা হ**চ্ছে. যে অবস্থায়** এই বিল অন্য হয়েছে এবং যেখনে আজবে আপনারা দেখছেন যে শত শত, সহস্ত সহস্ত বাস্ত্রারা ভাইরা এই বিলের বিরুদেধ বিক্ষোভ দেখাবার জনা গতকাল এখানে উপস্থিত হয়েছিলেন সেখানে তাদের মনে আণ্ডকা আছে যে এই বিলের দ্বারা সরকারের তরফ থেকে তাদের কোন কল্যাণ করা হচ্ছে না, বরং তাদের অকল্যাণ হবে যদি আজকে এই বিল পাস হয়। তাই আমি প্রথমে বলব—আমরা বিরে।ধীপক্ষর,--বিভিন্ন বিষয়ে সরকার যেসমুহত নীতি গ্রহণ করেছেন বাস্তৃহারাদের সম্বধ্ধে তা দেখে আজকে তাল ক'রে বলতে পারি সরকারের মনে নিশ্চয়ই কোন সং উদ্দেশ্য নেই। নিজেদেব কতকগ্যালি ব্যাপাৰে স্বাৰ্থপ্ৰগোদিত **হয়ে** এই বিল আন্যার চেণ্টা করছেন।

আমি এট্কু বলব যে, বাস্তুহাবার রেসর সেকায়টোর্স কলোনিতে আছেন, সেকায়টার্স হাউসএ আছেন, যেসর কলোনি গড়ে হলেছেন সেখানেভ তাঁরা অনেক স্কৃষিধা পাচ্ছেন না এবং তাঁরা এই বলের আওতায় পাড়ে বিভিন্ন দিকে আরও ফতিগ্রসত হরেন। প্রথম কথা হচ্ছে, আজকে তাঁরা যেসর কলোনি গড়ে তুলেছেন, নোইসর সেকায়টার্স কলোনি থেকে তাঁদের উচ্ছেদ ক'রে সরকারের দিক পেকে বিশেষ কোন লাভ হরে না একমান্র জমিলারদের হাতে জমি ফিরিয়ে দেওয়া ছাড়া। তাঁদের অনার নিয়ে যেতে গেলে অনেক বেশি টাকা লাগবে এবং এতে সরকারের যে গ্রে দায়িত্ব সেটাও সরকারকে ক্রমতে হলে। এখানে যেটা পরিন্দার ব্রমা যাচ্ছে, সরকারের মতলব হচ্ছে ম্বিটমেয় লোকের স্বার্থের জনা এইসর সেকায়টার্স কলোনি থালি ক'বে দিয়ে সেসব জমি বড় বড় জমির মালিকদের ফিরিয়ে দেওয়া। স্ত্রেং এই অবস্থায় আজকে এই বিলেব বিবৃদ্ধে বিক্ষোভ দেখা দিয়েছে। সরকারের যদি সদ্বেদশা থাকত তা হ'লে বিবেশধীদলের সঙ্গে আলোচনা ক'রে বিভিন্ন দলের কিন্তু সেদিকে সরকারের কোনর্প চেন্টা নাই। আমরা আমাদের তরফ থেকে এ বিল সমর্থন করতে পারি না। এটা সমর্থন করা মানে বাস্তুহারাদের বাস্তুহাত্ত করা, তাঁদের আবার বাস্তুহাত্ত করা, এই বিলের দ্বারা বাস্তুহারাদের দ্বভোগে ফলা ছাড়া আর কিছু হবে না। এই ব'লে আমি এই বিলের অপোজ করি।

[5-15—5-25 p.m.]

## Dr. Suresh Chandra Banerjee:

মাননীয় স্পীকার মহাশয়, ১৯৫১ সালে যখন এই বিল পাস হয় তখন আমি মুখামন্ত্রী ভাঃ রায়কে কন্ত্রেন্তুলেট ক'রে কিছু বলেছিলাম।

Mr. Speaker: I will only request all the honourable members of this House not to repeat the same thing over again because an opportunity has come.

## Dr. Suresh Chandra Banerjee:

কিন্তু আজ আমি তাঁকে কনগ্রীচুলেট করতে পারছি না। আমার পূর্ণ বিশ্বাস ষে, বিছ্যাবিলিটেশন আইনটা গভর্নানেট প্রকারন্তরে এভিকশন আইনে পরিণত করেছেন, কারণ এই সংখ্যোধনী আইনের বলে স্টেট গভর্নামেন্টই কম্পিটেট অথরিটি। গভর্নামেন্টএর পক্ষে এভিক-নশএর পথ পরিক্রার হয়ে গিয়েছে। স্তরাং গভর মেন্টকে কনগ্রাচুলেট তো ছরতে পারিই না.

কি শব্দ প্রয়োগ ক'রে যে নিন্দা করব তা ব্রুকতে পারছি না। এই বিলের তীব্র বিরোধিতা কর ছ বললেই যথেণ্ট হবে না, আমার যথেণ্ট আশংকা আছে যে, সেকায়াটার্সা কলোনির বাস্ত্হারা-দের প্রেরার উচ্ছেদ আরম্ভ হবে। এজন্য গভর্নমেন্টকে অন্বোধ কর্বছি, যদিও স্টেট গভর্নমেন্টকে কর্মাপটেন্ট অথরিটি করা হচ্ছে, স্টেট গভর্নমেন্ট যেন কার্যক্ষেরে রিহ্যাবিলিটেশন বিলকে এভিকশন বিলে পরিণত না করেন। এই ব'লেই এই বিলের প্রতি আমার তীর অশ্রম্পা জ্ঞাপন কর্মছ।

# Sj. Hemânta Kumar Basu:

মাননীয় স্পীকার মহাশয়, এই বিল নিয়ে আন্সেম্বলিতে ও আন্সেম্বলির বাইরে জনমত বিশেষভাবে প্রবল হয়ে উঠেছে। আজ দ্র্রিদন ধাবে এই বিলের আলোচনা হচ্ছে। আমরা মনে করেছিলাম, উদ্বাহত পুনর্বাসনের ব্যাপারে যেসমুহত সমস্যা আমাদের সামনে এসেছে সেইসব সমস্যা সমাধানের জনা আমাদেব কাছে একটা কমপ্রিকেনসিভ বিল উপস্থিত করা হবে, কিন্ত বিলটা যে আকারে উপস্থিত করা হয়েছে, ১৯৫১ সালে যে বিল পাস হয়েছিল যদি এই বিলের লাইফ এক্সটেন্ড করা হ'ত তা হ'লে অন। কথা ছিল এই বিল নিয়ে আনসেম্বলিতে ও অ্যাসেন্বলিব বাইরে যেসমুহত সমালোচনা হয়েছে বিরোধীদল এই নিলেব উপব যেসমুহত সংশোধনী উপস্থিত করেছিলেন, যদিও সবকার সেই সংশোধনী কিছা কিছা মেনে নিয়েছেন, কিন্তু তা মেনে নিলেও এখন যে আকার দেওয়া হকে তাতে এই আইনের বিশেষ বোন উল্লাত-সাধন হয় নি। আমবা চেয়েছিলাম এই বিলেতে উদ্বাহতু প্রবর্সতি ব্যাপারে যদিও মাননীয় মন্তিমহাশয় বলৈছেন, এটা সামাবন্ধ বিল, খালি যেসমূহত উদ্বাত জমি দখল কারে আছে তাদের অনার বসবাস করার জন। জীম বা খণ দেওয়া হবে, খালি জমিতে এভাবে যেসৰ উদ্ধাস্ক্রবা বসেছে তাদের অনাত্র বসবাসের বাবস্থার উদ্দেশ্যেই এই বিলটা আনা হয়েছিল এবং জমিদাীর প্রথণ উত্তেদ আইন যখন আচে তথন সে আইনে আমানের সংশোধনী মুখামনতী মেনে নিয়েছিলেন এবং সিলেষ্ট কমিটিটে স্থির হয়েছিল যে কলকাতায়ও জনিসাবি প্রথা বিলোপ আইন প্রযোজ্য হবে। কিন্তু কেন জানি না, বাতারাতি হঠাং বিবেছিদিলের যে সংশোধনী প্রস্তাব মেনেছিলেন সেটার বিব্যুদ্ধাচরণ করে কলকাভাবে জানদাবি উচ্ছেদ আইনেব আমল থেকে বাদ দেওয়া হ'ল।

Mr. Speaker: Mr Basu, this seems to be irrelevant.

Sj. Hemanta Kumar Basu: Why? Why?

Mr. Speaker: Why Dr Roy has not brought in Calcutta within the purview of the Zamindari Abolition Bill has no beginn on the present Bill which is before the House.

Sj. Hemanta Kumar Basu: Yes, Sir, there is.

Mr. Speaker: It you think that you can challeage my decision.

Sj. Hemanta Kumar Basu: I respect your decision but this is my opinion.

Mr. Speaker: This appears to me to be irrelevant.

[5-25-5-35 p.m.]

## Si. Hemanta Kumar Basu:

দে কথা বলছিলায়। এই আইনটা সেভাবে আসত না, গভর্নমেন্টকৈ বাধ্য হ'তে হ'ত এই উচ্ছেদ বন্ধ করার জনা এবং গভর্নমেন্ট টাকা দিয়ে, কম্পেনসেশন দিয়ে সেই জমিগ্নিল গ্রহণ করে নিতেন। কাজেই সেদিক থেকে আমি বলছি, সাার, এটা রেলেভ্যান্ট। যা হোক, এখন ব্যাপার হচ্ছে এই যে, সমাহত সংশোধন আমারা উভয়পক্ষ মিলো গ্রহণ করলাম বটে, কিন্তু তা সড়েও বিলের বিশেষ কোন উর্নতি সাধিত হ'ল না। এই শিলে বাস্তুহারাদের প্রতি অবিচার করা হ'ল, তারা যে প্থানে বঙ্গেছিলেন সেখান থেকে তানের উঠিয়ে দেওয়া হবে। যেসমাহত জমির মালিক আছেন তানের যদি একমাত সেই জমিই থাকে, আর কোন জমি না থাকে তা হ'লে পর পৃথক্ষ করা ছিল। কিন্তু তানের অনা জমি আছে, তাদের আলাদা বাড়িঘর আছে,

অথচ উন্বাস্কৃদের আর কোন স্থান নেই, তাঁরা সর্বাস্বাস্ত হয়ে এসেছেন। কাজেই তাঁরা সেইসব জারগার এসে বসেছেন সরকারের উপর কোনরকম ভার না হয়ে, সরকারের ঘাড়ে না চেপে। এইসমস্ত হাজার হাজার উন্বাস্কৃত্ব যদি সরকারের ঘাড়ে চাপতেন, তা হ'লে সরকারকে তাদের দায়িও গ্রহণ করতে হ'ত এবং তাঁদের জন্য কোটি কোটি টাকা খরচ করতে হ'ত। কিন্তু সরকারকে তা করতে হয় নি, কেন না উন্বাস্কুরা নিজেরা যেসমস্ত পতিত জমি, পোড়ো জমিছিল, যেসমস্ত কমি কেউ বাবহাব করত না, যেসমস্ত জমি জল্পলে পরিপ্রা ছিল সেইসমস্ত জমির উহাতি সাধন করেছে। আমি এটা গ্রামে গ্রমে ঘ্রে দেখেছি, কোলকভার আন্দেপাশে সব জারগার আমি নিজে কাজ ক'রে এটা দেখেছি। কাজেই সেদিক দিয়ে আমি বলছি যে, এই জমিগ্রিল যদি সরকার আাক্রোয়ার ক'বে নিতেন এবং এইরকম একটা ধারা আনতেন যে, যেখানে যেখানে উন্বাস্কুরা ব'সে আছেন সেই জমি যদি জমিদারের একমার আরের উপার না হয় তা হ'লে সেগ্রিল অ্যাকোরার ক'বে নিতেন, তা হ'লে নিন্চরই আমরা সেই ধারাকে অভিনন্দন জানাতাম। কিন্তু সেইরকম কোন ধারা এখানে নিয়ে আসা হয় নি।

তারপরে এই আইনের যেটা ডেড লাইন, ৩১এ ডিসেম্বর ১৯৫০ সাল ব'লে যে কথাটা আছে সেটা মারাত্মক। ১৯৫০ সালে প্রবিংগ একটা বিরাট দাপা হয়েছিল, যার ফলে অনেক উদ্বাস্তু এখানে এসেছিলেন, কিন্তু সকলেই যে আসতে পেরেছিলেন তা পারেন নি। ১৯৫০ সালের পরেও অনেকে এখানে এসেছেন। বিমল সিংহ মহাশয় বললেন যে, স্কোয়াটার্স কলোনিগ্রলিকে রেকগনাইজ করা হচ্ছে কিন্তু আমি যতদ্র খবর জানি তাতে ১৯৫০ সালের প্রে যারা এসেছেন সেইসমসত কলোনিগ্রলিকে কেবল রেকগনাইজ করা হচ্ছে এবং অপণপত্ত দেওয়া হচ্ছে।

#### The Hon'ble Bimal Chandra Sinha:

১৯৫১ সাল।

## Sj. Hemanta Kumar Basu:

যা হোক ১৯৫১ সাল অর্বাধ হয়েছে, কিন্তু ১৯৫২, ১৯৫৩, ১৯৫৪, ১৯৫৫ সালে যারা এসেছেন তাদেব প্রতি এই আইনে সেইরকম স্বাবিচাব করা হ'ল না। আমবা এই ডেড লাইনটকে বদলাতে চেয়েছিলাম, এটা বদলানো উচিত ছিল। সমসত উদ্বাস্তুদের প্রতি একভাবে এক দৃ্টিভিগিণ নিয়ে বিচার করা উচিত ছিল। এই আইনে সেইবকম ধারা প্রয়োগ করা উচিত ছিল। তারপর উদ্বাস্তুদের কাছ থেকে জমির জনা কম্পেনসেশন আদায় করা সম্পর্কে সরকার বলেছেন যে, তাঁরা নিশ্চয়ই এই টাকা জোর করে আদায় করতে পারবেন না। তাই যদি না আদায় করতে পারেন তা হ'লে কেন আইনে এই প্রভিশন রাখা হ'ল, কেন পার্বালক ডিমান্ড রিকভারি আ্যান্ত অনুসারে তা আদায় করবার প্রভিশন রাখা হ'ল? বরণ্ড এইরকম র্যাদ একটা ধারা থাকত যে সেই জমিগ্র্লিকে সরকার আ্যাক্তামার ক'রে নেবেন, নিয়ে যেট্কু কম্পেনসেশন হয়—কম্পেনসেশন বেশি হ'তে পারে না—সেটা জমির মালিককে ফেরত দেবার বাবস্থা করতেন তা হ'লে ভাল হ'ত। কাজেই পার্বালক ডিমান্ড রিকভারি আ্যান্ত সরকারের র্যাদ এই ইছ্ছা হয় যে সেই আইনকে তাঁরা প্রয়োগ করবেন না তা হ'লে কেন এখানে তার প্রভিশন রাখা হ'ল? হয়তো এখানে তার অপব্যবহার হ'তে পারে। কাজেই এই আইনের আঘি ফ্রেন্ডর বিরোধিতা কর্বছি।

## Sj. Chitta Basu:

মাননীয় স্পীকার মহাশয়, আমাদের সামনে যে বিল এসেছে এবং যেটার আলোচনা প্রার শেষ হয়ে এল. সে সম্পর্কে আপনার, মাধ্যমে আমি কিছ, বলব।

Mr. Speaker: I may inform the honourable members that I have a list before me and unless I call the name no honourable member should rise to speak. But Mr. Basu, as you have already begun you go on.

# 8j. Chitta Basu:

আমরা দেখেছি, এই যে সংশোধন বিল আনা হয়েছে তার মধ্য দিয়ে সরকারের যে দাণ্টিভাগ্য, সরকারের যে মনোভাব প্রতিফলিত হয়েছে, সেটাকে এক কথায় বলতে গেলে বলতে হয় যে উদ্বাস্ত্রদের প্রনর্বাসনের জন্য সরকার পূর্বে যে দায়িত্বভার গ্রহণ করেছিলেন সেই দায়িত্বভার ক্রমাগত দিনের পর দিন তাঁরা হ্রাস করতে চান। আমরা আগে জানতাম যে, পূর্ববিষ্ণ <mark>থেকে</mark> পশ্চিমবংশ্বরে অভ্যন্তরে যাঁরা আসবেন পশ্চিমবংগ সরকার তাঁদের সুষ্ঠে, পুনর্বাসনের দায়িত্ব গ্রহণ করবেন। কু প্রের্ব ১৯৫১ সালে যে আইন করেছিলেন তার যে মূলগত এবং মৌলক দুর্বলতা ছিল যে ডিফেক্ট ছিল, সেগুলি সংশোধন না করে এবং পশ্চিমবংগর পুনর্বাসন সমসারে সমাধানকে তুরান্বিত করবার চেণ্টা না ক'রে এই সংশোধনের মধ্য দিয়ে এই সমস্যাকে আরও তীর এবং ব্যাপক করার চেণ্টা করা হচ্ছে। কাজেই আপনার মাধ্যমে আঁমু একথা বলব যে পশ্চিমবঙ্গ সরকারের পক্ষ থেকে ১৯৫০ সালের পর যেসমুহত কলোন প্রতিষ্ঠিত হয়েছে সেগ্রলির স্বীকৃতির জন্য, সেগ্রলিকে রেগ্রলারাইজ করবার জন্য যে দায়ত্ব গ্রহণ করা উচিত ছিল সেই দায়িত্ব সরকার গ্রহণ তো করলেনই না, বরং ১৯৫০ সালেব আগে যারা নিজেদের চেণ্টায় একটা সামাজিক পরিবেশ গ'ড়ে তুলতে পেরেছিলেন তাদের ভেতর কাউকে কাউকে উচ্ছেদ করবার জন্য একটা চক্রান্ত এই বিলের ভেতর রয়েছে। কাজেই আমি আ**গেই** বলেছি যে, যে দায়িত্ব গ্রহণ করা সরকারের উচিত সেই দায়িত্ব ক্রমাগত হ্রাস করবার জন্য সরকার চেণ্টা করছেন। উদ্বাদ্তু ভাইবোনদের ক্ম পটেন্ট অর্থারটিব মারফত যে সামান। বিচার পাবার স্যোগ ছিল আজ দেখতে পাচ্ছি এক্সিকিউটিভএর হাতে সেই ক্ষমতা দেওয়া হচ্ছে। এক্সিকিউটিভদের অত্যাচার এবং জ্বল্মের কথা এই আইনসভায় দাঁড়িয়ে অনেক সদস্য অনেক-বার তাঁদের বস্কৃতায় বলেছেন, কিন্তু আমবা দেখতে পাচ্ছি যে সেই এ ক্লিকিউটিভএর হাতে, আমলাতান্ত্রিকের হাতে আরও বেশি ক'রে ক্ষমতা দেওয়া হচ্ছে এবং তার ফলে তাদের পূর্বে যে অধিকার অজিতি করা সম্ভব ছিল, সেই অধিকার আবার হরণ করা হচ্ছে।

